পলাইবার, *of escaping,* a gerund from the verb পলাওন, *to flee, to escape,* governed by the noun উপায়.

কোন, *any,* an adjective pronoun of the indefinite kind, agreeing with the next word.

উপায়, *method, means,* a common noun of the third declension, neuter, objective case, singular, governed by the next participle.

চেষ্টা করিয়া, *seeking,* a participle from the compound active verb চেষ্টা করণ, agreeing with the noun জন.

না, *not,* an adverb of negation before the participle.

পাইয়া, *finding,* a participle from পাওন, agreeing like the preceding.

এক, *one,* adjective of the indefinite kind, agreeing with জন.

জন, *person,* a common noun of the first declension, masculine, singular, nominative to the verb উঠিল.

এক, *a,* adjective pronoun agreeing with বৃক্ষে.

বৃক্ষে, *into* (*a*) *tree,* a common noun of the third declension, neuter, locative case, governed by the verb উঠিল.

উঠিল, *ascended,* a neuter verb, indicative mood, imperfect tense, third person singular, agreeing with এক জন.

আর এক, *the other,* a compound adjective pronoun of the indefinite kind, agreeing with জন.

জন, *person,* common noun, first declension, nominative case to রহিল.

নিরুপায়, *helpless,* an adjective agreeing with জন.

হইয়া, *being,* a participle from the auxiliary হওন, agreeing with জন.

মৃত্তিকার, *the ground,* a common noun of the third declension, possessive case singular, governed by the next word.

উপরে, *upon,* a separable preposition governing the possessive case.

পড়িয়া, *falling,* a participle from the verb পড়ন, *to fall,* agreeing with জন.

মৃত্তিকায়, *on the ground,* common noun, locative case, governed by দিয়া.

মুখ, (*his*) *face,* a common noun of the third declension, objective case, governed by দিয়া.

দিয়া, *giving, putting,* a participle from দেওন, *to give,* agreeing with জন.

নিঃশ্বাস, (*his*) *breathing,* a common noun of the first declension, neuter, objective case, governed by the next word.

রুদ্ধ করিয়া, *stopping,* a participle from the verb রুদ্ধ করণ, *to stop,* agreeing with জন. These participles exemplify Rule 16.

রহিল, *remained,* a regular verb, indicative mood, imperfect tense, third person, agreeing with জন.

ভালুক, *the bear,* common noun of the first declension, masculine, nominative case to the verb লাগিল.

আসিয়া, *coming,* a participle from the verb আইসন্, agreeing with the preceding word ভালুক.

তাহার, *his, of him,* a personal pronoun, possessive case, governed by গাত্রে.

গাত্রে, *on the body,* a common noun of the third declension, neuter, locative case, according to Rule 2.

মুখ, (his) *mouth,* a common noun of the third declension, neuter, objective case, governed by the participle দিয়া.

দিয়া, *giving, putting,* a participle from দেওন, agreeing with ভালুক.

বেড়াইতে, *to go round,* a verb, infinitive mood, governed by লাগিল.

লাগিল, *began,* a verb intransitive, indicative mood, imperfect tense, third person, agreeing with the nominative ভালুক.

ও, *and,* a copulative conjunction.

তাহার, *his, of him,* a personal pronoun, possessive case, governed by নাসিকায়.

নাসিকায়, *to* (his) *nostrils,* a common noun of the third declension, locative case, according to Rule 2.

ও, *and,* a copulative conjunction.

কাণে, *to* (his) *ear,* a common noun, third declension, locative case, like নাসিকায়.

মুখ দিয়া, *putting his mouth,* as described above.

অনুভব করিল, *thought,* a compound verb intransitive, indicative mood, imperfect, third person, agreeing with ভালুক.

এই, *this,* an adjective pronoun of the demonstrative kind, agreeing with শরীর understood.

কেবল, *only,* an adverb.

মৃত, *dead,* a past participle, agreeing with শরীর.

শরীর, *body,* a common noun, third declension, nominative case to আছে understood. For the two words মৃত শরীর, the word শব might be used.

ইহা, *this,* a demonstrative adjective pronoun, neuter gender, objective case, governed by জ্ঞান করিয়া.

জ্ঞান করিয়া, *thinking, knowing,* a participle from জ্ঞান করণ, agreeing with ভালুক.

তাহাকে, *him,* personal pronoun, objective case, governed by the next word.

ছাড়িয়া, *leaving,* a participle from ছাড়ন, agreeing with ভালুক.

গেল, *went, departed,* a verb irregular, from যাওন, indicative mood, imperfect tense, third person, agreeing with ভালুক.

ভালুক, *the bear,* common noun as before.

যাইবামাত্র, *on going away,* a gerund used with মাত্র, according to Rule 14.

অন্য, *the other,* an indefinite adjective pronoun agreeing with জন.

জন, *person,* a common noun, third declension, nominative case to বলিল.

বৃক্ষহইতে, *from the tree,* a common noun, third declension, ablative case, by Rule 12.

নামিয়া, *descending,* a participle from নামন, agreeing with জন.

বলিল, *said,* a verb regular, indicative mood, imperfect tense, third person, agreeing with its nominative জন.

হে, *O,* an interjection.

বন্ধো, *friend,* common noun, first declension, vocative case.

ভালুক, *the bear,* a common noun as before.

তোমার, *your, of you,* a personal pronoun, possessive case, governed by কাণে.

কাণে ২, *in the ears,* a common noun of the third declension as before; here repeated idiomatically, to express repetition.

কি, *what,* an interrogative pronoun, objective case, governed by the verb বলিল.

বলিল, *said,* a verb as described above.

সে, *he,* personal pronoun, nominative case to দিল.

উত্তর দিল, *answered,* a compound verb, indicative mood, imperfect tense, third person, agreeing with the nominative সে.

ভালুক, *the bear,* a common noun as before.

এই, *this,* a demonstrative adjective pronoun, agreeing with কথা.

কথা, *word,* a common noun of the third declension, governed by বলিল.

বলিল, *said,* a verb as before described.

যাহারা, *who,* a relative pronoun, nominative case to করে.

আপদের, *of trouble,* a common noun, third declension, possessive case, governed by the next word.

সময়ে, *in the time,* a common noun, third declension, locative case, according to Rule 2.

বন্ধুদিগকে, (*their*) *friends,* a common noun of the first declension, objective case plural, governed by ফেলিয়া.

আপদে, *in trouble,* a common noun, third declension, locative case, according to Rule 2.

ফেলিয়া, *casting off,* a participle from ফেলন, agreeing with যাহারা.

পলায়ন করে, *flee,* a compound verb, indicative mood, present tense, third person, agreeing with its nominative যাহারা.

এই প্রকার, *such,* compound adjective, agreeing with লোকদের.

লোকদের, *people,* a common noun, first declension, possessive case, governed by the preposition সহিত.

সহিত, *with,* a separable preposition.

কেমন করিয়া, *how,* an adverb and a participle, used idiomatically for an adverb.

বাস কর, *do you dwell,* a compound verb, indicative mood, present tense, second person, agreeing with তুমি understood.

ইতি, *thus,* an adverb used to indicate the end.

(2.) GRAMMATICAL TERMS,

In the order of the parts of speech.

ব্যাকরণ, GRAMMAR.

ORTHOGRAPHICAL TERMS.

বর্ণমালা, the alphabet.
অক্ষর, a letter.
স্বর, a vowel.
হ্রস্ব, a short one.
দীর্ঘ, a long one.
সমান, a similar one.
অসমান, a dissimilar one.
অনুস্বর, the letter (ং).
বিসর্গ, the letter (ঃ).

When the vowels are enumerated, each vowel is pronounced with কার after it, as অ-কার a-kár, আ-কার á-kár, ই-কার i-kár, &c.

ব্যঞ্জন, a consonant.
কণ্ঠ্য, a guttural.
তালব্য, a palatine.
মূর্দ্ধন্য, a lingual.
দন্ত্য, a dental.
ওষ্ঠ্য, a labial.
সানুনাসিক, a nasal.
অল্পপ্রাণ, unaspirated consonant.
মহাপ্রাণ, aspirated.
বর্গীয়, classified, including the first five rows of consonants.
অবর্গীয়, not classified, *i. e.*, miscellaneous, including the remaining rows.
ক-বর্গ, first class, ক, খ, গ, ঘ, ঙ.
চ-বর্গ, the second class.
ট-বর্গ, the third class.
ত-বর্গ, the fourth class.
প-বর্গ, the fifth class.
সংযোগ, union.
যুক্ত অক্ষর, a compound consonant.
উচ্চারণ, pronunciation.
আগম, addition or insertion of a letter.
আদেশ, the substitution of one letter for another.
বিরাম, the mark (্) for excluding the vowel অ, as অক্ ak.
সন্ধি, permutation of letters.
অচ্-সন্ধি, permutation of vowels.
হস্-সন্ধি, or হল্-সন্ধি, permutation of consonants.
বি-সন্ধি, permutation of (ং) and (ঃ).
গুণ, the change called *gun*. See p. 8.
বৃদ্ধি, the change called *briddhi*. See p. 8.

Etymological Terms.

শব্দ, a word.
বিভক্তি, an inflexion.
প্রত্যয়, an affix.
সংজ্ঞা, a noun or name.
লিঙ্গ, gender.
পুংলিঙ্গ, masculine gender.
স্ত্রীলিঙ্গ, feminine gender.
ক্লীবলিঙ্গ, neuter gender.
একবচন, singular number.
বহুবচন, plural number.
The cases, when simply enumerated, are,
প্রথম, first.
দ্বিতীয়, second.
তৃতীয়, third.
চতুর্থ, fourth.
পঞ্চম, fifth.
ষষ্ঠ, sixth.
সপ্তম, seventh.
অষ্টম, eighth.
When considered in relation to the verb they are called,
কর্ত্তা, *the agent* or nominat.
কর্ম্ম, *the work*, the objective.
করণ, *the means*, the instrumental.
সম্প্রদান, *the giving to*, the dative.
অপাদান, *the taking from*, the ablative.
সম্বন্ধ, *the connecting*, the possessive.
অধিকরণ, *the holding*, the locative.
সম্বোধন, *the calling to*, the vocative.
গুণবাচক, a qualifying word, an adjective.
সর্ব্বনাম, a pronoun, whether personal, relative, interrogative, or adjective.
ধাতু, a verbal root.
ক্রিয়া, a verb.
সকর্ম্মক ক্রিয়া, a transitive verb.
অকর্ম্মক ক্রিয়া, an intransitive verb.
প্রেরণ, a causal verb.

The terms সনন্ত, optative verb, যঙন্ত and যঙলুগন্ত, frequentative verb, and নিধু, nominal verb, পরস্মৈপদ and আত্মনেপদ, active and middle voices, are sometimes mentioned by pandits, but do not properly belong to the Bengálí.

কর্তৃবাচ্য, the active voice.
কর্ম্মবাচ্য, the passive voice.
স্বার্থ, is sometimes used for the indicative mood, and—
অনুমত্যর্থ, for the imperative mood, but properly there are no grammatical terms for moods.
কাল, time or tense.
বর্ত্তমান, present time.
নিত্য প্রবৃত্ত বর্ত্তমান, the present indefinite.
শুদ্ধ বর্ত্তমান, present definite.

অতীত or ভূত, past time.
অদ্যতনভূত or ভূত সামীপ্য বর্ত্তমান, the imperfect.
ভূত or নিশ্চিত ভূত, the imperfect definite.
শুদ্ধ ভূত or অদ্যতনানদ্যতন ভূত, the perfect.
চিরভূত or অনদ্যতন ভূত, the pluperfect.
নিত্য প্রবৃত্ত ভূত or অপরোক্ষ ভূত, the aorist.
ভবিষ্যৎ, the future.
অস্মদ্বাচ্য, the first person.
যুষ্মদ্বাচ্য, the second person.
নামবাচ্য, the third person.
অব্যয়, indeclinable word.
উপসর্গ, inseparable preposition.
কৃদন্ত, words derived from verbal roots.
তদ্ধিত, words derived from other words.
দ্রব্যবাচক, a common noun.
নামবাচক, a proper noun.
অপত্যবাচক, patronymics.
জাতিবাচক, gentiles.
সংঘবাচক, collectives.
ভাববাচক, abstracts.
ঊনবাচক, diminutives.
ক্রিয়াবাচক, verbals.
কর্তৃবাচক, denominatives.
প্রাণিবাচক, names of animate beings.
অপ্রাণিবাচক, names of inanimate beings.
কর্ম্মবাচক, passive nouns, as কার্য্য, a work.
করণবাচক, instrumental nouns, as বক্ত্র, the mouth.
সম্প্রদানবাচক, recipient nouns, as দাস, a servant.
অপাদানবাচক, communicative nouns, as উপাধ্যায়, a teacher.
অধিকরণবাচক, possessive nouns, as প্রাসাদ, a temple.
স্বাঙ্গবাচক, members of the body, as কর্ণ, the ear.
কর্তৃবাচক, verbal adjectives.
রক্তার্থ, adjectives relating to colour.
চাতুরর্থিক, adjectives of place or circumstance, as সামুদ্র, of the sea, marine.
কালীয়, adjectives of time, as হৈমন্তিক, of the winter.
তত্রজাত, adjectives of origin, as সৈন্ধব, produced from the sea.
সমাস, a compound word.
দ্বন্দ্ব, a compound noun.
ইতরেতর, of the first genus, masculine.
সমাহার, of the first genus, neuter.
কর্ম্মধারয়, a compound noun of the second genus.
বহুব্রীহি, a compound adjective of the first class.
তৎপুরুষ, a compound adjective of the second class.
দ্বিগু, a compound adjective

formed by prefixing a numeral.

অব্যয়ীভাব, a compound adverb. Of this the Natives make three sorts.

Terms in Syntax.

বিশেষণ, the words or clauses that agree with others.

বিশেষ্য, the words or clauses governed by others.

কারক, the particular case in which a word is put by the influence of another word upon it.

মুখ্য, the principal objective case when a verb governs two.

গৌণ, the inferior objective case when a verb governs two.

Terms in Prosody.

পদ্য, verse or poetry.

ছন্দ, metre.

শ্লোক, a verse consisting of four pádas, but often arranged in two lines.

পাদ, the fourth part of a verse.

মাত্র, an instant.

যতি, the harmonic pause.

দাঁড়ী, the sentential pause (।). This is commonly used in Bengálí at the end of each *páda*.

গুরু, a long syllable.

লঘু, a short syllable.

পয়ার, the common heroic metre of the Bengálí.

The peculiar metres as described are :—

একাবলী, the first.

তোটক, the second.

মালঝাঁপ, the third.

মালতী, the fourth.

চামর, the fifth.

ললিত ঝাঁপ, the sixth.

লঘু ভঙ্গ ত্রিপদি, the seventh.

লঘু ত্রিপদি, the eighth.

দীর্ঘ ভঙ্গ ত্রিপদি, the ninth.

দীর্ঘ ত্রিপদি, the tenth.

লঘু চতুষ্পদি, the eleventh.

দীর্ঘ চতুষ্পদি, the twelfth.

লঘু ললিত, the thirteenth.

দীর্ঘ ললিত, the fourteenth.

(3.) DAYS OF THE WEEK.

রবিবার or বিশ্রামবার, Sunday.
সোমবার, Monday.
মঙ্গলবার, Tuesday.
বুধবার, Wednesday.
বৃহস্পতিবার, Thursday.
শুক্রবার, Friday.
শনিবার, Saturday.

The day and night are divided severally into four parts, each of which is called a প্রহর. A lunar day is called তিথি.

(4.) MONTHS OF THE YEAR.

বৈশাখ, April—May, beginning on the day of the equinox.
জ্যৈষ্ঠ, May—June.
আষাঢ়, June—July.
শ্রাবণ, July—August.
ভাদ্র, August—September.
আশ্বিন, September—October.
কার্ত্তিক, October—November.
অগ্রহায়ণ, November—December.
পৌষ, December—January.
মাঘ, January—February.
ফাল্গুন, February—March.
চৈত্র, March—April.

The month is distinguished by the changes of the moon; the day of change is called অমাবস্যা, the day of full moon পূর্ণিমা; the waxing of the moon is called শুক্লপক্ষ, and the waning কৃষ্ণপক্ষ.

(5.) NOTES OF FRACTIONS.

The leading principle of Bengálí arithmetic, to divide by *four* rather than any other number, pervades also the system of fractions. A grammar is not the proper place for entering into the details of this, but the following signs may not be out of place:

।০ means one quarter of the unit, rupee, or maund.
।।০ ——— two quarters.
৸০ ——— three quarters.
৴০ ——— one fourth of a quarter, or one sixteenth of the unit.
৵০ means two sixteenths.
৶০ ——— three sixteenths.

(6.) ON BENGÁLÍ STYLE.

It is much to be regretted that no standard of style exists which might serve as a pattern for imitation. This is owing to the comparatively recent origin of Bengálí literature: the language, especially the written language, is not yet fixed, and although rapidly advancing towards a state of purity and elegance, is at present still in a fluctuating condition. In speaking of style, therefore we are compelled to refer to conversation as well as to written composition.

We may point out two kinds of style, which should be most carefully avoided, viz. the *vulgar* and the *pedantic*. The vulgar style betrays itself by the use of the inferior verb and pronoun in the first and second persons. The pedantic style may be known by its being imperfectly understood by all those who have not studied Sanscrit: its faults lie chiefly in the introduction of compound words when they are not needed, and in the choice of such compounds as consist of words not in common use; also in the adoption of Sanscrit phrases and forms of speech.

Another kind of style may be called the *impure* style, because it borrows too largely from the Hindí and Hindustání, and partly also from the English. This is used by almost all Muhammadans who speak Bengálí; by most persons in the employ of Europeans; and by those who are engaged in commerce and in judicial matters. It would be pedantry to proscribe all foreign words from the Bengálí language; because in many cases they are the only terms which exist or which are likely to be understood. But it is highly desirable to avoid the use of those for which indigenous terms, derived from the Sanscrit, are either already provided by the daily language, or may be introduced into it with every prospect of being as plain and intelligible as the exotic words now in common use.

The *familiar* style is used by most of the natives of Bengal in their own houses, and in their daily intercourse among themselves. Most of its words are derived from the Sanscrit, but considerably modified, especially by absorbing the ঽ and other

consonants in the preceding vowel; as কাণ for কর্ণ, হাত for হস্ত. The endless use of expletives, as গো, টা, টুকি, is its chief blemish, but for this it might become a beautiful language. It is, however, far from being rich enough to answer all the purposes of a language. It abounds in terms relating to domestic and agricultural life; but is poor as soon as another province of thought requires to be occupied.

The *book* style, which is also becoming current in conversation, is a language seeking to occupy the golden medium between the familiar and the pedantic; by preferring to all other words those Sanscrit elements which the familiar language has retained, or altered only slightly, and by avoiding all compound words the component parts of which are not readily intelligible.

BENGÁLÍ READER.

BENGA'LI' READER.

CHAPTER I.

SELECT SENTENCES.

নদীর পাড়।
গোলাপের গন্ধ।
অন্ধকার রাত্রি।
জ্যোৎস্না রাত্রি।
পূর্ণ চন্দ্র।
অল্প বাতাস।
মন্দ বাতাস।
তপ্ত জল।
বড় তপ্ত জল।
শীতল জল।
অর্দ্ধ চন্দ্র।
ছোট তারা।
গোল পৃথিবী।
গোল বস্তু।
হরিণের বাচ্চা।
ভেড়ীর বাচ্চা।
বর্ষাকাল।
বাড়ী যাই।
পায়ে উছোট লাগিয়াছে।
জুতা হারাইয়াছে।
এ কি সত্য?
এমন বোধ হয় না।
কে কহিয়াছে?
তুমি জান না?

আমি শুনিয়াছি।
কেবল আমি জানি।
তোমাকে কহিব।
তুমি কাহাকে কহিও না।
গোপন করিও।
শীঘ্র শিখিব।
পড়িতে পার?
লিখিতে জানি।
বড় আকাল হইয়াছে।
চক্ষু দিয়া জল পড়িতেছে।
শীঘ্র আইস।
সিন্দুকে রাখ।
বিলম্ব করিও না।
বেলা হইয়াছে।
আইস খেলা করি।
তুমি লাফাইতে পার?
আমি এক পায়ে নাচি।
আমরা দৌড়িয়া যাই।
চল ভাই গাছে উঠি।
আমার বাম হাত।
এই দেখ ডাইন হাত।
আমার হাঁটুতে লাগিয়াছে।
বড় ব্যথা হইয়াছে।
তোমার কলম কোথায়?

তুমি কি ২ শিখিয়াছ?
তোমার দাঁত দেখি।
আমি গান করিতে পারি।
আমার মা আমাকে ভাল বাসেন।
আমার ক্ষুধা হইয়াছে।
এখন জলপান খাইব।
আমার ঘুম পাইতেছে।
তুমি বড় দুষ্ট।
আমাকে মার কেন?
আমি ছায়াতে থাকি।
রৌদ্রে যাইব না।
তাঁহার বাম চক্ষু কানা।
আমি বন্দুক ছুড়ি।
একটা পাখি মারিয়াছি।
আমার সঙ্গে আইস।
আইস ঘরে যাই।
বড় গ্রীষ্ম হইয়াছে।
গায়ে ঘাম হইতেছে।
চল বাতাসে যাই।
আমি কাপড় পরিয়াছি।
আমি পায়ে জুতা দিয়াছি।
আমার টুপি আছে।
রাত্রি হইয়াছে।
জ্যোৎস্না উঠিয়াছে।
বড় ভয় করে।
রাত্রি পোহাইল।
ঘুম ভাঙ্গিল।
তুমি উঠ।
সূর্য্য উঠিয়াছে।
আমি কি খাইব?
চল জলে সাঁতার দি।
তুমি ডুব দিতে পার?
আমি নাইতে যাই।
গামছা দিয়া গা পুঁছি।
আমার কাপড় ভিজিয়া গেল।
আমার পা ধুইয়া দেও।

তোমার বড় মিষ্ট কথা।
সে চলে ভাল।
তোমার ভাই কোথায়?
তুমি কবে আসিবা।
এখন ঘরে যাও।
ঘোড়ায় চড়িব।
হাড়গিলার লম্বা ঠোঁট।
পায়রা উড়িতে পারে।
এক কলসী জল।
এক হাঁড়ী দধি।
এক ভাঁড় তেল।
এক দোয়াত কালী।
এক জন মুটিয়া।
বোঝা তোল।
তামাসা দেখ।
তুমি বড় রাগী।
সে ভাল মানুষ।
সাবধান হও।
এক গাছ চাবুক।
বিদ্যুতের আলো।
আগুণ নিবাও।
এক গাছ দড়ি।
পাখির বাসা।
শিয়ালের গর্ত্ত।
আমি বাজারে যাই।
তোমার নাম কি?
সে ভাল জানে।
চেঁচাইয়া ডাকে।
বজ্রাঘাত হয়।
তোমার সঙ্গে যাইব।
তুমি ফিরিয়া আইস।
তোমার সাহস আছে।
আমি ভাল আছি।
তোমার সকল মঙ্গল?
মানা শুনে না।
ধমক্ দেও।

জিজ্ঞাসা কর।
গোলমাল করিও না।
চুপ করিয়া বৈস।
উঠিয়া দাঁড়াও।
গাছে উঠ।
আমি শীঘ্র শিখিতে পারি।
আমাকে কলম কাটিয়া দেও।
তুমি কি লিখিতেছ?
আমার কাঁচের দোয়াতি আছে।
তোমার মাটির দোয়াতি।
দ্বার খুল।
সিঁড়ি দিয়া উঠি।
ছাতের উপরে যাই।
উঠানে বেড়াই।
বাতাস লাগে।
শীত করে।
গালাগালী দিও না।
মারামারী করিও না।
রাগারাগী করিও না।
টানাটানী করিও না।
মাড়ামাড়ী করিতেছে।
উপরে যাও।
ভিতরে আইস।
আগে আসিয়াছে।
তাহার ব্যামোহ হইয়াছে।
রামচন্দ্র ভাল আছে।
তুমি গিয়া জিজ্ঞাসা কর।
অল্প ক্ষণ বাদে আসিব।
তুমি তাহা করিতে পার কি না?
কুকুর ডাকিতেছে।
তাহা পাইয়াছি।
আইস আমরা যাই।
ব্যাং ডাকিতেছে।
ঘণ্টা বাজাও।
আমাকে মারিও না।
সে জল খায়।

আমরা দাঁড়াইয়া আছি।
এক জন বলবান্ মানুষ।
সে ভাল মানুষ।
আমাকে যাইতে দেও।
আমার কাছে থাক।
রাজহাঁসকে ধান দেও।
সূর্য্য প্রকাশ পায়।
আজি বড় শীত পড়িয়াছে।
ঘাস কাট।
আমি ভালরূপে কাল যাপন করিব।
ইন্দুর মাটিতে গর্ত্ত করিয়া থাকে।
আমি পীড়িত ছিলাম।
কুকুড়া ডাকে।
রুটীর গুঁড়া তোল।
কে দ্বারে ঘা মারে?
কে দ্বারে আঘাত করে?
বিরাল গাছে উঠিতে পারে।
কত বেলা হইয়াছে?
আট ঘড়ি বেলা হইয়াছে।
আমার এমত বোধ হইল।
আজিকার রাত্রি বড় অন্ধকার।
মাটীর মধ্যে রত্ন আছে।
আমার একটা ভাল আম ও পেয়ারা আছে।
এই কাপড় কয় হাত হইবে?
তুমি মাপিয়াছ কি না?
নৌকা জলে ভাসে।
পরের ক্ষতি করিও না।
আমি তাহাকে চিনি না।
তাহার সঙ্গে তোমার কি সম্বন্ধ আছে?
সে কি তোমাহইতে বয়সে বড়?
তোমার বাটীতে সে কবে আসিয়াছে?
তাহারা কয় ভাই?
গ্রীষ্মকালে গ্রীষ্ম হয়।
শীতকালে শীত হয়।
বর্ষাকালে বৃষ্টি হয়।

আমার মাথা ব্যথা করিতেছে।
মধু বড় মিষ্ট লাগে।
দুধহইতে মাখন হয়।
ষোল পোনে এক কাহণ হয়।
ষোল আনাতে এক টাকা হয়।
আমি পয়সা পাইয়াছি।
এক পয়সাতে কত কড়ি মিলে?
সে স্ত্রী কলসীতে জল ভরিয়াছে।
সে বোতল মেজের উপরে আছে।
ঐ শিশিতে ঔষধ আছে।
সে বালির ঘড়ী ভাঙ্গিয়াছে।
সে কোদালী দিয়া বাগানের আলি করিয়াছে।
ঐ বিছানার উপরে সে আরাম করিতেছে।
সে মুগুর দিয়া প্রেক মারিতেছে।
আমি গোলাঘরের দ্বারে কুলুপ দিয়াছি।
সে গোরুর ঘাড়ে যোঁয়ালি দিতেছে।
তাহারা করাতদিয়া কাঠ চিরিতেছে।
সে হাতদিয়া ধনুক টানিতেছে।
আমরা সেই দ্বারদিয়া গিয়াছি।
সে বন্দুকদিয়া পাখি মারিতেছে।
বড়শী দিয়া ছোট মাছ ধরিয়াছে।
সে ত্রপুন দিয়া বিঁধ করিতেছে।
জালেতে মাছ আছে।
আমি প্রদীপ নিবাইতেছি।
সে ক্ষৌরী হইয়াছে।
সে বালককে মৌমাছি কামড়াইয়াছে।
ঐ কূয়াতে একটা বিরাল পড়িয়াছে।
ঐ ঘুড়ী অনেক উচ্চেতে উঠিয়াছে।
সেই পিঁজরাতে অনেক পাখী আছে।
সে সিঁড়ী ঘরের পার্শ্বে আছে।
সে ঘরে নূতন খিড়কী আছে।
সে গাড়ীহইতে বোঝাই নামাইতেছে।
সে তীরদিয়া হরিণ মারিয়াছে।

গরুর গাড়ীর দুই চাকা।
সে ঘোড়ায় চড়িয়া বেড়াইতে গিয়াছে।
সে হাঁড়ী হাতে লইয়া যাইতেছে।
সে বালকের ঘড়ী নাই।
তাহার চসমা হারাইয়াছে।
রাজা মুকুট পরিতেছে।
সে শয্যা প্রস্তুত করিয়াছে।
যাঁতাদিয়া ময়দা পেষা যায়।
সে গাছে অনেক আম ফলিয়াছে।
বিরাল ইন্দুর খাইতেছে।
সে কুকুর বিশ্বাসী এবং মনিবকে বড় ভাল বাসে।
মহাশয় কেমন আছেন?
আপনকার ভাই কেমন আছেন? তাঁহার মঙ্গল?
আপনকার বাটীর মঙ্গল?
তাহারা সকলেই ভাল আছে।
যত দিবস তোমার সহিত সাক্ষাৎ নাই, তত দিবস ভাল ছিলা?
ঈশ্বরের অনুগ্রহেতে ভাল আছি।
তাহার অনেক দিনাবধি পীড়া হইয়াছে।
তাহার আরামের সংবাদ শুনিয়া বড় আহ্লাদিত হইলাম।
অমুককে কি তুমি চিন?
তাঁহার সঙ্গে কি তোমার জানাশুনা আছে?
হাঁ, তাহার সহিত ভাল আলাপ আছে।
তাহার সঙ্গে অনেক কাল আমার চেনাশুনা আছে।
অনেক দিন তাহাকে জানি।
দেখিলে চিনিতে পারি, কিন্তু তাহার সহিত আলাপ নাই।
ইহার মধ্যে তাহাকে আমি দেখি নাই।
আমার বড় ভাগ্য, যে আপনকার সহিত সাক্ষাৎ হইল।

আপনার সঙ্গে একটা কথা আছে।
তোমার কি কথা আছে? বল।
তোমার পরামর্শ জানিতে ইচ্ছা করি।
আমার যে বিবেচনা, তাহা তোমাকে বলিয়াছি।
তোমার পরামর্শ যে হয়, তাহা আমার মনে লয়।
সে কেবল তোমারি দোষ।
এই সকল তোমারি কর্ম্ম।
তুমি ছাড়া আর কাহার দোষ হইতে পারে?
তুমি যে কথা কহিতেছ, তাহাতে আমার প্রত্যয় জন্মে না।
সে সকলি মিথ্যা।
সত্য করিয়া বলিতেছি, তাহা আমি জানি না।
তাহা আমি ঠিক জানি।
সেতো আমার দোষ নহে।
এই বিষয়েতে আমার কোন দোষ নাই।
সে পাঠশালায় গিয়া থাকে।
তাহার সঙ্গে কি তোমার দেনা পাওনা আছে?
তাহার অনেক জ্ঞাতি কুটুম্ব আছে।
তিনি কোথায় থাকেন, তাহার বাটীর ঠিকানা কি কহিতে পার?
ইহাতে আমার কি লাভ হইবে?
এ বিষয়ে তোমার পরামর্শে কি হয়?
তাহারা অনেক দুঃখ ভোগ করিয়াছে।
তাহার বয়স্ দশ বৎসরের অধিক নহে।
গঙ্গাতে একটা কুম্ভীর দেখিলাম।
এ জন্তুর নাম কি তুমি জান?
এই কথার উত্তর কি তুমি দিতে পার?
আমি সেই বিদ্যা জানি না।
তাহার বড় চমৎকার বোধ হইল।
সেখানে তোমাকে যাইতে হয়।
বিদ্যা শিখিতে মনোযোগ করিতেছে।
তাহার কৃপণতার সীমা নাই।
তুমি কি নিলাম দেখিতে যাইবা?
এই টাকা থলিয়াতে রাখ।
পাত্রে করিয়া জল আন।
তাহার লম্বা ২ দাড়ি আছে।
তাহার বড় ব্যামোহ, সে শয্যায় পড়িয়া আছে।
একটা মৌমাছী আমার গায়ে হুল ফুটাইয়াছে।
দ্বারেতে এক জন ভিকারী বসিয়া আছে।
এতো বড় মন্দ ব্যবহার।
সে ঔষধে কি তোমার কিছু ভাল হইয়াছে?
এ কি পক্ষী?
ফুল হইলেই ফলের আশা হয়।
ইহাতে অনেক ভুল আছে।
এ তৈল কুপাতে রাখ।
পৃষ্ঠার নামো পর্য্যন্ত পড়।
সে গাছের ডালের উপর বসিল।
তিনি নমস্কার করিয়া সভাতে বসিলেন।
এ বড় ভাল রুটী।
ও কাপড়ের ওসার কত?
আমি বড় দৌড়িয়া এখন হাঁসফাঁস করিতেছি।
এই প্রকার মাটীতে ইট হয়।
আমি বর কন্যা দুইকে দেখিয়াছি।
তাহার ঘোড়া আছে, কিন্তু লাগাম নাই।
ও ষাঁড় দেখিয়া কি তোমার ভয় লাগে না?
সে বাগানে গিয়া একটা প্রজাপতি ধরিল।

গাই বাছুর দুই একত্রই ছিল।
সৈন্যেরা বর্দ্ধমানের নিকটে ছাউনী করিল।
তিনি আমাকে একখান নিমন্ত্রণপত্র পাঠাইয়াছেন।
ও ব্যক্তি ছুতার।
এ বিষয়ের বিবেচনা বড় কঠিন।
এ বিড়ালের নখ গুলা বড়২।
ইহার কারণ কি তুমি জান?
এত সাবধান হইবার প্রয়োজন কি?
এক শত বৎসর হইল এ বাটী প্রস্তুত হইয়াছে।
ইহা যে সত্য তাহা আমি জানি।
ইহাতে ভুষিই অনেক, গোম কোথায়?
চৌকী লইয়া বৈস।
সেখানে গেলে কদাচ তাহার সঙ্গে দেখা হইবে না।
এখন কোন্ অধ্যায় পড়িব?
তাহার বড় যশ হইয়াছে।
তিনি অঙ্গার দিয়া ছবি লিখিতেছেন।
দশটা ছার সহিত একটা কুকুড়া দেখিলাম।
তাহার বালককালাবধি তাহাকে চিনি।
অল্প দিন হইল তিনি চীন দেশ-হইতে আসিয়াছেন।
আপন ইচ্ছাতে এমন করিয়াছে।
আর ২ মশালার সঙ্গে একটু দারচিনী মিশাও।
একে শূন্য দিলে দশ হয়।
এ মুদ্রা কত দিন চলিত হইয়াছে?
এ বড় আশ্চর্য্য বিষয়।
বিলাতে যেমন শরীর ভাল থাকে, এ দেশে তেমন থাকে না।
বড় মেঘ হইয়াছে, অনুমান করি বৃষ্টি হইবে।
ঐ মাকড়সার জাল খান ঝাড়িয়া ফেল।
ইহাতে আমার দুঃখের সান্ত্বনা হইয়াছে।
তাহার সঙ্গে দেখা করিতে আমার আহ্লাদ জন্মে।
এমন কর কেন? তোমার কি একটু দয়া নাই?
এ বিষয়ের সহিত আমার কোন সম্বন্ধ নাই।
অনেক লোকের সমাগম দেখিলাম।
কোন ভাবনা নাই, ইহাতে কিছু আইসে যায় না।
তুমি কি কথাবার্ত্তা কহিতে ভালবাস?
খানিক দড়ি কিনিয়া এই দ্রব্য গুলা একত্র করিয়া বান্ধ।
এই সকল দ্রব্যের মূল্য কত হইবে?
এ দেশে অনেক তুলা জন্মে।
আমার জন্যে দুই খান ক্ষুর কিন।
ইহাকে লতা বলে।
সে কি অপরাধ করিয়াছে?
তুমি কি ছেনা ভাল বাস?
এই খাটের কি মশারি নাই?
ভয় কি? ইহাতে কোন বিপদ হইবে না।
তাহার একটি পুত্র, দুইটি কন্যা আছে।
এখন কত বেলা হইয়াছে?
তোমার কি মরিবার ভয় নাই?
আমার ঠাঁই কি তোমার কিছু পাওনা আছে?
এ পুষ্করিণীর গভীরতা কত?
ঘাসের উপরে অনেক শিশির পড়িয়াছে।
এ কথাটা অভিধানেতে পাওয়া যায় কি না, তাহা দেখ।

এ পথে অতিশয় কাদা।
এই মত করিলে তোমার ক্ষতি হইবে।
যেমন গুরু তেমনি শিষ্য।
মুখে এক অন্তরে আর, এমন ব্যবহার আমরা যেন না করি।
আমি থাল ও গ্লাশ প্রভৃতি অনেক বাসন কিনিয়াছি।
তোমাদের দুই জনে কি বিবাদ হইয়াছে?
এখানহইতে শান্তিপুর কত দূর?
এই রোগের কি নাম, তাহা কি তুমি জান?
পূর্ব্বে এই কথা যদি কহিতা, তবে কি করিতে হইবে, তাহাতে সন্দেহ থাকিত না।
এক খান অপূর্ব্ব ছবি তোমাকে দেখাইব।
স্বপ্নেতে আমি এইরূপ ভাবিয়াছিলাম।
আমি শুনিলাম তাহার জলোদর হইয়াছে।
এত দিন শিখিতেছে, তত্রাপি মূর্খ।
ঈশ্বরের উদ্দেশে কি করিতে হইবে, মনুষ্যের উদ্দেশেই বা কি করিতে হইবে, তাহা আমাকে বল।
সে শিখিবার নিমিত্তে ব্যগ্র হইয়াছে।
আমি দশ টাকা বায়না দিলাম।
পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ ইহার কোন্ দিগে যাইতেছ?
আগামি মাসের প্রথম তারিখে সূর্য্যগ্রহণ হইবে।
তাহাকে নদীর ধারে বসিয়া থাকিতে দেখিলাম?
পাঁচ ডিম সুদ্ধা একটা পক্ষির বাসা দেখিলাম।

তিনি সকল ধন বড় পুত্রকে দিয়া মরিয়া গিয়াছেন।
বিচারে সাক্ষির দ্বারা সেই লোক যে দোষী, ইহার সম্পূর্ণ রূপে প্রমাণ হইল।
সে ঘোড়াহইতে পড়িয়া মরিয়া গেল।
সেই অঞ্চলে শস্যের অভাব প্রযুক্ত পরে আকাল হইবে, লোকের এমন ভয় হইল।
তাহার মা বাপ দুই মরিয়া গিয়াছে।
এ পুষ্করিণীতে কি মাছ আছে?
ময়দাতে রুটী হয়।
দেশের সকল স্থানেই জলের উনুই আছে।
বাগানে যে সকল কুকুড়া আছে সে কাহার?
এ জাহাজে যে ২ দ্রব্য বোঝাই হইবে মহাজনের সহিত তাহার কথাবার্ত্তা স্থির করিয়াছি।
তাহার সহিত আমার আত্মীয়তা আছে, এ আমার পরমভাগ্য।
সে ঘর সাজাইবার তাবৎ দ্রব্য প্রস্তুত করিতেছে।
কেন বাগানের দ্বার খুলিয়া রাখিয়াছ?
তাহার পাঁচটী সন্তান, তিনটী বালক, দুইটী কন্যা।
এ কাঁচের সামগ্রী, সাবধান, হঠাৎ ভাঙ্গিয়া যাইবে।
এই শিকল সোনার কি রূপার কি লোহার, কি পিত্তলের, কি তামার?
তাহার হাত ধরিয়া লইয়া যাও।
প্রত্যহ সূর্য্য উদয় হইলে আমাকে কায়ে যাইতে হয়, এ বড় দায়।
বাঙ্গালা দেশে প্রায় পর্ব্বত নাই।

তুমি সঙ্গে থাকিলে আমার কর্ম্মে ব্যাঘাত হইবে।

এখানহইতে সাগর যাইতে নৌকা ভাড়া কত হইবে?

তাহাকে পুনর্ব্বার যে দেখিব, এমত আমার ভরসা নাই।

এই গোরুটার শৃঙ্গ নাই।

এই রোগ তোমার কত দিন হইয়াছে?

তিনি যাহা কহিলেন, তাহা আমার মনে লাগিল।

এই কাট যদি এক ইঞ্চির অধিক লম্বা হইত, তবে কার্য্যে লাগিত।

তুমি কত দিন ভারতবর্ষে আসিয়াছ?

তাহার নামে যে নালিশপত্র করা গিয়াছে, তাহা কি তুমি পড়িয়াছ?

তোমার পীড়ার কথা গত সপ্তাহে শুনিয়াছি।

মনুষ্য বিবেচনা পূর্ব্বক কর্ম্ম করে, পশুরা কেবল আপন স্বভাবে কর্ম্ম করে।

এ বিষয়েতে আমার লাভ ক্ষতির সম্বন্ধ নাই।

দেশের ভাষা যদি না জান, তবে দোভাষির দ্বারা কথোপকথন করিতে হইবে।

গঙ্গাসাগরে পীড়িত লোকদিগকে সুস্থ করিবার নিমিত্তে এক খান ঘর প্রস্তুত হইবে, এমত জনরব হইতেছে।

আজি আমি তাহার ঘরে খাইতে যাইবার এক নিমন্ত্রণপত্র পাইয়াছি।

আমি তোমাকে কেবল কৌতুক করিয়া এ কথা বলিলাম।

এই লেবুর খানিক রস গালিয়া দেহ।

এই নারিকেলের মালা ভাঙ্গিয়া শাঁস বাহির করিয়া আমাকে দেহ।

দুইটা বাচ্চা সুদ্ধা একটা ছাগলকে দেখিলাম।

এ অতি সুন্দর বিড়াল, ইহার দুইটী ছা হইয়াছে।

সে হাঁটু গাড়িয়া ক্ষমা প্রার্থনা করিল।

দেখি২ এই ছুরি খান তুমি খুলিতে পার কি না?

এই সীসাখান অগ্নিতে গলাইয়া দেহ।

এখন কি মহাশয়ের অবকাশ আছে আমার সঙ্গে কথা কহিতে পারিবেন?

এই সিন্দুকের ঢাকনী তোল।

রুটীওয়ালাকে বল যেন তিনটা রুটী দেয়।

তাহার পাঁচ জন চাকর আর দুই জন চাকরাণী আছে।

এই বাগানে কিছু সার দিতে হইবে।

মিস্ত্রীকে এক জন পেট্যাল সঙ্গে করিয়া কালি আসিতে বল।

তামা ও সীসা আকরহইতে খুঁড়িয়া আনে।

ধনেতে কৃপণের আশা পরিপূর্ণ করা যায় না।

এ চাকাটা শীঘ্র ২ ঘুরিতেছে।

নদীর তীরেতে অনেক কাদা আছে।

আমি দুই শত টাকাতে একটা খচর কিনিয়াছি।

তুমি জাহাজ চালাইবার বিদ্যা কি শিখিয়াছ?

সে চাহিয়াছিল, কিন্তু আমি তাহাকে কিছু দেই নাই।

তাঁহারা ছোট বালককে এবং ধাইকে সঙ্গে করিয়া লইলেন।

দাঁড় না থাকিলে দাঁড়িরা কেমন করিয়া বাহিবে?

কালি আমার পত্রের বিবাহ হইবে,

এই উপলক্ষ্যে আপনি আসিয়া আহ্লাদিত করিবেন।
জাহাজে যাইবার সঙ্গতি পাইলে মান্দরাজে যাইব।
তাহারা নানা প্রকার বেশ ভূষা করিয়া থাকে।
এই শিশুদের মা বাপ নাই।
আমি ঘরের বাহির দেখিয়াছি, এখন ভিতর দেখাও।
তাহার নিকটে সেই পুলিন্দা পাঠাইয়া দিয়াছি।
সকলেই আপন২ পক্ষে টানে।
এক খান নমুনা দেহ, তাহাই দেখিয়া কর্ম্ম করি।
আমি আগামি এক মাসের মাহিয়ানা পাইয়াছি।
প্রত্যেক কুঠরী সুগন্ধি দ্রব্যের আমোদে পরিপূর্ণ ছিল।
তিন মাসের ছুটী পাইয়াছি।
তোমার কি ঔষধ রাখিবার শিশি আছে?
কোন্ কবিরাজ তাহার চিকিৎসা করে, তাহা কি তুমি জান?
আমি ঔষধ খাইতে ভাল বাসি না।
এক খান সুন্দর ছবি তোমাকে দেখাইব।
এই শূকর গুলাকে বাগানহইতে তাড়াইয়া দেও।
এখন তিনি দণ্ডী হইয়া তীর্থ ভ্রমণ করিতেছেন।
আর একটু হইলেই গর্ত্তে পড়িয়াছিলাম।
যে স্থানে তিনি থাকেন সে স্থানের নাম কি?
যে ঘর বানাইতে হইবে, তাহার নকসা কি তুমি দেখিয়াছ?
বসিয়া থাকিলে কি সুখ হইবে?
আমার এক লাঙ্গল আর এক জোড়া বলদ আছে।
বড় সমাদর করিয়া আমাদের সহিত আলাপ করিলেন।
তিনি প্রতিদিন প্রাতঃকালে টাটুতে চড়িয়া বেড়ান।
লোমকূপ দেখা যায় না।
সে পত্র যদি আজি ডাকে যায়, তবে এখন ডাকঘরে পাঠাইতে হইবে।
ডাকের মাসুল কত হইবে?
তুমি যে কথা বলিয়াছিলা তাহা ফলিল।
এ কেবল তাহার একটা ছল।
যাহা অঙ্গীকার করি, তাহা প্রতিপালন করিতে হয়।
আমার কি শুদ্ধ উচ্চারণ হইয়াছে?
ইহার কি প্রমাণ দিতে পার?
তাহারা পলাইয়া গিয়া রাজার আশ্রয় লইল।
হায়২ তাহাদের রক্ষাকর্ত্তা কেহ নাই।
একটু বাতাস হইলে এ নৌকা খান উল্টিয়া ফেলিবে।
তোমার নাড়ী ধরিয়া দেখি।
পাঁচটা মোহর সুদ্ধা একটা থলিয়া পড়িয়া পাইয়াছে।
তাহার সুস্থ হইবার লক্ষণ দেখি না।
এখন তাহার বড় শ্রী হইয়াছে।
দেখ দেখি, বড় সুন্দর রামধনুক হইয়াছে।
এ কাপড় কত মূল্যে কিনিয়াছ?
তুমি চুপ করিয়া থাকিতে পার না কেন?
তোমার না থাকাতে আমার বড় দুঃখ হইতেছে।
তোমার ঘর সারাইতে হইবে।

তাহারা কি নিবেদন করিয়াছিল?
শত্রু লোক একেবারে পরাঙ্মুখ হইয়া পলাইল।
গত রাত্রিতে চক্ষুর পাতা মুদি নাই।
তোমাদের পরস্পর পরামর্শেতে শেষ কি হইল?
এক্ষণে আমি বাহিরে যাইতেছি, ফিরিয়া আইলে পরে তোমার সহিত কথা কহিব।
সে জাহাজ পাথরে ঠেকিয়া মারা পড়িল।
ছাত ভাঙ্গিয়া ঘরের মধ্যে পড়িয়াছে।
সেই ঘরের কয়টা কুঠরী আছে?
সেই জাহাজ বালীর উপরে ঠেকিবাতে হাইল ভাঙ্গিয়া গিয়াছে।
এই সকল ক্রিয়াতে শেষে উহার সর্ব্বনাশ হইবে।
এই সংসারের বিধাতা পরমেশ্বর।
এখানে আমরা নির্ব্বিঘ্নে বাস করিতে পারিব।
আমরা সমুদ্রের তীরে বেড়াইলাম।
কালি সারা রাত্রিতে ঘুম হয় নাই।
এই ফুল গুলায় গন্ধ নাই।
এ ঘর খানায় বড় ধূঁয়া হইয়াছে।
তুমি কি কিছু সাবান কিনিয়াছ?
তুমি লোকের সঙ্গে থাকিতে, কি একলা থাকিতে ভাল বাস?
এই ভূমি খান বড় উর্ব্বরা।
বাদ্যের শব্দ শুনিতে পাইতেছি।
এক কণা আগুণেতে সমুদয় গ্রাম পোড়াইতে পারে।
তোমার হাতের লেখা একটু দেখাও দেখি।
তাহার চস্‌মা নাকে আছে।
তোমার কাপড়ের উপরে একটা কালীর দাগ্ লাগিয়াছে।
এ নৌকার মাস্তুল নাই, পাইলও নাই।
জাহাজী লোকেরা পৃথিবীর নানা দিকে যায়।
তিনি পাঁচ শত টাকা বেতন পাইয়া থাকেন।
চাউলের নমুনা আমাকে দেখাও।
এ চাউলে বালি ভরা।
এখন ধান্যের আর অভাব নাই।
ঐ মোহর কিনিতে কত মূল্য দিয়াছ?
বৎসরের মধ্যে সুখদায়ক এই সময়।
সেটা গুপ্ত কথা, আমি কহিতে পারিব না।
বাগানেতে এই বীজ বুন।
তিনি বুদ্ধিমতী ও বিবেচিকা।
বুঝি সে হতবুদ্ধি হইয়াছে।
তাহার কাছে দশ বৎসর চাকরি করিয়াছি।
এই গাছের ছায়াতে বৈস।
এ কি? তোমার লজ্জা নাই?
পৃথিবীর কেমন আকার কি তুমি জান?
আমাদের এই কর্ম্ম ভাল রূপে হইয়া উঠিল না।
তাহার পরিবর্ত্তে ঐ পদ কে পাইবে?
সে আত্মহত্যা করিয়াছে।
তাহার দিনপাতের পথ নাই।
আমি তাহার জামিন হইয়াছি।
আমরা একটা মরাকে জলের উপরে ভাসিতে দেখিলাম।
আমি মহাশয়ের কাছে বিস্তর কৃতজ্ঞতা স্বীকার করিতেছি।
এই জোয়ারের আরম্ভ হইল।
তাহারা তামাকুর ধূম খায়।
আমরা মশাল জ্বালিয়া গেলাম।
বাজারে অনেক খেলনা আছে।
এই তর্জ্জমা কি ভাল হইয়াছে?

তাহারা পাপ পুণ্য কিছু ভেদ রাখে না।
এখন তিনি জাহাজে চড়িয়া মান্দরাজ যাইতেছেন।
তোমার ঘড়ীটা সুন্দর রূপ চলিতেছে।
তোমার ইচ্ছা হয় তো তুমি সকলি লইয়া যাও।
স্ত্রী ও ছয় পুত্র রাখিয়া তিনি মরিয়াছেন।
এমত কথাতে লোকে অসঙ্গত বোধ করে।
এমত করিতে কি তোমার পরামর্শ আছে?
হাঁ অবশ্য ইহাতে তোমার নানা প্রকার লাভ হইবে।
দিল্লী অনেক কালের শহর।
সেখানে যাইতে আমি বড় ব্যস্ত হইয়াছি।
ইহার কি উহার, কাহার পুস্তক ভাল?
আমার বোধ এই, যে সেই মত করা ভাল।
যে পুস্তকের কথা তুমি কহিয়াছ, সে পুস্তক কত বড়?
এখন তিনি অন্ধ হইয়াছেন।
পূর্ব্বে তাঁহার কেবল এক চক্ষু কাণা ছিল।
সকল মণিহইতে হীরার তেজ বড়।
এখন বড় ব্যস্ত আছেন, তোমার সঙ্গে কথা কহিতে পারিবেন না।
তাহার কথাতে কি তোমার সত্য বোধ হইয়াছে? হাঁ ইহাতে আমার কোন সন্দেহ নাই।
তাঁহারা দুঃখি লোককে অনেক দান করিয়া থাকেন।
হাত ও মুখ ধুইয়া পরিষ্কার কর।
এ বড় মোটা কাপড়।

আমার বড় শীত লাগিতেছে।
ইতর লোকে এই মত বলিয়া থাকে।
বোধ হয় তিনি বড় আলাপী।
বাণিজ্য করাতে তাহার অনেক টাকা ক্ষতি হইয়াছে।
আমার যাহা আছে তাহাতেই আমি সন্তুষ্ট।
কালি অপেক্ষা আজি কিছু শীত বোধ হইতেছে।
তাহারা স্বাভাবিক নির্দয় ও বড় চতুর।
পথের ধারে একটা মরা সাপ পড়িয়া আছে দেখিলাম।
ও কালা মানুষ, শুনিতে পায় না।
তিনি মনে বড় বিষণ্ণ আছেন।
বর্ষাকালেতে অতিশয় কাদা হয়।
তিনি আসিবেন কি না ইহার নিশ্চয় নাই।
আমি তোমার কত ধারি, তাহা ঠিক করিয়া বল।
তোমার পরামর্শ ভাল বটে, কিন্তু ইহার মধ্যে একটি কথায় সন্দেহ হইতেছে।
তাহার ছালিয়া গুলি নির্ব্বোধ, এবং মিথ্যা কড়ী নষ্ট করে।
ক্ষুধাতে ও পরিশ্রমেতে তাহারা ক্লান্ত হইয়াছিল।
ইহকালে কেহ ষোল আনা সুখী হইতে পারে না।
এ সিন্দুকটা বড় ভারি, কেমন করিয়া লইয়া যাইব?
এই সকল পর্ব্বত গুলিন অগম্য, কেননা তাহার চারিদিকে নিবিড় বন আছে।
কালি তোমার নিকটে আমার যাওয়া ভার হইল।
সে বাঁকা কথা বই সোজা কহে না।

ঐ লোক খোড়া, এই জন্যে লাঠি ধরিয়া চলে।
এ লেখা পড়িতে পারা যায় না।
আমি তো অনেক চাহি নাই, অল্প করিয়া দেও।
সেখানে গেলেও হয়,না গেলেও হয়।
হায় ২ এতো বড় দুঃখের বিষয়।
অনেক বলিলাম, তবু তাহারা চুপ করিয়া থাকিল।
বাঙ্গালা দেশের ছোট ২ বালকেরা উলঙ্গ হইয়া বেড়ায়।
এই মত ব্যবহারেতে শরীরে ব্যামোহ হয়।
তাহা কখন সম্ভব হয় না।
কিছু পাকা ফল আনিয়া দেহ।
এ দ্রব্যগুলী বেচিতে পারা যাইবে না।
যে কথা তুমি বলিতেছ, সে আন্তরিক, না মৌখিক?
তোমার ছুরী খানার কি ধার আছে?
এ আম্র গুলা অতি ছোট।
মোটা কাগজ চাহ, কি সরু চাহ?
আমি যাইব কি না তাহা স্থির নাই।
তোমার কোন্ সমাচার না পাইয়া বড়ই ভাবিত আছি।
মনে ছিল না যে এত শীঘ্র পত্র পাইব।
যে কর্ম্ম তাহাকে দেওয়া গিয়াছে, তাহার উপযুক্ত সে নহে।
ইহাতে তোমার কি অন্যায় বোধ হইয়াছে?
তোমার এমন কঠিন হৃদয় হইয়াছে কেন?
ও ফল খাওয়া ভাল নহে।
সে যে তোমার আশ্রয় পাইবার যোগ্য নহে, ইহার প্রমাণ সে আপনি দিয়াছে।
এ কাগজ গুলান ভিজিয়া গিয়াছে।

আমি এত অনুগ্রহের পাত্র নহি।
নাবিকেরা জাহাজ ছাড়িয়া পলাইয়া গিয়াছিল।
মন্দ কর্ম্ম হইতে ক্ষান্ত হওয়া উচিত।
আমি যাহা বলি, তাহাতে সম্মত আছ কি না?
শুনিবামাত্রই তিনি আমার এই কথা গ্রাহ্য করিলেন।
তুমি আমার সঙ্গে না গেলে যাইব না।
মনের বাঞ্ছা পূর্ণ করিতে পারিলাম না।
এ কেমন করিয়া হইয়াছে, তাহা কি তুমি জান?
তাহার উপরে প্রভুর দ্রব্য চুরীর অপবাদ হইয়াছিল।
তোমার এ কথা আমি কোন রূপে গ্রাহ্য করিতে পারি না।
আমার পরামর্শ হয়, যে কিছু দিন গৌণ কর।
সে অনেক আশ্বাস করিল বটে,কিন্তু মৌখিক।
এ ইতিহাস পাঠেতে চিত্ত আর্দ্র হয়।
ইহাতেই আমার কায চলিবে।
দোষ প্রক্ষালনের কথা কহনে প্রয়োজন নাই।
আপনি বিচার করিয়া দেখুন আমার কথা সত্য কি মিথ্যা।
দেখিলাম অনেক লোক গঙ্গাস্নান করিতেছে।
এই চারায় শীঘ্র ফুল ধরিবে।
এ বিষয়েতে আমি দর্প করিতে পারি না।
আমি নিশ্বাস ফেলিতে পারি না।
তুমি সম্মত না হইলে আমি কি করিতে পারি?
এ বিষয় ছাপাইয়া রাখা ভার।

আমাদিগকে সেখানে কে লইয়া যাইবে?
বিবেচনা করিয়া দেখিব।
এই সিন্দুকে কত নীল ধরিবে?
ইহার সকল ভুল শুদ্ধ করিয়া দেহ।
তুমি কান্দিতেছ কেন? তোমার কি হইয়াছে?
শরীর ভাল থাকে তো যাইব, নহিলে নয়।
তাহাদের সঙ্গে থাকিয়া আমার জ্ঞান জন্মিয়া আসিতেছে।
কোথায় গেলে তাঁহার দেখা পাইব? বল।
মন্দ কর্ম্ম করাতে তাহার চাকরি গিয়াছে।
এখন ভাঁটা পড়িতে আরম্ভ হইয়াছে।
সেই হুণ্ডীতে তোমার স্বাক্ষর করা উচিত ছিল।
তুমি কি মোহর খুদিতে পার?
প্রতি বৎসর এই সময় হইলেই আমার সুখবোধ হয়।
গত সোমবারে তিন জন খুনির ফাঁসি হইল।
কোন কথা যদি বুঝিতে না পার, তবে জিজ্ঞাসা করিলেই বলিয়া দিব।
তিনি যদি না ধরিতেন, তবে জলে পড়িতাম।
বাগানহইতে আমার নিমিত্তে কিছু ফল আন গিয়া।
এই বাল্‌তীর কাণায় ২ জল ভর।
কি রূপে পত্র সমাপ্ত করিতে হয়, তাহা আমাকে বল।
সেখানে যাইবার জন্যে কোন্ দিন স্থির করিয়াছ?
তাহাকে আসিতে বারণ করিলা কেন?
কালি কি হইবে, তাহা কে বলিতে পারে?
অজ্ঞান যে আমি, আমাকে কে ভাল শিক্ষা দিয়া সৎপথ দেখাইবে?
ভয় কি? কেহ তোমার কিছু অনিষ্ট করিবে না।
কে এই সকল দ্রব্য উল্টা পাল্টা করিয়া রাশি করিয়া রাখিয়াছে?
তুমি যদি আগে আসিতা, তবে আমার উপকার করিতে পারিতা।
দিন কত হইল ব্যামোহের জন্যে ঘরহইতে আর বাহির হইতে পারে না।
তিনি বল করিয়া আমাকে সেখানে রাখিয়াছিলেন।
অন্য লোকের কর্ম্মে আমরা হাত দিব কেন?
যত ক্ষণ আমার প্রয়োজন না হয়, তত ক্ষণ আমার এই টাকা তোমার ঠাঁই রাখ।
তাহারা খড় দিয়া আগুন জ্বালিল।
কুকুরে জিভ দিয়া চক্ ২ করিয়া জল খায়।
বিনা কারণে কাহাকে অবিশ্বাস করা কর্ত্তব্য নহে।
আর এক মাস হইলে পর এ ঘরে আমার থাকা কুড়ি বৎসর পূর্ণ হয়।
ঐ দ্বারের কলে কি তৈল দিয়াছ?
তোমার বাগানে বেড়াইতে আমাকে যাইতে দিবা?
এইক্ষণে খেলা করিতে আমাদের অবকাশ নাই।
আগে যদি আমাকে ইহা বলিতা, তবে অধিক তুষ্ট হইতাম।
আগে যদি জিজ্ঞাসা করিতা, তবে

কেমন করিয়া করিতে হইবে তাহা বুঝাইয়া দিতে পারিতাম।

যাহাদের দোষ দিতে হয়, তাহাদের প্রশংসা করা অনুচিত।

অনুমান হয় মহাশয় অল্প দিন এ দেশে আসিয়াছেন।

কলিকাতাহইতে আসিয়াছি, এখন উত্তর দিকে যাইতে উদ্‌যোগ করিতেছি।

প্রজা লোকদিগকে নির্ভয়েতে রাখিলে রাজার গৌরব হয়।

তোমার পরামর্শ শুনি নাই, ইহাতে মনের দুঃখ হইয়াছে।

আমাকে কি দুই শত টাকা কর্জ্জ দিতে পার? দশ দিনের মধ্যে পরিশোধ করিব।

তাহার পত্রের উত্তর কালি তোমার দেওয়া উচিত ছিল।

তাহার সেই রূপ করাতে অনেক লোক তাহাকে নিন্দা করিয়াছে।

সেই সময়ে দয়া প্রার্থনা করিলে কিছু ফল হইবে না।

সে বোঝা মাথায় করিয়া তিন ক্রোশ পর্য্যন্ত গিয়াছিল।

গাড়ি দুই ক্রোশ চালাইলে পর চাকা ভাঙ্গিয়া গেল।

যেখানে হউক, সত্যতা পাইলেই আহ্লাদিত হই।

ঈশ্বরেতে ভক্তি হইয়াছে মনুষ্যের জ্ঞানের চিহ্ন।

যে সময় মনে করিয়াছিলাম পঁহুছিব, তাহাহইতে আগে পঁহুছিয়াছি।

আজি থাকুক, কালি দেখিব।

তিনি অল্প দিনের মধ্যে আসিবেন, এমন হইতে পারে।

তাহাকে অবশ্য বলিতে হইবে।

আমি কোন মতে ইহাতে স্বীকৃত হইতে পারি না।

এ কেমন করিয়া হইল? বল।

বোধ হয় যে তোমার লেখা উত্তর ২ মন্দ হইতেছে।

হিরাহইতে জ্ঞানের মূল্য অধিক।

বিদ্যাদানের পর আর দান নাই।

স্বর্ণলাভহইতে বিদ্যালাভ ভাল।

সে বালকটি ছোট বটে, কিন্তু বুদ্ধিমান্।

না দেখিয়া কেমন করিয়া বলিব?

আমার কিম্বা তোমার ভ্রান্তি হইয়া থাকিবে।

এই দুয়ের একটাও ভাল লাগে না।

হায় ২, আমার শেষ কি হইবে?

আমার জন্যে কিনিবেন, তোমার জন্যে নহে।

আমার কাছে বৈস, তবে কথোপকথন করিতে পারি।

ও যাইবার সময় স্থলপথে গিয়াছিল, কিন্তু আসিবার সময় জাহাজে আইল।

আমার সঙ্গে আইস, তোমাকে দেখাইয়া দিব।

তাহারা ঘরে আসিয়া খানিক বিশ্রাম করিল।

ইহা কত দিনে প্রস্তুত হইতে পারিবে?

বাহিরে দাঁড়াইয়া রহিয়াছ কেন? ঘরের ভিতরে আইস।

ডিঙ্গিতে চড়িয়া নদী পার হইলেন।

সে দশ টাকার ন্যূন বেচিতে চায় না, এমন হইলে কি করা যায়?

এ আম্র গৌড়ের নিকটস্থ এক স্থানহইতে আসিয়াছে।

পাঠেতে তিনি বড়পাছে পড়িয়াছে ন

মনে করি, তিনি এখনি আসিবেন।

তোমার কাগজ ও পুস্তক মেজের উপরে রাখিয়া দেও।

গ্রামের লোক চোরদের পাছে২ দৌড়িয়া গেল, কিন্তু ধরিতে পারিল না।

কত টাকায় তাহার বাটী বিক্রয় করিল?

এখনি পত্র লিখিতে হইবে, কেননা ছয় ঘণ্টায় ডাকঘর বন্ধ হইবে।

চোরী করাহইতে ভিক্ষা করা ভাল।

সে এমত বলে বটে, কিন্তু আমার প্রত্যয় হয় না।

এখন তাহা প্রায় সাঙ্গ হইয়াছে।

কেবল ঐ নিমিত্তে সেখানে গিয়াছিলাম।

সে প্রায় মাসে২ আমার সহিত সাক্ষাৎ করিতে আইসে।

অনুমান করি কালি তাহার সঙ্গে আমার দেখা হইতে পারিবে।

ভাল হইলেই সুখী হয়।

শীঘ্র কিম্বা বিলম্বে কুকর্ম্মের ফল অবশ্য হয়।

সাধুর জন্ম কেবল নিজের জন্যে নয়।

পরের সুখার্থে ভদ্র লোকের চক্ষু সদা চলে।

পরোপকারক লোক ইহকালে ও পরকালে সুখী হয়।

কেবল নিজ সুখ চেষ্টা করা ক্ষুদ্র লোকের কর্ম্ম।

মনুষ্যের প্রধান অলঙ্কার শীলতা।

ধূর্ত্ততাতে ছোট লোককে চিনা যায়।

সুজন ব্যক্তি সর্ব্বদা সকল স্থানে মান্য হয়।

সত্যরূপ বৃক্ষ রুপিলে সর্ব্বদা সুফল পাওয়া যায়।

সৎকর্ম্ম করিতে বিলম্ব করিও না।

আলস্য ও পাপ দুঃখের মূলকারণ।

তুষ্ট লোকের মন অসংখ্য ধনস্বরূপ

চেষ্টার ফল অবশ্য হয়।

স্বীকারের আগে বিচার করা ভাল।

যে বালকের পিতা ধার্ম্মিক ও গুণী তাহার ভাগ্য ভাল।

স্বীকার করিয়া তাহা না করা মন্দ।

শরীরের পরিষ্কার থাকিলেই সুস্থ থাকে ও মন প্রফুল্ল হয়।

সংসর্গের দ্বারা মনুষ্যের ধর্ম্ম খ্যাতি জানা যায়।

ঈশ্বরকে ভয় ও সম্ভ্রম করা কর্ত্তব্য।

তাবৎ গুপ্ত কর্ম্ম ঈশ্বরের নিকট ব্যক্ত আছে।

বাল্যকালে যেমন স্বভাব হয় তাহাই মৃত্যু পর্য্যন্ত থাকে।

সকলের উপর দয়া করা উচিত, বিশেষতঃ যাহারা আমাদের প্রতি নির্দয়।

মন্দ করিয়া স্বীকার করা ভাল, তাহা করিলে সে ক্ষমা পায়।

অহঙ্কারহইতে আর বড় শত্রু নাই।

আমাদিগের দোষবক্তাই আমাদের বন্ধু।

পরসুখে সুখী হওয়া ভদ্র লোকের উপযুক্ত।

পরের মঙ্গলে তুষ্ট হওয়াতে সুশীলতা প্রকাশ পায়।

ক্ষুদ্র প্রাণিকে দুঃখ দিলে ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন হয়।

আমাদিগের সৃষ্টিকর্ত্তা আমাদিগের মনের ইচ্ছা ও বিবেচনা জানেন।

বিদ্যা দান করিলে ক্ষয় না পাইয়া বরং বৃদ্ধি পায়।

পরনিন্দকের যশ কোথাও নাই।

স্বভাবানুসারে লোক মান্য ও তুচ্ছ হয়।

বিদ্যা ধন জ্ঞাতিরা ভাগ করিয়া লইতে পারে না।

যে কেবল আপন সুখ চেষ্টা করে, সে অল্প সুখ পায়, ও তাহাকেই নীচ বলা যায়।

গোপনে কুকর্ম্ম করিয়া পরের অপমানহইতে পলায়ন করা যায়, কিন্তু আপন মনের দুঃখকে ছাড়ান যায় না।

অধর্ম্ম কর্ম্মের সুখ বিনাশি, কিন্তু সৎক্রিয়ার সুখ নিত্য।

ভৃত্য ও দীন ও পশুর প্রতি ব্যবহার দেখিয়া ভাল মন্দ স্বভাব জানা যায়।

বন্ধু লোকের আনন্দে আনন্দিত ও দুঃখে দুঃখিত হও, এবং প্রতিবাসিকে আত্ম তুল্য প্রেম করিয়া প্রীতি কর।

তুচ্ছ করিলে কোন কর্ম্ম হয় না; অতএব সকল কার্য্যে মনোযোগ কর।

ভারি কর্ম্মের আরম্ভের পূর্ব্বে তাহা ব্যক্ত হইলে তাহার ক্ষতি হইতে পারে।

আরব্ধ কার্য্যের সমাপ্তি করিবা, যাহা সমাপ্তি করিতে না পার, বরং তাহার আরম্ভ না করা ভাল।

আমাদিগের তাবৎ ইচ্ছাই কুপথে যায়, অতএব তাহা যাহাতে সুপথে যায়, এমত মনোযোগ করিলে সেই মনোযোগ আমাদিগকে জন্মাবধি মরণ পর্য্যন্ত রক্ষা করিবে।

গত কালে কোন কার্য্য হয় না, এবং ভবিষ্যৎ কালও আমাদের নহে; অতএব বর্ত্তমান কালে মনোযোগ করিয়া তাহা সফল কর।

যাহাদিগের আশা অল্প তাহাদের নৈরাশ্যও অল্প; কিন্তু যাহাদের আশা অধিক তাহাদের নিরাশতাও অধিক।

কটুভাষি ও পরদ্রোহি ও বিবাদির প্রতি কাহারও বিশ্বাস ও প্রেম থাকে না।

কদাকার ও বিকলাঙ্গ ও খোঁড়া ও কাণা ইত্যাদি লোককে দেখিয়া উপহাস করা অনুচিত, কেননা ইহা সকলেরই হওনের সম্ভাবনা আছে।

পরের অনিষ্ট করিলে যে সুখ ও ঐশ্বর্য্য হয় তাহা অনিত্য; কিন্তু সৎকর্ম্ম জন্য যে সুখ ও ধন তাহা নিত্যস্থায়ি।

দোষিগণকে যদি আমরা ক্ষমা না করি, তবে ঈশ্বরের কাছে আমরাও নিজ দোষের ক্ষমা পাইব না।

কুসংসর্গী ও কুকর্ম্মী ও বিধর্ম্মী ও দ্বেষী ব্যক্তি তুচ্ছাস্পদ হয়।

চৌর্য্য ও মিথ্যা ও শঠতাদ্বারা উপার্জ্জন করণাপেক্ষা সামান্য কর্ম্ম করিয়া জীবন রক্ষা করা ভাল।

কুকর্ম্মে কাল যাপন করা উচিত নয়, কেননা পরে আমাদিগকে সকল কার্য্যের হিসাব দিতে হইবে।

ভাবি সুখ অতি সুন্দর বোধ হয়, কিন্তু ভোগ করিলে তাহার তেমন সৌন্দর্য্য থাকে না।

তোমার প্রতি পরের কুব্যবহার দেখিয়া সেই রূপ আচরণ করিও না, কিন্তু পরের ভাল আচরণ দেখিয়া তাহা শিক্ষা কর।

মূর্খ লোক শরীরস্থ কামাদি শত্রু ও কুস্বভাবদ্বারা সংসারের সুখহইতে রহিত হয়।

দুঃখি লোকের প্রতি দয়া করা ও তাহাদিগকে রিক্ত হস্তে বিদায় না করিয়া উপকার করা ও তাহাদের বিলাপে ও খেদোক্তিতে মনোযোগ করা কর্ত্তব্য।

অন্যের বৃদ্ধিতে দুঃখী হওয়া ও পরের প্রতিষ্ঠার বাধা করা হিংসক ও নিন্দক লোকের নিদর্শন।

যাহারা অপরিমিতাচারী ও শত্রুর আহ্লাদজনক কার্য্যকারী, তাঁহারা ক্লেশ ও দুর্গতি ভোগ করে।

অন্যহইতে প্রাপ্ত হিতোপদেশ ও ধর্ম্মশিক্ষা মনে২ বিবেচনা করিলে ঐ দুই বিষয় আরও অধিক বৃদ্ধি পায়।

অন্যের কুপরামর্শ গ্রহণ করিলে যে দোষ জন্মে, তাহাতে মনের সর্ব্বনাশ ও ভদ্রতার হানি হয়।

পরিমিতাচারিরা অল্প সুখেতেও সুখী হয়, এবং সুখের সম্পূর্ণ আস্বাদ পায়।

CHAPTER II.

EASY COLLOQUIES.

1.—*Morning.*

প্রাতঃকালের বিবরণ।

কামান পড়িয়াছে।
রামচন্দ্র, উঠিবার বেলা হইয়াছে।
শীঘ্র উঠ ও কাপড় পর।
তুমি মুখ ধোও ও দাঁতন কর।
চুল আঁচড়াও।
এখন হাঁটু গাড়িয়া ঈশ্বরের কাছে প্রার্থনা কর; তুমি যে সমস্ত রাত্রি নির্ব্বিঘ্নে নিদ্রা গিয়াছ, তন্নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ কর, যেন তিনি তোমাকে আশীর্ব্বাদ করিয়া সমস্ত দিন কুশলে রাখেন।
গায়ে চাদর দেও।
আইস, রামচন্দ্র, আমরা বেড়াইতে যাই।

2.—*Walking.*

বেড়াইবার বিবরণ।

চল, আমরা মাঠে বেড়াইতে যাই গিয়া; সেখানে মেষ ও ছাগল ও গোরু ও গাছ ও পক্ষী দেখি; কেলুয়া কুকুরকে ডাক, সে আমাদের সঙ্গে আসুক।

কুকুর লেজ নাড়িতেছে; সে আমাদিগকে দেখিতে ও সঙ্গে যাইতে ভাল বাসে।

কেলুয়ার গায়ে হাত বুলাও।

যাহারা উহার গায়ে হাত বুলায় ও উহাকে খাইতে দেয়, তাহাদিগকে বড় ভাল বাসে।

ঘাস এখনো ভিজা আছে, উহার উপরে যাইও না।

শুক্না পথে বেড়াও।

দেখ, ওখানে একটা কেঁচুয়া আছে।

উহার গায়ে পা দিও না।

সে ক্ষেতে কি চাস হইতেছে, তাহা কি তুমি জান?

ধান হইতেছে।

সে মানুষের কাছে একটা ধানের শীষ চাহিয়া লও।

ধান পাকিয়াছে।

কত বীজ আছে, গণিতে পার? এক, দুই, তিন, চারি, পাঁচ, ছয়; ও রামধন, তুমি গণিতে পার না।

তাহার অধিক আছে।

চল, এখন আমরা ঘরে যাই।

আমার হাতে একটা বোল্‌তা বসিয়াছে।

এখন উড়িয়া গিয়াছে।

আমাকে কামড়ায় নাই।

আমরা উহাকে মারি নাই, এই জন্যে আমাকে কামড়াইল না।

3.—*Taking refreshment.*

জলপানের বিবরণ।

পীঁড়া আনিয়া বৈস।

তোমার নিমিত্তে এক বাটী দুগ্ধ ও চিড়া আছে, এই লও।

ডাইন হাত দিয়া খাও।

এই তোমার ডাইন হাত।

চিড়া শক্ত আছে, দুধে ভিজাইয়া খাও।

চিড়া মাটিতে ফেলিও না।

চিড়া খাইবার দ্রব্য, ফেলিতে নাই।

দুধে একটা মাছি পড়িয়াছে।

বাহির করিয়া শুক্না কাপড়ের উপরে রাখ।

আহা প্রায় মরিয়া গিয়াছে, ঐ নড়িতেছে ও পাখা নাড়িতেছে ও পাখা শুকাইতে চায়।

এই জন্যে দেখ, কেমন পা দিয়া পা দিয়া পাখা পুচিতেছে।

ঐ মাছিকে মাটিতে রৌদ্রে রাখ।

তাহাতে শুকাইয়া গরম হইবে।

ও মাছি মরে নাই, একারণ আমি আহ্লাদিত হইয়াছি।

ও শীঘ্র ভাল হইবে, আমার এমন ভরসা হইতেছে।

4.—*The cat.*

বিড়ালের বিবরণ।

বিড়াল কোথায়?
সেখানে আছে।
তাহার লেজ টানিও না, বড় লাগিবে।
রামকৃষ্ণকে আঘাত পাইতে ভাল লাগে না, এবং বিড়ালকেও ভাল লাগে না।
আমি এক বালককে একটা বিরালকে দুঃখ দিতে দেখিয়াছি, সে তাহার লেজ ধরিয়া টানিল।
তাহাতে বিরাল আপন ধারাল নখ দিয়া তাহাকে এমত আঁচড়াইল, যে তাহার গায়ে দর২ করিয়া রক্ত পড়িল।
বিরালের গায়ে হাত বুলাও।
উহাকে কিছু দুধ খাইতে দেও।
বিড়াল দুধ ভাল বাসে।
রামকৃষ্ণ বিড়ালকে বড় ভাল বাসে, বিড়াল তাহাকে আঁচড়াইবে না, এবং কামড়াইবেও না।
বিড়াল খুসী হইয়া মেউ ২ করে।

5.—*The rainy season.*

বর্ষাকালের বিবরণ।

আমরা কি বাহিরে বেড়াইতে যাইব?
না, এখন না, বোধ হয় বৃষ্টি হইবে।
দেখ, আকাশ অন্ধকার হইয়াছে।
এখন বড় ভারী বৃষ্টি হইতেছে।
মেঘহইতে বৃষ্টি পড়ে।
পাতিহাঁস বৃষ্টি ভাল বাসে।
দেখ, পাতিহাঁস ও রাজহাঁস জলে সাঁতার দিতেছে।
বলরাম কি সাঁতার দিতে জানে?
না, বলরাম পাতিহাঁস ও রাজহাস নয়; অতএব সে যেন পুষ্করিণীতে গিয়া না পড়ে, ইহা সাবধান করিতে হয়, কেননা আমরা তাহাকে তুলিয়া আনিতে পারিব না, তাহাতে অনায়াসে ডুবিয়া মরিবে।
বলরাম যখন বড় হইবে, তখন সাঁতার দিতে শিখিবে।

6.—*The blind man.*

কাণা মানুষের বিবরণ।

দেখ, দ্বারে এক জন দুঃখী দাঁড়াইয়া আছে।
উহার দুই চক্ষু অন্ধ, ও আকাশ কি পৃথিবী কিছু দেখিতে পায় না।
আমরা উহার এতো নিকটে থাকিলেও আমাদিগকে দেখিতে পায় না; সে বালকের হাত ধরিয়া ২ ভ্রমণ করে।
আহা, কাণা হওয়া বড় দুঃখের বিষয়।
আমরা ঐ কাণাকে কিছু পয়সা দিব, সে খাবার সামগ্রী কিনিবে।

এখন সে গিয়াছে।
অতি দূরে গিয়াছে।
ও রামচন্দ্র, ঘরের ভিতরে আইস, দ্বার দেও।
কাণা লোকেরা একটা ঘর পায় এবং কেহ ২ নিকটে থাকিয়া তাহাদিগকে সেবা করে ও শিক্ষা দেয়, আমার এমত ইচ্ছা হয়।
কেননা তাহা করিলে তাহাদের আর ভিক্ষা করিতে হয় না।

7.—*The Fire-fly.*

জোনাকি পোকার বিবরণ।

ঐ গাছে অগ্নিফুলকির ন্যায় বেড়াইতেছে, ও কি? দেখ, অনেক আছে, এবং গাছ আলো করিয়াছে।
ছোট২ তারার ন্যায় উড়িয়া বেড়াইতেছে।
ঐ দেখ, তোমার কাপড়ের উপরে একটা বসিয়াছে, তুমি হাত দিয়া ধর, হাত পুড়িবে না।
এ আমার হাতে কেমন লড়ে।
উহাকে ঘরে আনিয়া প্রদীপের কাছে ধরিয়া দেখ।
আহা একটা মাটিয়া রঙ্গের মাছি, এখন উহাতে প্রায় কিছু আলো নাই।
উহার নাম জোনাকি পোকা, উহাকে পাতলা কাপড়ে রাখ।
এখন উহার লেজের নীচে জ্বলিতেছে, তুমি কি দেখিতে পাইতেছ?
দেখ উহার কালো মাথা ও ছোট ২ পা আছে।
উহার কত পা আছে? এক, দুই, তিন, চারি, পাঁচ, ছয়টা আছে।

8.—*The distressed Widow.*

দুঃখিতা বিধবার কথা।

মাতা। ওরে আমার প্রাণধন, আইস, আমরা গুরুদাসীদের বাটীতে যাই।
কন্যা। আসিতেছি গো মা, চল ২।
মা। ও মা, দেখ দেখি গো, ঐ না একটি স্ত্রীলোক ঘাটে বসিয়া কান্দিতেছে, দেখ তো গো, দেখতো ২ কি জন্যে কান্দিতেছে, বুঝি, তাহার কেহ মরিয়া থাকিবে?
ক। হাঁ মা, সত্য কথাই বটে, জিজ্ঞাসা করিলে পরে সে এই কথা বলিল, যে আমার স্বামী মরিয়াছেন, আর মা এখন আমার এই শিশু গুলির মুখপানে কে তাকাইবে? স্বামী তো গেলেন, মা গো, আমি বড় অনাথা।
মা। আহাহা, উহার স্বামী মরিয়াছে, তবে তো বড় দুঃখের বিষয়ই বটে; আহা, ঈশ্বর দয়া করুন, হা গো, উহার শিশু কয়টি?

ক। হেদে দেখ মা, বলিল কি, বেটা ছেলিয়া দুইটি, আর মাইয়া একটি, দেখিলাম সকল গুলিই ছোট২।

মা। আহা, এমন দুঃসময়ে কি করিলে উহার উপকার হয়?

ক। হাঁ গো মা, পরশু যে দুইটি টাকা আমাকে দিয়াছিলা, তাহারি একটি টাকা উহাকে দিব।

মা। ভাল মোর মা, তুমিও ঐ টাকাটি দেও, এবং আমিও আর চারিটি টাকা দিতেছি; এই লও, পাঁচটি টাকা উহার হাতে দিয়া দুটা ভাল কথাতে উহার প্রবোধ জন্মাইয়া কিছু শোকসান্ত্বনা করিয়া আইস; আর হেদে শুন তো মা, ছেলিয়া গুলিকে আমার কাছে একবার ডাকিয়া আন তো, বলিয়া দি, তাহারা যেন পাঠশালায় গিয়া লেখা পড়া শিক্ষা করে; আর এই কথা বলিয়া দি, যে আপনার২ সাধ্য মতে শ্রম করিয়া আপনাদের আর মায়ের প্রতিপালনের চেষ্টায় থাকে।

ক। হাঁ, আমি এখনি গিয়া টাকা দিয়া তাহাদিগকে তোমার কাছে ডাকিয়া আনি, ঐ ছেলিয়া গুলির হিত করিলে ঈশ্বর তুষ্ট হবেন।

মা। হাঁ বাছা, ভাল বুঝিয়াছ, কেননা পরের উপকার করিতে ঈশ্বরের আজ্ঞা আছে, অতএব সেই আজ্ঞা পালিলে তিনি তুষ্ট হবেন, এবং আজ্ঞা পালন করাও কঠিন নয়, সে তো সুখের বিষয়; দেখ, তাহাতে উভয়েরি ভাল, যাহার উপকার করা যায় তাহারও হিত হয়, এবং যে উপকার করে সেও ঈশ্বরের স্থানে পরম কুশল পায়।

9.—*Rivers.*

নদী।

শিষ্য। হে মহাশয়, আমি শুনিয়াছি, পৃথিবীতে অনেক২ নদী আছে, সেই নদী সকল কোথাহইতে আইসে আর কোথায় যায়? আপনি অনুগ্রহ করিয়া বলুন।

গুরু। নদী সকল পর্ব্বতহইতে আইসে, এবং সমুদ্রেতে যায়।

শিষ্য। নদীর জল নিত্য২ পর্ব্বতহইতে বহিয়া আইসে, পর্ব্বতের উপরে বহিয়া যায় না, তবে পর্ব্বতের উপরে এত জল কেমন করিয়া হয়? আর সেই জলের কখন শেষ হয় না কেন? এবং নদীর জল সকল নিত্য২ সমুদ্রেতে গেলেও সমুদ্র পূর্ণ হয় না, তাহার কারণ কি?

গুরু। হে শিষ্য, যত জল পর্ব্বতহইতে বহিয়া সমুদ্রেতে পড়ে, ঠিক তত জল আরবার সমুদ্রহইতে উঠিয়া পর্ব্বতে যায়।

শিষ্য। জল পর্ব্বতের উপরে উঠিয়া যায়, এ কথা কখন শুনি নাই।

গুরু। তুমি অজ্ঞান বালক, তোমার অনেক শিখিতে বাঁকি আছে; শুন, তোমার মা যখন হাঁড়িতে জল দিয়া আগুনের উপরে তপ্ত করে, তখন সে জলহইতে কি উঠে?

শিষ্য। সে জলহইতে ধূয়াঁ উঠে।

গুরু। না, ধূয়াঁ নয়, কেননা ধূয়াঁতে গন্ধ আছে ও তাহাতে চক্ষুতে বেদনা হয়, কিন্তু তপ্ত জলহইতে যাহা উঠে, তাহার গন্ধও নাই, এবং তাহাতে চক্ষুর বেদনাও হয় না, তাহা এক প্রকার নির্ম্মল ধূঁয়া কি না? তাহাকে বাস্প বলে। সেই বাস্পেতে যদি কিছু ক্ষণ হাত রাখ, তবে হাত ভিজিয়া যায়, আর যদি অধিক ক্ষণ রাখ, তবে প্রায় হাতহইতে ফোঁটা ২ জল পড়ে, তবে বল দেখি জল কি উঠে না?

শিষ্য। হাঁ বটে, আমি কখন এমন বিবেচনা করি নাই, কিন্তু সত্য বটে, বাস্পেতে জল আছে, তাহা না হইলে হাত ভিজিবে কেন?

গুরু। বাস্প কেবল জল।

শিষ্য। কিন্তু বাস্প জলের মত দেখায় না।

গুরু। দেখ, একটা ইট সূক্ষ্ম করিয়া পিষিলে ধূলা হয়, আর সে ধূলা বাতাসেতে উড়িয়া যায়, এবং ইটের মত আর দেখায় না, তথাপি সে ধূলা ইটের ছোট গুড়াগাঁড়া মাত্র। তেমনি বাস্প জলের ক্ষুদ্র ২ বিন্দুমাত্র, আর সেই বিন্দু অতিশয় সূক্ষ্ম হওয়াতে চক্ষুর অদৃশ্য হয়। হে শিষ্য, আমাকে বল, ঐ বাস্প কিসের তেজে উপরে উঠে?

শিষ্য। আমি বোধ করি, আগুনের তেজে উপরে উঠে।

গুরু। ভাল, এই বটে, তবে শুন, হাঁড়িতে আগুনের তেজে যাহা হয়, সমুদ্রেতে সূর্য্যের তেজে তাহাই হয়। সমুদ্রহইতেও নিত্য ২ বাস্প উঠে, আর আকাশে গিয়া মেঘ হয়; সেই মেঘ বাতাসভরে পর্ব্বতের দিগে কিম্বা পৃথিবীর উপরে চালিত হয়, আর সেইখানে বৃষ্টি হইয়া নদী সকলে যথেষ্ট জল যোগায়। পরে জল সকল আর-বার নদী দিয়া সমুদ্রেতে পড়িয়া আর বার আকাশে উঠিয়া পর্ব্বতে যায়, এমত আইসে যায়, আইসে যায়, তাহার কখন শেষ হয় না। চাকা যেমন নিত্য ২ ঘূরিলেও কখন ঘূরিবার শেষ হয় না।

শিষ্য। এখন ভাল বুঝিয়াছি। আর এক কথা জিজ্ঞাসিতে চাহি, মেঘ-হইতে বৃষ্টি হয় কেমন করিয়া? মেঘ বাস্পমাত্র ও মেঘ তেমনি দেখায় বটে, কিন্তু তাহাহইতে এমন বড় ফোঁটা জল কেমনে হয়?

গুরু। হাত অনেক ক্ষণ হাঁড়ির উপরে রাখিলে তাহাতে ক্রমে ২ জলের ফোঁটা হয়, ইহার কারণ এই, জলের ছোট ২ বিন্দু সকল হাঁড়ি-হইতে উঠিয়া হাতে একত্র হয়, তাহাতে ক্রমে ২ বড় বিন্দু জন্মে। তেমনি মেঘ অতি ঘন হইলে, তাহার জলবিন্দু সকল ক্রমে ২ বড়

হয় ও শেষে এত বড় হয়, যে আপন ভারেতে করিয়া নীচে পড়ে, তাহাতে বৃষ্টি উৎপন্ন হয়, বুঝিয়াছ?

শিষ্য। হাঁ মহাশয়, বুঝিয়াছি।

10.—*The Honourable Company.*

কোম্পানী বাহাদুর।

শিষ্য। হে গুরু মহাশয়, আমি বার২ শুনিয়াছি, কোম্পানী এই দেশের রাজা; কোম্পানী কি? আপনি অনুগ্রহ করিয়া বলুন। কেহ বলে, কোম্পানী একটী স্ত্রী লোক, সে বিলাতে বাস করে, ও সোনার খাটে শয়ন করে, এ কি সত্য?

গুরু। কোম্পানী স্ত্রীলোকও নয় পুরুষও নয়, কোম্পানী একটা সভা। দেখ, এক জন যে কর্ম্ম করিতে পারে না, দশ জন মিলিয়া সেই কর্ম্ম করিতে পারে; ইহার দৃষ্টান্ত বলি। কলিকাতার দক্ষিণে যে সকল চাসালোক বাস করে, তাহাদের ভূমি অতি নাবাল প্রযুক্ত বার২ হাজিয়া যায়, তাহা হইলে লোক সকল মাছু ধরিয়া দিনপাত করে। কিন্তু জাল না থাকিলে মাছ ভাল ধরা যায় না, এবং এক জালের মূল্য ১০ কিম্বা ১২ টাকা। এত টাকা এক জন দিতে পারে না, এই জন্যে তাহাদের তিন চারি জন মিলিয়া এক জাল কিনিয়া মাছ ব্যবসায় করে, পরে যত লাভ হয়, তাহা তাহারা ভাগ করিয়া লয়; সেই রূপ কোম্পানী।

শিষ্য। সে কেমন? আমি কিছু বুঝি না।

গুরু। শুন, ইংলণ্ড দেশে অনেক মহাজন আছে, তাহারা নৌকাযোগে নানা দেশে গিয়া বাণিজ্য করিয়া অনেক ধন সঞ্চয় করে। পূর্ব্বকালে তাহারা এত ধনী ছিল না। তিন শত বৎসর হইল তাহাদের মধ্যে কএক জন হিন্দুস্থানেতে জাহাজ পাঠাইতে মনস্থ করিল, কেননা তাহারা শুনিয়াছিল, এই দেশে অনেক ধন পাওয়া যায়। কিন্তু এত দূর দেশে জাহাজ পাঠাইতে গেলে অধিক ব্যয় হয়; এত ব্যয় করা এক জনের শক্তি ছিল না, এই নিমিত্তে দশ বারো জন মিলিয়া টাকা একত্র করিয়া জাহাজ কিনিয়া বাণিজ্য দ্রব্যেতে বোঝাই করিয়া দিল; পরে তাহা পাঠাইয়া বলিল, এই জলযাত্রাতে যত লাভ হইবে, তাহা আমরা ভাগ করিয়া লইব। ঐ মহাজনের আশা পূর্ণ হইল, কেননা তাহাদের এই বাণিজ্যেতে অধিক লাভ হইল, তাহাতে তাহারা অধিক জাহাজ প্রস্তুত করিয়া বার২ হিন্দুস্থানে পাঠাইতে লাগিল, এবং ক্রমে২ অধিক লোক টাকা

দিয়া বাণিজ্যের অংশিদার হইল। এই সকল অংশিদের সভাকে কোম্পানী বলে। পূর্ব্বকালে তাহারা কেবল বাণিজ্য করিত, সম্প্রতি তাহারা দেশ অধিকার করিয়া প্রজাদের কাছে কর পায়, আর প্রায় বাণিজ্য করে না। আর এখন শত২ অংশিদার হইয়াছে।

শিষ্য। শত২ অংশিদার হইলে দেশের শাসন কি প্রকারে হয়? তাহারা কি সকলে রাজা হইয়াছে?

গুরু। না, সকলে রাজা নয়। তাহারা সকলে একত্র হইয়া আপনাদের মধ্যহইতে ২৪ জন নিযুক্ত করিয়া থাকে। এই ২৪ জন সভা করিয়া দেশের শাসন করে। তাহাদের নাম কোর্ট অফ ডাইরেক্টর্স, এবং তাহাদের মধ্যে এক জন সভাপতি আছে। এই দেশে যত সাহেব আসিয়া জজ কি মাজিষ্ট্রেট কি কলেক্টর কিম্বা সেনাপতির কর্ম্ম করে, তাহারা সকলে ঐ ২৪ জন দ্বারা নিযুক্ত।

শিষ্য। আমি শুনিয়াছি, ইংলণ্ডে এক রাণী আছেন, আর আপনি বলেন, এই সভার লোকেরা হিন্দুস্থানের উপরে কর্ত্তৃত্ব করে, তবে বুঝি ইহারা রাণীর অধীন নয়।

গুরু। অধীন বৈ কি? রাণী সর্ব্বশ্রেষ্ঠা ও কোম্পানী তাহার অধীন, আর কোম্পানীর তত্ত্বাবধারণ ও তাহার অন্যায় নিবারণ করিতে রাণী কর্ত্তৃক নিযুক্ত আর এক সভা আছে, এই সভাতে রাণীর মন্ত্রিরা বসে ও তাহার নাম কোর্ট অফ কণ্ট্রোল, এই সভার অনুমতি ছাড়া হিন্দুস্থানের গবরনর নিযুক্ত হইতে পারে না।

শিষ্য। রাণীর ইচ্ছা হইলে তিনি এই সকল দেশ কোম্পানীর হাতহইতে লইতে পারেন কি না?

গুরু। রাণী পারেন না, কিন্তু ইংলণ্ডদেশে যে মহাসভা আছে, সে পারে।

শিষ্য। সে আরবার কি? আর এক সভা? সে কেমন?

গুরু। আজি থাকুক, এই মহাসভার কথা অন্য কোন সময়ে বলিব।

11.—*Mountains.*

পর্ব্বত।

শিষ্য। হে গুরু মহাশয়, আমি বার২ পর্ব্বতের কথা শুনিয়াছি; পর্ব্বত কাহাকে বলে? অনুগ্রহ করিয়া বলুন; আমি পর্ব্বত কখন দেখি নাই।

গুরু। এই বঙ্গদেশে পর্ব্বত নাই বটে, কিন্তু এ দেশের উত্তর ও পূর্ব্ব পশ্চিম সীমাতে অনেক পর্ব্বত আছে। পর্ব্বত মাটির কিম্বা পাথরের বড় ঢীপি। সামান্য মাটির ঢীপি প্রায় ৫ হাত কি ৮ হাত অপেক্ষা

উচ্চ নয়, কিন্তু পর্ব্বত যে সে ১০০ হাত ও ৫০০ হাত ও ১০০০ হাত, কখন২ বা ১০০০০ ও ১৫০০০ হাত উচ্চ হয়। দেখ এক মাটির টীপির উপরে বালকেরা খেলার সময়ে উঠে; কিন্তু পর্ব্বতের উপরে উঠিতে গেলে শ্রম না করিলে হয় না; ৫০০০ হাত উচ্চ যে পর্ব্বত তাহাতে চড়িতে প্রায় এক দিন লাগে।

শিষ্য। পর্ব্বতের আকার কেমন?

গুরু। পর্ব্বতের দুই প্রকার আকার আছে। কোন২ পর্ব্বত পুকুরের পাড়ের ন্যায় লম্বা, তাহাকে পর্ব্বতশ্রেণী বলে, এমন পর্ব্বতশ্রেণী কোন২ স্থানে ৫০০ কি ৮০০ ক্রোশ লম্বা। অন্য কোন পর্ব্বত রুই টী-পির মত একেবারে উচ্চ হইয়া উঠিয়াছে, তাহাকে পর্ব্বতশৃঙ্গ বলে।

শিষ্য। পর্ব্বতের উপরে কি মানুষ আছে?

গুরু। অবশ্য, মানুষ থাকিবে না কেন? কোন২ পর্ব্বতের উপরে ক্ষেত্র ও বাগান আছে, ঘর আছে, নগর আছে; কিন্তু অনেক পর্ব্বতে বনমাত্র থাকে। দেখ বর্দ্ধমান জেলার পশ্চিমে বীরভূমি নামক যে জেলা তাহার মধ্যে অনেক পর্ব্বত আছে, কিন্তু সেই সকল পর্ব্বতের উপরে কেবল বন দৃষ্ট হয়, আর সেই বনে প্রায় মানুষ থাকে না, কেবল বাঘ ও ভালুক ও হরিণ বাস করে। যে পর্ব্বত অতি উচ্চ সেই পর্ব্বতে বনও হয় না, সেইখানে কেবল খণ্ড২ পাথর ও বরফ দৃষ্ট হয়। কেননা উচ্চপর্ব্বতের উপরে শীত এমন প্রবল যে সেখানে বারো মাস বরফ থাকে, কখন গলে না, আর সেই খানে শীতপ্রযুক্ত কোন মনুষ্য কি পশু বাস করিতে পারে না, কোন গাছও জন্মে না।

শিষ্য। বাড়বানল পর্ব্বত কাহাকে বলে?

গুরু। যে পর্ব্বতহইতে আগুন উঠে তাহাকেই বাড়বানল পর্ব্বত বলে।

শিষ্য। সে কেমন?

গুরু। এ বাড়বানল পর্ব্বতের কথা বড় আশ্চর্য্য, শুন; এমন পর্ব্ব-তের চূড়াতে বড় এক গভীর গর্ত্ত থাকে, সে গর্ত্ত কত গভীর তাহা বলা যায় না। কামানের মুখহইতে যেমন আগুন ও ধূম ও গোলা বাহির হয়, তেমন সেই গর্ত্তহইতে ধূম ও আগুনের সহিত বড়২ পাথর ও গলিত লোহা বাহির হয়। এই গলিত লোহা ও পাথর পর্ব্ব-তের পার্শ্ব দিয়া নীচে বহিয়া যায়, আগুন ও ধূম ও ভস্ম আকা-শে উঠে, আর ভস্ম বাতাসভরে যেদিগে উড়িয়া গিয়া পড়ে, সেই-খানকার ভূমি অনেক ক্রোশ পর্য্যন্ত আচ্ছাদিত হয়। কিন্তু পর্ব্বতহইতে অগ্নি নিত্য নির্গত হয় না, কখন২ দশ কিম্বা ত্রিশ বৎসর পর্য্যন্ত সেই পর্ব্বত এক প্রকার নিদ্রিত হইয়া থাকে, অর্থাৎ আগুন নির্গত হয় না, আর যখন জাগে, তখন দুই তিন দিন পর্য্যন্ত অগ্নি বাহির হয়, পরে আর বার স্থগিত হয়। আর বাড়বানল পর্ব্বতহইতে আগুন নি-

র্গত হওনের সময়ে প্রায় মেঘগর্জন ও বিদ্যুৎ ও ভূমিকম্প হইয়া থাকে। ইংরাজভাষাতে বাড়বানল পর্ব্বতকে বল্কেনো বলে।

শিষ্য। এ সকল কথা অসম্ভব বোধ হয়।

গুরু। অসম্ভব বটে, কিন্তু ঈশ্বর যিনি জগতের স্থিতি ও পালনকর্ত্তা তাঁহার অসাধ্য কি?

CHAPTER III.

FABLES.

দৃষ্টান্তকথা।

1.—*The Deer and Lion.*

১। মৃগ ও সিংহ।

কোন সময়ে এক মৃগ ব্যাধের ভয়ে পলাইয়া এক গর্ত্তের ভিতরে প্রবেশ করিল। পরে এক সিংহ সেখানে তাহাকে ধরিয়া বধ করিল। তাহাতে ঐ মৃগ মরণকালে কহিতে লাগিল, হায়২ আমার কি দুর্ঘটনা হইল! আমি মনুষ্যের হাতহইতে পলাইয়া তাহাহইতে অধিক প্রবল আর এক শত্রুর হাতে পড়িলাম।

ইহার তাৎপর্য্য এই। সাবধান হইয়া না চলিলে এমন ঘটিয়া উঠে যে মনুষ্য এক আপদহইতে পলাইয়া তাহাহইতে অধিক ভয়ানক অন্য আপদে পড়ে।

2.—*The Hare and Tigress.*

২। খরগোশ ও বাঘিনী।

একটী খরগোশ কোন বাঘিনীর নিকটে গিয়া কহিল, "ও বাঘিনি শুন, প্রতি বৎসর আমার অনেক বাচ্চা হয়, কিন্তু তোমার জন্মাবধি মরণ পর্য্যন্ত একটী সন্তানের অধিক জন্মে না। তাহাতে বাঘিনী কহিল, আমার যে এক সন্তান হয় সে তোমার অনেক সন্তানহইতেও শ্রেষ্ঠ।

ইহার তাৎপর্য্য এই। অনেক অধম সন্তান অপেক্ষা এক উত্তম পুত্র ভাল।

3.—*The Woman and the Goose.*

৩। স্ত্রী ও হংসী।

এক স্ত্রী একটি হংসী পোষিত; সেই হংসী প্রতিদিন রূপার এক২ ডিম্ব প্রসব করিত। পরে সে স্ত্রী মনে২ কহিল, আমি যদি ইহার আহার বাড়াইয়া দিই, তবে প্রতিদিন দুই২ ডিম্ব পাড়িতে পারিবে। এই আশয়ে সে তাহাকে পূর্ব্বহইতে অধিক আহার দিতে লাগিল; কিন্তু যথেষ্ট ভোজনের দ্বারা হংসী পেট ফাটিয়া মরিয়া গেল।

ইহার তাৎপর্য্য এই। মনুষ্য অধিক লাভের আকাংক্ষাতে আপনার পূর্ব্ব পুঁজি সুদ্ধ নষ্ট করে।

4.—*The Fly and the Ox.*

৪। মশা ও বৃষ।

এক মশা এক ষাঁড়ের শৃঙ্গের উপর বসিয়া অহঙ্কার প্রযুক্ত আপনাকে ভারি জ্ঞান করিয়া ষাঁড়কে কহিল, ওহে ষাঁড়, আমার বসাতে যদি তোমার ভার বোধ হইয়া থাকে, তবে বল, আমি স্থানান্তরে উড়িয়া যাই। এই কথা শুনিয়া বৃষ বলিল, ওহে মশা, তুমি যে আমার উপর বসিয়াছ তাহা আমি টেরও পাই নাই।

ইহার তাৎপর্য্য এই। যে ব্যক্তি আপন খ্যাতি ও প্রতাপের অভিমান করে, সে শীঘ্র লজ্জা পায়।

5.—*The Man and Death.*

৫। মনুষ্য ও মৃত্যু।

এক মনুষ্য কাষ্ঠের বোঝা লইয়া যাইতে২ ভার প্রযুক্ত অতিশয় ক্লান্ত হইয়া বোঝা ফেলিয়া দিল, আর আপন মৃত্যু প্রার্থনা করিল। ইহাতে মৃত্যু তাহার নিকটে উপস্থিত হইয়া কহিল, তুমি আমাকে কি জন্যে ডাকিলা? তাহা বলহ। এই কথা শুনিয়া মনুষ্য বলিল, এই বোঝা আমার মস্তকে তুলিয়া দিবার জন্যে তোমাকে ডাকিয়াছি।

ইহার তাৎপর্য্য এই। পৃথিবীর মধ্যে সকলেই বাঁচিতে ইচ্ছা করে। দেখ, জরাগ্রস্ত ও দুঃখী হইলেও প্রায় কেহ মৃত্যু চাহে না।

6.—*The Tortoise and the Hare.*

৬। কচ্ছপ ও খরগোশ।

কোন সময়ে এক কচ্ছপ ও খরগোশ এই দুই জন এক পর্ব্বত শৃঙ্গ লক্ষ্য করিয়া, আইস, আমাদের মধ্যে কে আগে পৌঁছিতে পারে? এই প্রতিজ্ঞা পূর্ব্বক দৌড়িতে লাগিল। তাহাতে খরগোশ আপন ক্ষীণতা ও লঘুতা ও দ্রুতগতি হেতুক অহঙ্কারী হইয়া পথের মধ্যে নিদ্রা গেল; কিন্তু কচ্ছপ আপন গুরুতা ও মন্দগতি প্রযুক্ত ভয় করিয়া চলিতে বিরাম না করিয়া অগ্রে পর্ব্বতে উত্তরিল। পরে খরগোশ জাগিয়া দেখিল কচ্ছপ আগে গিয়াছে, ইহাতে বড় লজ্জিত হইল।

ইহার তাৎপর্য্য এই। বলবান্ আর দুর্ব্বলেতে যুদ্ধ হইলে বলবানের অসাবধান হওয়া অতি অকর্ত্তব্য, কেননা এমনও ঘটিতে পারে যে সবলের তাচ্ছীল্য ও আলস্য প্রযুক্ত বলহীন জয়ী হয়।

7.—*The Bramble.*

৭। কণ্টক বৃক্ষ।

এক কণ্টকবৃক্ষ এক জন মালিকে কহিল, যদি কেহ আমাকে যত্ন করিয়া বাগানের মধ্যে রোপণ করে, এবং প্রতিদিন আমার মূলে জল সেচন করে, তবে রাজারাও অবশ্য আমার ফুল ও ফল দেখিতে প্রয়াস করিবেন। ইহাতে ঐ মালী তাহাকে লইয়া বাগানের এক সতেজ স্থানে রোপণ করিয়া প্রতিদিন দুই বার জল দিতে লাগিল। এইরূপ করাতে তাহার কাঁটা সকল বাড়িয়া শক্ত হইল, আর যে সকল বৃক্ষ তাহার চারিদিগে ছিল, সে সকলের উপর পর্য্যন্ত ডাল পালা বাড়িলে ঐ সমুদায় বৃক্ষ নষ্ট হইল। পরে ক্রমে তাহার শিকড় বৃদ্ধি হইয়া সমুদয় বাগান বেড়িলে কাঁটার নিমিত্তে কেহ তাহার নিকটে যাইতেও পারিল না।

ইহার তাৎপর্য্য এই। দুষ্টকে আশ্রয় দিয়া যত তাহার সমাদর করা যায়, ততই তাহার দুষ্টতা ও দৌরাত্ম্য বাড়ে; এবং যত তাহার উপকার করা যায়, সে ততই অপকার করে।

8.—*The black Man.*

৮। কৃষ্ণবর্ণ পুরুষ।

এক কৃষ্ণবর্ণ পুরুষ বস্ত্র ত্যাগ করিয়া চূণ লইয়া গায় মাখিতেছিল; তাহাতে কোন ব্যক্তি তাহাকে কহিল, ওহে, তুমি কেন গাত্রে

চূর্ণ লেপন করিতেছ? ইহা শুনিয়া সে উত্তর করিল, গৌরবর্ণ হইবার জন্যে। পরে ঐ ব্যক্তি কহিল, ওহে কৃষ্ণবর্ণ পুরুষ, তুমি আপন শরীরকে বৃথা ক্লেশ দিও না, কেননা তোমার শরীর চূর্ণকে কাল করিতে পারে, কিন্তু চূর্ণ তোমার কৃষ্ণ বর্ণ ঘুচাইতে পারে না।

ইহার তাৎপর্য্য এই। মন্দ ভালকে মন্দ করিতে পারে, কিন্তু মন্দকে ভাল করিবার ক্ষমতা প্রায় কাহারও নাই।

9.—*The Lion and the two Oxen.*

৯। সিংহ ও দুই বলদ।

কোন সময়ে এক সিংহ দুই বলদকে মারিতে তাহাদের প্রতি ধাইল; তাহাতে সেই দুই বলদ একত্র হইয়া সিংহকে আপনাদিগের মধ্যে আসিতে না দিয়া শৃঙ্গের গুঁতা মারিতে লাগিল। পরে সিংহ তাহাদিগকে বঞ্চনা করিয়া কহিল, ওহে বলদেরা, তোমরা যদি স্বতন্ত্র হও, তবে আমি কাহারও কিছু ক্ষতি করিব না। পরে এই কথায় প্রত্যয় করিয়া দুই বলদ ভিন্ন২ হইলে সিংহ উভয়কেই নষ্ট করিল।

ইহার তাৎপর্য্য এই। মনুষ্য সকলে যাবৎ একবাক্যতায় থাকে, তাবৎ তাহাদিগের উপর কেহ শত্রুতা করিয়া প্রবল হইতে পারে না, কিন্তু অনৈক্য হইলেই নষ্ট হয়।

10.—*The Stag.*

১০। দীর্ঘশৃঙ্গ হরিণ।

কোন কালে দীর্ঘশৃঙ্গ এক হরিণ তৃষ্ণাতুর হইয়া এক জলাশয়ে গিয়া জল পান করিল। পরে জলে আপনার পাদের ক্ষীণতা দেখিয়া বিমর্ষ হইল, কিন্তু শৃঙ্গের দীর্ঘতাতে আনন্দিত হইল। ইতিমধ্যে ব্যাধগণ উপস্থিত হইলে হরিণ প্রান্তরে পলাইয়া গেল; তাহাতে ব্যাধেরা তাহাকে ধরিতে পারিল না। পরে সে নিবিড় বনে প্রবেশ করিলে দীর্ঘ শৃঙ্গ প্রযুক্ত বৃক্ষের শাখা ও লতাদিতে বদ্ধ হওয়াতে শিকারিরা তাহাকে অনায়াসে মারিয়া ফেলিল। হরিণ মরণকালে খেদ করিয়া কহিল, হায়২ আমি যে পাদকে হেয়জ্ঞান করিয়াছিলাম সে আমাকে রক্ষা করিল, আর যে শৃঙ্গের বিষয়ে অহঙ্কারী ছিলাম সে আমাকে বধ করাইল।

ইহার তাৎপর্য্য এই। বস্তুর সৌন্দর্য্যের প্রতি দৃষ্টি না করিয়া তাহার গুণের প্রতি দৃষ্টি রাখিয়া তন্মূল্যের বিবেচনা করা উচিত।

11.—*The sick Deer.*

১১। হরিণ।

কোন সময়ে এক হরিণ পীড়িত হইলে তাহার আত্মীয় ও পরিবার পশুগণ তাহাকে দেখিতে আসিয়া চারিদিগে শুষ্ক ও সরস যত তৃণ পল্লব ছিল তাহা সমস্তই খাইল। পরে তাহার পীড়া শান্তি হইলে সে কিছু আহার করিতে ইচ্ছা করিল, কিন্তু কিছুই খাদ্য পাইল না, তাহাতে ক্ষুধায় তাহার প্রাণবিয়োগ হইল।

ইহার তাৎপর্য্য এই। অবিবেচক বন্ধু থাকা অপেক্ষা বরং বন্ধু না থাকা ভাল।

12.—*The Lion and the Ox.*

১২। সিংহ ও বলদ।

কোন সময়ে এক সিংহ একটা বলদ শিকার করিতে মনস্থ করিল, কিন্তু বলদের বলাধিক্য প্রযুক্ত নিকটে যাইতে পারিল না। পরে ছলেতে তাহার নিকটে গিয়া কহিল, ওহে বলদ, আমি একটা হৃষ্টপুষ্ট ভেড়ার ছা মারিয়াছি; অতএব আমার ইচ্ছা এই, যে অদ্য রাত্রিতে তুমি আমার গৃহে উপস্থিত হইয়া ভোজন কর। পরে বলদ নিমন্ত্রণ স্বীকার করিয়া সিংহের আলয়ে গমন করিল। কিন্তু সিংহ অনেক কাষ্ঠ ও বড় ২ হাঁড়া প্রস্তুত করিয়া রাখিয়াছে, ইহা দেখিয়া বলদ ফিরিয়া চলিল। তাহাতে সিংহ কহিল, তুমি এখানে আসিয়া কেন ফিরিয়া যাও? এই কথাতে বলদ উত্তর করিল, আমি তোমার মনস্থ জানিলাম; ভেড়ার ছার নিমিত্তে এতাদৃশ ঘটা সম্ভবে না, কিন্তু তাহাহইতে বড় আর কোন জন্তুর জন্যে তোমার আয়োজন বোধ হয়।

ইহার তাৎপর্য্য এই। হিংস্রুকের কথা সত্য জ্ঞান করা ও তাহার সহিত প্রীতি করা বুদ্ধিমান্ ব্যক্তির কর্ত্তব্য নহে।

13.—*The Lion and the Fox.*

১৩। সিংহ ও খেঁকশিয়ালী।

এক সিংহ বার্দ্ধক্য প্রযুক্ত জরাগ্রস্ত হইয়া কোন জীবজন্তু শিকার করিতে পারিত না; অতএব আপন আহারের নিমিত্তে ছল করিয়া প্রতারণা পূর্ব্বক পীড়িতের ন্যায় হইয়া এক গর্ত্তের মধ্যে রহিল, কেননা তাহার এই মনস্থ ছিল, কোন জন্তু আমাকে দেখিতে আইলেই আমি তাহাকে এই গর্ত্তের মধ্যে ধরিয়া খাইব। পরে খেঁকশিয়ালী তাহার নিকটে গিয়া গর্ত্তের দ্বারে দাঁড়াইয়া প্রণাম পূর্ব্বক কহিল, হে পশুরাজ, তুমি কেমন আছ? তাহাতে সিংহ বলিল, তুমি ভিতরে আইস না কেন? ইহা শুনিয়া উল্কামুখী কহিল, হে মহাশয়, আমি এখানে আসিয়া অনেকের প্রবেশ হওনের চিহ্ন দেখিলাম, কিন্তু কাহারও বাহির হওনের এক চিহ্নও দেখিলাম না।

ইহার তাৎপর্য্য এই। বিবেচনা না করিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত হওয়া মনুষ্যের কর্ত্তব্য নহে।

14.—*The Lion and the Man.*

১৪। সিংহ ও মনুষ্য।

কোন সময়ে পথের মধ্যে কোন সিংহের সহিত এক মনুষ্যের সাক্ষাৎ হইলে তাহাদের বল ও বিক্রমের বিষয়ে পরস্পর বিবাদ হইতে লাগিল। সিংহ আপন বল ও প্রতাপের আধিক্য প্রযুক্ত আহ্লাদিত ছিল, ইতিমধ্যে এক সিংহের গলা টিপিয়া মারিতেছে এমত এক মনুষ্যের প্রতিমূর্ত্তি ঐ মনুষ্য কোন দেওয়ালেতে চিত্র করিয়া হাসিতে২ ঐ সিংহকে দেখাইতে লাগিল। ইহাতে সিংহ কহিল, যদি সিংহ মনুষ্যের মত চিত্রকর হইত, তবে মনুষ্যকে সিংহের গলা টিপিতে দিত না, বরং এক সিংহ মনুষ্যের গলা টিপিত।

ইহার তাৎপর্য্য এই। গণাক্রান্ত সাক্ষিদ্বারা কেহ পার পাইতে পারে না।

15.—*The Spider and the Bee.*

১৫। মাকড়সা ও মৌমাছি।

কোন সময়ে একটা মাকড়সা এক মৌমাছিকে কহিল, যদি তুমি আমাকে আপন সহবর্ত্তী কর, তবে আমি তোমার মত মধু সঞ্চয়

করিতে পারি। এই কথা পুনঃপুনঃ কহনেতে মৌমাছি স্বীকার করিল। পরে মাকড়সা তাহার সঙ্গী হইয়া মধু আনিতে না পারিলে মৌমাছি তাহাকে হুল ফুটাইয়া মারিল। তাহাতে মাকড়সা মরণকালে আপনা আপনি খেদ করিয়া কহিল, হায় ২, যে কর্ম্ম করিবার আমার শক্তি নাই এমন কর্ম্ম কেন স্বীকার করিয়াছিলাম?

ইহার তাৎপর্য্য এই। যাহার যে কর্ম্ম করণের ক্ষমতা না থাকে, সে যদি আপনাকে অতি বিজ্ঞ জানাইয়া তাহাতে প্রবৃত্ত হয়, তবে তাহার কথা মিথ্যা ও অকৃতিত্ব প্রকাশ হয়, এবং সমুচিত ফলও হয়।

16.—*The Boy in the River.*

১৬। বালক।

কোন সময়ে এক বালক আপনহইতে নদীতে পড়িয়া সাঁতার না জানাতে ডুবু ২ হইল। এমন সময়ে পথ দিয়া এক ব্যক্তি যাইতেছে, তাহা দেখিয়া ঐ বালক প্রাণরক্ষার্থে তাহাকে ডাকিল। তাহাতে সে নিকটে গিয়া বালককে জলে নামন হেতুক ভর্ৎসনা করিতে লাগিলে বালক কহিল, ওহে, প্রথমতঃ আমাকে বাঁচাও, পশ্চাৎ ভর্ৎসনা করিও।

ইহার তাৎপর্য্য এই। তোমার কোন আত্মীয় আপদে পড়িলে তাহাকে সে আপদহইতে আগে মুক্ত করিয়া পশ্চাৎ ভর্ৎসনা করা উপযুক্ত।

17.—*The Dog and the Fox.*

১৭। কুকুর ও খেঁকশিয়ালী।

কোন সময়ে এক কুকুর কোন স্থানে এক খান বাঘের চর্ম্ম দেখিয়া নিকটে গিয়া দন্তদ্বারা কাটিতে লাগিল। পরে এক খেঁকশিয়ালী ইহা দেখিয়া কুকুরকে কহিল, যদি এ ব্যাঘ্র সজীব থাকিত, তবে তোমার দন্তহইতেও তাহার হাতের নখ বড় দেখিতে পাইতা।

ইহার তাৎপর্য্য এই। শক্তিমান ব্যক্তির বিপদকালে তাহাকে আক্রমণ করাতে ক্ষুদ্রের বীরত্ব প্রকাশ হয় না।

18.—*The Belly and the Members.*

১৮। উদর ও অঙ্গ।

উদর ও অঙ্গ এই দুইয়ের মধ্যে শরীরের বহন ও রক্ষার বিষয়ে বিবাদ হইলে অঙ্গ কহিল, আমি আপন শক্তিদ্বারা শরীরকে বহন করি। কিন্তু উদর উত্তর করিল, যদি আমি কিছু আহার না করি, তবে তুমি কিছু বহিতে পার না।

ইহার তাৎপর্য্য এই। কোন কেহ কাহাকেও তুচ্ছজ্ঞান করিবে না, কেননা সকলেই পরস্পর উপকৃত হইতে পারে।

19.—*The Sun and the Wind.*

১৯। সূর্য্য ও পবন।

সূর্য্য ও পবনেতে এই পণ হইল, আইস দেখি, আমাদিগের মধ্যে কে মনুষ্যকে বস্ত্র ত্যাগ করাইতে পারে? তাহাতে বায়ু অতিশয় বেগে বহিতে লাগিলে মনুষ্য তাহাহইতে রক্ষা পাইবার জন্যে আপন বস্ত্র শরীরে জড়াইল। পরে মেঘ সকল উড়িয়া গেলে সূর্য্যের তেজঃ প্রচণ্ডরূপে উদিত হইল; তাহাতে মনুষ্য অত্যন্ত গ্রীষ্ম প্রযুক্ত আপন বস্ত্র বোঝা জ্ঞান করিয়া শরীরহইতে খুলিয়া ফেলিল।

ইহার তাৎপর্য্য এই। চঞ্চল বলবানহইতেও সুস্থির ব্যক্তির অভিপ্রায় আনায়াসে সিদ্ধ হয়।

20.—*The two Cocks.*

২০। দুই কুকুড়া।

দুই কুকুড়া কোন দ্রব্যের নিমিত্তে যুদ্ধ করিলে একটা জয়ী হইল, আর একটা অন্য স্থানে পলাইয়া গেল। পরে যে জিনিয়াছিল, সে এক বড় উচ্চ পালার উপরে বসিয়া আহ্লাদে পাখা ঝট্কাইতে ও ডাকিতে ও অহঙ্কার করিতে লাগিল। ইতোমধ্যে এক কুকুর তাহাকে দেখিয়া ছোঁ মারিয়া ধরিয়া লইল।

ইহার তাৎপর্য্য এই। আপন পরাক্রমের অহঙ্কার করিলে শীঘ্র লজ্জা পায়।

21.—*The Hyenas drinking.*

২১। কএক নেকড়িয়া বাঘ।

কএক নেকড়িয়া বাঘ এক গর্ত্তে গোচর্ম্ম দেখিয়া তাহা খাইতে মনস্থ করিল; কিন্তু ঐ গর্ত্ত জলে পরিপূর্ণ ছিল, আর চামড়াও ধারের নিকটে ছিল না। তাহাতে তাহারা ঐক্য হইয়া এই পরামর্শ করিল, আইস, আমরা সকলে আগে সমস্ত জল পান করিয়া গর্ত্ত শুষ্ক করি, পরে চর্ম্ম লইয়া খাইব। ইহা স্থির করিয়া তাহারা উদর পূর্ণ হওন পর্য্যন্ত জল খাইল; কিন্তু অধিক জল পান করাতে সকলে পেট ফাটিয়া মরিয়া গেল; সুতরাং চামড়া খাইতে পাইল না।

ইহার তাৎপর্য্য এই। অল্পবুদ্ধি ব্যক্তির পরামর্শ নিষ্ফল।

22.—*The Fox and the Crane.*

২২। খেঁকশিয়ালী ও হাড়গিলা।

খেঁক্‌শিয়ালী যদ্যপিও কৌতুকাপেক্ষা প্রায় চাতুরীতেই অধিক রত, তথাপি এক বার ইহা দৃঢ় মনস্থ করিল, আমি আপন প্রতিবাসি হাড়গিলার সহিত পরিহাস করিব। অতএব বড় আড়ম্বর করিয়া তাহাকে মধ্যাহ্নভোজনের নিমন্ত্রণ করিল। পরে সে চৌড়া অথচ চেট্‌কা থালাতে নানা প্রকার ঝোল রাখিলে হাড়গিলা ভোজনস্থানে আসিয়া কেবল ঠোঁটের অগ্রভাগ ডুবাইতে পারিল, কিন্তু কৃতসাধ্যে ক্ষুধা নিবৃত্তি করিতে পারিল না। ইতিমধ্যে খেঁকশিয়ালী অতি শীঘ্র চাটিয়া খাইতেছিল, আর খাও না, খাও না, এই কথা বলিয়া আপন নিমন্ত্রিত হাড়গিলাকে জিজ্ঞাসা করিতে লাগিল, আমার এ সমস্ত ভক্ষ্যদ্রব্য তোমাকে কেমন লাগে? কিন্তু খেঁকশিয়ালী কেবল রহস্য করিতেছে, হাড়গিলা ইহা বুঝিয়া তাহার কথায় কিছু মনোযোগ করিল না, বরং কহিল, তোমার সমস্ত খাদ্য সামগ্রী আমাকে বড় ভাল লাগিল। পরে বিদায়কালে হাড়গিলা খেঁক্‌শিয়ালীকে আপন বাটীতে নিমন্ত্রণে যাইবার জন্যে এমন দৃঢ় করিয়া ধরিল যে সে কোন প্রকারে অস্বীকার করিতে পারিল না।

পরে সেই নিয়মিত দিনে খেক্‌শিয়ালী আপন কথা ক্রমে তাহার বাটীতে গেলে পর যখন খাদ্যদ্রব্য উপস্থিত হইল, তখন সে আপনার বড় লঘুতা দেখিল; কারণ হাড়গিলা সরু অথচ গলালম্বা এমন ঘটে কুটি কুটি মাংস ভরিয়া রাখিয়াছিল। সেই সকল খাদ্য

সামগ্রীর স্বাদ গ্রহণ করিতে তাহার সাধ্য ছিল না, ইহাতে কেবল বুভুক্ষু হইয়া রহিল; কিন্তু হাড়গিলা আপন লম্বা ঠোঁট ঘটের মধ্যে দিয়া উদর পরিপূর্ণ করিল। পরে খেঁক্‌শিয়ালী এক চামসের উপরপীঠে যে কিছু ঝোল পড়িয়াছিল তাহা বড়ই ইচ্ছা পূর্ব্বক চাটিতে লাগিল। এই কালে হাড়গিলা তাহার দিগে ফিরিয়া চাহিয়া মুখ মুচ্‌কিয়া কহিল, তোমার ক্ষুধা বিলক্ষণ আছে, ইহাতে আমি বড় সন্তুষ্ট হইলাম। আমি যেমন সে দিবসে তোমার নিমন্ত্রণে খাইয়াছি, তুমিও তেমনি প্রসন্ন হইয়া খাও, এই আমার বাসনা। খেঁক্‌শিয়ালী এই কথা শুনিয়া মাথা হেঁট করিল এবং বড় অসন্তুষ্ট হইল; ইহাতে হাড়গিলা কহিল, এ বিষয়ে বিরক্ত হইও না; কেননা যাহারা রহস্য সহিতে না পারে, তাহাদিগের কাহারও সহিত পরিহাস করা উচিত নহে।

ইহার তাৎপর্য্য এই। কাহারও সহিত কৌতুক করিতে গেলে সে ফিরে গদ্য করিলে তাহা আমরা সহিতে পারিব কি না, তাহা পূর্ব্বেই আমাদিগের বিবেচনা করা কর্ত্তব্য।

23.—*The Boys and the Frogs.*

২৩। বালকগণ ও বেঙ্গদিগের কথা।

এক বড় বিলেতে অনেক বেঙ্গের বসতি ছিল। তাহার ধারে কতক গুলিন বালক হঠাৎ খাপরা খেলা খেলিতে লাগিল, আর জলে একজাই খাপরা বৃষ্টি করিল; ইহাতে ক্ষীণ ও ভীত বেঙ্গদের বড় দুঃখ হইল। শেষে সকলহইতে সাহসী এক বেঙ্গ বিলহইতে উপরে মুখ বাড়াইয়া কহিল, হে প্রিয় বালকেরা, তোমরা এত অরাতেই কেন আপন জাতির নিষ্ঠুর স্বভাব শিক্ষহ? তোমরা বিবেচনা করিয়া দেখ, এ তোমাদিগের খেলা বটে, কিন্তু আমাদিগের মৃত্যু।

ইহার তাৎপর্য্য এই। অন্যের কুশল ও সুখবিনাশেতে আমাদিগের যে আহ্লাদ করা তাহা অতি অন্যায় ও নিষ্ঠুরতা।

24.—*The Herdsman and the Husbandman.*

২৪। এক গোরক্ষক ও কৃষক লোক।

কোন মাঠের মধ্যে এক রাখাল গোচারণ করিতে ২ কখন ২ পরিহাসক্রমে মিথ্যা চীৎকারশব্দ করিয়া কহিত, হে কৃষক লোক, আমার গোরুর মধ্যে একটা ব্যাঘ্র আসিয়াছে, তোমরা আসিয়া রক্ষা কর;

তাহাতে চাসা লোক রাখালের এই শব্দ শুনিয়া লগুড় ও আর২ অস্ত্র লইয়া ব্যাঘ্র মারিতে যাইয়া, বাঘ নাই, রাখাল প্রতারণা করিতেছে, ইহা দেখিত। এই রূপ রাখালের মিথ্যা পরিহাসে কৃষক লোক অপ্রস্তুত ও পরাঙ্মুখ হইয়া যাইত। পরে এক দিন বাস্তবিক একটা ব্যাঘ্র গোরুর পালের মধ্যে আইল; ইহাতে রাখাল পূর্ব্বমত উচ্চৈঃস্বরে কৃষক লোককে ডাকিতে লাগিল; কিন্তু কৃষকেরা বিবেচনা করিল, রাখাল আমাদিগকে প্রবঞ্চনা করিতেছে। সুতরাং কেহ তাহার রক্ষার্থে নিকটে না যাওয়াতে ব্যাঘ্র অনেক গোরুকে নষ্ট করিয়া শেষে রাখালকেও বধ করিল। রাখাল মরণকালে খেদ করিয়া বলিতে লাগিল, হায় ২ কৃষক লোকের সহিত পূর্ব্বে কেন প্রতারণা করিয়াছিলাম? যে সময়ে মিথ্যাছলে কৃষকদিগকে ডাকিয়াছিলাম, সে সময়ে তাহারা আসিয়াছিল, কিন্তু এই ক্ষণে ব্যাঘ্র আমাকে বধ করিল, তথাপি কেহ আসিয়া রক্ষা করিল না।

ইহার তাৎপর্য্য এই। মিথ্যাবাদি ব্যক্তি কোন ক্রমে সত্য কথা কহিলেও কেহ প্রত্যয় করে না।

25.—*The Crane and the Snipe.*

২৫। এক বক ও কাদাখোঁচা পক্ষী।

কোন জলাশয়ের নিকটে এক বক ও এক কাদাখোঁচা পক্ষী বাস করিত, এবং উভয়ে বিলের মৎস্য ও কীট খাইত। পরে দৈবাৎ এক বৎসর অনাবৃষ্টি প্রযুক্ত ঐ বিলের তাবৎ জল শুষ্ক হইলে কেবল কর্দ্দম মাত্র থাকিল। বকের জলহইতে মৎস্য ধরিয়া আহার করা অভ্যাস, কেবল কর্দ্দমেতে যাইতে না পারাতে আহারের ব্যাঘাতে অত্যন্ত ক্লেশ পাইয়া বক মৃতপ্রায় হইল; কিন্তু কাদাখোঁচা পক্ষির পঙ্কের মধ্যহইতে মৎস্য উদ্ধারণের শক্তি প্রযুক্ত যথেষ্ট মৎস্য খাইয়া পরম সুখে প্রতি দিন নৃত্য করে। পরে বক অতি ধূর্ত্ত, আর উপায়ান্তর না দেখিয়া কাদাখোচা পক্ষিকে কহিল, ওহে ভাগ্যবান্, তুমি এবং আমি এ দুই ব্যক্তিতে বহু কালাবধি এই স্থানে বাস করি, এবং এক ব্যবসায়ও করি, কিন্তু পরস্পর আমাদিগের আলাপ ও ব্যবহার ও হৃদ্যতা নাই, এতো অনুচিত; অতএব আমার অভিপ্রায় হয় তোমার সহিত বন্ধুতা করি। ইহাতে কাদাখোঁচা পক্ষী বকের ধূর্ত্ততা না জানিয়া স্বীকার করিল; পরে পরস্পর বন্ধুতা নিরূপণ করিল। কিছু দিন পরে বক কহিল, ওহে বন্ধো, বিলের জল শুষ্ক হওয়াতে মৎস্য আহরণ

করিতে না পারিয়া অনাহারে আমি অতি ক্লিষ্ট হইয়াছি, অতএব যদি তুমি এতাদৃশ সময়ে কিঞ্চিৎ আহার দেও, তবে আমি রক্ষা পাই এবং তোমার অনুচর হইয়া থাকি; পরে তোমারও বিপদকালে আমি উপকার করিব; কিন্তু সম্প্রতি তোমার উপকার করণের যোগ্যতা আছে। সর্ব্বদা পরোপকার করাই আমাদের কর্ত্তব্য হয়, যেহেতুক পরোপকারহইতে অধিক পুণ্য আর নাই; এবং কাতর ব্যক্তির উপকার অবশ্যই কর্ত্তব্য, যেহেতুক অরোগি ব্যক্তির ঔষধদ্বারা উপকার করণ নিরর্থক, কিন্তু রোগি ব্যক্তির উপকার সার্থক বটে। অতএব সম্প্রতি আমি অনাহারে ক্লেশ পাইতেছি, তুমি আহার দিয়া আমার ক্লেশ দূর কর। কাদাখোঁচা পক্ষী অতি দয়াশীল প্রযুক্ত বকের এই রূপ আরোপিত সরলতা ব্যবহারে দোষানুসন্ধান না করিয়া আশ্রিত জানিয়া বককে প্রতিপালন করিতে লাগিল। কিছু দিন পরে মহাবৃষ্টি হওয়াতে বিল পরিপূর্ণ হইল, তাহাতে বক জলহইতে মৎস্য ধরিয়া খাইতে প্রবৃত্ত হইল; আর কাদাখোঁচা অধিক জল প্রযুক্ত কিছুই না পাইয়া মনে২ করিল, যে বকের উপকার করিয়াছি, সে আমার উপকার অবশ্য করিবে। কিন্তু বকের প্রত্যুপকার করা দূরে থাকুক, বরং সে সর্ব্বদা কাদাখোঁচার দোষানুসন্ধান করিতে লাগিল; তাহাতে অন্য কোন দোষ না পাইয়া কহিল, ওহে কাদাখোঁচা, তোমার অনর্থক নৃত্য আমার সহ্য হয় না, অতএব তোমার নিমিত্তে আমি এ স্থান ত্যাগ করিলাম। ইহা বলিয়া সে অন্য বিলে উড়িয়া গেল। ইহাতে কাদাখোঁচা অনাহারে মরিল।

ইহার তাৎপর্য্য এই। শঠ অসদ্ ব্যক্তি আপন দুঃসময়ে অন্যের নিকট নানাবিধ প্রীতিজনক বাক্যদ্বারা, ও কল্পিত সরলতা ব্যবহারদ্বারা কেবল আপন কার্য্যোদ্ধার করণ নিমিত্তে আত্মীয়তা করে; পরে কার্য্যোদ্ধার হইলে, প্রত্যুপকার দূরে থাকুক, মিথ্যা কোন দোষ দিয়া ত্যাগ করে।

26.—*The Dog in the Manger.*

২৬। এক কুকুর ও ষাঁড়।

একটা কুকুর এক ঘাসের গাদার উপর শয়ন করিয়া থাকিত; পরে এক ষাঁড় ক্ষুধিত হইয়া ঐ ঘাস খাইবার নিমিত্তে আইল; তাহাতে কুকুর ষাঁড়কে দেখিয়া অতিশয় তর্জ্জন গর্জ্জন করিয়া তাড়াইয়া দিল। ইহাতে ষাঁড় কুকুরের ভয় প্রযুক্ত ঘাস খাইতে না পারিয়া কহিল, ওহে হিংসক, তুমি এ ঘাস আপনি আহার করিবা না, এবং অন্যকেও খাইতে দিবা না; ভাল, এই হিংসাতেই তোমার নাশ হইবে;

এই কথা কহিয়া ষাঁড় গেল। পরে ঐ কুকুর ঘাস রক্ষা করিতে ২ অনাহারী থাকিয়া মরিয়া গেল।

ইহার তাৎপর্য্য এই। দ্বেষ হিংসা ক্রোধ অগ্নির ন্যায়; এই সকল যাহাতে উৎপন্ন হয় তাহাকেই প্রথমতঃ নষ্ট করে, অতএব এই তিনহইতে সাবধান হওয়া মনুষ্যের কর্ত্তব্য।

27.—*The Farmer and the Snake.*

২৭। এক কৃষক ও এক কৃষ্ণসর্প।

এক চাসা শীতকালে অতি প্রত্যূষে কোন নদীর তীর দিয়া যাইতে ২ শিশিরে ও পঙ্কে আবৃত প্রযুক্ত মৃতবৎ এক সর্পকে দেখিল, এবং সদয় হইয়া অতি যত্নপূর্ব্বক ঐ সর্পকে বাটীতে আনিয়া অগ্নির উত্তাপ দিয়া বাঁচাইল, ও প্রতিদিন দুগ্ধ কলা ইত্যাদি আহার দিয়া প্রতিপালন করিতে লাগিল। আর চাসার যে এক পুত্র ছিল, তাহার ঐ সর্পের সহিত সর্ব্বদা এক স্থানে বাস করা প্রযুক্ত অতি প্রণয় হইল। সর্প এই রূপে চাসার গৃহেতে কালক্ষেপণ করে। পরে এক দিন কোন কারণে কৃষকপুত্র সর্পকে দণ্ডাঘাত করিল, তাহাতে সর্প স্বজাতীয় ধর্ম্মানুসারে তাহাকে দংশন করিবামাত্র সে মরিয়া গেল। অনন্তর সর্পের দংশনে পুত্র মরিয়াছে, কৃষক আসিয়া যখন ইহা দেখিল, তখন সর্পকে অনেক ভর্ৎসনা করিয়া কহিল, ওরে পাপিষ্ঠ, তোমাকে মৃত্যবস্থাহইতে বাঁচাইয়া প্রতিপালন করিলাম, তাহার কি এই ফল? ইহা শুনিয়া সর্প কহিল, আমার জাতীয় ধর্ম্ম রক্ষা করিয়াছি; আমার উপকার করিয়া তুমি অকার্য্য করিয়াছ, অতএব তোমার দোষে তোমার অনুপকার হইয়াছে।

ইহার তাৎপর্য্য এই। হিংসুক ব্যক্তির উপকার করিলে অপকার হয়।

28.—*The Brazier and the Thieves.*

২৮। এক কাংশ্যবণিক্ ও দুই চোর।

দুই চোর এক কাঁশারির দোকানে বাসন ক্রয় করিতে গিয়া দেখিল, কাঁশারী অন্য ২ ক্রেতা লোকের সহিত ব্যস্ত আছে, ইত্যবসরে এক জন চোর একটি ঘটী চুরি করিয়া আপন সঙ্গি চোরের হস্তে দিলে, সে আপন পরিধেয় বস্ত্রের মধ্যে লুকাইয়া রাখিল। পরে অন্য ২

খরিদার গেলে কাঁশারী দেখিল যে একটি ঘটী নাই, তৎক্ষণাৎ ঐ দুই জনকে চোর বলিয়া ধরিল। তাহাতে ও দুই চোর শপথ করিয়া অস্বীকার করিল। যে চুরি করিয়াছিল সে কহিল, ঘটী আমার স্থানে নাই; আর যে ব্যক্তি লুকাইয়া রাখিয়াছিল সে বলিল, আমি লই নাই। ইহাতে কাঁশারী চোরকে নির্দ্দিষ্ট করিতে না পারিয়া কহিল, ভাল, তোমরা চুরি অস্বীকার করিলা, কিন্তু অবশ্যই তোমাদিগের মধ্যে এক জন চুরি করিয়াছে। সে যে হউক, আমাকে ছাপাইলা, কিন্তু যে পরমেশ্বরের শপথ করিলা, তাঁহার কাছে কখনও লুকাইতে পারিবা না; কেননা তিনি সর্ব্বজ্ঞ অন্তর্যামী ইহা জানেন, অতএব ইহার উচিত শাস্তি দিবেন।

ইহার তাৎপর্য্য এই। চুরি ও মহাপাতক করিলে প্রায় ধরা পড়ে। যদ্যপি মনুষ্যহইতে উত্তীর্ণ হয়, তথাপি পরমেশ্বরহইতে কদাচ উত্তীর্ণ হয় না, তিনি তাহার প্রতিফল অবশ্যই দেন, যেহেতুক তিনি সর্ব্বব্যাপী ও সর্ব্বজ্ঞ; অতএব চুরি করা মনুষ্যের কখন উচিত নয়।

29.—*The Huntsman and the Jackal.*

২৯। এক শিকারী ও শৃগাল।

এক শিকারী কোন বনে মৃগয়াতে যাইয়া একটা বৃহৎ শূকর ও এক মৃগকে মারিল। পরে ঐ দুইয়ের বৃহদ্ভার প্রযুক্ত লইয়া আসিতে ২ দিনাবসান হইল; শিকারী লোভ প্রযুক্ত শূকর ও মৃগকে ত্যাগ করিয়া যাইতে না পারিয়া এক আম্রবৃক্ষের তলে থাকিল। সে স্থানে এক কালসর্প থাকিত, ঐ বৃক্ষের যে ২ আম্র পরিপক্ক হইত, তাহা সকল খাইত; কিন্তু শিকারিকে দেখিয়া সর্প বিবেচনা করিল, এ ব্যক্তি প্রাতঃকাল হইলেই এ সকল আম্র লইয়া যাইবে, তাহাতে আমার আহারের ব্যাঘাত হইবে: অতএব যাহাতে আম্র না লইয়া যাইতে পারে এমত চেষ্টা করা কর্ত্তব্য; ইহা ভাবিয়া তাহাকে দংশন করিল। পরে শিকারী বিষজ্বালায় পীড়িত হইয়া ক্রোধ পূর্ব্বক এক বাণ ত্যাগ করিয়া সর্পকে তৎক্ষণাৎ মারিয়া ফেলিল, এবং আপনিও প্রাণ ত্যাগ করিল। আর এক শৃগাল ঐ বৃক্ষের নিকটে থাকিত, সেখানে শিকারির আগমনে সে মনে ২ বিবেচনা করিতেছিল, রাত্রি হইল, এ স্থানে শিকারী মাংস রন্ধন করিয়া খাইবে, তাহাতে আমাকেও অবশ্য কিছু দিবে; কিম্বা যদি সকল মাংসই আহার করে, তথাপি অস্থি গুলানও ফেলিয়া দিবে, তাহাও পাইব। পরে সর্পের দংশনে শিকারির মৃত্যু ও শিকারির বাণেতে সর্পের মৃত্যু, ইহা দেখিয়া

তৎক্ষণাৎ ঐ বৃক্ষতলে আইল, এবং যথেষ্ট খাদ্য মাংস অনায়াসে পাইয়া অতি হৃষ্টচিত্ত হইয়া বিবেচনা করিতে লাগিল, এই মনুষ্যকে এক মাস স্বচ্ছন্দে খাইব, আর মৃগ শূকর এ দুয়েতে আমার দুই মাস আহার হইবে, আর সর্পেতেও এক দিন বিলক্ষণরূপে ভোজন হইবে; কিন্তু অদ্য রাত্রি কালক্ষেপ কোন রূপে করিয়া কল্য অবধি অল্পে ২ খাইব। ইহা ভাবিতে ২ ঐ শিকারির ধনুক দেখিয়া বিবেচনা করিল, যে এ ধনুকের চর্ম্মনির্ম্মিত গুণ, ইহা খাইলেই এ রাত্রি যাইবে; ইহা ভাবিয়া দন্তদ্বারা ঐ ধনুকের গুণ স্পর্শ করিবা মাত্র তাহা ছিঁড়িয়া ধনুকের হুল গলায় বদ্ধ হইয়া শৃগালের মৃত্যু হইল।

ইহার তাৎপর্য্য এই। মনুষ্যের যাবতীয় আপদ প্রায় লোভ প্রযুক্তই হয়, আর অতি সঞ্চয় করিলে অতি ব্যাঘাত হয়; অতএব লোভ এবং অতি সঞ্চয় অকর্ত্তব্য।

30.—*The Dove and the Bee.*

৩০। এক ঘুঘু ও মৌমাছি।

এক মৌমাছি অতি তৃষ্ণার্ত্ত হইয়া কোন নদীর জল পান করিতে গিয়া জলের মধ্যে পড়িয়া নদীর বড় স্রোতঃপ্রযুক্ত সেই স্রোতে ভাসিয়া চলিল। ইতোমধ্যে এক ঘুঘু পক্ষী মধুমক্ষিকাকে বিপদ্গ্রস্ত দেখিয়া নদীর প্রান্তভাগে যে এক বৃক্ষ ছিল, তাহার ডাল জলে নামাইয়া দিল, সেই ডাল অবলম্বন করিয়া মৌমাছি প্রাণরক্ষা পাইল। কিছু দিন পরে ঘুঘু এক ব্যাধের জালেতে পড়িল, এবং ব্যাধ ঐ জালদড়ি টানিতেছে, এমত সময়ে মৌমাছি দেখিল, নিজ রক্ষাকর্ত্তা ঘুঘু বিপদে পড়িয়াছে। অতএব ঘুঘুর রক্ষার্থে তৎক্ষণাৎ ব্যাধকে হুল্ ফুটাইল, তাহাতে ব্যাধ অতি পীড়িত হইয়া জালদড়ি ছাড়িয়া দিলে ঘুঘু বাঁচিল।

ইহার তাৎপর্য্য এই। পরের উপকার করা আপন মঙ্গলের উপায় সঞ্চয় করা। পৃথিবীতে সকলেই পরস্পর উপকার ও হানি করিতে পারে; অতএব ছোট বড় সকলেরই উচিত মতে উপকার করা মনুষ্যের কর্ত্তব্য।

31.—*The Frog and the Ox.*

৩১। এক ভেক আর বৃষ।

কোন প্রান্তরমধ্যে প্রকাণ্ডশরীর এক বৃষ চরিতেছিল, সেখানে অতি প্রবীণ একটা বৃদ্ধ হিংস ভেক আসিয়া বৃষের দিকে মুখ বিস্তৃত করিয়া

আপন অপত্যাদিগকে ডাকিয়া কহিতে লাগিল, হেদে দেখ; একটা অসম্ভবাকার ষাঁড় চরিতেছে। বৃষের শরীর বৃহৎ আর পেট মোটা, কিন্তু যদি আমি ইচ্ছা করি, তবে এইক্ষণে ইহা অপেক্ষায় দ্বিগুণ স্থূ হইতে পারি। ইহা কহিয়া ভেক দুই চারি বার লম্ফ দিয়া শ্বাস অবরোধ করিয়া আপন উদর স্ফীত করিতে লাগিল, কিঞ্চিৎ কালে উদরের চর্ম্ম ফাটিয়া ভেক মরিয়া গেল।

তাৎপর্য্য। আপন শক্তি ও ক্ষমতার অতিক্রম করিয়া কর্ম্ম করা মনুষ্যের অকর্ত্তব্য। যে ব্যক্তি যেমত সে তদনুসারে চলুক, ইহার বিপরীতাচরণ করিলে তাহার প্রশংসা ও মান্যতা হওয়া দূরে থাকুক, বরং স্বয়ং নষ্ট হয়। প্রমাণ এই, অনেক লোক ধনবান ব্যক্তিদিগের ব্যবহার ও বিষয় দেখিয়া আপন সামর্থ্য অতিক্রম করিয়া চলে, তাহাতে সে সকল লোক মান্য না হইয়া অরায় অপমানিত হয়, এবং তাহাদের সঞ্চিত অর্থেরও বিনাশ হয়।

32.—*The Hyena and the Jackal.*

৩২। নেকড়িয়া ব্যাঘ্র আর শৃগাল।

এক নেকড়িয়া ব্যাঘ্র কতক গুলিন আহারের দ্রব্য সংগ্রহ করিয়া কোন নির্জ্জন স্থানে প্রস্তুত করিল, ও তাহার রক্ষার্থে ঐ দ্রব্যের নিকটে নিয়ত থাকিত। এক শৃগাল সে স্থানে আইল। শৃগাল স্বাভাবিক প্রতারক, লোভপ্রযুক্ত নেকড়িয়ার সংগৃহীত দ্রব্য লইবার নিমিত্তে ব্যাঘ্রকে কহিল, অহে সখে ব্যাঘ্র, আপনি কেমন আছেন? বহুকাল হইল তোমার সহিত সাক্ষাৎ হয় নাই, এবং শিকার করিতেও তোমাকে দেখি নাই, কারণ কি? ব্যাঘ্র অজ্ঞাত অপরিচিত শৃগালের অতি প্রণয়ের আলাপে সন্দিগ্ধ হইয়া শৃগাল আমাকে প্রতারণা করিবে, তদর্থে আমার সমাচার জিজ্ঞাসা করিতেছে, ইহা বুঝিয়া উত্তর করিয়া কহিল, আমার কিঞ্চিৎ ব্যামোহ হইয়াছে, এ কারণ ঘরে থাকি; বহির্গমনে পীড়ার বৃদ্ধি হয়; আশীর্ব্বাদ করহ যে অরায় সুস্থ হই। শৃগাল তাহাকে প্রতারণা করিতে না পারিয়া বধ করিতে নিশ্চয় করিল, কিন্তু স্বীয় শক্তি নাই যে ব্যাঘ্রের সহিত যুদ্ধে প্রবৃত্ত হয়। অতএব তাহার সমীপে এক মেষপালক ছিল, তাহার নিকটে যাইয়া কহিল, অহে মেষপালক, তুমি মেষ পালন করিয়া কি পাও? আমার সহিত আইস; এই বনে একটা বৃহৎ ব্যাঘ্র ঘূর্ণিতমস্তক হইয়া পড়িয়া আছে, তাহাকে অত্যল্প পরিশ্রম করিলেই বধ করিতে পারিবা, আর ঐ মৃত ব্যাঘ্র নগরে লইয়া গেলে যথেষ্ট ধন পাইবা। মেষপালক তাহার কথা শুনিয়া তৎক্ষণাৎ যাইয়া ব্যাঘ্রকে বধ করিয়া লইয়া গেল। শৃগাল অনায়াসে ব্যাঘ্রের সঞ্চিত

সামগ্রী প্রাপ্ত হইয়া ভোগ করিতে লাগিল। কিন্তু অল্প দিনের পরে মেষপালক আকাঙ্ক্ষানুসারে ধন না পাইয়া শৃগালকে বধ করিল।

তাৎপর্য্য। প্রতারক ও মন্দকারি ব্যক্তির কখনও ভাল হয় না। মন্দ করিলেই স্বয়ং নষ্ট হয়, অতএব লোভ সম্বরণের চেষ্টা করা মনুষ্যের সর্ব্বদা কর্ত্তব্য; লোভদ্বারা মনুষ্য কি পর্য্যন্ত দুষ্কর্ম্ম না করে?

33.—*The Lion and the Mouse.*

৩৩। সিংহ আর মূষিক।

এক সিংহ কোন বৃক্ষতলে শয়ন করিয়াছিল, দৈবাৎ তাহার তীক্ষ্ণ নখবিশিষ্ট হস্তের মধ্যে এক অতি ক্ষুদ্র মূষিক পতিত হইল। মূষিক সিংহের ভয়ানকাকার আর অস্ত্রস্বরূপ দন্ত দেখিয়া অত্যন্ত ভীত হইয়া সিংহকে স্তব করিয়া কহিতে লাগিল, অহে পশুরাজ, রক্ষা কর, আমি অতি ক্ষুদ্র জীব, আমাকে বধ করিও না, আমার হিংসা করিলে তোমার কোন উপকার হইবে না; আমার মাংসেতেও তোমার পরিতোষ হইবে না, এবং এ তুচ্ছ অতি ক্ষুদ্রকে মারিলে তোমার মহিমার বাহুল্য নাই। সিংহের সদন্তঃকরণে মূষিকের বাক্যে দয়া উপস্থিত হইলে সে মূষিককে ত্যাগ করিল। কিছু দিন পরে ব্যাধের জালেতে ঐ সিংহ বদ্ধ হইলে মূষিক তাহার পূর্ব্বোপকার স্মরণ করাতে আপন দন্তদ্বারা জালের বন্ধন খণ্ড২ করিয়া সিংহের পরিত্রাণ করিল।

তাৎপর্য্য। ক্ষুদ্রহইতে অপরাধ হইলে তাহার প্রতিফল না করিয়া ক্ষমা করা প্রধান জ্ঞানবান্ লোকের উচিত। যাহাদিগের পরস্পর উপকার না হয়, পরমেশ্বরের সৃষ্টিতে এমত কেহ নাই; অতি ক্ষুদ্রহইতেও অতি প্রধানের উপকার হইতে পারে, অতএব কাহাকেও ক্ষুদ্র বোধ করিয়া হেয়জ্ঞান করা মনুষ্যের অনুচিত।

34.—*The two Friends.*

৩৪। দুই বন্ধু।

পরস্পর অতিপ্রণয়ী দুই বন্ধু অর্থ উপার্জ্জনার্থে দেশান্তরে যাইতেছিল, ইতোমধ্যে দস্যুস্থাপিত এক পাত্রস্থ অনেক স্বর্ণমুদ্রা এক জন পাইল। মুদ্রা হস্তগত হইবাতে সে ব্যক্তি দ্বিতীয় জনকে কহিল, হে সখে, এ পথে আসিয়া আমার যথেষ্ট অর্থলাভ হইল, হেদে দেখ, অনেক স্বর্ণমুদ্রা পথের মধ্যে পাইলাম। সে উত্তর করিয়া বলিল, আমাদিগের পরম সৌভাগ্য বটে,

কারণ অনায়াসে অর্থলাভ হইল। মুদ্রাপ্রাপ্ত ব্যক্তি কহিল, হে সখে, আমাদিগের সৌভাগ্য, এ শব্দ কহিও না; এ ধন আমি স্বয়ং পাইয়াছি; কেবল আমার সৌভাগ্য, তোমার নহে, কারণ ইহাতে তোমার অংশ নাই। ইতোমধ্যে ঐ মুদ্রার অধিকারি দস্যুরা বন্ধুদ্বয়কে আক্রমণ করণার্থে উপস্থিত হইলে মুদ্রাপ্রাপ্ত ব্যক্তি কহিল, অহে বন্ধু, বুঝি আমরা দস্যুহস্তে পতিত হইলাম ও প্রাণে মারা যাই। তখন দ্বিতীয় ব্যক্তি কহিল, হে প্রিয় সখে, এক্ষণে আমরা কেন কহ? তুমি মুদ্রা পাইয়াছ, তুমি মারা যাও।

তাৎপর্য্য। যে ব্যক্তি কাহাকেও সুখের অংশী করিতে স্বীকার করে না, কিন্তু দুঃখের অংশী করিতে চেষ্টা পায়, তাহাকে বন্ধু বলা যাইতে পারে না।

35.—*The Snake and the File.*

৩৫। এক সর্প আর এক লৌহ উখা।

এক সর্প কোন কর্ম্মকারের দোকানে প্রবিষ্ট হইল। কর্ম্মকার তৎকালে সেখানে না থাকাতে সর্প তাহার হিংসা করিতে পারিল না; কিন্তু সম্মুখে একখানি তীব্রধার উখা ছিল, তাহাকে দংশন করিল। লৌহ কঠিন ধাতু আর উখা অপ্রাণী, তাহার দংশনে কি হইতে পারে? সর্পের ওষ্ঠ উখার ধারে কাটিলে রক্ত নির্গত হইতে লাগিল। সর্প রক্ত দেখিয়া উখাকে প্রাণী নিশ্চয় জানিয়া বারম্বার বেগপূর্ব্বক দংশন করণে আপন দন্ত ভগ্ন করিয়া মুখ ক্ষত করাতে মৃতবৎ হইল।

তাৎপর্য্য। হিংসুক মানুষ কখন ২ রাগেতে কেবল আপনার ক্ষতি জন্মায়।

36.—*The cruel Man.*

৩৬। এক পথিক আর এক নিষ্ঠুর।

এক মাংসভোজী এক ক্ষুদ্র ছাগবৎসকে বধ করণার্থে একখানি ছুরিকা আনিয়া তাহার সম্মুখে তীক্ষ্ণ করিতে লাগিল। ছাগল স্বাভাবিক ভীত, অস্ত্র দেখিয়া অতিভীত হইয়া বিনতিপূর্ব্বক বধকারির নিকটে রক্ষা যাচ্ঞা করিতে২ এক দৃষ্টে চাহিয়া রহিল, কিন্তু মাংসাশির চিত্তে কোন প্রকারেই দয়া হইল না, সে ছুরিকাদ্বারা ঐ ছাগলের গলা ছিন্ন করিল। পরে তাহার মুণ্ড ছিন্ন হইয়া অতি যাতনাহেতু নড়িতে লাগিল, ও হস্তপাদাদির আকর্ষণ হইতেছিল। ইতোমধ্যে এক পথিক

যাইতেছিল; মাংসভোজী অতি আহ্লাদপূর্ব্বক তাহাকে কহিল, অহে পথিক, কখনো মৃত ছাগলের নৃত্য দেখিয়াছ? হেদে দেখ, আমার ছাগবৎস নৃত্য করিতেছে।

তাৎপর্য্য। পরের ক্লেশ দেখিয়া দুঃখিত না হইয়া আহ্লাদ করা ইহা দুষ্ট স্বভাবের বিশেষ চিহ্ন।

37.—*The old Lion.*

৩৭। এক বৃদ্ধ সিংহ আর পশ্বাদিগণ।

এক সিংহ যৌবনাবস্থায় অতিশয় দুর্বৃত্ত অপকারী ও নিষ্ঠুর ছিল, বয়োধিক হইলে অত্যন্ত দুর্ব্বল ও জরাগ্রস্ত হইয়া চলিবার শক্তিহীন হইয়া আপন কোঠরে পড়িয়া থাকে, আহার অভাবে অতিক্ষীণ হইয়া বনস্থ পশ্বাদিগণের স্থানে যাচ্ঞা করে, কিন্তু কেহ দেয় না, বরং অনেকে তাহার পূর্ব্ব ব্যবহার স্মরণ করিয়া তাহার প্রতিফলার্থে ইচ্ছাক্রমে সিংহের অপমান করে। তাহাদিগকে প্রতিফল দিতে সিংহের আর ক্ষমতা নাই, সুতরাং সর্ব্বদা ক্লেশ সহ্য করিয়া থাকে। এক দিন এক গর্দ্দভ তাহার নিকট যাইয়া সিংহের পূর্ব্ব ব্যবহার জন্য নানাবিধ ভর্ৎসনাপূর্ব্বক তাহাকে পদাঘাত করিল, তাহাতে সিংহের প্রাণবিয়োগ হইল। মরণকালে সিংহ কহিতে লাগিল, হায়, আমি এমন দুর্ব্বৃত্ততা ও নিষ্ঠুরতা ও কুব্যবহার কেন করিয়াছিলাম? এখন তাহার ফল পাইলাম। আমি যদি পশ্বাদির সহিত সদ্ব্যবহার করিতাম, তবে এক্ষণে তাহারা আমার রক্ষা ও উপকার করিত।

তাৎপর্য্য। ক্ষমতাপন্ন দুর্বৃত্ত লোকের ক্ষমতা গেলে তাহার আত্মীয় কেহ হয় না, আর তাহার প্রজারাও তাহার অপমান করে। কালেতে সকলের লয় হইবে, আর ঐ কালের শকটের চাকা মনুষ্যের মস্তকের উপর ফিরিতেছে, তৎকর্তৃক ছোট বড় সকলেই মৃত্তিকাতে লীন হইবে, তখন সদ্ব্যবহার ধর্ম্মাচরণ ব্যতীত কেহ উপকারে আসিবে না।

38.—*The Householder and the Goat.*

৩৮। এক গৃহস্থ আর ছাগল।

বড় মাংসাশী এক গৃহস্থ ছাগল পুষিত, পরে সে কোন দিন মাংস ভোজনে অভীচ্ছুক হইয়া একটা অতি শিশু ছা এক বৃক্ষতলে বলি দিতে লইয়া গেল, আর সম্মুখে বড় তীব্র খড়্গ আনিয়া রাখিল। ছাগল-ছানা অতিভীত হইয়া রোদন করিতে লাগিল, ও গৃহস্থের স্থানে প্রাণদান

চাহিল। ছাগলের মাতাও আসিয়া গৃহস্থকে অতি বিনতিপূর্ব্বক আপন সন্তান রক্ষার প্রার্থনা করিতে লাগিল, কিন্তু গৃহস্থ তাহা শুনিয়া কহিল, আমি শাস্ত্রোক্ত কর্ম্ম করিতেছি, ইহাতে পুণ্য আছে। ছাগী কহিল, অহে পুণ্যবান, আপন উদর সন্তোষার্থে আমার অপত্য নষ্ট করিবা? তুমি স্বহস্তে ইহাকে বধ করিতে উদ্যত, তথাচ তোমারি স্থানে প্রাণদান যাজ্ঞা করিতে২ রোদন করিতেছে, কিন্তু তোমার চিত্তে দয়া উপজিল না। অহে গৃহস্থ, তুমি আর কশাই কি ভিন্ন? আর হত্যা করিলে যদি পুণ্য হয়, তবে তোমাদিগের মতে পাপ কাহাকে কহ?

তাৎপর্য্য। মনুষ্য কিঞ্চিৎ শারীরিক সুখভোগ আকাঙ্ক্ষায় কি দুষ্কর্ম্ম না করে? আর আপন২ অভিপ্রেত লাভার্থে শাস্ত্রকে অবলম্বন ছল করিয়া কোন্ অসৎকর্ম্ম না করে?

39.—*The Fox and the Image.*

৩৯। খেঁকশিয়ালী আর কাষ্ঠনির্ম্মিত পুত্তলিকা।

এক খেঁকশিয়ালী কোন সূত্রধরের দোকানে গিয়া নানা প্রকার মূর্ত্তি ও পুত্তলিকা দেখিল। তাহার মধ্যে অতি সুন্দর সুগঠন অনুপম একটী পুত্তলিকা দেখিয়া তাহার প্রতি অনেক ক্ষণ নিরীক্ষণ করিয়া কহিল, অরে পুত্তলিকা, তুমি অতি মনোহর, অতি সুন্দর বট, তথাপি তোমার জ্ঞান কিঞ্চিৎমাত্রও নাই।

তাৎপর্য্য। বাহ্য সৌন্দর্য্য হইলেই অন্তর সুন্দর হয় না, অতএব অন্যান্য সুন্দরতা অপেক্ষা মন সুন্দর করণের চেষ্টা করা সকলের উচিত।

40.—*The Fox and the Goat.*

৪০। খেঁকশিয়ালী আর ছাগল।

এক খেঁকশিয়ালী আর ছাগল তৃষ্ণাতুর হইয়া তৃষ্ণা নিবারণার্থে উভয়ে সম্মত হইয়া এক কূপের মধ্যে প্রবিষ্ট হইল। জল পান করিয়া ছাগল দেখিল যে কূপহইতে উঠিবার পথ নাই। খেঁকশিয়ালী কহিল, আছে, মিত্র; তৃষ্ণা নিবৃত্তি হইল, এক্ষণে ইহাহইতে উঠিবার পথ না দেখিয়া আমি এক উপায় স্থির করিয়াছি, তুমি অগ্রের দুই পদ উর্দ্ধ করিয়া পশ্চাৎ পদে নির্ভর দিয়া মুখ বহিষ্কৃত কর, আমি তোমার শৃঙ্গ ধরিয়া প্রথম উঠিব, পশ্চাৎ তোমাকে উঠাইবার কথা হইবে। ছাগল অতিমূর্খ মহাহৃষ্টচিত্ত হইয়া প্রতারক শৃগালীর কথায় প্রত্যয় করিয়া ঐ প্রকারে

দাঁড়াইল। শৃগালী ধূর্ত্তা ছাগলের শরীর ও শৃঙ্গ অবলম্বন করিয়া উপরে উঠিল। পরে ছাগলের উদ্ধার করণের উপকার দূরে থাকুক, শৃগালী তাহাকে ভর্ৎসনা করিয়া কহিতে লাগিল, তোমার যত বড় দাড়ি, তাহার অর্দ্ধেক জ্ঞান থাকিলে, কি প্রকারে উঠিব ইহার বিবেচনা অগ্রে করিতা।

তাৎপর্য্য। প্রতারক ও স্বার্থপর ও আত্মম্ভরি ব্যক্তির কথায় প্রত্যয় করিও না।

41.—*The Crow and the Sheep.*

৪১। এক কাক আর মেষ।

কোন প্রান্তরমধ্যে এক মেষ চরিতেছিল, তথায় এক কাক উড়িয়া যাইয়া তাহার পৃষ্ঠে বসিল, ও ঠোকরাইতে লাগিল। ভেড়া পীড়িত হইয়া কাকের প্রতি কহিল, অরে দুষ্ট কাক, আমি নির্ব্বিরোধী, কাহারো হিংসা করি না, আর তোমার স্থানে কোন অপরাধ করি নাই, তবে কেন দীনহীন নিরীহ আমাকে পীড়া দেও? কাক কহিল, আমি এই প্রকারে তাবৎ চতুষ্পদ পশুর উপর আরোহণ করিয়া থাকি। ভেড়া কহিল, অন্য পশুর উপর চড়িয়া থাকিবা, কিন্তু কুক্কুরের উপর চড়িতে এমন সাহস হয় না। কাক কহিল, আমি স্থানবিশেষে উপদ্রোহ ও নম্রতা ও শিষ্টতা ব্যবহার করিয়া থাকি, অর্থাৎ ক্ষীণের নিকট পরাক্রম প্রকাশ করি, আর প্রবলের নিকট শিষ্ট হই।

তাৎপর্য্য। দুষ্ট ও ক্ষুদ্র মনুষ্যের রীতি এই যে সহিষ্ণুদিগের উপরে যথেষ্ট দৌরাত্ম্য করে, আর বলবানের নিকটেও যায় না।

42.—*The Husbandman and the Ichneumon.*

৪২। এক চাসা আর বেজী।

এক চাসার ক্ষেত্রে কতকগুলিন শৃগাল ও শূকর ইত্যাদি জন্তু প্রতিদিন আসিয়া শস্য খাইত ও নষ্ট করিত। কৃষী তাহাদিগকে ধরিবার নিমিত্তে জাল পাতিয়া রাখিল, তাহাতে শৃগাল ইত্যাদি শস্যহিংসুক জন্তু ধরা পড়িল। তাহার মধ্যে এক বেজী দৈবক্রমে ঐ ক্ষেত্রে গিয়াছিল, দুরদৃষ্ট প্রযুক্ত সেও জালে বদ্ধ হইল। বেজী স্বাভাবিক ভীত আর কোমলশরীর, জালের রজ্জুতে ছিন্নভিন্ন হইয়া চাসাকে অনেক স্তবস্তোত্র করিয়া বিনতিপূর্ব্বক কহিতে লাগিল, অহে চাসা, তোমার ক্ষেত্রের কোন অপকার করি নাই; আমার সহিত মনুষ্যের কোন অসূয়া নাই; আমি তোমাদিগের চির-

কালের আশ্রিত, উপকার ব্যতীত কখন ক্ষতি করি নাই; দেখ, তোমাদিগের ঘরে সর্প আসিতে দি না, আর মূষিক ক্ষতিকারক জন্তু তাহাকে আমি নষ্ট করি, তাহাতে তোমাদিগের খাদ্যদ্রব্য অপচয় হয় না; অতএব আমাকে না মারিয়া মুক্ত কর। চাসা কহিল, যথার্থ, তুমি যাহা কহিলা তাহা সত্য বটে, কিন্তু তুমি মন্দকারি ও দুষ্ট ব্যক্তির সহিত বদ্ধ হইয়াছ, অতএব তাহার সহিত শাস্তি পাইতে উচিত হয়। ইহা কহিয়া সে বেঙ্গীকে বধ করিল।

তাৎপর্য্য। দুষ্ট লোকের সহিত থাকিলে দুরদৃষ্ট প্রাপ্ত হয়; অসৎসঙ্গে থাকিয়া যদ্যপি অসৎ কর্ম্ম না করে তথাচ তাহার দণ্ডের অংশী হয়।

43.—*The Huntsman and the Snake.*

৪৩। এক শিকারী আর সর্প।

এক শিকারী বন্দুকদ্বারা একটা কপোতকে মারিতে আক্রমণ করিতেছিল, ইতোমধ্যে এক সর্পের গাত্রে তাহার পদাঘাত হইবাতে সর্প তাহাকে দংশন করিল। শিকারী সর্পদংশন জ্বালাতে অতি পীড়িত হইয়া ভূমিতে পড়িবাতে কপোত পলাইয়া গেল, শিকারী বিষের জ্বালাতে মরিল।

তাৎপর্য্য। পরের হিংসা করিলে আপনার ক্ষতি হয়।

44.—*The Trumpeter.*

৪৪। শত্রুহস্তে পতিত এক রণসিঙ্গাবাদ্যকর।

কোন যুদ্ধেতে এক রণসিঙ্গাবাদ্যকর জয়ি সৈন্যের হস্তে পতিত হইলে জয়ি সৈন্যের সিপাহীরা তাহার শিরশ্ছেদন করিতে প্রবৃত্ত হইল। সিঙ্গাওয়ালা মহাভীত হইয়া সিপাহীদিগকে বিনতিপূর্ব্বক কহিতে লাগিল, অহে যোদ্ধা সকল, যে ব্যক্তি কাহাকেও হিংসা করে না, তাহাকে বধ করা কি বিচারসিদ্ধ হয়? আমি বাদ্যকর কাহারো হিংসা করি নাই, তোমাদিগের সহিত যুদ্ধ করি নাই, তবে কেন আমাকে মারিবা? সিপাহী কহিল, তুমি স্বহস্তে কাহাকে হত্যা কর না বটে, কিন্তু হত্যা করিতে অন্য সকলকে প্রবৃত্ত করাও; তুমি হত্যাকারিহইতেও দুষ্ট, তোমাকে বধ করা উচিত হয়, তুমি সিঙ্গাবাদ্য না করিলে কেহ যুদ্ধে প্রবৃত্ত হয় না।

তাৎপর্য্য। যে ব্যক্তি মন্দ কর্ম্মে প্রবৃত্ত করে, সে মন্দকারিহইতেও অধম।

45.—*The Pigeons, the Hawk, and the Kite.*

৪৫ । কপোত ও বাজ আর চিল ।

এক স্থানে কতক গুলিন কপোত বাস করিত, সেখানে একটা চিল আসিয়া তাহাদিগের উপর সর্ব্বদা দৌরাত্ম্য করে, তাহার অপত্য নষ্ট করে, ও নানা প্রকার গৃহপীড়া দেয়। কপোতেরা শ্বাসব্যস্ত হইয়া এক বাজের নিকট যাইয়া আপনাদিগের ক্লেশাবস্থা জ্ঞাত করিয়া কহিল, চিলের দৌরাত্ম্যেতে আমরা আর তিষ্ঠিতে পারি না, তোমার শরণ লইলাম; আমাদিগকে রক্ষা করহ। বাজ উত্তর করিয়া কহিল, ভাল, ইহার অপেক্ষা আমার ভাগ্য কি? অনায়াসে তোমাদিগের উপকার করিব, আর শরণাগত ব্যক্তির রক্ষা না করিলে বড় পাপ; এই মত নানা প্রকার মনঃপ্রীতিজনক বাক্যদ্বারা আশ্বাসিয়া চিলকে যথেষ্ট নিন্দা করিয়া কহিতে লাগিল, সে দুষ্ট বড় পাপী, দগ্ধ উদরের নিমিত্তে নিরীহ কপোতদিগকে নষ্ট করা বড় দুষ্কর্ম্ম; তোমরা স্বচ্ছন্দে বাস করহ, কোন ভাবনা নাই। পরে বাজ প্রতিদিন আহারোপযুক্ত কপোত বধ করিয়া খাইয়া সর্ব্বনাশ করিল।

তাৎপর্য্য। বিপদগ্রস্ত হইয়া ক্ষমতাপন্ন অধার্ম্মিক লোকের আশ্রিত হওয়া মনুষ্যের কর্ত্তব্য নহে, কারণ তাহারা প্রথমে ভরসাজনক নানা বাক্যদ্বারা আশ্বাস দিয়া পরে তাহাকে আপনি নষ্ট করে।

46.—*The Animals' Petition.*

৪৬ । পশ্বাদি জীব আর ভগবান ।

কোন কালে বন্য জন্তুরা আপন২ বর্ত্তমান অবস্থাতে বিরক্ত হইয়া ভগবানের নিকটে প্রার্থনা করিল যে হে ভগবন্, আপনি আমাদিগকে যে অবস্থা দিয়াছেন, তাহাতে বড় ক্লেশ বোধ হয়; অতএব অনুকূল হইয়া আমাদিগকে উত্তম অবস্থা দিউন। উষ্ট্র আসিয়া প্রার্থনা করিল, আমার শৃঙ্গ হউক, তাহাতে আপদ উপস্থিত হইলে রক্ষা পাইতে পারিব, এবং সৌন্দর্য্যেরও বাহুল্য হইবে। ময়ূর যাচ্ঞা করিল, আমার স্বর কোকিলের ন্যায় হউক। খরগোশ হরিণের ন্যায় দ্রুতগতিশক্তি চাহিল। ভগবান উত্তর করিয়া কহিলেন, অরে পশ্বাদিগণ, আপন২ বর্ত্তমান অবস্থাতে সন্তুষ্ট থাক, অবস্থান্তর প্রাপ্তির বাসনা কেবল মনের বৈলক্ষণ্যমাত্র, সন্তোষ না থাকিলে অবস্থান্তরেও সুখ হয় না। উষ্ট্র তাহা না মানিয়া আপন অবস্থায় বৈরক্ত্য ব্যক্ত করিবাতে ভগবান কুপিত হইয়া শৃঙ্গ না দিয়া তাহাকে কাণকাটা করিলেন।

তাৎপর্য্য। সন্তোষ না থাকিলে দরিদ্র ব্যক্তি রাজ্যাভিষিক্ত হইয়াও সুখী হইতে পারে না। পরমেশ্বর তাবৎ জীবের বিষয়ে কর্ত্তব্য মতে দিয়াছেন, তাঁহার নিন্দা করিলে কখন ভাল হয় না।

47.—The Frogs and their Kings.

৪৭। ভেক আর সারস।

এক জলাশয়ে কতগুলিন ভেক বাস করিত, তাহারা ভ্রান্ত হইয়া বিবেচনা করিল, পৃথিবীর মধ্যে সকলেরি রাজা আছে; কোন প্রধান ব্যক্তি আমাদিগের রাজা হইলে ভাল হয়। ইহা মনে করিয়া ভগবানের স্থানে স্তবস্তোত্রপূর্ব্বক প্রার্থনা করিতে লাগিল, ওহে জগৎপতি, তোমার সৃষ্টিতে সকল জাতিকে রাজা দিয়া প্রতিপালন করিতেছ, আমাদিগকেও এক জন রাজা দেও। ভগবান কহিলেন, তোমরা উত্তম অবস্থায় আছ, রাজার আবশ্যকতা নাই; কারণ অনধীন অবস্থা ভাল, পরাধীন হওয়াতে বড় ক্লেশ হয়। তাহারা তাহা না মানিয়া পুনর্ব্বার প্রার্থনা করিলে ভগবান একখানা বৃহৎ শুষ্ক কাষ্ঠ ক্ষেপণ করিয়া কহিলেন, এই তোমাদিগের রাজা, ইহাকে মান্য করিও। ভেকেরা কাষ্ঠাকার রাজা পাইয়া তৎকালে অতিহৃষ্টচিত্ত হইয়া অতি সমাদরে বিনয়পূর্ব্বক ভূমিষ্ঠ হইয়া কাষ্ঠরাজাকে প্রণাম করিল। এই রূপে কিছু কাল গত হইলে এক দিন তাহাদিগের মধ্যে এক ভেক আর২ ভেকদিগকে কহিল, অহে ভেক সকল, আমাদিগের রাজা যে দিন অবধি আসিয়াছেন তদবধি কিছুই কহেন না; চল তাহার নিকটে যাইয়া দেখি ইহার বৃত্তান্ত কি। এই কথা কহিয়া সকলে ক্রমে২ তাহার নিকটবর্ত্তী হইলে কাষ্ঠরাজা কিছুই কহেন না ইহা দেখিল। পরে তাহার উপর আরোহণ করিয়া অতি কোলাহল শব্দপূর্ব্বক বারম্বার উল্লঙ্ঘন করিয়া কহিল, এ রাজা কাষ্ঠমাত্র, আমাদিগের অকর্ম্মণ্য; ভগবান আমাদিগকে প্রতারণা করিয়াছেন; ইহা বলিয়া পুনর্ব্বার ভগবানের নিকট প্রার্থনা করিতে লাগিল। তখন ভগবান কুপিত হইয়া একটা বৃহৎ সারস পক্ষিকে পাঠাইলেন। সারস ঐ জলাশয় ভেকাগারে আসিবামাত্রেই আপনার স্বাভাবিক অতি কর্কশ চীৎকারশব্দ করিতে২ ভেকদিগের নিকট আসিয়া উপস্থিত হইল। তাহাতে ভেকেরা কহিল, হাঁ উপযুক্ত পাত্র, রাজার যোগ্য বটে, ইহাঁর যেমত ধ্যান তদনুসারে স্বর, ইহাঁহইতেই আমরা সুখী হইব। ইহা বিবেচনা করিয়া সসম্ভ্রমে রাজাকে প্রণাম করিতে আইল। কিন্তু সারস তৎক্ষণাৎ আপন স্বধর্ম্মানুসারে তাহাদিগকে ক্রমে২ ভক্ষণ করিতে লাগিল। তাহাতে অনেক ভেকের নাশ হইলে অবশিষ্ট ভেকেরা যাইয়া পুনর্ব্বার ভগবানের স্থানে

প্রার্থনা করিল, হে ভগবন্, রক্ষা কর, আমাদিগের এমত রাজাতে প্রয়োজন নাই; ইনি আমাদিগের রক্ষা করিবেন কি? সর্ব্বনাশ করিলেন। তখন ভগবান্ কহিলেন, এ তোমাদিগের রাজা নহে, এ শাস্তা; এক্ষণে আর কোন উপায় নাই, কেবল ধৈর্য্যাবলম্বন কর।

তাৎপর্য্য। মনুষ্য যখন ভাল অবস্থায় থাকে তখন তাহা জানিতে প্রায় না পারিয়া তাহার পরিবর্ত্তন আকাঙ্ক্ষা করে, কিন্তু সেই আকাঙ্ক্ষা প্রায় তাহাদিগের দুর্ভাগ্যের কারণ হইয়া উঠে।

48.—*The Misanthropist.*

৪৮। এক খল ব্যক্তি আর ফকীর।

এক অতিখল ব্যক্তি চিরকাল সংসারাশ্রমে থাকিয়া আপন সাধ্যানুসারে পরের অপকার ও হিংসা করিয়া কাল যাপন করিত; পরে অধিক বয়স হওয়াতে বলের হ্রাস হইতে লাগিল, তখন পূর্ব্বমত পরের অপকার ও কুব্যবহার করণে অশক্ত হইয়া দুষ্ট মনে বিবেচনা করিয়া কহিল, যদ্যপি এখন আমি আপন প্রতিবাসির হিংসা করিতে পারি না, তথাপি তাহাদিগের অমঙ্গল প্রার্থনা করিয়া থাকি, কিন্তু আমি মরিলে ইহাও হইবে না; অতএব যাহাতে চিরকাল ইহাদিগের অপকার হয় এমত কোন উপায় চেষ্টা করিব। এই বিবেচনা করিয়া নগরহইতে যাইয়া ব্যাঘ্র ভল্লুকাদি ব্যাপ্ত নিবিড় বনে প্রবেশ করিল। তথায় এক ফকীর থাকে; ফকীর মনুষ্য দেখিয়া আশ্চর্য্য বোধ করিয়া জিজ্ঞাসা করিল, অহে বনপ্রবেশক, তুমি কে? সে কহিল, আমি খলপ্রধান, আপন শরীর ব্যাঘ্রকে ভোজন করাইব, এই অভিপ্রায়ে আসিয়াছি। আমার বৃত্তান্ত শুন; আমি চিরকাল লোকের মন্দ ও হিংসা করিয়াছি, এইক্ষণে জরাগ্রস্ত হইয়াছি, কিন্তু স্বধর্ম্ম প্রতিপালনার্থে বিবেচনা করিয়া এই বনে আপন মাংস ব্যাঘ্রাদি জন্তুকে দিয়া ভোজন করাইতে স্থির করিয়াছি; কারণ আমার মাংস ভোজন করিলে ঐ ব্যাঘ্রাদি জন্তু মনুষ্যমাংসের আস্বাদন পাইয়া গ্রামের সকল লোককে ধরিয়া খাইবে।

তাৎপর্য্য। খল মনুষ্য পরের অপকার চেষ্টাতে কখন২ আপনার সর্ব্বনাশও স্বীকার করে।

49.—*The old Man and his Ass.*

৪৯। এক বৃদ্ধ আরবী আর গর্দ্দভ।

এক বৃদ্ধ আরবী আর তাহার পুত্র এই দুই জন একটী গর্দ্দভ লইয়া স্থানান্তরে যাইতেছিল। পথের মধ্যে বৃদ্ধ আরবী পুত্রকে কহিল, তুমি

দেখিয়া সে কহিতে লাগিল, ইহারা কি উন্মত্ত হইয়াছে? এই জন্যে আমার ক্রীত ছাগলকে শূকর কহিতেছে? আর বার লইয়া চলিল। কতক দূর যাইতে ঐ প্রতারকদের মধ্যে কেহ২ অগ্রগামী হইয়া মুসলমানের বেশ ধরিয়া সম্মুখাগত হইয়া কহিল, অরে নরাধম কুলকুঠার, তুমি আমাদের অত্যন্ত বিরুদ্ধ ধর্ম্মাচরণ করিতেছ, শূকর লইয়া যাইতেছ; ভাল, কাজির নিকটে কহিয়া তোমার শাস্তি করিব। এই কথা শুনিয়া মুসলমান বিবেচনা করিল, প্রথম লোক যে কহিয়াছিল তাহাতে আমার প্রত্যয় হইয়াছিল না; আরবার দেখি আমার স্বজাতীয়ও কহিতেছে, অতএব বুঝি আমার দৃষ্টি ও জ্ঞানের বৈলক্ষণ্য হইয়া থাকিবে; যাহা হউক, সত্য কিম্বা মিথ্যা, জনরব হইলে অবশ্যই ধর্ম্মের হানি হয়। এই বিবেচনাতে সে ছাগল পরিত্যাগ করিয়া গেল, পরে ঐ প্রতারকেরা মহাহৃষ্ট হইয়া ছাগল লইয়া খাইল।

তাৎপর্য্য। লোকে কি বলে, তাহাতে হঠাৎ বড় মনোযোগ করা অতি মূর্খের কর্ম্ম।

53.—*The Dog and his Shadow.*

৫৩। কুকুর ও তাহার প্রতিবিম্বের কথা।

কোন কুকুর এক খণ্ড মাংস মুখে করিয়া সন্তরণদ্বারা এক নদী পার হওনের সময়ে জলমধ্যে আপন প্রতিবিম্ব দেখিল। অতএব আর এক কুকুর উত্তম মাংসখণ্ড মুখে করিয়া যাইতেছে, ইহা বোধ করিয়া ঐ মাংস খণ্ড গ্রহণ করিবার চেষ্টাতে মুখব্যাদান করিয়া তাহার প্রতি আক্রমণ করিল, তাহাতে তাহার মুখের মাংস একেবারে জলে পড়িল, এবং ভ্রমদৃষ্ট মাংসখণ্ডও লব্ধ হইল না।

তাৎপর্য্য। যে ব্যক্তি অনুচিত লোভ করে, তাহার এই রূপ দুর্দশা হয়।

54.—*The Crow and the Snail.*

৫৪। কাক ও শম্বূকের কথা।

এক বৃহৎ কাক শম্বূকের মাংসাকাঙ্ক্ষী হইয়া, এক শম্বূক দুই ভাগ করিবার নিমিত্তে চঞ্চ্বাঘাত করিতেছিল, কিন্তু ভাঙ্গিতে পারিল না। ইত্যবসরে এক দুষ্ট ক্ষুদ্র কাক সেই স্থানে উপস্থিত হইয়া এই হিতোপদেশ বাক্য কহিল, হে বৃহৎ কাক, তুমি এই শম্বূককে ঊর্দ্ধে ক্ষেপণ কর, তাহাতে আপনি ভগ্ন হইবে, এবং তুমি অনায়াসে তাহার মাংস খাইতে

পাইবা। বৃহৎ কাক সেই উপদেশানুরূপ করিলে শম্বূক তৎক্ষণাৎ চূর্ণ হইল বটে, কিন্তু সেই ক্ষুদ্র কাক শীঘ্র বৃক্ষহইতে অধস্থ হইয়া সমুদায় ভক্ষণ করিল।

তাৎপর্য্য। আত্মম্ভরি লোক আপনার লাভাকাঙ্ক্ষা না করিয়া অন্যকে হিতোপদেশ করে না।

55.—*The Fox and the Crow.*

৫৫। খেঁকশিয়াল ও কাকের কথা।

এক কাক বৃক্ষের উপরে যৎকিঞ্চিৎ মাংস মুখে করিয়া বসিয়া আছে, কোন খেঁকশিয়াল ইহা দেখিয়া ঐ মাংসখণ্ড কি প্রকারে আমার হইবে, ইহা মনে ভাবিয়া কাককে সম্বোধন করিয়া কহিল, ওহে কাক, তুমি ধন্য পক্ষী, দেবতা ও মানুষদের আহ্লাদজনক; তোমার শরীরের কি সৌন্দর্য্য, ও তোমার পক্ষের বর্ণ কি সুন্দর। ঈশ্বর যদি তোমাকে সুস্বর দিতেন, তবে বুঝি পৃথিবীতে তোমার সদৃশ আর কোন পক্ষী থাকিত না। এই সকল বাক্য শ্রবণ করিয়া কাক সন্তুষ্ট হইয়া সেই শৃগালকে স্বীয় স্বর শ্রবণ করাইবার নিমিত্তে মুখব্যাদান করিল, তাহাতে মুখস্থ মাংসখণ্ড ভূমিতে পড়িল। তৎক্ষণমাত্রে শৃগাল সেই মাংসখণ্ড ভোজন করিয়া স্বস্থানে প্রস্থান করিল।

তাৎপর্য্য। যে লোক আত্মস্তুতিবাক্যেতে আনন্দিত হয়, তাহার ক্ষতি অবশ্য হয়।

56.—*The Crow.*

৫৬। এক কাকের কথা।

এক কাক নিজ সৌন্দর্য্যের নিমিত্তে অন্য২ পক্ষির পতিত পক্ষ আপন শরীরে সংলগ্ন করিল। অন্য২ পক্ষিরা সে কাককে এমন সুন্দর দেখিয়া ঈর্ষ্যা করিতে লাগিল। পরে সে সকল পক্ষ তাহার নয় কিন্তু আমাদেরি, ইহা ভাবিয়া তাহার স্থানহইতে তাহার পাখা সমেত আপন২ সকল পাখা কাড়িয়া লইল। তাহাতে সে কাক পক্ষহীন হওয়াতে কদাকার হইয়া সকলের উপহাসাস্পদ হইল।

তাৎপর্য্য। স্বভাবত গুণবান না হইয়া যে ব্যক্তি অন্যের গুণে গুণবান হইতে চাহে, তাহার অবশেষে কেবল লজ্জা ঘটে।

57.—*The Father and his Sons.*

৫৭। পিতা পুত্রবিষয়ক কথা।

এক ব্যক্তির বহু পুত্র ছিল, কিন্তু তাহাদের পরস্পর অত্যন্ত বিবাদ ছিল, অতএব পিতা মরিবার সময়ে তাহাদিগকে ডাকিল, এবং অনেক তৃণদ্বারা দৃঢ়রূপে এক রজ্জু করিয়া তাহাদিগকে তাহা ছিন্ন করিতে কহিল; তাহারা অনেক যত্ন করিয়াও ছিন্ন করিতে পারিল না। তখন পিতা সে রজ্জু খুলিয়া এক২ তৃণ তাহাদিগকে ছিন্ন করিতে দিল, তাহা তাহারা অনায়াসে ছিঁড়িল। তখন পিতা কহিল, এই তোমাদের কারণ হিতোপদেশ, কেননা তোমরা যদি মিলিয়া থাক, তবে তোমাদিগকে পরাভব করিতে কেহই পারিবে না; কিন্তু যদি পৃথক্ হও, তবে তোমা-দিগকে অনায়াসে সকলে নষ্ট করিতে পারিবে।

তাৎপর্য্য। ঐক্য হইলে শক্তি হয়, কিন্তু অনৈক্যেতে কেবল দুর্ব্ব-লতা হয়।

58.—*The Shepherd.**

৫৮। এক রাখালের কথা।

এক ধূর্ত্ত রাখাল, ব্যাঘ্র আসিয়াছে, পুনঃ২ এ মিথ্যাকথা কহিয়া চীৎকার করে, তাহা শুনিয়া নিকটস্থ সকল লোক ব্যাঘ্র মারিবার জন্যে একত্র হয়, এই রূপে কৌতুক পূর্ব্বক কিছু দিন গেল; কিন্তু এক দিন প্রকৃত ব্যাঘ্র দেখিয়া সে রাখাল ব্যাঘ্র২ এই শব্দ করিয়া উঠিল, তাহাতে অবিশ্বাস করিয়া কোন লোকই আইল না, পরে ব্যাঘ্র মেষদিগকে খাইয়া ফেলিল।

তাৎপর্য্য। মিথ্যাবাদির সত্য কথাতেও বিশ্বাস হয় না।

59.—*The Boy and the Goose.*

৫৯। এক বালক ও হংসের কথা।

কোন বালকের এক হংস প্রতিদিন এক স্বর্ণের ডিম্ব প্রসব করিত, তাহা সেই বালক লইয়া অনেক লাভ করিত। পরে এক দিন সে বালক মনে ভাবিল, এ হংসের উদর বিদীর্ণ করিলে আমি একেবারেই সে

* This fable and one or two more have already occurred; but as the style is varied, the repetition may prove instructive.

সকল স্বর্ণডিম্ব পাইব, ইহা ভাবিয়া সে হংসকে মারিয়া ফেলিল, কিন্তু কতকগুলি ক্ষুদ্র ২ ডিম্ব ব্যতিরেকে আর কিছু পাইল না।

তাৎপর্য্য। যে ব্যক্তি অতিশয় লোভ করে, তাহার ঐ রূপ মূলসুদ্ধ নষ্ট হয়।

60.—*The old Man and Death.*

৬০। এক বৃদ্ধের কথা।

এক ব্যক্তি বৃদ্ধ কাষ্ঠভার মস্তকে করিয়া গমন করিতেছিল, কিঞ্চিৎ দূরে গমন করিয়া সেই ভার বহনে অপারক হইয়া মস্তকহইতে ভূমিতে ফেলিল ও অতিদুঃখে উচ্চৈঃস্বরে কহিল হে মৃত্যু, আমাকে লও। তৎক্ষণে মৃত্যু তাহার নিকটে আসিয়া কহিলেন, তুমি আমাকে কি নিমিত্তে ডাকিতেছিলা? সে অতিশয় ভীত হইয়া কহিল, এই কাষ্ঠভার আমার মস্তকে তুলিয়া দেওনের নিমিত্তে আমি তোমাকে ডাকিয়াছি।

তাৎপর্য্য। এই সংসারে অতিদুঃখি লোকেরও আন্তরিক মরণবাঞ্ছা কদাচ হয় না।

61.—*The Bird in the Corn-field.*

৬১। পক্ষী ও কৃষকের কথা।

এক পক্ষী এক কৃষকের ধান্যক্ষেত্রে বাসা করিয়া বাস করে, এবং তাহার দুই তিনটা শাবকও থাকে; ঐ পক্ষী প্রতিদিন আহারের কারণ অন্য ২ স্থানে যায়। কিছু দিন পরে ঐ ক্ষেত্রের ধান্য পক্কপ্রায় দেখিয়া ঐ পক্ষী চিন্তিত হইয়া এক দিন আপন শাবকদিগকে কহিল, আমি আহারার্থে প্রতিদিন অন্য ২ ক্ষেত্রে যাই, এখানে থাকি না; যদি কোন দিন কেহ আসিয়া কোন কথা কহে, তবে তোমরা আমাকে জানাইও। পরে এক দিন ঐ ক্ষেত্রের স্বামী পিতাপুত্রে ক্ষেত্রে আসিয়া ধান্য পক্ক দেখিয়া কহিল, ধান্য সুপক্ক হইয়াছে; কল্য আত্মীয় লোকদিগকে ডাকিয়া ধান্য কাটিতে হইবে। ইহা পক্ষিশাবকেরা শুনিল; পরে পক্ষী বাসায় আইলে সেই কথা তাহাকে কহিল। তাহা শুনিয়া পক্ষী উদ্বিগ্ন না হইয়া কহিল, ভাল, ক্ষতি নাই, কল্য যে কথোপকথন হইবে, তাহাও আমাকে জানাইও।

পরদিন ঐ কৃষকেরা পিতাপুত্রে ঐ ক্ষেত্রে আসিয়া কহিতে লাগিল, হায়, আত্মীয়দিগকে ডাকিলাম, তাহারা কেহই আইল না; ভাল, কল্য জ্ঞাতি কুটুম্বদিগকে ডাকিয়া ধান্য কাটিতে হইবে। এই কথাও পক্ষিশাবকেরা শুনিল। পরে পক্ষী বাসায় আইলে তাহারা সে কথাও তাহাকে শুনাইল; তাহাতে পক্ষী কহিল, যে হউক, উদ্বেগের বিষয় নহে; ভাল, অদ্য যে কথাবার্ত্তা হইবে, তাহাও আমাকে জানাইও।

পরে সে দিন ঐ কৃষকেরা পিতাপুত্রে ক্ষেত্রের নিকটে আসিয়া কহিল, হায় কি হইবে? জ্ঞাতি কুটুম্বেরাও আইল না; দূর হউক, কল্য আমরা পিতাপুত্রেই আসিয়া এই ধান্য কাটিব; ইহাও ঐ শাবকেরা শুনিল। কিঞ্চিৎ পরে পক্ষী বাসায় আইলে তাহারা কহিল, কল্য কৃষকেরা পিতাপুত্রে আসিয়া ধান্য কাটিবে। ইহা শুনিয়া পক্ষী অত্যন্ত উদ্বিগ্ন হইল, ও সেখানহইতে বাসা উঠাইয়া আপন শাবকদিগকে লইয়া অন্যত্র বাসা করিয়া কাল যাপন করিতে লাগিল।

তাৎপর্য্য। আপন কর্ম্ম আপনি না করিলে অন্যের দ্বারা প্রায় সিদ্ধ হয় না।

62.—*The Fox and the Grapes.*

৬২। এক শৃগাল ও দ্রাক্ষাফলের কথা।

এক শৃগাল কোন দ্রাক্ষালতাতে বিস্তর সুপক্ক ফল দেখিয়া তাহার উচ্চ শাখাহইতে ফল লইবার কারণ অনেক যত্ন করিল; কোন প্রকারে না পাইয়া কহিল, এ সকল ফল কিছু নয়, কাচা ও অতি অম্ল, তাহার কারণ আমি আর শ্রম করিব না। ইহা বলিয়া প্রস্থান করিল।

তাৎপর্য্য। কোন লোক যদি কোন বস্তুর কারণ অনেক আকিঞ্চন করিয়া পাইতে না পারে, তবে আপন মনঃপ্রবোধের কারণ তাহাতে দোষারোপণ করে।

63.—*The Man with two Wives.*

৬৩। এক জনের দুই স্ত্রী ছিল তাহার কথা।

অর্দ্ধ শ্যাম অর্দ্ধ শুক্ল কেশবিশিষ্ট অর্দ্ধবয়স্ক এক ব্যক্তি দুই স্ত্রী বিবাহ করিল, তাহাদের মধ্যে এক স্ত্রী সমবয়স্কা, দ্বিতীয়া ন্যূনবয়স্কা ছিল। বৃদ্ধা স্ত্রী আপন মনোমত করিবার জন্যে স্বামির কাঁচা কেশ ছিঁড়িতে

লাগিল, এবং যুবতি স্ত্রী আপন মনোমত করিবার জন্যে তাহার পাকা কেশ ছিঁড়িতে লাগিল। ইহাতে তাহার মস্তক কেশহীন হইল।

তাৎপর্য্য। যাহারা দুই পক্ষের লোককে সন্তুষ্ট করিতে চেষ্টা করে, তাহাদের প্রায় এই রূপ দুরবস্থা হয়।

64.—*The Gnat and the Lion.*

৬৪। এক মশক ও সিংহের কথা।

এক সিংহ বনের মধ্যে অহঙ্কারে গর্জন করিতেছিল, সেই কালে এক মশক আসিয়া তাহাকে বলিল, আইস, আমরা পরস্পর যুদ্ধ করি। তাহাতে সিংহ সম্মত হইলে মশক তৎক্ষণাৎ সিংহের নাসাছিদ্রে প্রবেশ করিয়া তাহাকে দংশন করিতে লাগিল, তাহাতে সিংহ দংশনের জ্বলাতে হস্তপাদাস্ফালন করিয়া তথাহইতে পলায়ন করিল। ইহাতে মশক অতিশয় অহঙ্কার করিয়া উড়িয়া গেল, কিন্তু উড়িয়া যাইবামাত্র একটা মাকড়সার জালে বদ্ধ হইয়া তাহাকর্ত্তৃক ভক্ষিত হইল। তাহাতে মরণকালে তাহার অতিশয় লজ্জা হইল; কেননা যে মশক সিংহকে এমন পরাভব করিল, সে এক ক্ষুদ্র মাকড়সার জালে বদ্ধ হইয়া মারা পড়িল।

তাৎপর্য্য। অহঙ্কারি লোক শীঘ্র পতিত হয়।

65.—*The Lion, the Ass, and the Fox.*

৬৫। সিংহ ও গর্দ্দভ ও শৃগাল এ তিনের কথা।

সিংহ ও গর্দ্দভ ও শৃগাল এ তিন জন শিকার করিতে গিয়া এই নিয়ম করিল, আমাদের যাহা প্রাপ্য হইবে, তাহা সকলে সমানাংশে লইব। পরে তাহারা একটা বড় হরিণ মারিলে গর্দ্দভ তাহা সমানাংশ করিয়া সিংহকে এক ভাগ দিল, তাহাতে সিংহ অতিক্রুদ্ধ হইয়া গর্দ্দভকে নষ্ট করিয়া শৃগালকে কহিল, তুমি ইহার অংশ কর। তাহাতে শৃগাল সমুদায় মাংস সিংহকে দিয়া যৎকিঞ্চিৎমাত্র আপনি লইল। তাহা দেখিয়া সিংহ সন্তুষ্ট হইয়া কহিল, হে ভাই শৃগাল, এতাদৃশ অংশ করণ বিবেচনা তোমাকে কে শিখাইল? শৃগাল উত্তর করিল, ঐ মৃত গর্দ্দভ।

তাৎপর্য্য। বুদ্ধিমান লোক যে কর্ম্মে সাক্ষাৎ বিপদ্ দেখিতে পায়, সে কর্ম্ম সাবধানরূপে করিবে।

66.—*The Crow and the Pitcher.*

৬৬। কাক ও কলসের কথা।

তৃষ্ণাযুক্ত এক কাক অল্প জলযুক্ত এক কলস পাইয়া তাহাহইতে জল পান করিতে চেষ্টা করিল, কিন্তু সমর্থ হইল না, ইহাতে সে কাক কলস ভাঙ্গিতে ও উলটাইতে চেষ্টা করিল, কিন্তু তাহাও পারিল না। শেষে মন্ত্রণা করিয়া একটা ২ করিয়া কতক ক্ষুদ্র পাথর তাহার মধ্যে ফেলিল, তাহাতে জল আপনি উচ্চীকৃত হইলে সে অনায়াসে জল পান করিয়া তৃপ্ত হইল।

তাৎপর্য্য। পরাক্রমদ্বারা যে কর্ম্ম করণ দুষ্কর হয়, তাহা বুদ্ধিদ্বারা নিষ্পন্ন করিতে হয়।

67.—*The disappointed Husbandman.*

৬৭। ব্রহ্মা ও এক কৃষাণ ইহাদের কথা।

এক কৃষক ব্রহ্মার কাছে প্রার্থনা করিল, হে ব্রহ্মন্, জল ও বায়ু প্রভৃতি শস্যজনক বস্তু করিবার শক্তি আমাকে দেও। তাহাতে ব্রহ্মা দণ্ড করিবার জন্যে তাহাকে তাহা দিলেন। এবং সে কৃষক আপন ইচ্ছাপূর্ব্বক কখনো অধিক কখনো অল্প জলাদি ক্ষেত্রে দিতে লাগিল, তাহাতে সে অন্য ২ কৃষকহইতে দশগুণ পরিশ্রম করিয়াও কিছু শস্য পাইল না। তাহাতে বিরক্ত হইয়া পুনর্ব্বার ব্রহ্মার নিকটে কহিল, হে ব্রহ্মন্, ইহাতে আমার কোন প্রয়োজন নাই, তুমি আপন শক্তি আপনি লও।

তাৎপর্য্য। সকলের শুভাশুভ ফলদাতা পরমেশ্বরের কর্ত্তৃত্বে অসন্তুষ্ট হইয়া যে লোক কেবল আপন ইচ্ছাতে ফল লাভ করিতে চাহে সে নির্ব্বোধ।

68.—*The Bear and the Bee.*

৬৮। ভালুক ও মধুমক্ষিকার কথা।

এক ভালুক এক মধুমক্ষিকার দংশনেতে এমন ক্রুদ্ধ হইল যে সে পাগলের মত দৌড়িয়া তাহার বাসা ভাঙ্গিয়া ফেলিল, তাহাতে সকল মধুমক্ষিকা আসিয়া তাহার উপরে পড়িয়া তাহার শরীর ক্ষতবিক্ষত

করিল। তখন সে মূর্চ্ছাপন্ন হইয়া চিন্তা করিল, আমি যদি একের হিংসা সহ্য করিতাম, তবে অনেকের হিংসা সহিতে হইত না।

তাৎপর্য্য। যদি কেহ যৎকিঞ্চিৎ হিংসা সহ্য করিয়া থাকে, তবে তাহার উপরে অধিক হিংসা পড়ে না।

69.—*The bold Merchant.*

৬৯। এক মহাজন ও এক জাহাজির কথা।

এক মহাজন এক জাহাজিকে জিজ্ঞাসা করিল, তোমার পিতা কিরূপে মরিয়াছেন? সে উত্তর করিল, আমার পিতা ও পিতামহ সমুদ্রে ডুবিয়া মরিয়াছেন। মহাজন প্রত্যুত্তর করিল, তবে তোমার কি ডুবিয়া মরিবার ভয় নাই? জাহাজী জিজ্ঞাসিল, ভাল, তোমার পিতা পিতামহ কিরূপে মরিয়াছেন? মহাজন উত্তর করিল, শয্যাতে। জাহাজী প্রত্যুত্তর করিল, তবে তোমার যেমন শয্যাতে উঠিতে ভয় নাই, তেমন আমারও জাহাজে যাইতে ভয় নাই।

তাৎপর্য্য। অভ্যাসদ্বারা ভয় নষ্ট হয়।

70.—*Foolish expectation.*

৭০। এক নির্ব্বোধ লোক।

এক নির্ব্বোধ যাত্রা করিতে২ কোন নদীর নিকটে আসিয়া তাহার তীরে বসিয়া ভাবিল, ভাল, নদীর জল চলিতেছে, চলিয়া যাউক; সকল জল গেলে যখন শুষ্ক ভূমি হইবে তখন পারে যাইব, কিছু বিলম্ব হইবে, সাধ্য কি? ইহা ভাবিয়া অনেক ক্ষণ বসিয়া দেখিল নদীর গমন নিবৃত্ত হইল না।

তাৎপর্য্য। কোন লোক বিষয় বিবেচনা না করিয়া মিথ্যা আশার অবলম্বনে থাকিলে এইরূপ দুরবস্থাপ্রাপ্ত হইয়া লোকের উপহাস্য হয়।

71.—*The Blind and the Lame.*

৭১। এক অন্ধ ও এক খঞ্জ লোকের কথা।

এক অন্ধ ও এক খঞ্জ উভয়ের এক স্থানে যাওনের আবশ্যক হইলে অন্ধ খঞ্জকে বলিল, তুমি আমার স্কন্ধের উপরে আরোহণ করিয়া

আমার পথদর্শক হও। তাহা করিলে সেই দুই জন উত্তমরূপে গন্তব্য স্থানে উপস্থিত হইল।

তাৎপর্য্য। পরস্পর উপকার করিলে সকলের লাভ হয়।

72.—The Eagle and the Crow.

৭২। এক মহাপক্ষী ও কাকের কথা।

এক মহাপক্ষী উচ্চ পর্ব্বতহইতে ছোঁ মারিয়া এক ক্ষুদ্র মেষের উপরে পড়িয়া তাহাকে লইয়া পর্ব্বতে উঠিল, তাহা দেখিয়া এক কাক সেই বৃহৎ কর্ম্ম করিতে উৎসুক হইয়া ছোঁ মারিয়া এক মেষের উপরে পড়িবামাত্র তাহার পা মেষের রোমসমূহের মধ্যে বদ্ধ হইল; তাহাতে কাক চীৎকার করিতে লাগিল, পরে মেষপালকেরা তাহাকে ধরিয়া মারিয়া ফেলিল।

তাৎপর্য্য। আত্মশক্তি বিবেচনা না করিয়া মহতের কর্ম্মানুসারে কর্ম্ম করিতে উদ্যত হইলে ক্ষুদ্র প্রাণির এইরূপ দুর্দ্দশা হয়।

73.—The two Cats and the Monkey.

৭৩। দুই বিড়াল ও এক বানরের কথা।

দুই বিড়াল যৎকিঞ্চিৎ খাদ্যদ্রব্য পাইয়া তাহা সমানাংশে ভাগ করিতে না পারিয়া এক বানরের নিকটে গেল। বানর তরাজু বাহির করিয়া দুই খণ্ড করিয়া তাহাতে চড়াইল; এবং এক ভাগ অধিক হইলে তাহা সমান করিবার জন্যে তাহার কিছু অধিক আপনি খাইল, তাহাতে সুতরাং অন্য ভাগ ভারী হইলে পুনর্ব্বারও সেইরূপ করিল। এইরূপ বার ২ করাতে সে ধূর্ত্ত বানর সমুদায় খাদ্যদ্রব্য খাইল, এবং দুই বিড়াল হতাশ হইল।

তাৎপর্য্য। আপনাদের বিষয়ে পরস্পর অসন্তুষ্ট হইয়া পরের নিকটে বিষয় সমর্পণ করিলে এইরূপ সর্ব্বনাশ হয়।

74.—Love of Indcpendence.

৭৪। আজ্ঞালঙ্ঘন।

এক বাদশাহ দেশভ্রমণ করিতে গিয়া স্বাধিকৃত এক মহানগরে উপস্থিত হইয়া শুনিলেন, এই নগরে এক জন সত্তরি বৎসর বয়স্ক

বৃদ্ধ আছে, সে জন্মাবধি কখনো নগরের প্রাচীরের বাহিরে যায় নাই। বাদশাহ ঐ আশ্চর্য্য বৃত্তান্ত শ্রবণ করিয়া তাহাকে সম্বৎসরের আহারসাধন বৃত্তি নিরূপণ করিয়া দিলেন, এবং কহিলেন, তুমি যদি এই নগরের বাহির না হও, তবে যাবজ্জীবন এইরূপ বৃত্তি পাইবা, নতুবা তোমার এই বৃত্তি থাকিবে না। কিছু কাল পরে ঐ ব্যক্তি বাদশাহের আজ্ঞাতে আপনাকে বদ্ধ জ্ঞান করিয়া ঐ নগরে থাকিতে বিরক্ত হইতে লাগিল। পরে সেখানহইতে বাহির হইয়া অন্যত্র গেল, তাহাতে তাহার সে বৃত্তিচ্ছেদ হইল।

তাৎপর্য্য। মনুষ্য যে কর্ম্ম আপন ইচ্ছাতে সর্ব্বদা করে সেই কর্ম্ম অন্যে আজ্ঞা করিলে আর করিতে চাহে না।

75.—*The Hare and his Friends.*

৭৫। খরগোশ ও তাহার মিত্রেরা।

এক খরগোশ চিরকাল এক বনে বসতি করে, কোন পশুর সহিত বিরোধ বিসম্বাদ কিছুই করে না, কাহারো মন্দের কথাতেও থাকে না, তাহাতে সেই বনের তাবৎ পশুরা তাহাকে ভাল বাসে, ও সকলেরি সহিত তাহার পরম মিত্রতা, এই রূপে কিছু কাল যায়। এক দিন ঐ বনে শিকারিরা শিকার করিতে আইল, ও তাহাদের সহিত অনেক কুকুর আইল। খরগোশ দূরহইতে আপনার প্রাণনাশক শিকারিদের কোলাহল শুনিয়া ভীত হইল, কিন্তু এই বনে আমার অনেক২ মিত্র আছে, তাহারা অবশ্য এই বিপৎকালে আমাকে রক্ষা করিবে, ইহা মনে ভরসা করিল। ইতোমধ্যে ভয়ানক শব্দ করিয়া কুকুরেরা খরগোশকে আক্রমণ করিতে ধাবমান হইল, তখন খরগোশ প্রাণভয়ে অনেক ক্ষণ পর্য্যন্ত দৌড়িয়া শ্রান্ত হইয়া, অর্দ্ধ মৃতবৎ হইয়া আর চলিতে পারিল না। ইত্যবসরে তাহার প্রধান মিত্র ঘোড়া ঐ পথে যাইতেছে দেখিয়া খরগোশ কতক আশ্বস্ত হইয়া কহিল, হে মিত্র, আমার এই বিপৎকাল উপস্থিত, এ সময়ে আমাকে রক্ষা কর; যদি তোমার পৃষ্ঠের উপরে আমাকে আরোহণ করিতে দেও, তবে আমি কুকুরহইতে রক্ষা পাই। ঘোড়া উত্তর করিল, হায়, তোমার দুঃখ দেখিয়া আমার অতিশয় দয়া হয়, ভাবনা নাই, পশ্চাৎ তোমার সকল মিত্র আসিতেছে। পরে এক বলবান বৃষ আইল, তাহাকেও ঐ রূপ কাতর বাক্য কহিল। বৃষ কহিল, আমি তোমাকে কেমন প্রেম করি তাহা এই বনের সকলেই জানে; কিন্তু অমুক বৃক্ষের নীচে এক গাবী আমার অপেক্ষাতে আছে, অতএব এখন আমি বিলম্ব করিতে পারি না; তুমি ইহাতে ক্রুদ্ধ হইও

না, তোমার সহিত আমার বড় প্রীতি; দেখ পশ্চাৎ ছাগল আসিতেছে, তাহার পৃষ্ঠে আরোহণ কর। পরে খরগোশ ছাগলের নিকটে গিয়া ঐ রূপ কহিল, তাহাতে ছাগল কহিল, আমিও শ্রান্ত, আমার চক্ষু ভারী, ও আমি মস্তক স্থির রাখিতে পারি না, কিন্তু ভয় নাই, পশ্চাৎ মেষ আসিতেছে। মেষ কহিল, আমি আপনি দুর্ব্বল, আপন রোমের ভার সহিতে পারি না, এবং কুকুরহইতে তোমার যেমন ভয় আমারও তেমনই ভয়। পরে সে দুঃখি খরগোশ গোবৎসকে কহিল, হে মিত্র, আমাকে মৃত্যুহইতে রক্ষা কর। সে কহিল, আমাহইতে বলবানেরা যে কর্ম্ম করিল না, আমি দুর্ব্বল হইয়া কি সে কর্ম্ম করিব? যদি আমি তোমাকে উদ্ধার করি, তবে আমার ঐ সকল মিত্রেরা কি কহিবে? তুমি জান আমি তোমাকে কেমন প্রেম করি, কিন্তু অতি প্রিয় ব্যক্তিও ভিন্ন হইবে; সেলাম, দেখ কুকুর আগতপ্রায়।

তাৎপর্য্য। সম্পৎকালে অনেক মিত্র মিলে, কিন্তু বিপৎসময়ে মিত্র পাওয়া দুর্লভ।

CHAPTER III.

ANECDOTES.

ইতিহাসমালা।

1.—*Solomon's decision.*

এক সময়ে দুই স্ত্রী রাজার নিকটে আসিয়া তাঁহার সম্মুখে দাঁড়াইল। পরে তাহাদের এক জন নিবেদন করিল, হে মহারাজ, আমি ও আমার সঙ্গিনী এই স্ত্রী আমরা উভয়ে এক গৃহে বাস করি; অল্প দিন হইল আমি সেই গৃহে এক পুত্র প্রসব করিলাম, এবং আমার প্রসবের পর তৃতীয় দিবসে এই নারীও এক পুত্র প্রসব করিল; সেই গৃহে আমরা দুই জন ব্যতিরেকে আর কেহ থাকে না। পরে এক রাত্রিতে আমরা নিদ্রা গেলে এই স্ত্রী ঘুমের ঘোরে আপন বালকের উপরে শয়ন করাতে ইহার বালক মরিল। তাহাতে এই স্ত্রী মধ্যরাত্রিতে উঠিয়া নিদ্রিতা যে আমি আমার ক্রোড়হইতে আমার বালককে

লইয়া আপন বক্ষস্থলে শয়ন করাইল, এবং আপনার মৃত বালককে আমার বক্ষস্থলে শয়ন করাইল। পরে প্রত্যুষে আমি আপন বালককে দুগ্ধ পান করাইতে উঠিয়া তাহাকে মৃত দেখিলাম, কিন্তু সে যে আমার প্রসূত বালক নয়, প্রাতঃকালে ইহা স্পষ্ট জানিয়া এই স্ত্রীকে কহিলাম, কিন্তু ইনি আমার এই জীবৎ বালককে দেন না; অতএব মহারাজের কাছে নিবেদন করিতেছি। তখন অন্যা স্ত্রী উত্তর করিল, না মহারাজ, এই জীবৎ পুত্র আমার, কিন্তু ইহার যে পুত্র ছিল সে মরিয়াছে। সে প্রত্যুত্তর করিল, না মহারাজ, মিথ্যা কহিতেছেন, ইনি আমার জীবৎ পুত্র লইয়া আপন মৃত পুত্র আমার বক্ষস্থলে রাখিয়াছিলেন। এই প্রকারে বিষম দ্বন্দ্ব হইল। এক পুত্রের উপরে উভয়েই অধিকার করিতে চাহিল, কিন্তু সে কাহার পুত্র তাহার সাক্ষী কেহই নাই; অতএব রাজা বিষম বিচারে পড়িলেন। তখন রাজা ঘাতককে আজ্ঞা করিলেন, তুমি খড়্গদ্বারা এই বালককে দ্বিখণ্ড করিয়া দুই স্ত্রীকে সমানাংশে বিভাগ করিয়া দেও। তাহাতে অন্যা স্ত্রী কহিল, এ উত্তম বিচার, ইহাতে বালক তোমারও হইবে না এবং আমারও হইবে না; ছেদন করিয়া সমানাংশ করাই ভাল। কিন্তু ঐ বালকের যথার্থ গর্ব্ভধারিণী যে স্ত্রী, সে রাজবিচার শুনিয়া দোহাই দিয়া উচ্চৈঃস্বরে কান্দিয়া কহিল, মহারাজ, বালককে বধ করিও না, বরং উহাকে বালক দেও, আমি চাহি না। তখন বালক যে যথার্থ এই স্ত্রীর গর্ভজাত, রাজা ইহা নিশ্চয় জানিয়া তাহাকে বালক সমর্পণ করিলেন, এবং অন্যা স্ত্রীকে দূর করিয়া দিলেন। রাজার এই প্রকার বিচারের কৌশল দেখিয়া সকল লোক চমৎকার জ্ঞান করিল।

2.—*The Thieves discovered.*

এক মহাজনের অনেক তূলা চুরি গেলে পর সে রাজার নিকটে গিয়া তাহা জ্ঞাত করিল। তাহাতে রাজা অনেক অনুসন্ধান করিলেও কোন প্রকারে চোর ধরিতে পারিলেন না। তখন সেই দেশের এক প্রধান লোক নিবেদন করিল, মহারাজ, যদি আজ্ঞা করেন, তবে আমি চোর ধরিয়া দিতে পারি। তাহাতে রাজা অনুমতি দিলে পর সে এক দিন সেই স্থানের ভদ্রাভদ্র অনেক লোককে নিমন্ত্রণ করিয়া আপন বাটীতে আনিয়া সভা করিল। পরে আপনি সেই সভাতে উপস্থিত হইয়া হঠাৎ সকলের মুখের প্রতি দৃষ্টি করিয়া কহিল, নির্লজ্জ তূলাচোরেরা আপন ২ দাড়ীতে তূলা লাগাইয়া আমার বাটীতে আসিয়াছে। এ কথা শুনিয়া যাহারা তূলা চুরি করিয়াছিল, তাহারা হঠাৎ আ-

পন২ দাড়ীতে হাত দিল, তাহাতে সে তাহাদিগকেই চোর নিশ্চয় করিল। অতএব তাহার এ প্রকার মন্ত্রণার কৌশলেতে রাজা সন্তুষ্ট হইয়া তাহাকে প্রশংসা করিলেন।

3.—*The impartial King.*

এক প্রজা রাজার নিকটে যাইয়া আদ্দাস করিল, হে মহারাজ, গত রাত্রিতে আমার বাটীতে বড় দৌরাত্ম্য হইয়াছে; মহারাজের শিবিরহইতে এক ব্যক্তি আসিয়া বল পূর্ব্বক আমার বাটীতে প্রবেশ করিয়া আমার এক দাসীকে বলাৎকার করিয়াছে। তাহাতে রাজা কহিলেন, সে কে? তাহা তুমি জান না? ভাল, সে যদি অদ্য রাত্রিতে তোমার বাটীতে যায়, তবে তৎক্ষণাৎ আমাকে সংবাদ দিবা; আমি তাহার উচিত দণ্ড করিব। পরে সেই দিন রাত্রিতে ঐ সৈন্য পুনর্ব্বার তাহার বাটীতে আইলে ঐ প্রজা তৎক্ষণাৎ গিয়া রাজাকে সংবাদ দিল; তাহাতে রাজা খড়্গহস্ত হইয়া সত্বর তাহার সহিত তাহার গৃহে প্রবেশ করিয়া অগ্রে প্রদীপ নির্ব্বাণ করিলেন, পরে ঐ দুষ্ট লোকের মস্তক ছেদন করিয়া পুনর্ব্বার প্রদীপ আনিতে আজ্ঞা করিলেন। তাহাতে সে প্রদীপ আনিলে রাজা ঐ হত ব্যক্তির মুখাবলোকন করিয়া পরমেশ্বরকে প্রণাম করিলেন; পরে ঐ গৃহস্থের নিকটে কিছু খাদ্য সামগ্রী চাহিলেন। তাহাতে সে কিঞ্চিৎ খাদ্য আনিয়া দিলে রাজা আহ্লাদ পূর্ব্বক তাহা ভোজন করিলেন। তখন ঐ গৃহস্থ আশ্চর্য্য জ্ঞান করিয়া রাজাকে জিজ্ঞাসা করিল, মহারাজ, আপনি আসিয়া অগ্রে প্রদীপ নির্ব্বাণ করিলেন, পুনশ্চ প্রদীপ আনিতে আজ্ঞা করিলেন, এবং হত ব্যক্তির মুখ দর্শন করিয়া ঈশ্বরকে প্রণাম করিলেন, এবং ক্ষুদ্র প্রজা যে আমি আমার কাছে খাদ্য চাহিয়া খাইলেন, এই সকলের কারণ কি, তাহা জানিতে আমার বড় বাঞ্ছা। রাজা কহিলেন, তুমি আদ্দাস করিলে পর আমি অনুমান করিলাম, আমার পুত্র ব্যতিরেকে এমত দুঃসাহসের কর্ম্ম আর কেহ করিতে পারে না; কিন্তু যে হউক, এমত দুষ্কর্ম্মকারিকে বিনষ্ট না করিয়া আমি জলগ্রহণও করিব না, এই প্রতিজ্ঞা করিয়াছিলাম; এই নিমিত্তে বধ করণ সময়ে প্রদীপ নির্ব্বাণ করিলাম, কেননা পুত্রের মুখ দেখিলে পাছে ক্ষমা করিতে হয়; পরে প্রদীপ আনাইয়া হত ব্যক্তির মুখ দেখিলে, সে আমার পুত্র নয়, ইহা দেখিয়া মহা আহ্লাদে ঈশ্বরকে প্রণাম করিলাম, এবং প্রতিজ্ঞা পূর্ণ হইলে নিয়মানুসারে তোমার কাছে চাহিয়া ভোজন করিলাম।

4.—*Efficacy of the King's bow.*

এক ব্রাহ্মণ পণ্ডিত এক বণিকের নিকটে আপন এক সহস্র মুদ্রা গচ্ছিত রাখিয়া আপনি দূরদেশে গমন করিলেন। কিছু দিন বিলম্বে তিনি প্রত্যাগমন করিয়া বাটীতে আসিয়া ঐ বণিকের নিকটে আপনার টাকা চাহিলেন, কিন্তু বণিক অস্বীকার করিয়া কহিল, সে কি কথা? তুমি আমার কাছে কখনো টাকা রাখ নাই; তুমি দুষ্ট লোক, মিথ্যাকথা কহিতেছ। তাহাতে ব্রাহ্মণ তাহার সহিত কলহ করিলে নিকটস্থ অনেক লোক একত্র হইয়া কহিল, না, না, তুমি মিথ্যা কহিতেছ, বণিক অতি বিশ্বাসী লোক, কখনো বিশ্বাসঘাতকতা করিয়া কাহারো কিছু অপহ্নব করে নাই, তাহা আমরা জানি। এই প্রকারে সকলেই তাহাকে মিথ্যাবাদী ও ঠক করিল। তাহাতে ব্রাহ্মণ অন্য কোন উপায় না পাইয়া রাজার নিকটে যাইয়া আপনার যথার্থ বৃত্তান্ত সকল রাজাকে জ্ঞাত করিলেন। তাহাতে রাজা কহিলেন, ভাল, তুমি তিন দিন ঐ বণিকের দোকানের নিকটে মৌনী হইয়া বসিয়া থাক; চতুর্থ দিবসে আমি সেই পথ দিয়া গমন করিয়া তোমাকে নমস্কার করিব, এবং তুমিও তদ্রূপ ব্যবহার করিও, কিন্তু আমাকে কিছু কহিও না; পরে আমি তথাহইতে প্রস্থান করিলে তুমি বণিকের কাছে আর বার আপন টাকা চাহিও; তাহাতে সে কি উত্তর করে, তাহা আমার কাছে আসিয়া কহিবা। পরে ব্রাহ্মণ রাজাজ্ঞানুসারে ঐ বণিকের দোকানের নিকটে গিয়া তিন দিন চুপ করিয়া বসিয়া থাকিলেন; চতুর্থ দিবসে যখন রাজা প্রগল্‌ভরূপে অশ্বারোহণে ঐ পথ দিয়া গমন করেন, তখন তিনি ঐ ব্রাহ্মণকে দেখিয়া অশ্ব স্থির রাখিয়া তাহাকে প্রণাম করিলেন; তাহাতে সে ব্রাহ্মণও রাজাকে নমস্কার করিলেন। তখন রাজা তাহাকে কহিলেন, হে ভট্টাচার্য্য, তুমি আমার কাছে কএক দিন কেন যাও না, ও আপনার বিষয় কিছুই কহ না? তাহাতে ব্রাহ্মণ মস্তক চালনমাত্র করিল, কিছুই উত্তর করিল না। তখন বণিক এই সকল দেখিয়া মনে২ বড় ভীত হইল, এবং রাজা গেলে পর ব্রাহ্মণকে ডাকিয়া জিজ্ঞাসা করিল, যখন তুমি আমার কাছে মুদ্রা রাখিয়াছিলা, তখন আমি কোন স্থানে ছিলাম? এবং তখন আমার কাছে আর কে ছিল? তাহা কহ, কি জানি যদি এ বিষয় আমি বিস্মৃত হইয়া থাকি। তাহাতে ব্রাহ্মণ তাহা কহিলে বণিক কহিল, হাঁ ২, তুমি সত্য কহিতেছ, এখন আমার মনে হইল। এই প্রকার অনেক ছল করিয়া সে ঐ ব্রাহ্মণকে তখনি টাকা ফিরিয়া দিল।

5.—*The Tricker tricked.*

দুই ব্যক্তি এক প্রাচীনা স্ত্রীলোকের নিকটে আপনাদের কিছু সম্পত্তি গচ্ছিত রাখিয়া কহিল, আমরা দুই জন যখন একত্র হইয়া আসিব, তখন তুমি আমাদের এই সকল ফিরাইয়া দিবা, কিন্তু এক জন আইলে দিবা না। পরে কিছু দিন বিলম্বে তাহাদের এক জন আসিয়া কহিল, আমার অংশি ব্যক্তি মরিয়াছে, অতএব গচ্ছিত দ্রব্য আমাকে দেও। তাহাতে সে স্ত্রী কি করিবে? তাহাকেই সকল দ্রব্য দিল। কিন্তু অল্প দিন পরে অপর ব্যক্তি আসিয়া গচ্ছিত দ্রব্য চাহিল, তাহাতে সে স্ত্রী কহিল, তোমার অংশী আসিয়া কহিল, সে মরিয়াছে; অতএব সকল দ্রব্য সে লইয়া গেল। তাহাতে সে ক্রোধ করিয়া ঐ বৃদ্ধা স্ত্রীকে রাজার নিকটে লইয়া গিয়া বিচার প্রার্থনা করিল। তখন রাজা বিবেচনাতে ঐ স্ত্রীকে নিরপরাধিনী জানিয়া ঐ মনুষ্যকে কহিলেন, তোমরা দুই জন একত্র হইয়া না আইলে ঐ দ্রব্য সকল পাইবা না, ইহা স্বীকৃত ছিলা; তবে একাকী আসিয়া কি প্রকারে তাহা পাইতে পার? রাজার এই কথা শুনিয়া সে কিছু উত্তর দিতে না পারিয়া ফিরিয়া গেল।

6.—*The Slave discovered.*

এক ব্যক্তির এক ক্রীত দাস পলায়ন করিলে পর কিছু দিন বিলম্বে সে অন্য এক নগরে তাহার সাক্ষাৎ পাইয়া তাহাকে ধরিয়া কহিল, তুই কেন পলাইয়া আসিয়াছিস? তাহাতে সে কিছু উত্তর করিতে না পারিয়া আপন প্রভুর বস্ত্র ধরিয়া কহিল, আমি পলাইয়াছি? না, তুই পলাইয়াছিস। তুই আমার ক্রীত দাস; আমার অনেক টাকা চুরি করিয়া পলাইয়া আসিয়াছিস; আজি তোকে ধরিয়া রাজার কাছে লইয়া যাই। এই প্রকারে এ বলে, তুই আমার ক্রীত দাস; ও বলে, তুই আমার ক্রীত দাস; কিন্তু কে ক্রীত দাস, তাহার স্থির না হওয়াতে উভয়েই রাজার নিকটে গিয়া আদ্দাস্ করিল। তাহাতে রাজা প্রথমে কিছুই স্থির করিতে না পারিয়া শেষে কহিলেন, তোমরা ঐ গবাক্ষের নিকটে গিয়া গবাক্ষহইতে দুই জনই একেবারে আপন২ গ্রীবা বাহির কর; তাহাতে কে ক্রীত দাস তাহা আমি জানিব। তাহাতে তাহারা গিয়া ঐ গবাক্ষহইতে আপন২ গ্রীবা বাহির করিলে রাজা হঠাৎ জল্লাদকে কহিলেন, শীঘ্র ঐ ক্রীত দাসের মস্তক ছেদন কর। তাহাতে ক্রীত দাস ভয়েতে হঠাৎ আপনার মস্তক টানিয়া লইল, কিন্তু তাহার

প্রভু পূর্ব্বের মত থাকিল। অতএব যে মস্তক টানিয়া লইল, সেই নিশ্চয় ক্রীত দাস, ইহা জানিয়া রাজা তাহাকে প্রহার করিয়া তাহার প্রভুর হস্তে তাহাকে সমর্পণ করিলেন।

7.—*The Memory refreshed.*

এক ব্যক্তি এক বণিকের নিকটে আপন সর্ব্বস্ব গচ্ছিত রাখিয়া আপনি দূরদেশে গমন করিল। পরে কিছু দিন বিলম্বে সে প্রবাস-হইতে বাটীতে আইলে ঐ বণিকের নিকটে গিয়া আপন ধন চাহিল। কিন্তু বণিক অস্বীকার করিয়া কহিল, তুমি কখনো আমার নিকটে কিছু রাখ নাই। অতএব সে নিরুপায় হইয়া এই বৃত্তান্ত রাজাকে জ্ঞাত করিল। তাহাতে রাজা কিঞ্চিৎ বিবেচনা করিয়া কহিলেন, বণিক তোমার গচ্ছিত ধন দিতে চাহে না, এ কথা তুমি এখন কাহাকেও কহিও না, তাহাতে আমি এক কৌশল করিয়া তোমার টাকা দেওয়াইব। পরে রাজা বণিককে ডাকাইয়া কহিলেন, তুমি আমার অনেক দিনের বণিক, অতি বিশ্বাসের পাত্র, এ কারণ এক্ষণে তোমাকে এক মন্ত্রিত্ব পদ দিতে ইচ্ছা করি; তুমি আমার মন্ত্রী হও। তাহাতে সে কৃতাঞ্জলি হইয়া আহ্লাদ পূর্ব্বক স্বীকার করিল। পরে সে গৃহে গেলে রাজা সেই আদ্দাসকারি ব্যক্তিকে ডাকিয়া কহিলেন, তুমি এখন বণিকের নিকটে যাইয়া আপনার টাকা চাহ; তাহাতে সে দিবে। তখন সে বণিকের নিকটে গিয়া টাকা চাহিলে বণিক কহিল, হাঁ, তুমি ভাল সময়ে আসিয়াছ; তোমার টাকার বিষয় আমি ভুলিয়াছিলাম, কিন্তু গত রাত্রিতে আমার স্মরণ হইল। এ কথা কহিয়া সে তাহার সর্ব্বস্ব তাহাকে সমর্পণ করিল। পরে বণিক মন্ত্রী হইবার জন্যে ত্বরা করিয়া রাজার নিকটে গেলে রাজা কোন ছল করিয়া তাহাকে দূর করিয়া দিলেন।

8.—*The mended Bag.*

এক ব্যক্তি এক থলীতে দুই সহস্র রৌপ্য মুদ্রা রাখিয়া তাহার মুখ বন্ধ ও মুদ্রাঙ্কিত করিয়া এক বিচারকর্ত্তার নিকটে গচ্ছিত রাখিয়া আপনি প্রবাসে গেল। কিছু দিন বিলম্বে সে আসিয়া বিচারকর্ত্তার কাছে আপন থলী চাহিলে সে যেরূপ বন্ধ ও মুদ্রাঙ্কিত থলী রাখিয়াছিল, তদ্রূপ প্রাপ্ত হইল; কিন্তু তাহা খুলিয়া তাহার মধ্যে কেবল তাম্র মুদ্রামাত্র দেখিল। অতএব সে বিচারকর্ত্তার সহিত কলহ করিলে বিচারকর্ত্তা তাহাকে কহিল, তোমার থলীতে কি ছিল;

তাহা তুমি আমাকে দেখাও নাই; যেমন থলী রাখিয়াছিলা তেমনি পাইয়াছ, লইয়া চলিয়া যাও। ইহা বলিয়া বিচারকর্ত্তা তাহাকে দূর করিয়া দিল। অতএব সে রাজার নিকটে গিয়া এই অবিচারের বিষয় জ্ঞাত করিলে রাজা কিঞ্চিৎ বিবেচনা করিয়া কহিলেন, এক্ষণে তোমার থলী আমার নিকটে রাখিয়া যাও, পরে আমি বিচার করিব। অপর পরদিবসে রাজা গোপনে আপনার বসিবার এক আসন চিরিয়া রাখিয়া প্রভাতে মৃগয়াতে প্রস্থান করিলেন। অনন্তর ফরাস অর্থাৎ পরিষ্কারক দাস আইলে সে ঐ বহুমূল্য আসন ছিন্ন দেখিয়া ভয়েতে কাঁপিতে লাগিল, এবং অন্য ফরাসকে তাহা দেখাইয়া কহিল, মহারাজ ইহা দেখিলে আমাকে একেবারে বধ করিবেন। তাহাতে সে জিজ্ঞাসিল, এই দৈব ঘটনা আর কেহ দেখিয়াছে বা শুনিয়াছে? ফরাস কহিল, না। তখন সে কহিল, তবে উদ্বিগ্ন হইও না, কেননা এই নগরে এমত নিপুণ এক রিপুকর আছে যে সে ইহা উত্তম রূপে যুড়িয়া দিবে, তাহা কেহ ঠাহরাইতে পারিবে না। তাহাতে ফরাস সেই রিপুকরের দোকানে গিয়া তাহাকে পুরস্কার দিয়া ঐ রাত্রির মধ্যে সেই আসন এমত উত্তমরূপে সারাইয়া আনিল, যে তাহা যোড়া এমত কেহ অনুমান করিতে পারে না। পরে প্রাতঃকালে ফরাস সিংহাসনের উপরে সেই আসন পাতিলে যখন রাজা আসিয়া সিংহাসনে বসিলেন, তখন ঐ আসন অচ্ছিন্ন দেখিয়া ফরাসকে জিজ্ঞাসা করিলেন, এই আসন কে সারিল? তখন রাজা জানিতে পারিয়াছেন, ইহা জানিয়া ফরাস থর ২ করিয়া কাঁপিতে লাগিল; তাহাতে রাজা তাহাকে কহিলেন, তোমার ভয় নাই, এ আসন তুমি ছিঁড় নাই, কিন্তু কোন প্রয়োজনার্থে আমি ছিঁড়িয়াছি; এখন ইহা এমত উত্তমরূপে কে সারিল, তাহা কহ।

তখন ফরাস সেই রিপুকরকে ডাকাইয়া দেখাইলে রাজা তাহাকে কহিলেন, তুমি উত্তম কারুকর, এবং জিজ্ঞাসিলেন, তুমি এই বৎসরের মধ্যে কোন থলী সারিয়াছ? সে কহিল, হাঁ মহারাজ, সারিয়াছি। রাজা জিজ্ঞাসিলেন, সে থলী দেখিলে তুমি চিনিতে পার? সে কহিল, হাঁ মহারাজ, পারি। তাহাতে রাজা সেই থলী আনাইয়া তাহাকে দেখাইলে সে দেখিবামাত্র তাহা চিনিয়া কহিল, এই নগরের বিচারকর্ত্তা আমাকে এই থলী সারিতে দিয়াছিলেন; ইহা আমি সারিয়াছি। তখন রাজা সেই বিচারকর্ত্তাকে ডাকাইয়া কহিলেন, আমি তোমাকে সাধু জানিয়া বিচারকর্ত্তৃপদ দিয়াছিলাম, কিন্তু তুমি এখন তস্করতা কেন শিখিলা? বিচারকর্ত্তা কহিল, হে মহারাজ, আমার প্রতি এমত অপবাদ কে দিল? রাজা কহিলেন, আমি দিতেছি, ইহা বলিয়া সেই থলীর রিপু তাহাকে দেখাইলেন, তাহাতে বিচারকর্ত্তা নিরুত্তর হইয়া থর২ কাঁপিতে লাগিল। পরে রাজা তাহাকে যথোচিত দণ্ড প্রদান করিলেন।

9.—*An evil Conscience.*

এক ব্যক্তি আপন গৃহে কিছু টাকা হারাইলে পর সে গৃহের প্রত্যেক লোককে জিজ্ঞাসা করিল, কিন্তু তাহা পাইয়াছি এমত কেহ স্বীকার করিল না; অতএব সে বিচারকর্ত্তার কাছে গিয়া নিবেদন করিল। তাহাতে বিচারকর্ত্তা সেই গৃহের সমস্ত লোককে ডাকাইয়া তাহাদের সংখ্যানুসারে সমান কএক যষ্টি প্রস্তুত করিয়া প্রত্যেককে এক২ যষ্টি দিয়া কহিলেন, তোমরা আপন২ যষ্টি লইয়া কল্য আমার নিকটে পুনর্ব্বার আসিবা; যে চোর, তাহার যষ্টি অদ্য রাত্রিতে এক অঙ্গুলি বৃদ্ধি পাইবে; অতএব কল্য তাহা দেখিয়া আমি চোর নিশ্চয় করিব। পরে তাহারা বিদায় হইলে যে চোর সে মনে২ ভাবিল, আমারই যষ্টি বৃদ্ধি পাইবে; ভাল, যদি অগ্রে এক অঙ্গুলি কাটিয়া ফেলি, তবে এক অঙ্গুলি বাড়িলে সকলের সমান হইবে। ইহা বিবেচনা করিয়া সে আপন যষ্টিহইতে এক অঙ্গুলি কাটিয়া ফেলিল। পরদিবস সকলে আপন২ যষ্টি লইয়া বিচারকর্ত্তার সম্মুখে উপস্থিত হইলে বিচারকর্ত্তা ঐ ব্যক্তির যষ্টিকে এক অঙ্গুলি ছোট দেখিয়া তাহাকেই চোর নিশ্চয় করিয়া তাহাহইতে ঐ সকল মুদ্রা বাহির করিয়া দিলেন।

10.—*Adhering to the Letter.*

কোন নিষ্ঠুর মহাজন এক দুঃখি লোককে ঋণ দিয়া কহিল, তুমি যদি নিয়মিত দিনে ঋণ পরিশোধ না কর, তবে আমি তোমার শরীরহইতে এক সের মাংস ছেদন করিয়া লইব। পরে সে ব্যক্তি ঐ দিনে পরিশোধ করিতে অপারক হইলে মহাজন কহিল, তবে শরীরহইতে আমাকে এক সের মাংস ছেদন করিয়া লইতে দেও; কিন্তু সে দিতে স্বীকার করিল না। অতএব উভয়ে কলহ করিয়া বিচারকর্ত্তার নিকটে উপস্থিত হইলে বিচারকর্ত্তা মহাজনকে কহিলেন, তুমি উহাকে ক্ষমা কর। কিন্তু সে ক্ষমা করিতে স্বীকার করিল না। অতএব বিচারকর্ত্তা মনে২ কুপিত হইয়া তাহাকে আজ্ঞা দিলেন, তুমি উহার শরীরহইতে এক সের মাংস ছেদন করিয়া লও, কিন্তু যদি এক সেরের এক রতিমাষা ন্যূনাধিক হয়, তবে আমি তোমার প্রাণদণ্ড করিব। তখন মহাজন এমত কঠিন আজ্ঞা শুনিয়া অসাধ্যতা প্রযুক্ত আর কিছু কহিল না।

11.—*False Witnesses detected.*

দরিদ্র দুই সহোদর ভিক্ষার্থে প্রবাসে যাইতে২ পথের মধ্যে এক থলী মুদ্রা ও দুই পদ্মরাগ মণি কুড়াইয়া পাইল। তাহাতে কনিষ্ঠ

কহিল, আমার মনোবাঞ্ছা সিদ্ধ হইল; অতএব আমি এক্ষণে বাটীতে প্রস্থান করি। কিন্তু জ্যেষ্ঠ কহিল, আমি যদি অর্থ পাইলাম, তবে কোন ২ তীর্থ করিয়া ফিরিয়া আসি। ইহা বলিয়া উভয়ে ধন বিভাগ করিয়া লইল, এবং জ্যেষ্ঠ কনিষ্ঠকে কহিল, আমার এই অংশ তুমি সঙ্গে লইয়া যাও, আমার ভার্য্যাকে দিও। কিন্তু কনিষ্ঠ বাটীতে উপস্থিত হইয়া আপন ভ্রাতৃপত্নীকে মণির অংশ না দিয়া কেবল মুদ্রার অংশ দিল। পরে তিন বৎসর বিলম্বে জ্যেষ্ঠ ব্যক্তি বাটীতে উপস্থিত হইলে আপন পত্নীর নিকটে মণি না পাইয়া কনিষ্ঠ ভ্রাতাকে জিজ্ঞাসা করিল, মণি কি করিলা? তাহাতে সে কহিল, তোমার স্ত্রীকে দিয়াছি। জ্যেষ্ঠ কহিল, সে বলিতেছে, আমি মণি পাই নাই। কনিষ্ঠ কহিল, তোমার স্ত্রী মিথ্যা বলিতেছে; আমি তাহাকে মণি দিয়াছি। তখন জ্যেষ্ঠ আপন স্ত্রীকে বিস্তর অনুযোগ করিতে লাগিল, তাহাতে সে স্ত্রী মিথ্যা অপবাদ-গ্রস্তা হওয়াতে ক্রোধ করিয়া বিচারকর্ত্তার কাছে গিয়া আদ্দাস করিল। তখন বিচারকর্ত্তা তাহার স্বামিকে ও দেবরকে ডাকাইয়া প্রথমে দেবরকে জিজ্ঞাসা করিল, তুমি এই স্ত্রীকে মণি দিয়াছ, ইহার সাক্ষী কেহ আছে? সে কহিল, দুই জন ইহার সাক্ষী আছে। তখন বিচারকর্ত্তা তাহাদিগকে আনিতে আজ্ঞা করিলে সে দুই জনকে কিছু ২ টাকা দিয়া শিক্ষা করাইয়া আনিল। পরে তাহারা এই সাক্ষ্য দিল, ইনি যখন আপন ভ্রাতৃপত্নীকে মণি দিলেন, তখন আমরা সে স্থানে ছিলাম; আমরা তাহাকে মণি দিতে দেখিয়াছি। অতএব বিচারকর্ত্তা জ্যেষ্ঠকে আজ্ঞা করিল, তুমি আপন স্ত্রীর নিকটহইতে মণি গ্রহণ কর; ইহা বলিয়া তাহাদিগকে বিদায় করিল। অতএব ঐ স্ত্রী রোদন করিতে ২ রাজার সমীপে গিয়া আদ্দাস করিল, এবং কহিল, আমি বিচারকর্ত্তার নিকটে গিয়াছিলাম, কিন্তু তিনি যথার্থ বিচার করিলেন না। তখন রাজা ঐ দুই ভ্রাতাকে ও দুই জন সাক্ষিকে ডাকাইয়া প্রত্যেককে পৃথক্ ২ স্থানে রাখিলেন, এবং প্রত্যেককে এক ২ খণ্ড মোম দিয়া আজ্ঞা করিলেন, সেই মণি কত বড়, এবং তাহার আকৃতি কেমন, তাহা এই মোমদ্বারা নির্ম্মাণ কর। তাহাতে দুই ভ্রাতা এক পরিমাণ ও এক আকৃতি নির্ম্মাণ করিল; কিন্তু সাক্ষিরা অন্যান্য প্রকার নির্ম্মাণ করিল। পশ্চাৎ রাজা ঐ স্ত্রীকেও এক খণ্ড মোম দিয়া আজ্ঞা করিলেন, তুমিও সেই মণির আকৃতি নির্ম্মাণ কর। তাহাতে সে কহিল, সেই মণির আকৃতি কেমন তাহা বলুন; নতুবা কি প্রকারে জানিব? আমি তাহা কখন দেখি নাই। তখন রাজা ঐ দুই জন সাক্ষিকে অতিশয় তর্জ্জন করিয়া বিচারকর্ত্তাকে অনুযোগ করিয়া কনিষ্ঠহইতে মণি লইতে জ্যেষ্ঠকে আজ্ঞা করিলেন।

12.—*Summoning a Tree.*

এক বৃদ্ধ এক যুবার কাছে ঋণ লইয়াছিল। কিছু দিন পরে যুবা ঐ টাকা চাহিলে বৃদ্ধ কহিল, আমি তোমার কিছু ধারি না। অতএব যুবা রাজার নিকটে নিবেদন করিল। তাহাতে রাজা বৃদ্ধকে ডাকাইয়া জিজ্ঞাসা করিলেন, তুমি ইহার কিছু ধার কি না? বৃদ্ধ উত্তর করিল, আমি উহার কিছুই ধারি না। তখন রাজা যুবাকে জিজ্ঞাসা করিলেন, তুমি যে ইহাকে টাকা দিয়াছ, ইহার সাক্ষী কেহ আছে? যুবা কহিল, কেহ সাক্ষী নাই। তখন রাজা বৃদ্ধকে শপথ করিতে আজ্ঞা করিলেন। তাহাতে যুবা হাসিয়া কহিল, মহারাজ, উনি শপথে ভয় করেন না; অন্যের বিষয়েতেও মিথ্যাসাক্ষ্য দিয়া থাকেন। পরে রাজা যুবাকে জিজ্ঞাসিলেন, তুমি যখন বৃদ্ধকে টাকা দিয়াছিলা, তখন কোন্ স্থানে দিয়াছিলা? যুবা কহিল, এক বৃক্ষের তলে। রাজা কহিলেন,তবে তোমার সাক্ষী নাই, এ কথা কেন কহিলা? ঐ বৃক্ষই তোমার সাক্ষী। তুমি বৃক্ষের নিকটে গিয়া রাজা তোমাকে ডাকিতেছেন, এ কথা কহ। ইহাতে বৃদ্ধ ঈষদ্ধাস্য করাতে যুবা কহিল, মহারাজ, আপনকার আজ্ঞাতে বৃক্ষ আসিবে না। রাজা কহিলেন,তুমি আমার মোহর লইয়া যাও; মোহর দেখাইলে বৃক্ষ অবশ্য আসিবে। তখন যুবা রাজমোহর লইয়া গমন করিলে কিঞ্চিৎ পরে রাজা বৃদ্ধকে কহিলেন, যুবা সেই বৃক্ষের নিকটে উপস্থিত হইতে পারিয়াছে কি না? তোমার কি বোধ হয়? তখন বৃদ্ধ কহিল, এখনো সেখানে যাইতে পারে নাই। পরে যুবা বৃক্ষের নিকটে উপস্থিত হইয়া তাহাকে রাজমোহর দেখাইয়া কহিল, রাজা তোমাকে ডাকিতেছেন। এ প্রকার পুনঃ২ কহিলেও তাহার উত্তর না পাওয়াতে যুবা অতি ভাবিত হইয়া রাজার নিকটে ফিরিয়া আসিয়া কহিল,আমি তোমার মোহর দেখাইয়া ডাকিলেও বৃক্ষ কোন উত্তর দিল না। রাজা কহিলেন, হাঁ, বৃক্ষ আসিয়া সাক্ষ্য দিয়া এখন চলিয়া গেল। তখন বৃদ্ধ আশ্চর্য্য জ্ঞান করিয়া কহিল, হে মহারাজ, কৈ? এখানে কোন বৃক্ষ আইসে নাই,এবং সাক্ষ্যও দেয় নাই। রাজা কহিলেন, বৃক্ষ আইসে নাই, সে সত্য বটে, কিন্তু বৃক্ষহইতে আমি সাক্ষ্য পাইলাম। কেননা যখন আমি তোমাকে কহিলাম, যুবা সেই বৃক্ষের নিকটে উপস্থিত হইয়াছে কি না, ইহাতে কি বুঝ? তখন তুমি কহিলা, এখনো উপস্থিত হইতে পারে নাই। ভাল, যদি তুমি সেই বৃক্ষের তলে যুবাহইতে টাকা না লইয়াছ, তবে তাহা কি প্রকারে চিনিলা? যদি সেই স্থানে টাকা না লইতা, তবে কোন্ বৃক্ষের তলে? এ কথা অবশ্য আমাকে জিজ্ঞাসা করিতা; অতএব যুবা সত্য কহিতেছে। তাহাতে বৃদ্ধ অপ্রতিভ হইয়া আপনার অপরাধ স্বীকার করিয়া যুবাকে টাকা দিল।

13.—*The ready Fisherman.*

এক ধীবর নদীতে মৎস্য ধরিতে২ এমত এক উত্তম মৎস্য পাইল, যে তাদৃশ মৎস্য দুর্লভ। অতএব বিবেচনা করিল, আমি যদি এই মৎস্য হট্টে লইয়া যাই, তবে অল্প মূল্য পাইব, কিন্তু যদি রাজার নিকটে লইয়া যাই, তবে তিনি সন্তুষ্ট হইয়া আমাকেও সন্তুষ্ট করিবেন। ইহা ভাবিয়া ধীবর ঐ মৎস্য লইয়া রাজার নিকটে গেলে রাজা মৎস্য দেখিয়া এমত সন্তুষ্ট হইলেন, যে ধীবরকে তৎক্ষণাৎ এক শত মুদ্রা পারিতোষিক দিতে আজ্ঞা করিলেন। কিন্তু মন্ত্রী এই কর্ম্ম অপরিমিত জানিয়া রাজাকে কহিল, এক মৎস্যের মূল্য শত মুদ্রা দেওয়া পরামর্শসিদ্ধ নয়। রাজা কহিলেন, আমি কহিয়াছি, না দিলে আমার অপমান হইবে। মন্ত্রী পরামর্শ দিল, এই মৎস্য পুংলিঙ্গ কি স্ত্রীলিঙ্গ? তাহা আপনি ধীবরকে জিজ্ঞাসা করুণ; তাহাতে যদি পুংলিঙ্গ বলে, তবে স্ত্রীলিঙ্গ আনিতে, এবং যদি স্ত্রীলিঙ্গ কহে, তবে পুংলিঙ্গ আনিতে আজ্ঞা করুণ; তাহাতে ধীবর এ প্রকার মৎস্য পুনর্ব্বার আনিতে না পারিলে সুতরাং পারিতোষিক পাইবে না। তখন রাজা মন্ত্রির মন্ত্রণাতে ধীবরকে জিজ্ঞাসিলেন, এই মৎস্য পুংলিঙ্গ কি স্ত্রীলিঙ্গ? তাহাতে ধীবর কহিল, এটা ক্লীব। ইহাতে রাজা হাস্য করিয়া তাহাকে দুই শত মুদ্রা পারিতোষিক দিলেন।

14.—*The List of Fools.*

কতিপয় অশ্ববণিক রাজার নিকটে আসিয়া উত্তম২ অশ্ব দেখাইলে রাজা অতি সন্তুষ্ট হইয়া উচিত মূল্য দিয়া তাহাদের অশ্ব সকল মনোনীত করিয়া ক্রয় করিলেন, এবং অধিক দুই লক্ষ মুদ্রা দিয়া কহিলেন, তোমরা এই টাকা লইয়া গিয়া আপনাদের দেশহইতে আমার জন্যে উত্তম২ অশ্ব ক্রয় করিয়া আনিও। পরে তাহারা প্রস্থান করিলে পর রাজা কোন দিনে ভোজনের সময়ে কৌতুক ভাবে মন্ত্রিকে আজ্ঞা করিলেন, আমার রাজ্যের মধ্যে যত মূর্খ লোক আছে, সেই সকলের নাম এক পত্রেতে লেখ। মন্ত্রী কহিল, মহারাজ, আপনকার কহিবার পূর্ব্বে আমি তাহা লিখিয়াছি, এবং মহামহিমের নাম তাহার প্রথমে অঙ্কপাত করিয়াছি। রাজা জিজ্ঞাসিলেন, মূর্খদের প্রথমে আমার নাম কেন লিখিলা? মন্ত্রী উত্তর করিল, ঐ অশ্ববণিকেরা কোন্ দেশীয় লোক, তাহা না জানিলেও তাহাদের প্রতিভূ না লইয়া অশ্ব কিনিতে তাহাদিগকে দুই লক্ষ মুদ্রা দিলেন, এ অতি মূর্খের

কর্ম্ম। তাহাতে রাজা কহিলেন, তাহারা যদি অশ্ব লইয়া আইসে, তবে কি হইবে? মন্ত্রী কহিল, তবে মহামহিমের নাম কাটিয়া তাহার পরিবর্ত্তে প্রথম পংক্তিতে তাহাদের নাম লিখিব।

15.—*The Poet's life saved.*

এক কবি রাজার নিকটে অপরাধী হইলে রাজা ঘাতককে আজ্ঞা করিলেন, তুমি আমার সম্মুখে ইহার মস্তক ছেদন কর। তাহাতে কবি অতিশয় কম্পান্বিত হইলে রাজার কোন অমাত্য তাহাকে পরিহাস করিয়া কহিল, তোমার এ কি বীরত্ব? পুরুষবাচ্চার ভয় কি? তাহাতে কবি উত্তর করিল, ভাল, তুমি যদি পুরুষত্ব দেখাইবার সুযোগ চাহ, তবে আইস, আমার পদ গ্রহণ কর। তখন রাজা তাহার এই পরিহাসবাক্যে সন্তুষ্ট হইয়া হাস্য করিয়া তাহাকে ক্ষমা করিলেন।

16.—*The six Loaves.*

এক ব্যক্তি নিয়ম করিয়া প্রতিদিন ছয় রুটী ক্রয় করিত। তাহাতে তাহার বন্ধু এক দিন জিজ্ঞাসা করিল, তুমি প্রতিদিন ছয় রুটী লইয়া কি কর? সে কহিল, এক রুটী আমি সঞ্চয় করি; দ্বিতীয় রুটী ফেলিয়া দি; আর দুই রুটী ফিরিয়া দি; এবং অন্য দুই রুটী আমি ঋণ দি। তাহাতে তাহার বন্ধু কহিল, তোমার কথা আমি বুঝিতে পারিলাম না, স্পষ্ট করিয়া বল। সে কহিল; যে রুটী আমি সঞ্চয় করি, তাহা ভক্ষণ করি; এবং অন্য যে রুটী ফেলিয়া দি, তাহা আমার শ্বশ্রূকে দি; ও যে দুই রুটী ফিরিয়া দি, তাহা আমার মাতা পিতাকে দি; আর যে দুই রুটী ধার দি, তাহা আপন সন্তানদিগকে দি।

17.—*Blind Fortune.*

তাইমুর লং নামক খঞ্জ হিন্দুস্থান জয় করিলে পর কোন দিনে কএক জন গায়ককে আহ্বান করিয়া কহিলেন, আমি শুনিয়াছি এই নগরে উত্তম২ গায়ক আছে; অতএব আমি কিছু গান শুনিতে চাহি। তাহাতে এক অন্ধ গান আরম্ভ করিলে রাজা তাহার গানেতে অতিশয় আ-

হ্লাদিত হইলেন, এবং তাহাকে জিজ্ঞাসা করিলেন, তোমার নাম কি? তাহাতে সে বলিল, আমার নাম সৌভাগ্য। রাজা বলিলেন, তবে সৌভাগ্য কি অন্ধ? গায়ক উত্তর করিল, আর কি? যদি সৌভাগ্য অন্ধ না হইত, তবে পঙ্গুর বাটীতে কখনও আসিত না। তখন রাজা এই কথার কৌশলেতে সন্তুষ্ট হইয়া তাহাকে যথেষ্ট পারিতোষিক প্রদান করিলেন।

18.—*The Physician.*

এক ব্যক্তি এক চিকিৎসকের নিকটে গিয়া কহিল, আমার উদরে বেদনা হইয়াছে; আমাকে কিছু ঔষধি দেও। চিকিৎসক জিজ্ঞাসিল, অদ্য তুমি কি ভোজন করিয়াছ? সে কহিল, একখান দগ্ধ রুটী। তখন চিকিৎসক কিছু ঔষধি লইয়া তাহার চক্ষুতে দিতে কহিল। সে জিজ্ঞাসিল, হে কবিরাজ মহাশয়, উদরবেদনার সহিত চক্ষুর কি সম্বন্ধ? কবিরাজ কহিল, অগ্রে তোমার চক্ষু ভাল করিতে হইবে, কেননা যদি তোমার চক্ষু ভাল থাকিত, তবে তুমি দগ্ধ রুটী দেখিয়া ভোজন করিতা না।

19.—*The Poet and the rich man.*

এক কবি এক ধনবানের যশ ও গুণের উত্তমরূপে বর্ণনা করিল, কিন্তু ধনী তাহাকে কিছুই পারিতোষিক দিল না। পরে অন্য দিনে কবি তাহার অযশ ও মূর্খতার উত্তমরূপে বর্ণনা করিল; তাহাতেও ধনী তাহাকে কিছু কহিল না। পরে এক দিবস সেই কবি ঐ ধনবানের দ্বারে উপবিষ্ট থাকিলে ধনবান কবিকে জিজ্ঞাসিল, হে মহাশয়, তুমি আমার অনেক প্রশংসা করিয়াছিলা, তথাপি আমি তোমাকে কিছু দি নাই; এবং আমার অনেক নিন্দাও করিয়াছিলা, তথাপি আমি তোমাকে কিছু বলি নাই; এখন কি মনে করিয়া আমার দ্বারে বসিয়া আছ? কবি কহিল, যদি তোমার মৃত্যু হয়, তবে তোমার নিমিত্তে বিলাপ করিতে পাইব, এই কর্ম্মের আসাতে বসিয়া আছি।

20.—*Plainness and Politeness of speech.*

এক রাজা স্বপ্নেতে দেখিলেন যেন তাঁহার সমস্ত দন্ত পড়িয়া গিয়াছে। অতএব রাজা গণকদিগকে আহ্বান করিয়া, এই স্বপ্নের ফল কি? ইহা জিজ্ঞাসা করিলে এক জন কহিল, তোমার সন্তান সন্ততি ও কুটুম্ববর্গ তো-

মার অগ্রে প্রাণত্যাগ করিবে, এই ফল হইবে। তাহাতে রাজা ক্রোধ করিয়া সেই ব্যক্তিকে কারাগারে বদ্ধ করিয়া অন্য এক গণককে ডাকিলেন। সে আসিয়া স্বপ্নের এই তাৎপর্য্য কহিল, মহারাজ, তোমার সন্তান সন্ততি ও কুটুম্ববর্গ ইহাদের সর্ব্বাপেক্ষা তোমার আরও দীর্ঘায়ু হইবে। তখন রাজা তাহার এই গণনা গ্রাহ্য করিয়া তাহাকে যথেষ্ট পারি- তোষিক দিলেন।

21.—*Haughtiness reproved.*

এক ব্যক্তি হঠাৎ অনেক ধন পাইলে পর তাহার পর্ব্বকার এক বন্ধু তাহার সহিত সাক্ষাৎ করিতে আইল। তখন ধনবান তাহাকে জিজ্ঞাসা করিল, তুমি কে? কি নিমিত্তে আসিয়াছ? তাহাতে সে কহিল, হায় ২ আমাকেও কি চিনিতে পার না? আমি তোমার প্রাচীন বন্ধু; শুনিলাম তুমি অন্ধ হইয়াছ, একারণ তোমাকে দেখিতে আইলাম।

22.—*The hungry King.*

এক রাজা যুদ্ধে পরাজিত হইয়া শত্রুপক্ষীয় এক পদাতির হস্তে ধৃত হইলেন, কিন্তু তিনি রাজা, ইহা সেই সেনা জানে না। পরে ঐ সেনা তাহার মস্তকে আপনার পুটলী দিয়া লইয়া চলিল। অপর সেনা স্বস্থানে উপস্থিত হইলে রাজাকে কিঞ্চিৎমাত্র তণ্ডুল দিয়া কহিল, ইহা পাক করিয়া খাও। তখন রাজা অতি ক্ষুধিত ছিলেন, একারণ কি করিবেন? সেই তণ্ডুল লইয়া এক হাঁড়ীতে চড়াইয়া অগ্নির তাপ যেন না লাগে, একারণ আপনি দূরে বসিলেন; তাহাতে এক কুক্কুর আসিয়া সে হাঁড়ী লইয়া পলায়ন করিল। তাহা দেখিয়া রাজা হাস্য করিলেন, কিন্তু ঐ সেনা ক্রুদ্ধ হইয়া কহিল, ওরে মূর্খ, কুক্কুরে তোর ভাতের হাঁড়ী লইয়া গেল, তাহা দেখিয়া হাসিতেছিস্? তোর আহ্লাদের কারণ কি, তাহা আমাকে বল্। রাজা মৌন হইয়া থাকিলেন। তাহাতে সেনা আরও ক্রোধ করিয়া কতিপয় কশাঘাত করিলে রাজা কহিলেন, পূর্ব্বে আমার এমত অবস্থা ছিল, আমি যখন মৃগয়া করিতে যাইতাম, তখন এক শত উষ্ট্রের উপরে আমার পাকের দ্রব্যাদি আমার সঙ্গে যাইত; কিন্তু অদ্য আমার এমত অবস্থা, যে এক মুষ্টি তণ্ডুল উপস্থিত, তাহাও কুক্কুরে লইয়া গেল। ইহা শুনিয়া সেনা তাহাকে রাজা জানিয়া আপন অপরাধ ক্ষমা প্রার্থনা করিয়া তাহাকে মুক্ত করিল।

22.—*The Parrot.*

এক জন এক শূকপক্ষি পুষিয়া তাহাকে কথা কহিতে শিক্ষা করাইল; তাহাতে ঐ পক্ষিকে কোন কথা জিজ্ঞাসা করিলে ‘ইহাতে সন্দেহ কি?’ সে ইহাইমাত্র উত্তর করিত। এক দিবস ঐ ব্যক্তি সেই শূককে বিক্রয় করিতে হট্টে লইয়া গেল। এক মোগল তাহার মূল্য জিজ্ঞাসা করিলে সে কহিল, ইহার মুল্য এক শত মুদ্রা। তখন মোগল ঐ শূককে জিজ্ঞাসা করিল, তুমি কি এক শত মুদ্রা মূল্যের যোগ্য হইবা? তাহাতে শূক অভ্যাসানুসারে উত্তর করিল, ইহাতে সন্দেহ কি? অতএব মোগল আহ্লাদিত হইয়া শত মুদ্রা দিয়া ঐ শূক ক্রয় করিয়া লইয়া গেল; কিন্তু তাহাকে যখন যাহা জিজ্ঞাসা করে, তখন সে ইহাই মাত্র উত্তর করে, ইহাতে সন্দেহ কি? ইহা দেখিয়া মোগল যে ঐ পক্ষিকে শত মুদ্রা দিয়া ক্রয় করিয়াছে, ইহাতে লজ্জিত ও দুঃখিত হইয়া কহিল, আমি এই পক্ষিকে ক্রয় করিয়া মুর্খত্ব প্রকাশ করিয়াছি। তাহাতে পক্ষী কহিল, ইহাতে সন্দেহ কি? তাহা শুনিয়া মোগল হাসিয়া পক্ষিকে ছাড়িয়া দিল।

23.—*A compliment returned.*

এক দিবস রাজা ও রাজপুত্র উভয়ে মৃগয়াতে গমন করিলেন। তৎকালে মহাগ্রীষ্ম উপস্থিত হইলে তাঁহারা উভয়ে আপনাদের বস্ত্র ত্যাগ করিয়া এক কৌতুকী লোকের পৃষ্ঠে রাখিয়া পরিহাস রূপে কহিলেন, হে কৌতুকী, তুমি এক গর্দ্দভের ভার লইয়াছ। কৌতুকী উত্তর করিল, মহারাজ, এক গর্দ্দভের ভার নহে, দুই গর্দ্দভের ভার লইয়াছি।

24.—*Touching Eloquence.*

এক মুসলমান নিত্য২ পিরের গান করিত, তাহাতে শ্রোতাদের মধ্যে এক বৃদ্ধা স্ত্রী অতিশয় রোদন করিত, অতএব এ ভাল বুঝিতে পারে, এবং ধর্ম্মের প্রতি ইহার অত্যন্ত শ্রদ্ধা আছে, ইহা বলিয়া সকলেই তাহার প্রশংসা করিত। কিন্তু এক দিন সে স্ত্রী ইহা শুনিয়া কহিল, আমি ধর্ম্মকথার ভাব কিছুই বুঝিতে পারি না; তথাপি আমি যে রোদন করি, তাহার কারণ শুন। আমি এই গায়কের মত দাড়ী বিশিষ্টা এক ছাগী পুষিয়াছিলাম, তাহাকে বড় ভাল বাসি-

তাম, অল্প দিন হইল সে মরিয়াছে। তাহাতে আমি যখন ঐ গায়কের দাড়ীর প্রতি দৃষ্টি করি, তখনি সেই ছাগী মনে পড়ে, এই জন্যে আমি রোদন করি।

25.—*The Dervish's turban.*

কোন ব্যক্তি এক উদাসীনের উষ্ণীষ লইয়া পলায়ন করিলে ঐ উদাসীন কবরস্থানে গিয়া বসিল। তাহাতে নিকটস্থ লোকেরা তাহাকে কহিল, যে জন তোমার উষ্ণীষ লইল সে উদ্যানে পলায়ন করিল, তুমি কবরস্থানে বসিয়া কি কর? উদাসীন উত্তর করিল, শেষে তাহাকে এখানে আসিতে হইবে, এই নিমিত্তে আমি এ স্থানে বসিয়াছি।

26.—*The King and his Minister.*

এক রাজা আপনার মন্ত্রির সহিত একত্র খর্জ্জূর ভোজন করিতেছিলেন, তাহাতে মন্ত্রী আপনার নিকটস্থ যে পাত্রে বীজ ফেলিতেছিলেন, রাজাও সেই পাত্রে বীজ ফেলিলেন। পরে উভয়ের ভোজন সাঙ্গ হইলে রাজা কৌতুক ভাবে মন্ত্রিকে কহিলেন, তুমি বড় ভোক্তা, তোমার পাত্রে অনেক বীজ দেখিতেছি। মন্ত্রী উত্তর করিল, মহারাজ আমাহইতেও উদরম্ভরি, কেননা মহারাজ কত খর্জ্জূর আহার করিয়াছেন, তাহা যেন কেহ গণনা করিতে না পারে, এই জন্যে বীজসুদ্ধ সকলই গ্রাস করিয়াছেন।

27.—*Two Extremes.*

এক দিবস সেকন্দর রাজা আপন সভাস্থদের নিকটে কহিলেন, আমি কখনো কাহাকে নৈরাশ করি নাই; যে যাহা প্রার্থনা করিয়াছে, তাহাকে তাহা দিতে স্বীকার করিয়াছি। এমন সময়ে এক জন প্রার্থনা করিল; মহারাজ, এক পয়সাতে আমার প্রয়োজন আছে, আমাকে তাহা প্রদান করুন। তাহাতে রাজা কহিলেন, রাজার নিকটে এমত অল্প প্রার্থনা করাতে রাজার অপমান হয়, অধিক প্রার্থনা কর। তাহাতে সে প্রার্থনা করিয়া কহিল, মহারাজ, তবে আমাকে এক রাজ্য প্রদান করুণ। তখন রাজা কহিলেন, তুমি প্রথমে আমার অপমানজনক প্রার্থনা করিলা; পরে দ্বিতীয়বার যে প্রার্থনা করিলা তাহা তোমার অবস্থার উপযুক্ত নহে; অতএব দুই প্রার্থনাতেই তোমার মুর্খতা প্রকাশ হইল। ইহাতে সে লজ্জিত হইয়া নীরব হইল।

28.—*Evils of a bad hand-writing.*

এক জন অন্য জনকে এক পত্র লিখিয়া দিতে নিবেদন করিলে সে বলিল, আমার চরণে বেদনা হইয়াছে, আমি লিখিতে পারি না। তাহাতে সে জিজ্ঞাসিল, চরণের সহিত লেখনের সম্বন্ধ কি? লেখক কহিল, তাহা সকলের নাই, কিন্তু আমার আছে। কেননা যাহার নিকটে যে পত্র আমি লিখি, তাহা তাহার নিকটে গিয়া পাঠ করিয়া দিতে হয়, নতুবা আমার লেখা অন্য কেহ পাঠ করিতে পারে না।

29.—*Mortified Curiosity.*

এক ব্যক্তি পত্র লিখিতেছিল, তখন তাহার নিকটে উপবিষ্ট অপরিচিত অন্য ব্যক্তি তাহা অবলোকন করিতে লাগিল। তাহাতে লেখক ইহা লিখিল, এক অপরিচিত মুর্খ লোক আমার নিকটে বসিয়া আমার লিপি পাঠ করিতেছে, একারণ কোন বিশেষ কথা লিখিতে পারিলাম না। তাহাতে সে কহিল, তুমি কি আমাকে নির্ব্বোধ জ্ঞান, কেন বিশেষ কথা লিখ না? আমি তোমার লিপি পড়িতেছি না। লেখক উত্তর করিল, যদি তুমি আমার লিপি পড় নাই, তবে আমি যাহা লিখিয়াছি, তাহা কি প্রকারে জানিলা?

30.—*A Cock's logic.*

এক বাজপক্ষী এক কুক্কুটকে কহিল, তোমরা বড় অকৃতজ্ঞ জাতি, কেননা যে মনুষ্যেরা তোমাদিগকে পালন করে ও গৃহের মধ্যে বাসস্থান দেয়, তাহারা তোমাদিগকে ধরিতে ইচ্ছা করিলে তোমরা পলায়ন কর। কিন্তু দেখ, আমরা বন্যপক্ষী হইলেও যদি কোন মনুষ্যের নিকটে অল্প দিন পালিত হই, তবে তাহার উপকারার্থে বনহইতে অন্যান্য পক্ষি মৃগয়া করিয়া আনিয়া তাহাকে দি; এবং যত দূরে গমন করি, ডাকিবামাত্র তাহার নিকটে আগমন করি। কুক্কুট উত্তর করিল, তুমি কখনো বাজপক্ষিকে শূলে বিদ্ধ হইয়া অগ্নিতে দগ্ধ হইতে দেখিয়াছ? কিন্তু আমি অনেক২ কুক্কুটকে শূলে বিদ্ধ হইয়া দগ্ধ হইতে দেখিয়াছি, এবং কত শতকে অগ্নিতে ভর্জ্জিত করিতেও দেখিয়াছি। তুমি যদি এক বাজপক্ষিকে কেবল শূলে বিদ্ধ হইতে দেখিতা, তবে উড়িয়া বহুদূরে পলায়ন করিতা, আর আসিতা না। তাহাতে বাজ নিরুত্তর হইল।

31.—*Love of Independence.*

এক বিজ্ঞ লোক রাজার অতিপ্রিয় পাত্র ছিল, কিন্তু সে সর্ব্বদা আপন দাড়ীর কেশ উৎপাটন করিত, এই তাহার স্বভাব ছিল; এ কারণ রাজা তাহাকে নিষেধ করিয়া কহিলেন, তুমি যদি পুনর্ব্বার দাড়ীর এক গাছা কেশ উৎপাটন কর, তবে আমি তোমাকে নিগ্রহ করিব। পরে কিছু দিন বিলম্বে ঐ ব্যক্তি রাজার মনোনীত কোন কর্ম্ম উত্তম রূপে নিষ্পন্ন করাতে রাজা তাহার প্রতি প্রসন্ন হইয়া কহিলেন, তুমি কি চাহ? যাহা চাহ তাহাই তোমাকে দিব। তাহাতে সে বিজ্ঞ ব্যক্তি কহিল, আমার দাড়ী ইচ্ছানুসারে ব্যবহার করিতে পারি, এইমাত্র প্রার্থনা করি। তাহাতে রাজা ঈষদ্ধাস্য করিয়া তাহা করিতে অনুমতি দিলেন।

32.—*Let well alone.*

এক জন আপন দাসকে আজ্ঞা করিল, কল্য প্রাতঃকালে একত্র দুই কাক দর্শন করিলে আমাকে কহিবা, আমি গিয়া তাহা দর্শন করিব, কেননা প্রাতঃকালে যুগ্মকাক দর্শন অতি মঙ্গলজনক, তদ্দ্বারা সমস্ত দিন আনন্দে ক্ষেপণ হয়। পরে প্রাতঃকালে তাহার দাস একত্র দুই কাক দেখিয়া আপন প্রভুকে জ্ঞাত করিল, কিন্তু প্রভু আসিতে২ এক কাক উড়িয়া গেল। সে আসিয়া এক কাকমাত্র দর্শন করিল, ইহাতে আপন দাসের প্রতি ক্রোধ করিয়া তাহাকে কশাঘাত করিতে লাগিল। ঐ সময়ে তাহার বন্ধুর বাটীহইতে নানাবিধ উত্তম২ খাদ্যসামগ্রী উপঢৌকন আইল। তাহাতে ঐ দাস কহিল, হে মহাশয়, আপনি দুই কাক না দেখিয়া এক কাকমাত্র দর্শন করিয়াছেন, ইহাতে বিরক্ত হইবেন না; যেহেতুক এক কাককে দেখিয়া আপনি উত্তম খাদ্য পাইলেন; কিন্তু যদি দুই কাক দর্শন করিতেন, তবে কি জানি আমার মত কশাঘাত খাইতেন।

33.—*A pattern for quacks.*

এক বৈদ্য যখন২ কবরস্থানে গমন করিত, তৎ২ কালে বস্ত্র দিয়া আপনার মুখ ও মস্তক আচ্ছাদন করিত। তাহাতে এক জন ইহার বিশেষ কারণ জিজ্ঞাসা করিলে বৈদ্য উত্তর করিল, এই কবরস্থানে যত লোক পোতাঁ আছে, তাহারা সকলেই আমার ঔষধ পান করিয়া মরিয়াছে, এই জন্যে আমি লজ্জিত আছি।

34.—*Opportune madness.*

এক দিবস এক দুর্জ্জন রাজা একাকী নগরহইতে বহির্গমন সময়ে বৃক্ষতলে এক ব্যক্তিকে বসিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, এই নগরের রাজা কেমন মনুষ্য, অত্যাচারী কি ধার্ম্মিক? তাহাতে সে কহিল, রাজা বড় অত্যাচারী। তখন রাজা কহিলেন, তুমি আমাকে চিন? সে কহিল, না। তাহাতে রাজা কহিলেন, আমি এই দেশের রাজা। ইহা শুনিয়া সে অতি ভীত হইলেও জিজ্ঞাসা করিল, আমি কে, তাহা আপনি জানেন? রাজা কহিলেন, জানি না। সে কহিল, আমি অমুক সদাগরের পুত্র। আমি প্রতি মাসে তিন দিবস ক্ষিপ্ত হই, অদ্য ঐ তিন দিবসের এক দিবস। ইহাতে রাজা হাস্য করিয়া তাহাকে আর কিছু কহিলেন না।

35.—*Payment in kind.*

এক কবি এক ধনির নিকটে গিয়া তাহার অনেক প্রশংসা করিল, তাহাতে ধনী অতি আহ্লাদিত হইয়া তাহাকে কহিল, এক্ষণে আমার নিকটে টাকা নাই, কিন্তু ধান্য অনেক আছে; তুমি যদি কল্য আমার নিকটে পুনর্ব্বার আইস, তবে তোমাকে তাহার কিছু দিব। পরে পরদিন প্রাতঃকালে কবি ধনির নিকটে গমন করিবামাত্র ধনী তাহাকে জিজ্ঞাসা করিল, আপনি কি নিমিত্তে আসিয়াছেন? কবি কহিল, গত কল্য তুমি আমাকে কিছু ধান্য দিতে স্বীকার করিয়াছিলা, সেই নিমিত্তে আমি এখন আসিয়াছি। তাহাতে ধনী উত্তর করিল, তুমি অতি মুর্খ; কেননা তুমি আমাকে যেমন বাক্যদ্বারা সন্তুষ্ট করিয়াছিলা, আমিও তোমাকে তদ্রূপ বাক্যদ্বারা সন্তুষ্ট করিয়াছি; অধিকন্তু তোমাকে ধান্য দিব কেন? ইহাতে কবি লজ্জিত হইয়া চলিয়া গেল।

36.—*A compliment.*

এক উদাসীন কোন অপরাধ প্রযুক্ত এক হাপ্‌সি অর্থাৎ কাফরী কোতয়ালের নিকটে আনীত হইলে কোতয়াল তাহার সকল মুখে কালী দিয়া নগরের সর্ব্বত্র ফিরাইতে আজ্ঞা দিল। তাহাতে উদাসীন কহিল, ও মহাশয়, আমার সকল মুখে কালী দিও না। কেননা তাহা দিলে সকল লোক বোধ করিবে যে হাপ্‌সি কোতয়ালকে নগর ফিরাইতেছে। কোতয়াল এই কথাতে হাস্য করিয়া তাহাকে ক্ষমা করিল।

37.—*The blind Man's Lamp.*

এক অন্ধ অন্ধকার রাত্রিতে মস্তকে এক মৃত্তিকার জালা ও দক্ষিণ হস্তে এক প্রদীপ লইয়া যাইতেছিল; তাহাতে কোন জন তাহাকে বলিল, ওরে মূর্খ, তুমি অন্ধ, তোমার দিবা রাত্রি দুই সমান, তবে কেন প্রদীপ জ্বালিয়া যাইতেছ? তাহাতে অন্ধ হাস্য করিয়া কহিল, এই প্রদীপ আমার নিমিত্তে লই নাই, কিন্তু তোমার নিমিত্তে, কি জানি অন্ধকারে তুমি আমার জালা ভাঙ্গিয়া ফেলিবা।

38.—*A cheap insult.*

এক উদাসীন এক মুদির দোকানে গিয়া কোন দ্রব্য ক্রয় করিবার জন্যে অতি অরান্বিত হইলে মুদি তাহাকে দুর্ব্বাক্য কহিল; তাহাতে উদাসীন মুদির মস্তকে জুতা মারিল। অতএব মুদি বিচারকর্ত্তার নিকটে গিয়া তাহা নিবেদন করিল, তাহাতে বিচারকর্ত্তা উদাসীনকে ডাকাইয়া জিজ্ঞাসিল, তুমি কেন মুদিকে জুতা মারিয়াছ? সে কহিল, মুদি আমাকে দুর্ব্বাক্য কহিয়াছে। বিচারকর্ত্তা কহিল, ও উদাসীন, তুমি বড় অপরাধ করিয়াছ; সে গালি দিলে তুমি তাহাকে প্রহার করিয়াছ; অতএব অর্দ্ধমুদ্রা তোমার দণ্ড করিলাম, তুমি মুদিকে ঐ অর্দ্ধ মুদ্রা দেও। তাহাতে উদাসীন তৎক্ষণাৎ বস্ত্রহইতে এক মুদ্রা বাহির করিয়া বিচারকর্ত্তার হস্তে দিয়া তাহার মস্তকে এক চর্ম্মপাদুকাঘাত করিয়া কহিল, তোমার যদি এমত বিচার হয়, তবে ইহার অর্দ্ধমুদ্রা তুমি লও, আর অর্দ্ধমুদ্রা মুদিকে দেও।

39.—*The Painter turned Physician.*

এক চিত্রকর আপন জন্মস্থান ত্যাগ করণ পূর্ব্বক অন্য নগরে গিয়া চিকিৎসা করিতে আরম্ভ করিল। পরে তাহার দেশস্থ এক ব্যক্তি আসিয়া জিজ্ঞাসা করিল, তুমি এখন কি ব্যবসায় কর? তাহাতে চিত্রকর কহিল, এখন চিকিৎসা ব্যবসা করিয়া থাকি। সে জিজ্ঞাসিল, এ ব্যবসা কর কেন? চিত্রকর উত্তর করিল, চিকিৎসা ব্যবসাতে যদি আমার ত্রুটি হয়, তবে মৃত্তিকা তাহা গোপন করে।

40.—*A good Reproof.*

এক দুঃখী কবি এক ধনির নিকটে গিয়া তাহার এমত নিকটে বসিল যে উভয়ের মধ্যে এক বিঘৎমাত্র অন্তর ছিল। তাহাতে ধনী বিরক্ত হইয়া কহিল, তোমাতে এবং গর্দ্দভেতে কি তফাৎ? কবি উত্তর করিল, এক বিঘৎমাত্র। তাহাতে ধনী অতি লজ্জিত হইয়া আপনার ত্রুটি স্বীকার করিল।

41.—*A Beggar's wants.*

এক ভিক্ষুক এক ধনির দ্বারে গিয়া কিছু যাজ্ঞা করিলে কোন ব্যক্তি বাটীহইতে উত্তর করিল, গৃহিণী গৃহে নাই। তাহাতে ভিক্ষুক কহিল, আমি এক খণ্ড রুটীর নিমিত্তে যাজ্ঞা করিয়াছিলাম, গৃহিণীতে আমার প্রয়োজন নাই।

42.—*A Dilemma.*

এক রাজা কোন বিজ্ঞ ব্যক্তিকে আহ্বান করিয়া কহিলেন, আমি তোমাকে এই নগরের শাসনকর্ত্তা করিতে ইচ্ছা করি। তাহাতে সে কহিল, আমি এ কর্ম্মের উপযুক্ত নহি। রাজা জিজ্ঞাসিলেন, কেন উপযুক্ত নহ? সে উত্তর করিল, যদি আমার বাক্য সত্য হয়, তবে আমাকে ক্ষমা করা কর্ত্তব্য; আর যদি মিথ্যা হয়, তবে মিথ্যাবাদিকে শাসনকর্ত্তা করা অনুচিত হয়। ইহাতে রাজা তাহার নিবেদন গ্রাহ্য করিয়া তাহাকে বিদায় করিলেন।

43.—*A Faqir's luck.*

এক দিবস কোন প্রধান লোক এক লক্ষ্য স্থাপন করিয়া তাহাতে বাণ ক্ষেপণ করিতেছিল, এবং সে স্থানে অনেক ধনুর্দ্ধর উপস্থিত ছিল, কিন্তু কেহ সেই লক্ষ্য বিদ্ধ করিতে পারিতেছিল না। এমন সময়ে এক ফকির তথায় উপস্থিত হইয়া ভিক্ষা যাজ্ঞা করিল। তখন ঐ প্রধান লোক সেই ফকিরের হস্তে আপনার ধনুর্ব্বাণ দিয়া কহিল, তুমি ঐ লক্ষ্য বিদ্ধ কর। তাহাতে ফকির সেই লক্ষ্য দৃষ্টি করিয়া হঠাৎ বিদ্ধ করিল। অতএব ঐ প্রধান লোক অতি সন্তুষ্ট হইয়া তাহাকে এক শত মুদ্রা

পারিতোষিক দিয়া কহিল, তুমি গমন কর। কিন্তু ফকির উত্তর করিল, আমাকে অকৃতকার্য্য করিয়া বিদায় করিও না। ইহাতে প্রধান লোক বিরক্ত হইয়া কহিল, তোমাকে একশত মুদ্রা পারিতোষিক দিলাম, তথাপি তুমি কহিতেছ, আমি অকৃতকার্য্য রহিলাম, কেমন কথা? ফকির উত্তর করিল, আমি লক্ষ্য বিদ্ধ করিয়াছি, তন্নিমিত্তে একশত মুদ্রা পাইয়াছি; কিন্তু ভিক্ষা করিয়াছি, তন্নিমিত্তে কি পাইয়াছি? তখন ঐ প্রধান লোক হাস্য করিয়া তাহাকে আরো কিছু পারিতোষিক দিল।

44.—*An Author proved true.*

এক ব্যবস্থাপক রাত্রিতে পুস্তক পাঠ করিতে২ এই বচন পাঠ করিল, যাহার ক্ষুদ্র মস্তক ও দীর্ঘ শ্মশ্রু থাকে, সে মূর্খ হয়। ঐ ব্যবস্থাপকের স্বাভাবিক ক্ষুদ্র মস্তক ও দীর্ঘ শ্মশ্রু ছিল, এ কারণ ভাবিল, আমার ক্ষুদ্র মস্তকের বৃদ্ধি করা অসাধ্য, কিন্তু দীর্ঘ শ্মশ্রুর হ্রাস করা সুসাধ্য বটে। ইহা বিবেচনা করিয়া সে কর্ত্তরীর অন্বেষণ করিল, কিন্তু তাহা না পাওয়াতে অনুপায় হইয়া শ্মশ্রুর অর্দ্ধভাগ হস্তে ধরিয়া অন্য অর্দ্ধেক প্রদীপে ধরিল, তাহাতে কেশ অগ্নিতে প্রজ্বলিত হইলে তাহার শিখা তাহার হস্তে স্পর্শ হইল, তখন সে আপন মুষ্টি ত্যাগ করাতে সমুদয় শ্মশ্রু দগ্ধ হইয়া গেল। তাহাতে ব্যবস্থাপক লজ্জিত হইয়া পুস্তকের বাক্য যে সত্য ইহা স্বীকার করিল।

45.—*A dear compliment.*

এক দিবস এক রাজা প্রাসাদোপরি বসিয়াছিলেন, এমন সময়ে এক ব্যক্তি আসিয়া তাঁহাকে এক পক্ষি দর্শন করাইল। তাহাতে রাজা তাহাকে আহ্বান করিয়া জিজ্ঞাসিলেন, তুমি আমাকে কেন পক্ষি দেখাইতেছ? সে কহিল, হে মহারাজ, আমি এক ব্যক্তির সহিত আপনকার নিমিত্তে পণ করিয়া এই পক্ষি জয় করিয়াছি, এ কারণ তাহা মহারাজের নিকটে আনিয়াছি। ইহাতে রাজা সন্তুষ্ট হইয়া পক্ষিকে রক্ষনাগারে প্রেরণ করিলেন। পরে দুই তিন দিনের পর ঐ ব্যক্তি পুনশ্চ আসিয়া কহিল, হে মহারাজ, অদ্য এই মেষ মহাশয়ের নিমিত্তে জয় করিয়াছি, অতএব তাহা আপনকার নিকটে আনিয়াছি। তখন রাজা তাহাও গ্রহণ করিলেন। অপর ঐ ব্যক্তি এক মনুষ্যের সহিত তৃতীয় বার রাজার নিকটে উপস্থিত হইল। তাহাতে রাজা তাহাকে শূন্য

হস্তে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, অদ্য তুমি আমার নিমিত্তে কিছুই আন নাই। তাহাতে সে উত্তর করিল, আমি এই মনুষ্যের সহিত রাজার নিমিত্তে দুই সহস্র মুদ্রা পণ করিয়াছিলাম, কিন্তু তাহাতে পরাজিত হইয়াছি, অতএব এ ব্যক্তি মুদ্রা লইতে মহারাজের নিকটে আসিয়াছে। ইহাতে রাজা ঈষদ্ধাস্য করিয়া তাহাকে মুদ্রা দিয়া কহিলেন, আর কখনও আমার নিমিত্তে কাহারও সহিত পাশা খেলিও না, কেননা আমি তোমাহইতে আর কখনও কিছু লইব না, এবং তোমাকেও কিছু দিব না।

46.—*An Argument ad hominem.*

এক ব্যক্তি এক উদাসীনের নিকটে গমন করিয়া তাহাকে তিন প্রশ্ন জিজ্ঞাসা করিল। প্রথম প্রশ্ন। মনুষ্যেরা পরমেশ্বরকে সর্ব্বব্যাপি কহে, কিন্তু আমি কোন স্থানেই তাঁহাকে দেখিতে পাই না, অতএব তিনি কোথায়? তাহা আমাকে দেখাও। দ্বিতীয় প্রশ্ন। মনুষ্য অপরাধের জন্যে কেন দণ্ডপ্রাপ্ত হয়? কেননা মনুষ্য যে ২ কর্ম্ম করে, তাহা পরমেশ্বরের নিয়োগেতেই করে; মনুষ্যের স্বতন্ত্র ইচ্ছা কিছু নাই; পরমেশ্বরের ইচ্ছার বিরুদ্ধ কিছুই করিতে পারে না। যদি মনুষ্য সকল কর্ম্ম করিতে পারিত, তবে আপনার নিমিত্তে সকল কর্ম্মই ভাল করিত। তৃতীয়। কি প্রকারে পরমেশ্বর শয়তানকে নরকাগ্নিতে যন্ত্রণা দেন? কেননা সে আপনি অগ্নিময়, তবে অগ্নি কি প্রকারে অগ্নিকে যন্ত্রণা দিতে পারে? ইহাতে উদাসীন এক মৃৎখণ্ড হস্তে লইয়া ঐ ব্যক্তির মস্তকে আঘাত করিল। তাহাতে সে রোদন করিতে২ বিচারকর্ত্তার নিকটে গিয়া কহিল, আমি অমুক উদাসীনের নিকট গিয়া তিন প্রশ্ন করিলাম, কিন্তু সে আমার মস্তকে এমত লোষ্ট্রাঘাত করিল যে তাহাতে আমার মস্তক বেদনা করিতেছে। তখন বিচারকর্ত্তা উদাসীনকে ডাকাইয়া জিজ্ঞাসা করিল, তুমি ইহার প্রশ্নের উত্তর না দিয়া কেন ইহার মস্তকে আঘাত করিয়াছ? উদাসীন উত্তর করিল, ঐ লোষ্ট্রাঘাতদ্বারাই তাহার প্রশ্নের উত্তর হইয়াছে, কেননা সে কহিতেছে, আমার মস্তকে বেদনা হইয়াছে। ভাল, সে যদি আপন বেদনা আমাকে দেখাইতে পারে, তবে আমিও সর্ব্বব্যাপি পরমেশ্বরকে দেখাইব। আর এই আঘাতের বিষয়ে সে কেন আদ্দাস করিয়াছে? আমি যাহা করি, তাহাই যদি পরমেশ্বরের নিয়োগেই করি, তবে পরমেশ্বরের আজ্ঞা ব্যতিরেকে তাহাকে আঘাত করি নাই। আমার সাধ্য কি আছে? আর ঐ ব্যক্তি মৃৎপিণ্ড, তবে কেমন করিয়া মৃৎখণ্ডদ্বারা

মৃৎপিণ্ড বেদনা পাইতে পারে ? ইহাতে সেই ব্যক্তি লজ্জিত হইল, এবং বিচারকর্ত্তা উদাসীনের প্রতি বড় সন্তুষ্ট হইল।

47.—*A Groom's meditations.*

এক অশ্বারূঢ় কোন নগরে উপস্থিত হইলে সে স্থানে অনেক তস্কর আছে ইহা শুনিল; অতএব সে আপন অশ্বরক্ষককে কহিল, তুমি শয়ন কর, আমি অশ্ব চৌকি দি, তোমার প্রতি আমি বিশ্বাস করিতে পারি না। অশ্বরক্ষক উত্তর করিল, এ কেমন কথা? আমি দাস নিদ্রা যাইব, প্রভু জাগিয়া থাকিবেন, এমন হইতে পারে না। তাহাতে প্রভু শয়ন করিতে গমন করিল। অপর তিন ঘণ্টা পরে জাগ্রৎ হইয়া অশ্বরক্ষককে উচ্চৈঃস্বরে জিজ্ঞাসিল, তুমি কি করিতেছ ? সে কহিল, আমি ইহা বিবেচনা করিতেছি, পরমেশ্বর জলের উপরে পৃথিবীকে কি প্রকারে বিস্তীর্ণ করিয়াছেন ? তাহার প্রভু কহিল, তুমি এমন ভাবনাতে অন্যমনস্ক থাকিলে কি জানি কখন্ চোর আইসে, ইহাতে আমি ভীত আছি। অশ্বরক্ষক কহিল, হে প্রভো, আপনি নিশ্চিন্ত হইয়া নিদ্রা যাউন, আমি চৌকি দিতেছি। তাহাতে প্রভু পুনর্ব্বার শয়ন করিল, কিন্তু দ্বিতীয় প্রহর রাত্রিতে আরবার উঠিয়া উচ্চৈঃস্বরে জিজ্ঞাসিল, হে অশ্বরক্ষক, তুমি কি করিতেছ ? সে উত্তর করিল, পরমেশ্বর স্তম্ভ ব্যতিরেকে আকাশকে কি প্রকারে স্থাপিত করিয়াছেন ? ইহাই বিবেচনা করিতেছি। প্রভু কহিল, তোমার অন্যমনস্ক থাকাতে আমি ভয় করি, কি জানি কোন্ সময়ে চোর আসিয়া অশ্ব লইয়া যাইবে। অশ্বরক্ষক উত্তর করিল, হে প্রভো, আমি জাগ্রৎ আছি, কি প্রকারে চোর আসিতে পারে ? তাহার প্রভু কহিল, যদি শয়ন করিতে ইচ্ছা হয়, তবে শয়ন কর, আমি জাগিয়া থাকি। তাহাতে সে উত্তর করিল, আমি নিদ্রালু নহি। তখন তাহার প্রভু পুনর্ব্বার শয়ন করিল। কিন্তু এক ঘণ্টা রাত্রি থাকিতে উঠিয়া আরবার জিজ্ঞাসা করিল, হে অশ্বরক্ষক, তুমি কি করিতেছ ? তখন সে উত্তর করিল, চোরেরা আসিয়া অশ্ব অপহরণ করিয়াছে, এখন বিবেচনা করিতেছি, কল্য তাহার সজ্জা মস্তকে বহন করিব, কি তোমাকে মস্তকে বহিয়া লইয়া যাইব।

48.—*A Miser's Terms.*

এক উদাসীন এক কৃপণের নিকটে আসিয়া কিঞ্চিৎ যাচ্ঞা করিল। তাহাতে কৃপণ কহিল, তুমি যদি আমার এক কথা স্বীকার কর, তবে তুমি

যাহা চাহিবা, তাহা পূর্ণ করিব। উদাসীন জিজ্ঞাসিল, কি কথা? সে কহিল, আমার কাছে কোন দান চাহিও না, আর যাহা করিতে কহিবা, তাহা করিব।

49.—*The Miser's Token.*

এক ব্যক্তির এক কৃপণের সহিত বন্ধুতা ছিল, পরে সে প্রবাসে গমনের সময়ে আপন কৃপণ বন্ধুকে কহিল, হে বন্ধো, তোমার অঙ্গুরীয়টি আমাকে দেও, আমি আপন নিকটে রাখি, তাহাতে প্রবাসে থাকিয়া ঐ অঙ্গুরীয় দেখিলে সর্ব্বদা তোমাকে মনে পড়িবে। তাহাতে কৃপণ বন্ধু উত্তর করিল, যদি আমাকে স্মরণ করিতে তোমার ইচ্ছা হয়, তবে অঙ্গুরীয়ের প্রয়োজন কি? তোমার শূন্য অঙ্গুলী দেখিলেই আমাকে স্মরণ করিতে পারিবা।

50.—*Partiality reproved.*

এক দরিদ্র পণ্ডিত এক নগরে উপস্থিত হইয়া শুনিল, এ নগরে অমুক ব্যক্তি বড় দাতা, বিজ্ঞ লোকদের সেবা যত্নপূর্ব্বক করান। অতএব সে ভোজনার্থে তাহার বাটীতে গমন করিল, কিন্তু তাহাকে কেহ বসিতেও বলিল না ও কোন কথাও কহিল না। ইহাতে সে লজ্জিত হইয়া ফিরিয়া আইল। অপর পরদিবসে সে বিবেচনা করিয়া উত্তম বস্ত্র ভাড়া করিয়া আনিয়া পরিধান পূর্ব্বক পুনশ্চ সেই বাটীতে গমন করিল। তাহাতে বাটীর কর্ত্তা তাহাকে সমাদর করিয়া যত্নপূর্ব্বক আপনার নিকটে বসাইল, এবং ভোজন সময়ে নানাবিধ উত্তম ২ সামগ্রী তাহাকে প্রদান করিল। তাহাতে সে ব্যক্তি প্রথম গ্রাস লইয়া অগ্রে আপন পরিধান বস্ত্রেতে রাখিল, পরে ভোজন করিতে লাগিল। তাহা দেখিয়া বাটীর কর্ত্তা জিজ্ঞাসা করিল, ও কি করিলা? তখন সে উত্তর করিল, গত দিবস পুরাতন বস্ত্র পরিধান করিয়া আসিয়াছিলাম, তাহাতে কেহ আমার সহিত আলাপও করে নাই; কিন্তু অদ্য উত্তম বস্ত্র পরিধান করিয়া আইলে অনেক সমাদর ও উত্তম ২ খাদ্য পাইলাম। অতএব বোধ হয় ইহা আমার নিমিত্তে নয়, কিন্তু বস্ত্রের নিমিত্তে পাইলাম। ইহাতে দাতা লজ্জিত হইয়া ত্রুটি স্বীকার করিল।

51.—*Asiatic Morality.*

এক রাজা আপন শত্রুগণের প্রতিকূলে সৈন্য প্রেরণ করিলে তাহারা গিয়া শত্রুদ্বারা বিনষ্ট হইল। তাহাতে এক দূত শীঘ্র দৌড়িয়া রাজাকে কহিল, মহারাজের সৈন্যগণের জয় হইয়াছে। তাহাতে রাজা অতিশয় সন্তুষ্ট হইলেন, কিন্তু দুই দিবস পরে তাহাদের পরাজয়ের সংবাদ আইলে রাজা তাহার প্রতি ক্রোধ করিয়া তাহাকে দণ্ড দিতে আজ্ঞা দিলেন। তাহাতে সে উত্তর করিল, হে মহারাজ, আমি দণ্ডের পাত্র নহি। যে জন মহারাজকে দুই দিবস সন্তুষ্ট রাখিল তাহার কি দণ্ড হইতে পারে? তাহার এই কথাতে রাজা সন্তুষ্ট হইয়া তাহাকে পারিতোষিক দিলেন।

52.—*The Astrologer refuted.*

এক রাজা এক গণককে জিজ্ঞাসা করিলেন, আমার আর কত বৎসর পরমায়ু আছে? তাহাতে গণক গণিয়া কহিল, আর দশ বৎসর আছে। ইহাতে রাজা মনে২ এমত উদ্বিগ্ন হইলেন, যে পীড়িতের ন্যায় দিবারাত্রি শয্যাগত হইলেন। তাহাতে মন্ত্রী কারণ জানিয়া ঐ গণককে রাজার সম্মুখে ডাকাইয়া আনিলেন, এবং তাহাকে জিজ্ঞাসা করিলেন, তোমার কত বৎসর পরমায়ু আছে? সে উত্তর করিল, বিংশতি বৎসর আছে। তাহাতে মন্ত্রী তৎক্ষণাৎ খড়্গদ্বারা তাহার মস্তক ছেদন করাইলেন। ইহা দেখিয়া রাজার মন ক্রমে২ সুস্থির হইল, এবং রাজা মন্ত্রির জ্ঞানেতে চমৎকৃত হইয়া কোন গণকের কথা আর শুনিলেন না।

53.—*Odd way of getting a dinner.*

কোন ক্ষুধিত ব্যক্তি গমন করিতে২ এক পুষ্করিণীর তীরে এক আরবীয় ব্যক্তিকে ভোজন করিতে দেখিয়া তাহার সম্মুখবর্ত্তী হইয়া তাহাকে কহিল, আমি তোমার বাটীহইতে আইলাম। তাহাতে সে জিজ্ঞাসিল, আমার স্ত্রী পুত্র উষ্ট্রাদি সকলে ভাল আছে? সে উত্তর করিল, হাঁ। আরবীয় সন্তুষ্ট হইয়া তাহার প্রতি আর দৃষ্টি করিল না। পরে ঐ ব্যক্তি বলিতে লাগিল, ও আরবীয়, তোমার সম্মুখে বিশ্রাম করিতেছে যে কুক্কুর সে তোমার কুকুরের মত; হায়! যদ্যপি তোমার কুকুর অদ্যাবধি জীবৎ থাকিত। ইহাতে আরবীয় মস্তক তুলিয়া জিজ্ঞাসিল, আমার কুকুর

কি মরিয়াছে? সে উত্তর করিল, হাঁ, সে তোমার উষ্ট্রের মাংস অধিক ভোজন করিয়াছিল। আরবী জিজ্ঞাসিল, উষ্ট্র কি প্রকারে মরিল? তাহাতে সে কহিল, তোমার স্ত্রীর মৃত্যু হওয়াতে তাহাকে কেহ ঘাস জল দিল না। আরবীয় জিজ্ঞাসিল, আমার স্ত্রী কি প্রকারে মরিল? সে উত্তর করিল, সে পুত্রশোকেতে অত্যন্ত খেদিত হইয়া মস্তক ও বক্ষস্থলে প্রস্তরাঘাত করিল। আরবীয় জিজ্ঞাসিল, আমার পুত্র কি প্রকারে মরিল? সে উত্তর করিল, তাহার উপর গৃহ পতিত হইয়াছিল। এই প্রকারে আরবীয় আপনার সর্ব্বনাশের সমাচার পাইয়া মস্তকে ধূলা ক্ষেপ করিয়া মুখের অন্ন পরিত্যাগ করিয়া রোদন করিতে২ আপন বাটীর দিগে গমন করিল, তাহাতে ক্ষুধিত ব্যক্তি নির্ব্বিঘ্নে সেই অন্ন ভোজন করিল।

54.—*The Miser's contrivance.*

এক কৃপণ আপনার এক বন্ধুকে কহিল, আমার এক সহস্র মুদ্রা আছে, তাহা আমি নগরের বাহিরে পুঁতিয়া রাখিতে ইচ্ছা করি, কিন্তু এই গুপ্ত কথা আর কেহ যেন জানিতে না পারে। এই পরামর্শ করিয়া দুই জন নগরের বাহিরে গিয়া এক বৃক্ষতলে মুদ্রা পুঁতিল। কিছু দিন বিলম্বে কৃপণ ঐ বৃক্ষতলে একাকী গিয়া মুদ্রার চিহ্ন কিছুই দেখিতে পাইল না। অতএব সে বিবেচনা করিল, আমার বন্ধু ব্যতিরেকে ইহা আর কেহ লয় নাই; কিন্তু যদি তাহাকে জিজ্ঞাসা করি, তবে সে স্বীকার করিবে না। ইহা ভাবিয়া কৃপণ তাহার বাটীতে গিয়া কহিল, আমার পুনরায় অনেক মুদ্রা সঞ্চিত হইয়াছে, তাহাও সেই স্থানে রাখিতে ইচ্ছা করি; যদি তুমি সম্মত হও, তবে আমরা কল্য একত্র হইয়া যাইব। ইহাতে তাহার বন্ধু অধিক ধনলোভেতে পূর্ব্বধন সকল পুনর্ব্বার সেই স্থানে পুঁতিয়া রাখিল। পরদিবস কৃপণ একাকী সে স্থানে গমন করিয়া আপনার হারাণ মুদ্রা পাইল, এবং আপন কৌশলেতে সন্তুষ্ট হইয়া সেই বন্ধুকে আর প্রত্যয় করিল না।

55.—*The two Painters.*

দুই চিত্রকর পরস্পর কহিল, আইস, আমরা দুই জন দুই ছবি লিখি, তাহাতে কে উত্তম চিত্রকর, তাহা পরীক্ষিত হইবে। পরে এক ব্যক্তি এক থলুয়া দ্রাক্ষা চিত্র করিয়া আপন দ্বারের উপরে টাঙ্গাইয়া রাখিল, তাহাতে দ্রাক্ষা ভ্রমেতে পক্ষিগণ আসিয়া চঞ্চুদ্বারা তাহা ঠোকরাইতে

লাগিল। ইহা দেখিয়া সকল লোক তাহার প্রশংসা করিতে লাগিল। পরে সে দ্বিতীয় চিত্রকরের বাটীতে গিয়া জিজ্ঞাসা করিল, তুমি কোথায় চিত্র করিয়াছ? তাহা দেখিব। তখন সে কহিল, এই পর্দার পশ্চাতে আছে, দেখ। তাহাতে সে আকর্ষণ করিতে গেলে ঠক করিয়া তাহার হস্ত ভিত্তিতে লাগিল, অতএব ইহা পর্দা নহে, ঐ চিত্রকর ভিত্তিতে পর্দা চিত্র করিয়াছে, ইহা বুঝিল। তখন অন্য চিত্রকর কহিল, দেখ, আমি জয়ী হইয়াছি কেননা তোমার চিত্র পক্ষিগণের মাত্র ভ্রম জন্মাইল, কিন্তু আমার চিত্র চিত্রকরেরও ভ্রম জন্মাইল।

56.—*Love of the marvellous reproved.*

এক দিবস এক রাজা মন্ত্রির সহিত বায়ু সেবনার্থে গমন করিলেন, তাহাতে এক ক্ষেত্রমধ্যে উপস্থিত হইলে সে স্থানে মনুষ্যহইতেও উচ্চ কতিপয় গোধূমবৃক্ষ দেখিয়া রাজা আশ্চর্য্য জ্ঞান করিয়া কহিলেন, এমত দীর্ঘ গোধূমবৃক্ষ আমি কখনো দেখি নাই। তাহাতে মন্ত্রী কহিল, মহারাজ, আমার দেশে হস্তির সমান উচ্চ গোধূমবৃক্ষ জন্মে। তাহা শুনিয়া রাজা ঈষৎ হাস্য করিলেন। ইহাতে মন্ত্রী বিবেচনা করিল, রাজা আমার কথাতে অপ্রত্যয় করিয়া হাসিলেন। পরে তাহারা বাটীতে প্রত্যাগমন করিলে মন্ত্রী কতিপয় গোধূম বৃক্ষ পাঠাইতে আপন দেশের কোন লোককে এক পত্র লিখিলেন, কিন্তু ঐ লিপি উপস্থিত হইতে২ শস্য সংগ্রহকাল অতীত হইল, একারণ এক বৎসরের পর পরবৎসরের গোধূমবৃক্ষ তথাহইতে আসিয়া উপস্থিত হইল। তখন মন্ত্রী তাহা লইয়া রাজসমীপে উপস্থিত করিলে রাজা জিজ্ঞাসিলেন, এ সকল কেন আনিয়াছ? মন্ত্রী কহিল, গত বৎসর এক দিবস আমি মহারাজকে কহিয়াছিলাম, আমার দেশে গোধূম বৃক্ষ হস্তির সমান উচ্চ হয়, তাহাতে মহারাজ হাস্য করিয়াছিলেন; অতএব আমার কথাতে মহারাজ সন্দেহ করিলেন, ইহা ভাবিয়া তাহার প্রমাণার্থে ইহা আনিলাম। তখন রাজা উত্তর করিলেন, হাঁ, এখন তোমার কথাতে প্রত্যয় করিলাম, কিন্তু সাবধান, তোমার যে কথাতে কেবল এক বৎসরের পর প্রত্যয় জন্মে, এমত কথা আর কখনও কহিও না।

57.—*How to steal a Horse.*

এক দিবস এক চোর কোন গৃহস্থের বাটীতে অশ্ব অপহরণ করিতে গমন করিয়া ধরা পড়িল। তাহাতে গৃহস্থ তাহাকে কহিল, তুমি কি

কৌশলে অশ্ব হরণ কর, তাহা যদি আমাকে দেখাইতে পার, তবে আমি তোমাকে ছাড়িয়া দি। তাহাতে সে স্বীকার করিয়া অশ্বের নিকটে গিয়া অশ্বের পদরজ্জু মুক্ত করিয়া তাহার মুখে বল্গা দিল, পরে তাহাতে আরোহণ করিয়া কশাঘাতদ্বারা অশ্বকে অতিবেগে গমন করাইয়া উচ্চৈঃস্বরে কহিল, দেখ, এই প্রকারে চুরি করিতে হয়। ইহা বলিয়া সে প্রস্থান করিল। তখন সতর্ক হইয়া অনেক লোক তাহার পশ্চাৎ দৌড়িল বটে, কিন্তু কেহই তাহাকে ধরিতে পারিল না।

58.—*Raising the wind.*

এক দরিদ্রের এক অশ্ব ছিল। এক দিবস সে আপন অশ্বকে অশ্বশালাতে বিপরীত রূপে, অর্থাৎ যে দিগে পুচ্ছ থাকিত সে দিগে মুখ করিয়া বান্ধিল, পরে উচ্চৈঃস্বরে লোকদিগকে কহিতে লাগিল, হে মনুষ্য সকল, তোমরা আসিয়া এক আশ্চর্য্য দর্শন কর; আমার অশ্বের পুচ্ছের দিগে মুখ হইয়াছে। তাহাতে নগরের অনেক লোক সেই স্থানে একত্র হইলে যে ২ লোক সেই আশ্চর্য্য দেখিতে অশ্বশালাতে গমন করিতে ইচ্ছা করিল, ঐ দরিদ্র তাহাদের হইতে কিঞ্চিৎ ২ মুদ্রা লইয়া প্রবেশ করণের অনুমতি দিল। তাহাতে যাহারা অশ্বশালাতে প্রবেশ করিল, তাহারা অপ্রতিভ হইয়া ফিরিয়া আইল, কিন্তু কাহাকেও কিছু কহিল না; অতএব ঐ দরিদ্রের যথেষ্ট উপার্জন হইল।

59.—*The humble Courtier.*

মহম্মদ সুলতান আইয়াজ নামক আপন ক্রীত দাসকে অতিশয় ভাল বাসিয়া উচ্চপদে নিযুক্ত করিয়াছিলেন, একারণ সভাস্থ লোকেরা তাহার প্রতি ঈর্ষ্যা করিয়া এক দিবস রাজাকে কহিল, মহারাজ, আইয়াজ প্রতি দিন একাকী কোষাগারে গমন করে, ইহাতে বোধ হয় সে কোন দ্রব্যাদি অপহরণ করে। রাজা কহিলেন, আমি আপন চক্ষুতে দেখিলে প্রত্যয় করিতে পারি। পরদিবস আইয়াজের কোষে গমন সময়ে তাহারা রাজাকে সমাচার দিলে, রাজা গবাক্ষ দিয়া দৃষ্টি করিয়া আইয়াজকে সিন্দুকহইতে পুরাতন ও মলিন বস্ত্র লইয়া পরিধান করিতে দেখিলেন। তখন রাজা হঠাৎ কোষে প্রবেশ করিয়া তাহাকে জিজ্ঞাসিলেন, তুমি কেন এমত বস্ত্র পরিধান করিতেছ? তাহাতে সে উত্তর করিল, হে মহারাজ, মহামহিমের অধীনতার পূর্ব্বে আমার এই রূপ বস্ত্র ছিল; এইক্ষণে রাজকীয় দানে উত্তম বস্ত্র পাইয়াছি, তথাপি প্রত্যহ পুরাতন বস্ত্র দেখি ও

পরিধান করি, কেননা আমার পূর্ব্বাবস্থা স্মরণে থাকিলে অহঙ্কার জন্মিবে না এবং প্রভুর দান বিষয়েও সর্ব্বদা কৃতজ্ঞতা থাকিবে। তখন রাজা তাহার এ প্রকার উত্তর শুনিয়া তাহার প্রশংসা করিলেন, এবং তাহাকে আলিঙ্গন করিয়া তাহার পদবৃদ্ধি করিয়া দিলেন।

CHAPTER V.

MORAL STORIES.

নীতিকথা।

1.—*Honesty and Gratitude.*

১। সুজনতা ও কৃতজ্ঞতা।

মিলান নগরের কোন বাটীর দ্বারী দুই শত মুদ্রাসুদ্ধ এক থলিয়া কুড়াইয়া পাইয়া সংবাদলিপিদ্বারা তাহা প্রকাশ করিল। যাহার ঐ থলিয়া হারাইয়াছিল সে সমাচার পাইয়া সেই বাটীতে আইল; পরে ঐ থলিয়া যে তাহার, ইহা প্রচুর প্রমাণের দ্বারা নিশ্চয় করিলে দ্বারী সে থলিয়া তাহাকে সমর্পণ করিল। তাহাতে ঐ ব্যক্তি আপনার মুদ্রা পাইয়া অতিশয় আনন্দ ও কৃতজ্ঞতা পূর্ব্বক ঐ দ্বারিকে বিংশতি মুদ্রা পারিতোষিক দিতে চাহিল, কিন্তু দ্বারী তাহা গ্রহণ করিল না; পরে দশ মুদ্রা দিতে চাহিল, পরে পাঁচ, তথাচ গ্রহণ করিল না। তন্নিমিত্তে সেই ব্যক্তি থলিয়া ভূমিতে ফেলিয়া ক্রোধভাবে বলিল, যদি তুমি আমার প্রত্যুপকার স্বীকার করিতে এ প্রকার অসম্মত হও, তবে আমি কিছুই হারাই নাই। তাহাতে দ্বারী পাঁচ মুদ্রা লইতে সম্মত হইল, এবং তাহা গ্রহণ করিয়া তৎক্ষণাৎ দরিদ্র লোকদিগকে বিতরণ করিল।

উপকার করিলে কৃতোপকার স্বীকার করা ও সাধ্যানুসারে উপকার করা মহল্লোকের নিদর্শন।

2.—*Ingratitude punished.*

২। কৃতঘ্নের দণ্ড।

হিত করিলে বিপরীত ভাবে যেই জন।
তাহার মঙ্গল নাহি হয় কদাচন।

এক জন ধনী অতি প্রত্যূষে অশ্বারূঢ় হইয়া নগর ভ্রমণ করিতে-ছিলেন। তৎকালীন তাহার অজ্ঞাতসারে বস্ত্রহইতে কাগজমোড়া ষোলটী স্বর্ণমুদ্রা পথে পড়িল। এক জন দরিদ্র তাহা কুড়াইয়া পাইয়া বিচারকর্ত্তার স্থানে সমর্পণ করিলে, তিনি ঘোষণাদ্বারা ঐ কথা নগরের সর্ব্বত্র প্রচার করাইলেন; তাহাতে ঐ ধনী বিচারাসনের সম্মুখে আইলে বিচারকর্ত্তা তাঁহাকে মোহরের মোড়ক সমর্পণ করিলেন। ধনী কহিলেন, আমার আরও অধিক মুদ্রা ছিল, অতএব যে জন ইহা পাইয়াছে, তাহার স্থানে অবশ্য তাহাও পাওয়া যাইবে। ইহাতে সেই দরিদ্র ত্রাসযুক্ত হইয়া বিচারকর্ত্তার স্থানে এই নিবেদন করিল, আমি যাহা পাইয়াছি, তাহা সমুদয় আপনকার স্থানে উপস্থিত করিয়াছি, আমার স্থানে আর কিছুই নাই। অনন্তর যে কাগজ মোড়ক করা ছিল, বিচারকর্ত্তা সেই কাগজ হস্তে লইয়া পুনর্ব্বার মোড়ক করিয়া দেখিলেন যে ষোল মুদ্রার অধিক তাহাতে ধরে না। তখন ধনিকে বলিলেন, এই কাগজেতে ষোল মুদ্রার অধিক ধরে না; অতএব বোধ হয় এই স্বর্ণমুদ্রা তোমার নহে, অন্য কেহ তোমার মুদ্রা পাইয়া থাকিবে, তুমি অন্যত্র অন্বেষণ কর। পরে দরিদ্রকে কহিলেন, এই ষোলটী স্বর্ণ-মুদ্রা তোমারই হইল, তুমি ইহা লইয়া গৃহে গমন কর।

3.—*Man tried by the Animals.*

৩। ঐ বিষয়।

দাবানলে এক কানন দগ্ধ হইতেছিল, তাহাতে এক সর্প প্রাণভয়ে ব্যাকুল হইয়া পলায়ন করিতে চেষ্টা করিল, কিন্তু অগ্নিদ্বারা বন বেষ্টিত হওয়াতে কোন প্রকারে পথ পাইল না। সেই সময়ে এক বণিক্‌কে তাহার নিকট দিয়া গমন করিতে দেখিয়া তাহাকে ডাকিয়া বলিল, হে বন্ধো, আমার প্রাণ বাঁচাও। সে কহিল, তুমি হিংস্র জন্তু, তোমার সহিত ব্যাপার করিতে ভয় করি; কি জানি হিত করিলে বিপরীত হয়। সর্প কহিল, ভয় নাই, তুমি আমার প্রাণ রক্ষা করিলে আমি কি তোমার প্রাণ সংহার করিব? এমত ভাবনা কেন করিতেছ?

বণিক্ মনে২ বিবেচনা করিল, ভাল করিলে মন্দ কদাচ হয় না, কেননা যে জন ভাল করে। ঈশ্বর অবশ্য তাহার ভাল করেন। ইহা ভাবিয়া আপন থলিয়ার দুই পার্শ্বে দড়ি দিয়া এক দণ্ডের অগ্রে বাঁধিয়া বনমধ্যে বিস্তার কবিল, পরে সর্প থলিয়ার মধ্যে প্রবেশ করিলে তাহাকে আকর্ষণ করিয়া ছাড়িয়া দিল। সর্প ক্রূর ও খল জন্তু বিপদসময়ে ব্যগ্রতা পূর্ব্বক বিনয় করিয়া বিপদহইতে উদ্ধার পাইল, পরে আপনার সময় পাইয়া আপনার পরম হিতকারি বন্ধু বণিক্কে দংশন করিবার উপক্রম করিল। তাহাতে বণিক্ কহিল, তোমার এ কি অবিচার? এমত আচার কেন কর? সর্প উত্তর করিল, যদ্যপি তুমি আমার উপকার করিয়াছ, তথাপি তোমার হিংসা করণে কোন বাধা নাই; কেননা যে ব্যক্তি হিতকারী হয় তাহারও অহিত করি, এই আমাদিগের ধর্ম্মই; এবং মনুষ্যদের সহিত আমাদিগের নাশ্য নাশক ভাব সম্বন্ধ, ও মনুষ্য আমাপ্রভৃতি সকল জন্তুর অহিত-কারী; ইহা তুমি যাহাকে ইচ্ছা তাহাকে জিজ্ঞাসা কর।

তৎকালীন সম্মুখবর্ত্তি এক গোষ্ঠে এক মেষকে চরিতে দেখিয়া উভয়ে তাহার নিকট যাইয়া তাহাকে মধ্যস্থ মানিল। প্রথমতঃ সর্প তাহাকে জিজ্ঞাসা করিল, এই মনুষ্য আমার হিতকারী, ইহাকে নষ্ট করিতে পারি কি না? মেষ কহিল, এইক্ষণে কর, এক নিমেষও বিলম্ব করিও না; কেননা মনুষ্যের রীতি আমি বিশিষ্টরূপে জ্ঞাত আছি। তাহার বিবরণ এই; আমার লোমজাত কম্বলদ্বারা সকলের আচ্ছাদনোপবেশন হয়; তাহাতে হিত বোধ না করিয়া আমি প্রসব করিলে আমার ক্রোড় শূন্য করিয়া দুগ্ধপোষ্য বৎসকে বলিদান করে; তজ্জন্য আমার মন নিরন্তর শোকান্বিত ও শঙ্কাযুক্ত, কি জানি কোন্ দিনে আমাকেও হত্যা করিবে; অতএব এতাদৃশ জাতির হিংসাতে কোন ক্ষতি নাই।'

বণিক কহিল, একের প্রমাণ গ্রাহ্য নহে; দুই তিন জনের বাক্য ঐক্য হইলে স্বীকার করিব।

পরে এক প্রাচীনা গাভীর সাক্ষাৎ পাইয়া তাহাকে সমস্ত বৃত্তান্ত জ্ঞাত করাইলে পর সে কহিল, মনুষ্যের চরিত্রের কথা কি কহিব? দেখ, আমি প্রতিবৎসর এক২ বৎস দেই, এবং কেবল মাঠের তৃণ ভক্ষণ করিয়া প্রতিদিন দুগ্ধ দেই, তাহাতে ক্ষীর, দধি, নানা প্রকার উপাদেয় খাদ্য দ্রব্য হয়। আমি এই রূপ উপকার বহুকাল পর্য্যন্ত করিয়াছি। এইক্ষণে আমার বার্দ্ধক্যদশা দেখিয়া আমাকে আহার দেয় না, তাহাতে আমি ক্ষুধায় মরিতেছি। অতএব মনুষ্য এই রূপ দুষ্ট জাতি, তাহাকে এইক্ষণে সংহার করহ।

এই কথা শুনিয়া বণিক প্রাণের কারণ ব্যাকুল হইয়া রোদন করিতে

লাগিল। এই সময়ে সেই স্থানে স্থিত এক শৃগাল তাহাকে জিজ্ঞাসা করিল, হে ভাই, কি কারণ তুমি উদ্বিগ্ন ও ভয়যুক্ত হইয়াছ? বণিক উত্তর না করিলে সর্প কহিল, তবে তাহার বিবরণ শুন। ইনি আমাকে দাবানলহইতে রক্ষা করিয়াছেন, এখন আমি ইহাঁকে দংশন করিব, কেননা হিত করিলে বিপরীত করাই আমাদিগের রীতি; এবং মনুষ্য দুষ্ট ও বধযোগ্য, মেষ ও গাভী এমত প্রমাণ দিয়াছে।

শৃগাল বলিল, এ কথা আমার অসম্ভব বোধ হয়, কেননা উনি অগ্নি-হইতে তোমাকে কি প্রকারে উদ্ধার করিতে পারেন? সর্প কহিল, বনের মধ্যে দণ্ডসংযুক্ত থলিয়া ফেলিয়া দিলেন, আমি তাহাতে প্রবেশ করিলে অগ্নিহইতে টানিয়া তুলিলেন; সেই থলিয়া ঐ দেখ, তাঁহার স্কন্ধে আছে। শৃগাল কহিল, তোমার এতাদৃশ প্রকাণ্ড শরীর; এমত ক্ষুদ্র থলিয়ার মধ্যে যে তুমি প্রবিষ্ট হইয়াছিলা, ইহা না দেখিলে আমার প্রত্যয় হয় না। তাহাতে সর্প বণিকের স্থানে থলিয়া চাহিয়া পুনর্ব্বার তন্মধ্যে প্রবেশ করিলে পর, শৃগাল বণিক্‌কে ইঙ্গিতে বলিল, এই সময়ে থলিয়ার মুখ দৃঢ়রূপে বন্ধন করিয়া অবিলম্বে দণ্ডদ্বারা সর্পের মস্তক চূর্ণ কর।

এই রূপে বণিক্ শৃগালের বুদ্ধিদ্বারা সর্পের নাশ করিয়া আত্মপ্রাণ বাঁচাইল।

অতএব উপকারির অমঙ্গলকারী ও কৃতঘ্ন যে ব্যক্তি, তাহার মঙ্গল কদাচ হয় না।

4.—*Value of learning.*

৪। বিদ্যাভ্যাসের গুণ।

ধনের আধার বিদ্যা, বিদ্যার আধার যত্ন।
ধনের ফল লালসা, বিদ্যার ফল রত্ন॥

কোন রাজার সভাস্থ এক জন এই কথা বলিল। পরে রাজা ঐ বচনের পরীক্ষাহেতুক আপনার এক পুত্রকে বিদ্যা ও নীতিশিক্ষা করাইবার কারণ বহু গুণালঙ্কৃত এক শিক্ষকের স্থানে সমর্পণ করিলেন ও প্রতিদিন এক২ নূতন পাঠাভ্যাস করাইতে আজ্ঞা দিলেন; এবং অন্য পুত্রকে প্রত্যহ এক২ মাণিক্য দিতে লাগিলেন।

প্রথম বালকের বিদ্যাদ্বারা ক্রমে২ বুদ্ধিবৃদ্ধি হওয়াতে সে উত্তরোত্তর নম্র ও শিষ্ট ও সুধীর ও সুশীল হইল, এবং নীতিশিক্ষাতে তাহার আরও যত্নবৃদ্ধি হইল; কিন্তু দ্বিতীয় বালক ধনবাহুল্যদ্বারা উত্তরোত্তর অহঙ্কৃত ও অশিষ্ট হইয়া বিদ্যার প্রতি অনাদর করিতে লাগিল।

পরে উভয়েই বয়ঃপ্রাপ্ত হইলে দূর দেশে গমন করিল। ধনী অনেক

ধন সঙ্গে লইল; বিদ্বান্ কেবল কতকগুলি পুস্তক লইল, কেননা প্রবাসে বিদ্যার পর আর মিত্র নাই।

ধনী এক নগরে উত্তরিলে তাহার সহিত অনেক লম্পট শঠ লোকের মিলন হইল, তাহাদের কুপরামর্শদ্বারা বেশ্যাগমনাদি মন্দ ক্রিয়াতে সকল ধন ব্যয় করিয়া, শেষে ঋণগ্রস্ত হইয়া কারাগারে বদ্ধ হইল।

বিদ্বান্ এক রাজার সভায় উপস্থিত হইলে তাহার নম্রতা ও শিষ্টতার দ্বারা মনোগত বিদ্যা প্রকাশ পাওয়াতে রাজা তাহাকে আপনার নিকট বসাইলেন; পরে তাহার সহিত আলাপ করিয়া বাসস্থান নিরূপণ করিয়া দিলেন। শেষে রাজার নিকট তাহার এতাদৃশ প্রতিপত্তি হইল যে তিনি তাহাকে বহু ধনের সহিত আত্মকন্যা দান করিয়া অনেক সৈন্যসামন্ত সঙ্গে দিয়া স্বদেশে পাঠাইয়া দিলেন।

তাহার পিতা তাহার আগমনের কোলাহল শুনিয়া শঙ্কিত হইলেন; পরে দূত কহিল, হে মহারাজ, ভীত হইও না, আপনকার পুত্র আসিতেছেন। এই সংবাদ পাইয়া আপন পাত্রমিত্র সকলকে পাঠাইয়া পুত্রকে বাটীতে আনিলেন, ও তাহাকে প্রেমালিঙ্গন দিয়া নিকটে বসাইয়া নানা মত মঙ্গলাচরণ করিলেন, এবং তাহার কর্ম্মোপযুক্ত শৌর্য্য দেখিয়া স্বরাজ্যের ভার সমর্পণ করিলেন।

রাজার ধনি পুত্র কারাগারে বদ্ধ ছিল, বিদ্বান পুত্র দূতদ্বারা তাহার সমাচার পাইয়া তাহার ঋণ শোধ করিয়া তাহাকে বাটীতে আনিলেন।

রাজা এই প্রকার পরীক্ষাদ্বারা বিদ্যা ও ধনের বিশেষ বুঝিলেন।

5.—*The same subject.*

৫। বিদ্যারত্নং মহাধনং।

বিদ্যাদানের মহাগুণ শুনহ সকল।
দাতা গ্রহীতার হয় দুয়েরই কুশল॥

দেখ আর২ বস্তুর স্বত্ব ত্যাগ করিলে দান সিদ্ধ হয়, কিন্তু বিদ্যাতে সে রূপ নয়, যেহেতুক দাতার স্বত্বধ্বংস ব্যতিরেক দান সিদ্ধ হয় ও গ্রহীতার গ্রহণ হয়। রাশীকৃত স্বর্ণ রূপ্যাদি দান করিতে২ তাহার হ্রাস হয়, কিন্তু দানদ্বারা বিদ্যার হ্রাস হওয়া দূরে থাকুক, বরং প্রতিদিন বৃদ্ধি হয়। ধনের ন্যায় বিদ্যার অপচয়, অপব্যয়, অপহরণ কোন মতে হয় না। এবং বিদ্যা সুমন্ত্রির ন্যায় বিপদের আগে সাবধান করে ও পরিণাম দশায়; এবং যদিও কুঘটনাদ্বারা কখনো সঙ্কট

উপস্থিত হয়, তবে তাহাতে বিদ্যা সুযুক্তি দেয়। বিদ্যা অভেদ্য সঙ্গী ও অন্তরঙ্গ।

যেমন অন্ধকারে দীপ শোভা পায়, তাদৃশ মনুষ্যের মধ্যে বিদ্যার জ্যোতি; আর যাদৃশ এক দীপহইতে অন্য দীপ জ্বালিয়া লইলে সে দীপ নির্ব্বাণ হয় না, সেইরূপ এক জনের স্থানে বিদ্যা শিখিলে অন্যের মানসান্ধকার দূর হয়, এবং যে জন শিক্ষা করায় তাহারও ক্ষতি হয় না। এতাদৃশ ধনে কাহারো অবজ্ঞা করা কর্ত্তব্য নহে, এবং সাধ্যানুসারে ব্যয় করিতে কাতর হওয়া উপযুক্ত নহে।

6.—*Industry.*

৬। শ্রম বিষয়ক কথা।

ধনের উনুই শ্রম, শুন সাবধানে।
হিতার্থ বচন এই, রাখ নিজ মনে॥

এক কৃষক মরণকালে আপনার সন্তানদিগকে কহিল, আমার দ্রাক্ষা-ক্ষেত্রে গুপ্ত ধন আছে। পরে তাহার মৃত্যু হইলে তাহার অন্ত্যেষ্টি ক্রিয়ার পর তাহার পুত্রেরা একত্র হইয়া গুপ্ত ধন পাইবার কারণ ক্ষেত্রের স্থানে২ খনন করিল। কোন্ স্থানে ধন পোতা ছিল তাহাদের পিতা তাহা নিরূপণ করিয়া কহেন নাই; তন্নিমিত্তে সমুদায় ক্ষেত্র কক্ষদেশ পর্য্যন্ত গহ্বর করিয়া খনন করিল, তত্রাপি ধন পাইল না; অতএব সেই গহ্বর পূরাইয়া দ্রাক্ষারোপণ করিলে সেই বৎসর বিং-শতিগুণ ফল ফলিল, তাহা বিক্রয় করাতে সংসারের ভরণপোষণাদি করিয়া অনেক মুদ্রা লাভ করিল। তখন দ্রাক্ষাক্ষেত্রে গুপ্ত ধন আছে, খনন করিলেই তাহা পাইবা, এই যে কথা পিতা তাহাদিগকে কহি-য়াছিলেন, তাহার অভিপ্রায় বুঝিল; ফলতঃ শ্রম করিলে অর্থ লাভ হইবে, কেননা যত্নে রত্নোৎপত্তি।

7.—*Indolence.*

৭। আলস্য।

অলস স্বভাব যার তাহারি অভাব।
অভাব হইলে দুঃখের নাহিক অভাব॥

শরীরের মধ্যে আলস্য মহাব্যাধি; তদ্দ্বারা নানা দোষ ও দুর্গতি ও ক্লেশ, এই সকলের উৎপত্তি হয়।

প্রথমতঃ অলস ব্যক্তি অন্যাপেক্ষা মিথ্যা কহিতে তৎপর। তাহার প্রমাণ এই, যদি তাহাকে কেহ কহে, অমুকের নিকট যাও, তবে সে অনায়াসে কহে, অমুক বাটীতে নাই; এবং কোন সামগ্রী আনিতে কহিলে বলে, আমি জানি তাহা মিলিবে না।

দ্বিতীয় অলস লোক সুখাভিলাষী, অথচ কর্ম্মাক্ষম; সে আপনার কর্ম্মে মনোযোগ না করাতে উত্তরোত্তর পূর্ব্বধনের ও সুখের হ্রাস করে, এবং কেবল দুষ্কর্ম্মে রত হয়।

তৃতীয় অলস ব্যক্তি পরপ্রত্যাশী ও পরাধীন, কেননা কোন বস্তু নিকটে প্রস্তুত থাকিলেও অন্যের সহকারিতা ব্যতিরিক্ত পাইতে পারে না।

অতএব প্রত্যেক জনের পদানুসারে স্ব২ কর্ম্মে নিরালস্য পূর্ব্বক নিযুক্ত থাকা উপযুক্ত হয়।

8.—*Charity.*

৮। দান।

দানের উচিত পাত্র দরিদ্র দুর্ব্বল।
ধনিকে করিলে দান নাহি তত্ফল॥
বুনা ক্ষেত্রে পুনর্ব্বীজ করিলে রোপণ।
উভয়ের গৌরব যায় বুঝহ সুজন॥

যেমন গোময় একত্র রাশি হইলে দুর্গন্ধ হয়, কিন্তু ভূমিতে বিস্তার করিয়া দিলে সার বলা যায়, ধনও সেইরূপ; একত্র সঞ্চিত হইলে তদধিকারিকে কৃপণ কহে, কিন্তু লোকদের প্রয়োজনানুসারে ও আপনার সংস্থানানুসারে দান করিলে তাহার ঐ দুর্নাম ঘুচে, এবং সে ব্যক্তি দাতা বিখ্যাত হয়।

কৃষাণ ভূমিতে বীজ ছড়ায়, তাহাতে বহুগুণ ফল হয়; তদনুরূপ বিবেচনা ও সৌজন্য পূর্ব্বক দরিদ্র লোকদের প্রতি বিতরণ করিলে তাহাদের পরিতোষ ও আপনার সন্তোষ হয়, এবং ঈশ্বরহইতে দয়া পাওয়া যায়; কেননা যে জন ঈশ্বরকে মানিয়া দরিদ্রকে দান করে, সে ঈশ্বরকে ঋণ দেয়।

অতএব ধনোপার্জ্জন করিয়া সদ্ব্যয় করা ধার্ম্মিক লোকদের উচিত।

9.—*Envy.*

৯। হিংসা।

পরের সৌভাগ্য হইলে মনে২ দুঃখী।
পরসুখে দুঃখী সদা পরদুঃখে সুখী॥
হিংসকের প্রতি এই আছে নিরূপিত।
আপনহইতে শাস্তি পায় সমুচিত॥

যেমন দাবানলে বন দগ্ধ হয়, সেইরূপ হিংসায় মন দগ্ধ হয়। হিংসক ব্যক্তির মন কখনো সুখী ও সুস্থির নয়। মনুষ্যের প্রকৃতিহইতে এই দোষের মূল উৎপন্ন হয়; তাহা অঙ্কুরিত হইবামাত্র জ্ঞানাস্ত্রে ছেদন করিলে আর বৃদ্ধি হইতে না পারিলে দুঃখের কর্ম্ম জানা যায় না, বরং অকারণ সুখোৎপত্তি হয়।

উদাহরণ। এক জন আপন প্রতিবাসির ঐশ্বর্য্য দেখিয়া হিংসায় অধৈর্য্য হইল, এবং পরের সুখ না দেখিতে হয় এই নিমিত্তে এক বনমধ্যে গিয়া রহিল। এই হিংসক ব্যক্তির এক সন্ন্যাসির সহিত সাক্ষাৎ হইল, তিনি তাহাকে দয়া করিয়া একখানি কাম্য পাষ্টি দিলেন; সেই পাষ্টির গুণ এই, তিন বার যাহা কামনা করিয়া ফেলিবে, তাহা সিদ্ধ হইবে। আর সন্ন্যাসী তাহাকে এই কথা বলিল, তিন বার যাহা চাহিবা তাহা পাইবা, কিন্তু তোমার প্রতিবাসিগণের তাহার দ্বিগুণ হইবে। পরে সে আপন বাটীতে আসিয়া বিবেচনা না করিয়া আমার ধন ধান্য রজত কাঞ্চনাদি বিবিধ রত্ন হউক বলিয়া প্রথম বার পাষ্টি ফেলিল; তাহাই হইল; কিন্তু তাহার প্রতিবাসির তদ্দ্বিগুণ হইল। পরে প্রতিবাসির দুঃখ হইবে এই ভাবিয়া, আমি এক চক্ষুর্হীন হই বলিয়া দ্বিতীয় বার পাষ্টি ফেলিল; তাহাতে তাহার প্রতিবাসিগণ দুই চক্ষুর্হীন হইল। আমার অৰ্দ্ধেক বাটীতে দহ পড়ুক বলিয়া শেষ বার পাষ্টি ফেলিল; তাহাতে তাহার প্রতিবাসিগণের সকল বাটীতে দহ পড়িল। পরে তাহার দাসেরা তাহাকে নির্ব্বান্ধব স্থানে পাইয়া, সকলে পরামর্শ করিয়া তাহাকে নানা মত প্রহার করিয়া, ও তাহার সকল ধন হরণ করিয়া, নৌকা বাহিয়া পলায়ন করিল; তাহার চীৎকার শুনিতে কেহ ছিল না। তখন সে বলিল, আমার হিংসার ফল এই, কেননা যদি হিংসাদ্বারা আপন প্রতিবাসিগণকে নষ্ট না করিতাম, তবে তাহারা আমার এ দুঃসময়ে অবশ্যই সহকারী হইত, অথবা তাহাদের ভয়ে কেহ আমাকে এ প্রকার নিগ্রহ করিতে পারিত না।

10.—*Covetousness.*

১০। লোভ।

উপস্থিত ছাড়িয়া অনুপস্থিতে আশা।
যে করে নির্ব্বোধ সেই তাহার দুর্দ্দশা॥
লোভে উপজয়ে ক্ষোভ জানহ নিশ্চয়।
লোভির কামনা কভু পূর্ণ নাহি হয়॥

এক গৃহস্থের বাটীতে এক কপট সন্ন্যাসী আসিয়া কহিল, আমি রূপাকে স্বর্ণ করিতে পারি। এই কথার পরীক্ষার কারণ গৃহস্থ তাহাকে এক রূপার মুদ্রা স্বর্ণ করিতে দিল। সন্ন্যাসী মন্ত্র পড়িব বলিয়া এক নির্জ্জন গৃহে প্রবেশ করিল। কিছু কাল পরে বাহিরে আসিয়া রূপার মুদ্রা আপন নিকটে রাখিয়া আপনার স্থানে যে এক স্বর্ণমুদ্রা ছিল, তাহা গৃহস্থকে দিল। তাহাতে গৃহস্থ বিস্ময়াপন্ন হইয়া সন্ন্যাসির প্রবঞ্চনাতে বিশ্বাস করিল, এবং অতিশয় শ্রদ্ধা ভক্তি পূর্ব্বক সপরিবারে তাহার-সেবা করিতে লাগিল; আর কহিল, আমার রূপার মুদ্রা ও অলঙ্কারাদি যত আছে, মহাশয় তাহা অনুগ্রহ করিয়া সকলি স্বর্ণ করিয়া দিউন। সন্ন্যাসী কহিল, এক নির্জ্জন গৃহ নিরূপণ কর, সেখানে সমস্ত রাত্রি জাগরণ করিয়া মন্ত্র জপ করিতে হইবে। যে আজ্ঞা মহাশয় বলিয়া গৃহস্থ সন্ন্যাসিকে এক নিভৃতালয়ে ডাকিয়া রূপার অলঙ্কারাদি তাহার স্থানে সমর্পণ করিয়া, এবং তাহার পূজার আয়োজন করিয়া সে স্থানহইতে প্রস্থান করিল। সন্ন্যাসী গৃহস্থের প্রবোধ জন্মাইবার কারণ ক্ষণে২ কোশাকুশী ও ঘণ্টাধ্বনি করিতে লাগিল। পরে গৃহস্থ আশ্বাসে বিশ্বাস করিয়া নিশ্চিন্ত হইয়া নিদ্রা গেল। সন্ন্যাসী সূর্য্যোদয়ের পূর্ব্বে অলঙ্কারাদি লইয়া পলায়ন করিল। প্রভাতে গৃহস্থ তাহা জানিয়া সন্ন্যাসির প্রতারণা বিষয়ে অনর্থক হাহাকার ও ক্রন্দন করিতে লাগিল।

ইহার তাৎপর্য্য এই, কুমন্ত্রণাতে বিশ্বাস করিলে অবশ্যই প্রতারিত হইতে হয়; আর লোভ করিলেই যে কিছু লাভ হয় এমত নহে, বরং লোভের দ্বারা প্রাপ্ত অথবা উপস্থিত বস্তুর নাশ হয়।

11.—*Castles in the air.*

১১। অসার আশা।

অসম্ভব আশার নাহিক কিছু ফল।
কিছু কাল মনে সুখ, শেষেতে বিফল॥

এক জন সিপাহী এক কলসী ঘৃত ক্রয় করিয়া বাজারহইতে আপনার ঘরে আনিবার কারণ চারি আনা মূল্যে এক মুটিয়া ভাড়া করিল। সেই মুটিয়া কুম্ভ মস্তকে লইয়া অতিশয় উল্লাসিত হইয়া মনে২ কহিতে লাগিল, ইহাতে যে বেতন পাইব, তাহাতে এক দম্পতী হংস ক্রয় করিব; তাহার বাচ্চা ক্রমে২ অনেক হইবে; পরে সে সকল বিক্রয় করিয়া এক দম্পতী ছাগল কিনিব; তাহার বাচ্চা হইলে দুগ্ধ বিক্রয় করিয়া আমার নির্ব্বাহ হইবে; এবং ক্রমে২ পাল বাড়িলে সকল বিক্রয় করিয়া সাত আট সের দুগ্ধ দেয়, এমত এক গাভী ক্রয় করিয়া ধন সঞ্চয় করিব। অল্প সময়ে বিস্তর বৎস ও ধেনু ঐ গাভীদ্বারা হইবে, তাহার মধ্যে যাহাদের দুই চারি দন্ত হইবে, তাহা উত্তম মুল্যে বিক্রয় করিব। এইরূপে বহু ধনাধিপতি হইলে এক সুন্দরী ও উপযুক্তা কন্যা বিবাহ করিব, এবং দুই এক বৎসরের মধ্যে সন্তানও হইতে পারিবে। তখন আপনি কোন কর্ম্ম করিব না, আমার দাসেরাই সকল করিবে; আমি কেবল বসিয়া ঠাকুরালী করিব। যখন আমার পুত্র অন্তঃপুরহইতে আসিয়া আমাকে বলিবে, হে পিতঃ, ভোজন কর আসিয়া, তখন এমনি করিয়া (মাথা নাড়িয়া) বলিব, এখন ভোজন করিব না। এই কথা কহিয়া মস্তক নাড়িবামাত্র ঘৃতকুম্ভ মস্তকহইতে ভূমিতে পড়িয়া ভাঙ্গিয়া গেল; তাহাতে সিপাহী তাহাকে বেত্রাঘাত করিল।

ইহার তাৎপর্য্য এই, যে জন আপনার পদের কিম্বা অবস্থার অধিক অথবা অসম্ভব ও দুর্লভ আশাতে মত্ত হয়, সে কেবল নিরাশ ও দুর্দশান্বিত হয়।

12.—*Ingratitude reproved.*

১২। কৃতঘ্নের ভর্ৎসনা।

এক জন কৃষিকর্ম্মের দ্বারা কিছু ধন সঞ্চয় করিয়াছিল, পরে বৃদ্ধ হইয়া আপনার সমুদয় ভার পুত্রকে দিল। সে ধনাধিপতি হইয়া উত্তম বাটী ও উদ্যান ও তৈজসাদি ক্রয় করিয়া এবং দাস দাসী

নিযুক্ত করিয়া আপনার ঐশ্বর্য্য বাড়াইল; কিন্তু তাহার পিতার কুটীরে বাস ও ভগ্ন পাত্রে ভোজন করা ও তাহা স্বহস্তে ধৌত করা ঘুচিল না। তাহার পৌত্র সুবোধ, সে আপন পিতামহের এই ২ অবস্থা দেখিয়া খিদ্যমান হইয়া তাঁহাকে বলিল, এই যে ভগ্ন পাত্রে ভোজন করিয়া প্রতি দিন স্বহস্তে প্রক্ষালন করিতে হয়, যদি আমার পরা· মর্শ শুনিয়া এই পাত্র ভাঙ্গিয়া ফেল, তবে তোমার দুঃখ দূর হইবে। সে বৃদ্ধ কহিল, তাহা কি রূপে হইতে পারে? এ ভগ্ন পাত্র ভা· ঙ্গিলে তোমার পিতা আমার উপর ক্রুদ্ধ হইবেন, তাহাতে বরং অনেক দুর্গতি হইবে। পৌত্র বলিল, আমার বাক্য গ্রহণ কর, তাহাতে ভাল ব্যতিরিক্ত মন্দ হইবে না। অতএব সেই প্রাচীন এক দিবস ভোজ- নোত্তর পাত্র ধৌত করিবার ছলে ঐ পাত্র ভাঙ্গিল, তাহাতে তাহার পৌত্র দণ্ড লইয়া তাহাকে মারিতে উদ্যত হওয়াতে তাহার পিতা বলিল, তুমি কি ক্ষিপ্ত হইয়াছ? সে কহিল, আমি ভাল বিবেচনা করিয়াছি; কেননা এই বৃদ্ধ যদি সকল পাত্র ভাঙ্গিয়া ফেলে, তবে তুমি প্রাচীন হইলে তোমার কারণ ভগ্ন পাত্র আমি কোথা পাইব? তন্নিমিত্তে তোমার পিতাকে মারিবার উপক্রম করিয়াছি। ইহা শুনিয়া তাহার পিতা জ্ঞান প্রাপ্ত হইয়া আপনার পিতাকে বাটীতে লইয়া গেল, এবং তাহার সেবার কারণ দাস নিযুক্ত করিয়া দিল।

13.—*Advantages of Education.*

১৩। বালকদের শিক্ষা দেওয়া পিতা মাতার কর্ত্তব্য।

সুবৃক্ষ মূলেতে বারি করিলে সেচন।
ফলাশায় নিরাশ না হয় কদাচন॥
পুত্রে শিখাইলে নীতি হইবে মঙ্গল।
তাহা না হইলে সব হইবে বিফল॥

বালকদিগের মাতা পিতার কিম্বা পালনকর্ত্তার অথবা শাসনকর্ত্তার উপযুক্ত হয়, যে তাহাদিগকে ঐহিক পারত্রিকের হিতার্থ বিদ্যা ও নীতি ও শীলতা ও গুণ ও পরিণামদর্শন জ্ঞান শিক্ষা করান। এ বিষয়ে তাচ্ছীল্য কিম্বা ত্রুটি করা কদাচ কর্ত্তব্য নহে, তাহার উদাহরণার্থ ইতিহাস।

এক বিদ্বান্ রাজপুত্র মনের অধৈর্য্য প্রযুক্ত মত্ত হইয়া অন্তঃকরণে করিল, আমি আমার পিতার উপযুক্ত পুত্র, আমাকে রাজ্যভার দিয়া পিতা নিশ্চিন্ত হইতে পারেন; কিন্তু তিনি ইহাতে বিলম্ব করেন, এই হেতুক তাঁহাকে নষ্ট করিয়া আপনি রাজ্যাধিকারী হইব। আর

ঐ রাজার পাত্রের এক কন্যা ছিল, সে রূপবতী ও যুবতি; অনেক বয়স পর্য্যন্ত তাহার বিবাহ হয় নাই, এ প্রযুক্ত সে ভাবিল, আমি বিবেকিনী হইয়া দেশান্তরে যাইব।

এক রাত্রি রাজসভাতে নৃত্য হইতেছিল, রজনী কিঞ্চিৎ শেষ থাকিতে নৃত্যকী কিছু পারিতোষিক না পাইয়া ক্ষান্ত হইতে চাহিল; তাহাতে তাহার স্বামী তাহাকে এই শ্লোক বলিল,

গতা বহুতরা কান্তে স্বল্পা তিষ্ঠতি সর্ব্বরী।
ইতি চিত্তে সমাধায় কুরু সজ্জনরঞ্জনং।

অর্থাৎ ও হে স্ত্রি, অনেক নিশা গতা হইয়াছে, কিঞ্চিৎ শেষ আছে, অতএব আর কিছু কাল মনঃ স্থির করত সজ্জনের মনোরঞ্জন কর। দেখ, আমরা এত ক্ষণ পর্য্যন্ত নৃত্য করিয়া কিছু পাইলাম না, তাহাতে যদ্যপিও পাইবার আশা নাই, তথাচ আর কিঞ্চিৎ কাল থাকিয়া প্রভাত পর্য্যন্ত নৃত্য করিয়া আপনাদিগের কার্য্য করি, তাহাতে সভ্য লোকেরা তুষ্ট হইবেন।

রাজপুত্র ও পাত্রের কন্যা ঐ শ্লোকের অর্থ বুঝিয়া সহিষ্ণুতা করা সর্ব্বতোভাবে ভাল, ইহা মনে করিল; এবং নৃত্যকীর প্রতি তুষ্ট হইয়া তাহাকে আপন২ গলার গজমুক্তার হার দিল।

সেই সভাতে কোটালের পুত্র শ্লোকের অর্থ না বুঝিয়া আপন পিতাকে চপেটাঘাত করিল; কোটাল তাহাকে স্কন্ধে করিয়া নৃত্য করিতে লাগিল। তখন সভ্য লোকেরা চমৎকৃত হইয়া কোটালকে জিজ্ঞাসা করিল, তোমার পুত্র তোমাকে মারিল, তাহাতে তুমি যে তাহাকে স্কন্ধে করিয়া লইলা, ইহার কারণ কি? কোটাল উত্তর করিল, আমি উহাকে নীতি শিক্ষা করাই নাই, সেই হেতুক মূর্খ হইয়াছে; অতএব আমাকে বধ না করিয়া যে প্রহার করিল এই পরম লাভ।

14.—*Flattery.*

১৪। স্তাবকের কথা।

ব্যবহারাধিক স্তব করে যেই জন।
অবশ্য তাহার আছে কিছু প্রয়োজন॥

যে জন স্তব ও মিথ্যা প্রশংসাতে তুষ্ট হয়, সেই ভিন্ন অন্য কেহ তাহাতে প্রতারিত হয় না, তাহার উদাহরণ।

এক শৃগাল ক্ষুধিত হইয়া আহারান্বেষণ করিতেছিল, দৈবাৎ সম্মুখে

এক বৃক্ষোপরি এক কাটবিড়ালীকে দেখিল। সে কোমল জন্তু সুতরাং শৃগালের উপাদেয় খাদ্য, কিন্তু তাহাকে ধরিবার কোন উপায় না পাইয়া শৃগাল তাহাকে কহিল, তোমার পিতা পিতামহ অতিশয় বলবান ও ক্ষমতাপন্ন ছিলেন, তাঁহারা এক বৃক্ষহইতে অন্য বৃক্ষে লম্ফ দিতে পারিতেন। সেও তাহা করিল। পরে শৃগাল বলিল, তাঁহারা বৃক্ষের ডালহইতে এক লম্ফ দিয়া মূলে আসিতে পারিতেন। কাটবিড়ালী শৃগালের স্তবে মগ্ন হইয়া লম্ফ দিয়া মূলে নামিবামাত্র শৃগাল তাহাকে গ্রাস করিল।

দেখ, স্তাবক কেবল স্বকার্য্য সাধনার্থ ব্যতিরিক্ত অন্য হেতু স্তব করে না, অতএব স্তব যাহার কর্ণে কণ্টকের ন্যায় বোধ হয়, সেই সুবোধ, স্তবের দ্বারা সে কখনো প্রতারিত হয় না; কিন্তু বালকদিগের কর্ণে অঙ্গুলি দেওনের ন্যায় মিথ্যা স্তবে ও প্রশংসাতে যাহার সুখ বোধ হয়, সেই নির্ব্বোধ, এবং তাহার ক্ষতি অবশ্য হইবে।

15.—*The Source of Happiness.*

১৫। সুখের মূল।

ধনে সুখ নহে, কিন্তু সুখ হয় মনে।
অন্যের দেখহ মন, বিজ্ঞান দর্পণে॥

এক বিদ্যাবান্ ব্যক্তির নানা শাস্ত্রাধ্যয়নদ্বারা বড় জ্ঞানের প্রাখর্য্য হইল। পরে তাহার অন্তর নিরন্তর বিদ্যা বিষয়ক ধ্যানে নিযুক্ত ছিল, ইহাতেও তাহার মন কদাচিৎ হৃষ্ট হইত; কিন্তু প্রায় সর্ব্বদা বিমর্ষ থাকিত, কেননা তাহার দশার সমান অন্যের দশা ছিল না; এই নিমিত্তে যাহাকে দেখিত তাহারি হিংসা করিত। এক দিবস কাতর হইয়া অতিশয় নিদ্রিত হইয়া স্বপ্নে দেখিল, যে এক ব্যক্তি আমার দুঃখ নিবারণার্থে এক দর্পণ দিয়া কহিতেছেন, এই দর্পণদ্বারা তোমার সকল দুঃখ দূর হইবে, কেননা ইহাতে অন্যের মন দেখা যায়। অতএব আগে অন্যের মন দেখিবা, পরে যদি তোমার ইচ্ছা হয়, তবে তাহারই মত তুমি হইতে পারিবা।

বিদ্বান্ কৃতজ্ঞতাপূর্ব্বক দর্পণ গ্রহণ করিয়া আনন্দিত মনে রাজপথে যাইতে২ সুরঙ্গ বস্ত্রে তুরঙ্গারোহণে ও শকট, শিবিকা, কুঞ্জর বাহনে, এবং ছত্রধারী ও পদাতিক সমভিব্যাহারী পদব্রজে গমনকারি অনেক২ লোককে দেখিয়া, মনোদর্শক দর্পণে দৃষ্টি করিবামাত্র প্রকাশ পাইল, যে কলঙ্ক, কলহ, বিকার, বিরহ, রোগ, শোক, মিত্রতার বি-

য়োগ, লোভ, ক্ষোভ, হিংসা, ঈর্ষ্যা ইত্যাদি বিষয়াধীন হওয়াতে কাহারও মন কোন মতে শান্ত নহে।

পরে রাজসভাতে উপস্থিত হইয়া দর্পণে দেখিল, কেহ রাজার ভয়ে কম্পিত, কেহ অপ্রতিভ হইবার আশঙ্কায় ভীত, কেহ বা রাজার অগোচরে প্রজাগণের উপরে সিংহের ন্যায় তর্জ্জনগর্জ্জনকারী, কিন্তু রাজার সাক্ষাতে শৃগালের ন্যায় ভীত ও চোরের ন্যায় অপমানগ্রস্ত, কেহ বা মান ও নাম বাড়াইবার কারণ বিশ্বাসিত কর্ম্মে বিশ্বাসঘাতকী হইয়া, ও রাজধন অপব্যয় করিয়া শেষে প্রহারালয়ে বদ্ধ হইতেছে। অতএব সংসারের এতাদৃশ সুখাপেক্ষাতে উদাসীন হওয়া ভাল, ইহা জ্ঞাত হইল।

পরে এক বিবাহের সভায় উত্তরিয়া দেখিল, কেহ অপত্যাভাবে, কেহ অপত্যের শোকে; কেহ বিবাহ সন্ধানে, কেহ বিবাহ বন্ধনে; কেহ কন্যার ভারে; কেহ পুত্রের বিবাহ হেতুক; কেহ২ বনিতা, দুহিতা, জামাতা, ইত্যাদির শোকে; কেহ বা কুলাভাবে, কেহ কুল রাখিবার নিমিত্তে ব্যাকুল হইতেছে; এবং জাতি কুল মান রক্ষা হেতু প্রবঞ্চনা তাহাদের মনকে আক্রমণ করিতেছে, আর জাত্যভিমানী ও কুলাভিমানী অনেকেই প্রকাশে আপনাদিগকে মহৎ ও শুচি বলিয়া পরিচয় দেয়, ও স্বজাতীয়ের সহিত আহার ব্যবহার করিতে সঙ্কুচিত হয়, এবং আপনাদিগের দোষ ঢাকিবার কারণ অন্যকে হঠাৎ দোষী করে, ও অন্যকে তুচ্ছ করিয়া আত্মগৌরব বাড়ায়, কিন্তু তাহাদের আপনাদের ও পরিবারের মধ্যে অপ্রকাশে এমত কদাচার, ও নীচ ও অশুচি ও বিজাতীয় ব্যবহার, যে তাহাতে তাহাদের অন্তঃকরণ অত্যন্ত আকুল ও ব্যথিত।

মনুষ্যের মনোগত যত দুঃখ ও কাল্পনিকতা তাহা বাহ্যের সুদৃশ্য লক্ষণ ও বাক্যের দ্বারা আচ্ছাদিত আছে, এ সমস্ত প্রভেদ দর্পণে দেখিয়া নিদ্রাহইতে উঠিয়া সেই বিদ্বান্ ঈশ্বরের স্তব ও ধন্যবাদ করিয়া কহিল, হে প্রভো, তুমি আমাকে রক্ষা করিয়াছ, আমি যে উহাদের কাহারও মত হই নাই, ইহাতে আপনাকে ধন্য করিয়া মানি। এই অবধি কাহারও সহিত অবস্থা ও ভাগ্য পরিবর্ত্ত করিতে বাসনা করিয়া আর উন্মাদ হইব না। এই রূপে বিদ্বান্ ব্যক্তি প্রত্যেক পদস্থ মনুষ্যের মন দেখিয়া লজ্জিত ও বিস্ময়াপন্ন হইয়া আপনাকে সুখী বোধ করিল।

সুখ বাহ্যের লক্ষণে কিম্বা ধনে কদাচ নহে, কেবল মনে। বিদ্বান্ ব্যক্তি এই কাল্পনিক দর্পণে যেমন তাহা জানিতে পারিয়া আত্মসুখ দেখিতে পাইল, সেই রূপ যাহার জ্ঞান আছে সে অনায়াসে জ্ঞানদর্পণের দ্বারা অন্যের মন দেখিলে আপনার অবস্থা ও পদ অবশ্য

ভাল বাসিবে, আর কাহারও হিংসা করিবে না, ও কাহারও মত হইতে চাহিবে না; কেননা রোগ শোক মৃত্যুর অধিকার সকলের উপরে আছে; তন্নিমিত্তে রাজপুত্র অট্টালিকায় যেমন সুখভোগ করে, কুটীর মধ্যে কৃষাণ তদপেক্ষা অধিক সুখ ভোগ করিতে পারে। মনুষ্য মনুষ্যের দৃশ্য ঐশ্বর্য্য দেখিয়া অকারণ হিংসাতে অধৈর্য্য হয়, কিন্তু তাহাদের মন কি দুঃখে দুঃখিত তাহা কেহ জানে না ও বুঝে না। যেমন বলা যায়, ময়ূরের সুবর্ণ পাখা দেখিয়া লোক প্রশংসা করে, কিন্তু সে আপনার কদর্য্য পা দেখিয়া লজ্জায় আপনি অধোবদন হয়।

16.—*Company.*

১৬। সংসর্গের বিষয়।

সঙ্গ দোষে সদ্গুণের কেবল গৌরব যায় তাহা নহে, বরং অসদ্গুণ বর্ত্তে। দেখ, তাম্রের থলিয়াতে স্বর্ণ রাখিলে বিবর্ণ হইয়া তাম্রবর্ণ প্রাপ্ত হয়। অতএব যাহাকে শিখাইতে পার, কিম্বা যাহার স্থানে শিক্ষিত হইতে পার, অথবা যাহাকে শোধন করিতে পার, কিম্বা যাহাকর্ত্তৃক শুদ্ধ হইতে পার, এমত লোক ভিন্ন অন্যের সংসর্গে থাকিও না; কেননা সঙ্গ গুণে গুণ হয়, সঙ্গ দোষে দোষ হয়।

এক ভদ্র লোকের সন্তানের যাত্রা দর্শনে ও কবিতা শ্রবণে বড় আমোদ ছিল। সে এক রাত্রি এক বাটীতে কবিতা শুনিতে গিয়া অলস লোকদের সহিত বসিল; সেইদিকে বড় গোল হইলে বাটীর কর্ত্তা সেই দিকের লোককে বেত্র মারিতে লাগিল। তখন সে মনে ২ করিল, দেখ, অলসের সঙ্গে বসিলে অলসের সহিত গণিত হইতে হয়, ও তাহাদের দশাধীন হইতে হয়। অতএব এতাদৃশ কবিতা শ্রবণেচ্ছাকে দমন করিয়া ভাল জ্ঞান চেষ্টা করা আমার উপযুক্ত।

17.—*Good Manners.*

১৭। শিষ্ট নিরূপণ।

এক মহল্লোকের সন্তান এক ইতর লোকের পুত্রকে কটূক্তি কহিল; কিন্তু ইতর লোকের সন্তান তাহা সহিল, এক কথাও কহিল না; কেননা ভাবিল, দুষ্ট ভাষা কহা অপেক্ষা সহিষ্ণুতা করা ভাল। এই আখ্যান এক জন শিক্ষক আপন শিষ্যকে জ্ঞাত করাইয়া কহিলেন, কহ দেখি বাপু, ইহার মধ্যে শিষ্ট কে? শিষ্য কহিল, মহাশয়,

আমার অল্প জ্ঞান, কিন্তু ইতর সন্তানের নম্রতাদ্বারা শিষ্টতা জানা গেল, ইহা বুঝি। গুরু বলিলেন, ধন্য শিষ্য, এই বটে, কেননা দোষগুণ বাক্য ও কর্ম্মের দ্বারা প্রকাশ পায়। দেখ, মহৎকুলে উৎপন্ন হইয়া চৌর্য্য, যুয়াচৌর্য্য, লম্পটতা, ইত্যাদি নীচ ক্রিয়া করিতেছে, এবং নীচ কুলে উৎপন্ন হইয়াও মহৎ ক্রিয়া করিতেছে; যেহেতুক জন্ম হউক যথাতথা, কর্ম্ম হউক ভাল।

কুল বিশেষে শিষ্ট নয়, শীল থাকিলেই হয়। তাহার বিবরণ এই, লজ্জাশীল, ধৈর্য্যশীল, ধর্ম্মশীল, ব্যয়শীল, গুণশীল, ইত্যাদি শীলতা-বিশিষ্ট লোককে শিষ্ট কহা যায়।

18.—*Pride.*

১৮। অহঙ্কারের কথা।

ধনে অহঙ্কার নহে, অহঙ্কার মনে।
বয়সেতে বিজ্ঞ নহে, বিজ্ঞ হয় জ্ঞানে॥

অনেক ধনি লোক অহঙ্কার করে না, অনেক দরিদ্র লোক অহঙ্কার করে। যদি ধনহইতে অহঙ্কার জন্মিত, তবে সমস্ত ধনি লোকই অহঙ্কারী হইত। অতএব অহঙ্কার ধনে নহে, কেবল মনে; আপনাকে বড় করিয়া জানা সেই অহঙ্কার। কোন ২ বিদ্বান্‌ও মনে করেন, আমি বড়, আমাহইতে আর কেহই বড় নাই, ও আমার সদৃশ আর নাই; তৎপ্রযুক্ত অপর ব্যক্তিকে অবজ্ঞা করেন্। মনুষ্য পাত্রের ন্যায় ও জ্ঞান জলের ন্যায়; অতএব যেমন জল নীচগামী, তেমনি জ্ঞানি ব্যক্তি কদাচ আপনাকে বড় করিয়া জানে না। যেমন বৃক্ষাদির যে ডালে ফল ধরে, সে ডাল ফলের ভারেতে অবশ্য নত হয়। বড় গাছ হইলেই যে ফলবান্ হয়, তাহা নয়। দেখ, ধান্যের শীষ যত শস্যপূর্ণ হয়, তত নম্র হইয়া ভূমিতে পড়ে; তাদৃশ জ্ঞানী যত জ্ঞানপ্রাপ্ত হয়, তত নম্র ও শিষ্ট হয়।

প্রাচীন হইলেও বিদ্যাভ্যাসে আলস্য ও লজ্জা করিও না; কেননা বিদ্যা বৃদ্ধা হন না। অতএব অধিক বয়স্ কিম্বা অল্পবয়স হইলেই যে বিজ্ঞ হয়, তাহা নয়, কেবল জ্ঞান থাকিলেই বিজ্ঞ হয় ইতি।

19.—*Humanity.*

১৯। ভদ্রাচরণের কথা।

কখন্ কি আপদ ঘটিবে ইহা কোন কেহ জানে না; অতএব তাহার উপায়ও করিতে আগে পারে না। সে নিমিত্তে সকল লোকের সহিত

সুব্যবহার করা কর্ত্তব্য, তাহাতে বিপদ্‌কালে তাহারা সাধ্যানুসারে উপকার করিতে চেষ্টা করিবে। তাহার ইতিহাস।

দুই ভাই এক সওদাগরের নৌকায় ছিল; পরে ঝড়ে ঐ নৌকা ডুবিবার উপক্রম হওয়াতে সেই দুই জন স্রোতের মধ্যে পড়িল। তখন সওদাগর দাঁড়িদিগকে বলিলেন, তোমরা যদি এই দুই জনকে উদ্ধার করিতে পার, তবে তোমাদিগের প্রত্যেক্‌কে এক২ শত টাকা দিব। তাহাতে দাঁড়িরা শীঘ্র যাইয়া দুই ভাইয়ের এক ভাইকে ধরিল, দ্বিতীয় ভ্রাতাকে ধরিতে বিলম্ব হওয়াতে সে ডুবিয়া পড়িল। দাঁড়িরা আসিবামাত্র সওদাগর তাহাদিগকে বলিলেন, তোমরা তাহাকে ধরিতে বিলম্ব করিলা, এই জন্যে সে মরিল। পরে তাহারা বলিল, হাঁ মহাশয়, যাহা বলিতেছেন তাহা প্রমাণ বটে, কিন্তু সকল কর্ম্মেতে অন্তঃকরণের মিলন অপেক্ষা করে। দাঁড়িদের মধ্যে এক জন বলিল, এক দিবস আমি শ্রান্ত হইয়া বনে পড়িয়া রহিয়াছিলাম; তাহাতে ইনি আপন উটের উপর আমাকে আরোহণ করাইয়া, আমার ঠিকানায় পৌঁছাইয়া দিয়াছিলেন; আর যিনি মরিলেন, তিনি আমাকে কোড়া মারিয়াছিলেন, সেই নিমিত্তে আমি তাঁহাকে ধরিতে বিলম্ব করিলাম ইতি।

20.—*The rich and the poor Man.*

২০। দরিদ্র এবং মূর্খের কথা।

দরিদ্রের অনায়াসে লক্ষ্মী হওয়া সম্ভব।
কিন্তু মূর্খের হঠাৎ বিদ্যা হওয়া অসম্ভব॥

এক দেশে এক বিদ্বান্ দরিদ্র ও মূর্খ ধনবান এই দুই জনের বন্ধুতা ছিল। কতক দিন পরে ঐ দুই জনেরই এক সভায় নিমন্ত্রণ হইল; তাহাতে উভয়ে সেখানে উপস্থিত হওয়াতে, সভার সমস্ত লোক ঐ বিদ্বানের সমাদর করিল। তাহা দেখিয়া মূর্খ বড় লজ্জা পাইয়া, আপন অন্তঃকরণে চিন্তা করিতে লাগিলেন, আমি কেন মূর্খ হইলাম? আমি যদি বিদ্বান্ হইতাম, তবে সকলে আমারও সমাদর করিত। আমি ধনী বটি, কিন্তু ধন আমার সঙ্গে যাইতে পারে না, বিদ্যা সর্ব্বত্র সঙ্গে যাইতে পারে; অতএব সকল ধন ব্যয় করিয়া বিদ্বান হইতে অদ্যাবধি চেষ্টা করিব, এই স্থির করিলেন। সভা ভাঙ্গিলে পর পথে যাইতে২ তিনি বলিলেন, হে প্রিয় বন্ধো, তুমি যদি অনুগ্রহ করিয়া আমার পরামর্শ গ্রহণ কর, তবে উভয়েরই মঙ্গল হইতে পারে। তাহাতে জ্ঞানী জিজ্ঞাসা করিলেন, সে কি কথা? তিনি উত্তর

করিলেন, আমার সমস্ত ধন তুমি লও, এবং তোমার বিদ্যা আমাকে দেও। ইহাতে বিদ্বান্ বলিলেন, তুমি ধন সহজে দিতে পার বটে, কিন্তু আমি তোমাকে বিদ্যা সহজে দিতে পারি না। এই কথা শুনিয়া ধনী বলিলেন, হে ভাই, আমি ধনের মমতা ত্যাগ করিতে পারিলাম, তুমি কি বিদ্যার স্নেহ ত্যাগ করিতে পারিলা না? তাহাতে তিনি বলিলেন, শুন ভাই, আমাদের এমত বিবাদের আবশ্যক কি? আইস, আমরা সাহেব লোকের নিকটে যাই, তাঁহারা বিবেচক, অবশ্য কোন মতে দুই জনকে বুঝাইতে পারিবেন। এই নিশ্চয় করিয়া দুই জন তাঁহাদের সম্মুখে যাইয়া সেলাম করিয়া সকল নিবেদন করিল। তাহারা অবগত হইয়া বলিলেন, এখনি তোমাদিগকে দেখাইতেছি। পরে চাঁদা করিয়া কতগুলি টাকার দ্বারা দরিদ্র বিদ্বান্কে ধনবান্ করাইয়া মূর্খকে বলিলেন, তুমি পাঠশালায় যাইয়া বিদ্যা শিক্ষা কর, তবে গুণবান হইবা; যদি চাঁদাদ্বারা বিদ্যা দেওয়া সম্ভব হইত, তবে এইক্ষণে তোমাকে বিদ্বান্ করিতাম।

21.—*The greedy King.*

২১। লোভির কথা।

অতিশয় লোভেতে সকল হারাণ যায়।

এক প্রজার উদ্যানের মধ্যে সকল বৃক্ষহইতে মূল্যবান্ এক উত্তম আম্র বৃক্ষ ছিল; সেই বৃক্ষের ফল প্রজা প্রতিবৎসর রাজাকে দিত; রাজাও সেই আম্র অতিশয় ভাল বাসিতেন। অতএব তিনি কিছু কাল পরে ঠাহরাইলেন, ঐ বৃক্ষ নিজ উদ্যানে রোপণ করিলে তাহার সমস্ত ফল আমি পাইব। ইহা মনে করিয়া তাহাকে স্থানান্তর করাতে বৃক্ষ শুষ্ক হইয়া গেল, তাহাতে ফলের এবং বৃক্ষের দুইয়েরই শেষ হইল।

22.—*A foolish choice.*

২২। ধনাকাঙ্খি বালকের কথা।

দুই ভাই এক পাঠশালায় বিদ্যাভ্যাস করিতেছিল, ইতোমধ্যে এক ব্যবসায়ী সেই পাঠশালায় যাইয়া জিজ্ঞাসা করিলেন, এখানে এক জন চাকর পাওয়া যাইতে পারে কি না? তাহাতে এক ভাই তাঁহাকে জিজ্ঞাসা করিল, মহাশয় কি মাহিনা দিবেন? তিনি বলিলেন, আমি

মাসে ২ পাঁচ টাকা করিয়া দিব; কেবল জিনিস পত্র লইয়া আমার সঙ্গে যাইবে, কিছু লেখা পড়ার আবশ্যক নাই। তাহাতে সে বলিল, ভাল, আমি ভ্রাতার সহিত পরামর্শ করিয়া মহাশয়কে সমাচার দিব। তিনি বলিলেন, ভাল, তবে আমি এখন যাই। পরে সে তাহার কনিষ্ঠকে বলিল, হে ভাই, আমি এই পরামর্শ ঠাহরাইয়াছি, কত দিন লেখা পড়া করিলে বিদ্বান্ হইব কি না, তাহার ঠিকানা নাই; অতএব এই সওদাগরের সঙ্গে যাওয়া আমার ভাল; কেননা ইহাতে যদি কিছুই না হয়, তত্রাপি কোন ব্যবসায়দ্বারাও কালক্ষেপণ করিতে পারিব। তখন কনিষ্ঠ কহিল, হে ভাই, তুমি জ্ঞানহইতে ধন এখন ভাল বাসিলা, কিন্তু শেষে মন্দ হইবে। দেখ, বিবেচক কৃষকেরা ভাল বৃক্ষ বাগানে রোপণ করে, কিন্তু সে অনেক বিলম্বে সফল হয়; তত্রাপি তাহাদের এমত প্রত্যাশা থাকে, যে যখন বৃক্ষ ফলবান্ হইবে তখন ভাল ফল পাইব। আর কোন২ অবিবেচক কৃষক ভাবে, যে আমি অন্য বৃক্ষ রোপণ করিব, যাহাতে অল্প দিনে ফল হইবে; সে অল্প দিনে সফল হয় বটে, কিন্তু এক বৎসরের মধ্যে বৃক্ষসুদ্ধা নষ্ট হয়; ভাল বৃক্ষ তাদৃশ নয়।

তাৎপর্য্য। বালক কালে ধনে লোভ করিলে বিদ্যা অভ্যাস হয় না।

23.—*The studious Boy.*

২৩। বিদ্যাভ্যাসের কথা।

এক দিন শ্যামচাঁদ নামে এক বালক আপন পিতার নিকটে যাইয়া যোড় হাত করিয়া এই নিবেদন করিল, হে পিতঃ, অদ্য আমি যখন নগর ভ্রমণ করিতে যাইতেছিলাম, তখন পথের মধ্যে কতকগুলি বালক পরস্পর এই রূপ কথোপকথন করিতেছিল, ভাইরে, আমাদের অদ্য বড় বেলা হইয়াছে, চল, শীঘ্র করিয়া পাঠশালায় যাইয়া আপন২ পাঠ অভ্যাস করি, নতুবা গুরু মহাশয় আমাদের প্রতি ক্রোধ করিবেন, আর পাঠশালাহইতে ঘরে আইলে যদি আমাদের পিতা আমাদিগকে জিজ্ঞাসা করেন, তোমরা অদ্য কি শিক্ষিয়াছ? তবে বলিতে না পারিলে আমাদের লজ্জা হইবে; অতএব এইক্ষণে পাঠশালায় গিয়া আপন২ পাঠ শিক্ষা করা উচিত হয়; তাহা করিলে আমরা জ্ঞান পাইব, এবং আমাদের মাতা পিতাও আমাদের প্রতি তুষ্ট হইয়া আমাদিগকে স্নেহ করিবেন। যেহেতুক জ্ঞানবান্ পুত্রকে দেখিলে পিতা মাতা আনন্দিত হন, কিন্তু মূর্খ পুত্র পিতা মাতার দুঃখস্বরূপ; ইহা কহিয়া তাহারা সকলে পাঠশালায় গেল।

পরে শ্যামচাঁদ কহিল, হে পিতঃ, আমি তাহাদের এই রূপ কথোপকথন শুনিয়া লজ্জিত হইলাম; কেননা আমার বয়স ক্রমে২ বৃদ্ধি হইতেছে। যদি আমি এখন বিদ্যা উপার্জ্জন না করি, তবে ইহার পর বিদ্যাভ্যাস করা আমার দুষ্কর হইবে। তাহার পিতা এই সকল বৃত্তান্ত জ্ঞাত হইয়া তাহাকে এক জন সুশিক্ষকের নিকটে বিদ্যাভ্যাসের নিমিত্তে নিযুক্ত করিয়া দিলেন। কতক দিন পরে শ্যামচাঁদ আপন পিতার সম্মুখে গিয়া প্রণাম করিবামাত্র তাহার পিতা তাহাকে জিজ্ঞাসা করিলেন, যে হে পুত্র, তুমি এত দিন কি শিক্ষা করিয়াছ? তাহাতে সে যাহা২ শিক্ষা করিয়াছিল, সে সমস্ত আপন পিতার স্থানে পরিচয় দেওয়াতে তাহার পিতা আহ্লাদিত হইয়া তাহাকে এক মোহর দিয়া কহিলেন, ইহাতে তোমার যাহা বাঞ্ছা তাহা কর। পরে সে সেই মোহরটী পাইয়া পিতাকে প্রণাম করিল, এবং বিদায় হইয়া ও বাটীর বাহির যাইয়া নগর ভ্রমণ করিতে ইচ্ছা করিল। ইতোমধ্যে বনের ভিতরহইতে এক রব তাহার কর্ণে প্রবিষ্ট হইল, সেই রব শুনিয়া বনের মধ্যে প্রবেশ করিবামাত্র দেখিল, এক বালক ধূলা মাখিয়া রোদন করিতেছে। তাহার নিকটে গিয়া প্রিয় বাক্যদ্বারা তাহাকে জিজ্ঞাসা করিয়া বলিল, তুমি কি কারণ ক্রন্দন করিতেছ? সে বালক তাহার প্রিয় বাক্যে আনন্দিত হইয়া কহিল, আমি লেখা পড়া ত্যাগ করিয়া খেলা করিতেছিলাম, তাহা দেখিয়া আমার পিতা আমাকে মারিয়াছেন, তাহাতে আমি বনে আসিয়া কান্দিতেছি। তখন শ্যামচাঁদ তাহাকে অনেক হিত বাক্যদ্বারা বশ করিয়া সুপথ দিয়া বনহইতে বাহির করিয়া নগরে আনিল।

তাৎপর্য্য। বাল্যাবস্থা থাকিতেই বিদ্যাভ্যাস করা বালকদের উপযুক্ত হয়; কেননা অধিক বয়সে বিদ্যাভ্যাস অনেক আয়াসে হয়।

24.—*Best Revenge.*

২৪। কুবাক্যের শাসন।

যাহার কুস্বভাব সে কুকথা কহে; যাহার সুস্বভাব সে সুকথা কহে।

এক রাজার পুত্রকে কোন দুঃখির বালক গালি দিয়াছিল; তাহাতে রাজপুত্র কান্দিতে২ রাজার নিকট আসিয়া এই কথা বলিল, হে পিতঃ, অদ্য আমি খেলা করিতে গিয়াছিলাম, তাহাতে অমুকের বালক যাহা ইচ্ছা তাহাই বলিয়া আমাকে গালি দিয়াছে। রাজা তাহা শুনিয়া মন্ত্রিদিগকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন, আমার পুত্রকে

যে গালি দিয়াছে, তাহাকে কি শাস্তি দেওয়া তোমাদের বিচারে উচিত হয়? তাহাদের মধ্যে কেহ বলিলেন, তাহাকে কাটিয়া ফেলিতে আজ্ঞা করুন; কেহ কহিলেন, কারাগারে বদ্ধ করিতে আজ্ঞা দিউন; এই প্রকারে তাঁহারা সকলে বলিতে লাগিলেন। তখন রাজা আপন পুত্রকে ডাকিয়া এই কথা কহিলেন, আমি রাজা বটি, এবং বিচার করিয়া শাস্তি দিলে দিতে পারি; কিন্তু তাহাতে কে ভাল কে মন্দ তাহা জানা যায় না। অতএব যদি তুমি ভাল হইতে চাহ, তবে এই কালাবধি ক্ষমা করিতে শিক্ষা কর; উহাকে ক্ষমা কর। তখন রাজপুত্র তাহাকে ক্ষমা করিয়া এই কথা বলিলেন, দেখ, আমার শাস্তি দিবার ক্ষমতা থাকিতেও তোমাকে ক্ষমা করিলাম, অতএব তুমি আর কাহাকেও গালি দিও না, এবং তোমাকে কেহ গালি দিলেও এই রূপে তাহাকে ক্ষমা করিবা।

তাৎপর্য্য। বালকদের বালক কালাবধি নীতি শিক্ষা করা কর্ত্তব্য।

25.—*A Dunce.*

২৫। বিদ্বান্ ও মূর্খের বিষয়।

বিদ্যা যত্ন করিলে পাওয়া যায় ও সাধিলে সিদ্ধ হয়।

এক বালক বিদ্যাভ্যাসে যত্ন না করিয়া আপন ইচ্ছানুসারে কালক্ষেপণ করিত, এবং সুশিক্ষায় ও হিতবাক্যে অবহেলা করিয়া কুসঙ্গে ভ্রমণ করিত। পরে যৌবনাবস্থায় অন্ন ও বস্ত্রাভাবে অধিক দুঃখ পাওয়াতে সে মাসে ২ দুই টাকা মাহিনাতে কর্ম্ম করিতে লাগিল; কিন্তু তাহাতে বড় ক্লেশ বোধ হেতুক, তাহার এক বন্ধুর নিকটে যাইয়া কাতরোক্তিতে জিজ্ঞাসা করিল, হে ভাই, তুমি কি রূপে সাহেব লোকের কর্ম্ম করিয়া প্রতি মাসে দশ ও অধিক টাকা পাইতেছ; কিন্তু আমি সমস্ত দিন কার্য্যে মগ্ন থাকিয়া তোমাহইতেও অধিক পরিশ্রম করি, তথাপি মাসে ২ দুই তিন টাকার অধিক পাই না, ইহার কারণ কি? সে বলিল, হে অবোধ মিত্র, তুমি বালক কালে বিদ্যাভ্যাসে হেলা করিয়াছিলা; আমি অনেক ক্লেশ পাইয়াও বহুবিধ যত্ন পূর্ব্বক অন্বেষণ করিয়া বিদ্যা পাইয়াছি, তন্নিমিত্তে এখন আমি এ পদস্থ হইয়াছি; তুমি বিদ্যাভ্যাসে যত্নবান্ হও নাই, এই কারণ সম্প্রতি দুরবস্থা প্রাপ্ত হইয়াছ। আমি বিদ্বান্ লোকের প্রমুখাৎ শুনিয়াছি, বিদ্যা বলেন, আমার সেবা যে ব্যক্তি করে, আমি তাহাকে অবশ্য ধনের নিকট পৌঁছাইয়া দিব।

26.—*The two Sons.*

২৬। এক বৃদ্ধ মনুষ্য ও তাহার দুই পুত্রের কথা।

কতক দিবস হইল আমি এক গ্রাম দিয়া যাইতে২ দেখিলাম, এক প্রাচীন ব্যক্তি কতগুলি প্রতিবাসি লোকের সহিত একত্র হইয়া এক বৃক্ষের বিস্তারিত ছায়াতে বসিয়াছিল। সেই প্রাচীন লোকের হস্তে এক লিপি ছিল। পরে সেই লিপি তাহার প্রতিবাসি লোকের মধ্যে কোন ব্যক্তি পাঠ করিতে লাগিল। সেই সময় আমি সেখানে উপস্থিত হইয়া দেখিলাম, অত্যন্ত হর্ষে মনুষ্যের অন্তঃকরণ যাদৃশ প্রফুল্ল হয়, সেই প্রাচীন লোকের মন তাদৃশ প্রফুল্ল হইয়াছিল; এবং লিপি পাঠের দ্বারা সেই বৃদ্ধ আপনি যাদৃশ হৃষ্টচিত্ত হইল, তাহার প্রতিবাসি লোকেরা যেন তাদৃশ সন্তুষ্ট হয়, এমন তাহার আকাঙ্ক্ষা দেখিলাম; এবং আমিও যেন সেই আমোদে আমোদিত হই, তাহার এমন ইচ্ছা আছে, এই প্রকার আমার বোধ হইল; কেননা সে হস্তোত্তোলন করিয়া কহিল, দেখ, আমার আনন্দদায়ক যে গোবিন্দচন্দ্র নামা পুত্র, সে আমার ব্যয়ের কারণ এক হুণ্ডী পাঠাইয়াছে। তাহাতেই আমি বুঝিলাম, এই লিপি এবং হুণ্ডী ইহার পুত্রের নিকটহইতে আসিয়া থাকিবে। তদনন্তর আমি ঐ প্রাচীনের পূর্ব্বাবস্থা জানিতে বাঞ্ছা করিয়া এক জনকে জিজ্ঞাসা করিলাম, তাহাতে তাহার সকল বিষয় জ্ঞাত হইলাম।

ঐ প্রাচীন ব্যক্তির নাম রাজকৃষ্ণ। সে পূর্ব্বে ধনী ছিল, কিন্তু সওদাগরী কর্ম্মের অপচয়ে ও এক শঠ মিত্রের চাতুরীদ্বারা তাঁহার প্রায় ভিক্ষুকের অবস্থা হইয়াছে। তাহাতে তাঁহার যে২ কপটাত্মীয় ছিল, তাহারাও আত্মীয়তা ত্যাগ করিল। এবং বদনচাঁদ নামে যে তাঁহার জ্যেষ্ঠ পুত্র সে অতিশয় দুরন্ত ও অধার্ম্মিক, এবং সর্ব্বদা পিতার অবাধ্য, ও পাঠশালায় যাইয়া শিক্ষকের আজ্ঞা অবজ্ঞা করিত; পরে সে যৌবনাবস্থাতে এতাদৃশ কুক্রিয়ান্বিত হইল, যে তাহার প্রতিবাসিরা তাহার সহিত আলাপও করিত না, বরং মন্দ সংসর্গ প্রযুক্ত তাহার নিকটহইতে দূরে থাকিত, আর যে সকল লোক আপনাদের শুভাকাঙ্ক্ষী, সে সকল লোক তাহাকে ঘৃণা করিয়া অগ্রাহ্য করিত। আর আপনি যেমন দুষ্ট, তদ্রূপ আর দুই জনের সহিত সে প্রণয় করিল। পরে এই তিন জনে আলস্য প্রযুক্ত কর্ম্ম করিতে ইচ্ছা করিল না, ও লিখন পঠনেতে অক্ষম প্রযুক্ত মুহুরিগিরি কিম্বা অন্য২ কর্ম্ম করিতেও তাহারা যোগ্য ছিল না, এবং তাহাদের আত্মীয়বর্গেরাও তাহাদের প্রতি বিমুখ হইল, ইহাতে তাহারা চৌর্য্য বৃত্তিতে মনস্থ করিল,

এবং যাবৎ পর্য্যন্ত রাজকর্ত্তৃক ধরা না পড়িল, ও কারাগারে বদ্ধ না হইল, তাবৎ পর্য্যন্ত এতদ্রূপাবস্থাতেই কাল যাপন করিত। অনন্তর তাহারা ধৃত ও বিচারিত হইয়া রাজপথ বন্ধনের কারণ যাবজ্জীবন পর্য্যন্ত মৃত্তিকা খননরূপ দণ্ড প্রাপ্ত হইল। ঐ দুষ্ট পুত্র এই রূপে তাহার পিতাকে দুর্গতিরূপ জলপান করাইল, পরে আপন পুত্রের এমত কুক্রিয়াতে ও আপন দুর্ভাগ্য হওয়াতে সে বৃদ্ধ মনুষ্য মৃতবৎ হইল।

তাঁহার কনিষ্ঠ পুত্র যাহার নাম গোবিন্দচন্দ্র, সে অতি সুশীল বালক, এবং অন্য২ দুশ্চরিত্র ও অলস বালকদের সহিত ক্রীড়া কিম্বা কুক্রিয়াদি কিছুই করিত না; প্রত্যহ দুই বার পাঠশালায় যাইত, আর সে বিদ্যাতে এমত মনোযোগ করিল, যে অন্য বালকাপেক্ষা শীঘ্র উত্তম স্থানে নিযুক্ত হইল। সে পাঠশালায় অন্য বালকদের সহিত বিবাদ কিম্বা উচ্চৈঃস্বরে শব্দ ইহার কিছুই করিত না; এবং অন্য বালকদিগের অপরাধও শিক্ষককে কহিত না, বরং তাহাদের বিবাদ যত্ন পূর্ব্বক ভঞ্জন করিত, এবং তাহার গুরু মহাশয়ের উষ্মা যাহাতে হয়, এমন কর্ম্ম কদাচ করিত না, কিন্তু শিক্ষকের তুষ্টি জন্মাইতে সচেষ্ট থাকিত; আর যে সকল বালক আপন২ পাঠাভ্যাসে অশক্ত হইত, তাহাদিগকে সে আপন জ্ঞানানুসারে সম্যক রূপে শিক্ষা করাইত, অতএব সে স্থানের বালকদের সে অতি প্রিয়তম ছিল, এবং পাঠশালার সকলেই তাহাকে স্নেহ করিত। সেই বালক মনোযোগ পূর্ব্বক সুন্দর রূপে লিখন পঠন শীঘ্র শিক্ষা করাতে পণ্ডিত ও অন্য২ শিষ্ট লোক সকলেই পুনঃপুনঃ তাহাকে আশীর্ব্বাদ করিত।

অনন্তর যখন সে বালক সকল বিদ্যাতে নিপুণ হইয়া পাঠশালা ত্যাগ করিল, তৎক্ষণাৎ এক সাহেব তাহার সুখ্যাতি শুনিয়া তাহাকে এক কর্ম্মে নিযুক্ত করণের নিমিত্তে তাহার পিতার নিকট এক লিপি পাঠাইলেন। সে লিপির বিবরণ এই, যদি তোমার পুত্রকে আমার নিকটে পাঠাও, তবে তাহার প্রতিপালনে ও বিদ্যাভ্যাসে ও কল্যাণে আমি যত্নপূর্ব্বক সহকারী হইব। তাহাতে ঐ বৃদ্ধ মনুষ্য পত্রদ্বারা এই সমস্ত অবগত হইয়া আপন সখার নিকটে গিয়া পরামর্শ করিয়া এই স্থির করিল, আমার পুত্রের যাওয়া কর্ত্তব্য বটে; অতএব তাহার যাওনের আয়োজন করিয়াও সে প্রাচীন মনুষ্য পুত্রস্নেহ প্রযুক্ত তাহার বিদেশ গমনে তাদৃক্ সম্মত ছিল না, কিন্তু অন্য২ লোকের বিস্তর কহনেতে তাহার সেই প্রিয়তম পুত্রকে যাইতে অনুমতি দিল; এবং সে জানিত, যে সেখানে সকল আবশ্যক দ্রব্য পাওয়া যায়, অতএব এমত স্থানে যাইতে দেওয়া আমার কর্ত্তব্য। কিন্তু প্রকৃত রূপে জ্ঞাত না হইলে, এমত দুঃখজনক বিচ্ছেদে তাহার কখনো সম্মতি হইত না। তদনন্তর যাত্রাকালীন আত্মীয়বর্গ ও সম-

বয়স্ক বন্ধু সকল তাহাদের প্রিয়তম গোবিন্দচন্দ্রকে বিদায় করিতে আইল; আর অন্যান্য যে বালকেরা তাহার নাম শ্রুত ছিল, তাহারাও খিদ্যমান হইল। পরে গোবিন্দচন্দ্র আপন পিতার ও সকল বন্ধুর স্থানে বিদায় হইয়া কর্ম্মস্থানে গমন করিল; কিছু কাল পরে সেই সাহেবের নিকটে গিয়া উত্তরিল। সাহেব তাহাকে দেখিবামাত্র তুষ্ট হইয়া লইলেন, এবং যাহাতে সে সুখে থাকে, এমত এক পদ দিতে আপন দেওয়ানকে আজ্ঞা করিলেন।

এখন, প্রায় এক বৎসর হইল সে সেই স্থানেই আছে, এবং স্বদেশস্থ লোকেরা যেমত তাহাকে স্নেহ করিত, তদ্দেশীয় লোকেরাও তদনুরূপ করিতে লাগিল; আর ক্রমে২ সে এমত নিপুণ হইল, যে সকল পুস্তক ও পত্রাদি অনর্গল সুন্দর রূপে লিখিতে ও পড়িতে পারে। আর যে লিপির বিষয় পূর্ব্বে কহিয়াছি সে গোবিন্দচন্দ্রের হস্তের লিপি, ও তন্মধ্যে যে হুণ্ডী ছিল, সে তাহার বৃদ্ধ পিতার ব্যয়ের কারণ পাঠাইয়াছিল। আর তাহার মাহিনা বাড়াইতে তাহার প্রভুর মানস আছে, তাহাতে তাহার অধিক সাহস হইয়াছে; এবং বৃদ্ধ পিতা ও মূর্খ ভ্রাতা ব্যতিরেক তাহার আর উদ্বেগ ছিল না। এবং যে শিক্ষকের মনোযোগদ্বারা সে পাঠশালায় যত্নপূর্ব্বক বিদ্যাভ্যাস করিয়াছিল, সেই গুরু মহাশয়কে নমস্কার জানাইতে পিতাকে লিখিল, কেননা তৎকালীন গুণের মর্ম্ম জানিত না, কিন্তু এইক্ষণে জ্ঞাত হইয়াছে। এবং আপন সমবয়স্ক বন্ধুদের প্রতিও লিখিল, যেন তাহারা মিথ্যা কালক্ষেপণ না করে, কেননা এখন গুণের মর্ম্মজ্ঞান না হইলে বড় খেদান্বিত হইতে হইবে।

27.—*Damon and Pythias.*

২৭। বন্ধুতার কথা।

দিয়নুষিয় নামক ব্যক্তি সিরাকুষ দেশের বাদশাহ হইয়া সর্ব্বদা মন্দ কর্ম্ম করিতেন। এক দিবস ঐ বাদশাহ দামোন নামে এক ব্যক্তির উপরে কোন দোষারোপ করিয়া তাহাকে কহিলেন, এ অপরাধেতে তোমার ফাঁসি হইবে। এই কথা শুনিয়া দামোন আপনার স্ত্রী পুত্রদিগকে দেখিবার নিমিত্তে ঐ বাদশাহকে কহিলেন, আমার স্ত্রী পুত্রদিগকে দেখিতে বড় ইচ্ছা হইয়াছে, তুমি আমার প্রাণদণ্ড করিলে তাহাদিগকে আর দেখিতে পাইব না; অতএব হে বাদশাহ, কিছু কালের নিমিত্তে আমাকে বাটী যাইতে দিউন। পরে বাদশাহ কহিলেন, তুমি

যাইয়া প্রাণভয়ে পলাইবা না, ইহা কি রূপে বিশ্বাস করিতে পারি? দামোন উত্তর করিলেন, যদি আমার প্রত্যাগমনে তোমার প্রত্যয় না হয়, তবে আমার বন্ধু পুথিয়কে বন্ধকরূপে রাখুন। এই মত স্থির হইলে পর তিনি বাদশাহের অনুমতি লইয়া আপন ঘরে গেলেন।

পরে বাদশাহ দামোনের আইসনের নিয়মকালের মধ্যে তাহার বন্ধু পুথিয়কে দেখিতে কারাগারে গিয়া তাহাকে কহিলেন, তুমি দামোনের কথায় বিশ্বাস করিয়া বড় নির্ব্বোধের কর্ম্ম করিয়াছ; তুমি কি প্রকারে বুঝিয়াছ যে সে ব্যক্তি তোমার নিমিত্তে কিম্বা অন্য কাহারো নিমিত্তে আপন প্রাণ দিবে? পুথিয় এই কথা শুনিয়া ম্লান না হইয়া বাদশাহকে কহিলেন, হে প্রভো, আমার বন্ধুর বিষয়ে আমার কোন সন্দেহ নাই; আর তাঁহার পরিবর্ত্তে বরং আমি শত ২ বার মরি, সেও ভাল। তিনি আসিব বলিয়া গিয়াছেন, তাহার অন্যথা কদাচ করিবেন না, ইহা আমার নিশ্চয় বোধ আছে; এবং তিনি সত্ত্বে আমার প্রাণদণ্ড হইবে না, ইহা আমি নিশ্চয় জানি। কিন্তু পরমেশ্বরের নিকটে এই প্রার্থনা করি, তিনি আমার বন্ধুকে বাঁচাইয়া রাখুন, অর্থাৎ যাহাতে নিয়মিত কালে আগমন করা তাঁহার অসাধ্য হয়, এমত কোন আটক উপস্থিত করুন; কারণ নিয়মিত দিনের মধ্যে এখানে আসিলে তিনি অবশ্য মরিবেন, তাহাতে তাঁহার স্ত্রী পুত্র বড় দুঃখ পাইবে। আমি মরি, তাহাতে হানি নাই, কিন্তু তাঁহার বাঁচিয়া থাকা অত্যাবশ্যক। বাদশাহ এই সকল কথাতে চমৎকৃত প্রযুক্ত অবাক হইয়া রহিলেন। পরে নিয়মিত দিন উপস্থিত হইলে ফাঁসি দিবার জন্যে ঐ পুথিয়কে কারাগারহইতে বাহির করিয়া আনাইলেন। পুথিয় হৃষ্টচিত্তে গমন করিয়া ফাঁসি দিবার মঞ্চে চড়িয়া হস্তদ্বারা সঙ্কেত করিয়া লোকসমূহকে কহিতে লাগিলেন, আমি পূর্ব্বে যে প্রার্থনা করিয়াছি, বুঝি পরমেশ্বর অনুগ্রহ করিয়া তাহা শুনিয়াছেন। কারণ দামোনের না আসিবাতে আমি এই অনুভব করিতেছি, ঈশ্বর তাঁহার আইসনের কোন ব্যাঘাত করিয়া থাকিবেন। আমার মৃত্যুর পরে যদি তিনি আইসেন, সুতরাং বাঁচিবেন, সে অতি উত্তম। এই সকল কথা সাঙ্গ হইবামাত্র একটা কলরব হইল, তাহাতে ঐ ফাঁসি দেওয়া কিঞ্চিৎকাল স্থগিত রহিল। তৎপরে ঐ দামোন অতিশয় বেগেতে আসিয়া ঘোড়াহইতে নামিয়া ঐ ফাঁসি দিবার মঞ্চে শীঘ্র উঠিয়া পুথিয়কে কোল দিয়া কহিলেন, বন্ধু হে, পরমেশ্বরকে বিস্তর প্রশংসা করি, যে তিনি তোমাকে এ ভয়ঙ্কর আপদহইতে মুক্ত করিলেন। পুথিয় দামোনকে কোল দিয়া বিমর্ষ হইয়া কহিলেন, হে বন্ধো, তুমি এত ব্যস্ত হইয়া কেন আসিয়াছ? ইহাতে তো তোমার সর্ব্বনাশ হইবে। এক্ষণে আমার এই দুঃখ যে আমি আত্মপ্রাণ দিলেও তোমার প্রাণ রক্ষা করিতে পা-

রিলাম না। দিয়নুষিয় এই সকল কথা শুনিয়া বিস্ময়াপন্ন হইলেন, এবং তাঁহার অন্তঃকরণেতে দয়াও জন্মিল। পরে তিনি সিংহাসনহইতে নামিয়া সেই ফাঁসি দিবার মঞ্চের নিকটে গিয়া কহিলেন, তোমাদিগের দুই জনের যেমন বন্ধুতা এমত আমি কোথাও দেখি নাই। তোমরা বাঁচিয়া থাকহ; ধর্ম্ম আছে, এবং ধর্ম্মের সংস্থাপনকর্ত্তা এক পরমেশ্বর আছেন, ইহা তোমরা সপ্রমাণ করিয়াছ। তোমরা যশোযুক্ত হইয়া মান্য থাকিয়া আমাকেও তোমাদিগের উত্তম বন্ধুতার ভাগী কর।

28.—*The House of Pitch.*

২৮। জৌগৃহের পরীক্ষা।

দুর্য্যোধন পাণ্ডুর পাঁচ পুত্রদিগকে ছলপূর্ব্বক কোন সময়ে বারণাবত নগরে যাইতে প্রবৃত্তি দিল, আর পুরোচন নামক আপনার এক জন দাসকে অগ্রে পাঠাইয়া সেখানে তাহাদিগকে নষ্ট করিবার জন্যে এক জৌগৃহ নির্ম্মাণ করিতে আজ্ঞা দিল। পুরোচন গিয়া উত্তম স্থান বাছিয়া তাহাতে পারিপাটী একটা অট্টালিকা বানাইল, কিন্তু অপ্রকাশরূপে তাহার স্তম্ভেতে ও ছাতের কাষ্ঠেতে ও চতুর্দ্দিকে ঘী ও জৌ ও শোণ ও তৈল রাখিল, যেন সে ঘরে অগ্নি লাগাইলে কোন মতে নিবারণ করা না যায়। স্বদেশ ত্যাগ করিবার পূর্ব্বে যুধিষ্ঠিরকে সুহৃদ বিদুর ম্লেচ্ছ ভাষাছলে বলিল, যথা।

বারণাবতেরে যাহ পঞ্চ সহোদর।
সাবধানে থাকিবে আছয়ে তাহে ডর॥
স্বযোনি অন্তক যেই শীতলের রিপু।
তাহে সাবধানেতে রাখিবে সব বপু॥

পঞ্চ ভ্রাতা বারণাবত নগরে পৌঁছিলে পর পুরোচন আসিয়া করপুটে নমস্কার করিয়া তাহাদিগকে বলিল, এখানে এক মনোহর দিব্য স্থানে নির্ম্মিত রাজযোগ্য পুরী আছে; আপনকাদের আগমন শুনিয়া আমি তাহা মণ্ডিত করিয়া প্রস্তুত করিয়াছি, আপনকারা সেখানে গিয়া বাস করুন।

পাণ্ডবগণ হৃষ্ট হইয়া সেই মনোহর আলয়ে প্রবেশ করিল। কএক দিন পরেতে যুধিষ্ঠিরের মনে সন্দেহ জন্মিলে সে ভীমকে বলিল, যে এই ঘরের বিষয়ে আমার বিশ্বাস হয় না, তুমি এক বার তাহার পরীক্ষা কর, দেখি। বৃকোদর ঘরের আঘ্রাণ লইলে জৌএর গন্ধ পা-

ইয়া বলিল, এই অবশ্য অগ্নির ঘর, এখানে থাকা ভাল নয়। যুধিষ্ঠির বলিল, যে কথা পূর্ব্বে বিদুর বলিয়াছিল, যে স্বযোনি অন্তক অর্থাৎ অগ্নির বিষয়ে সাবধানে থাক, সে কথা এখন বুঝা গেল; এই ঘরে থাকা আমাদের অনুচিত, হস্তিনাপুরে ফিরিয়া যাওয়াও হয় না, কারণ সেখানে আমাদের পরম শত্রু দুর্য্যোধন আমাদিগকে সংহার করিবে, আমরা বরং রাত্রিযোগে অরণ্যে পলাই। এই মত পরামর্শ করিয়া পাঁচ ভাই শুভ রাত্রিতে সেই জৌগৃহে আপন হাতে আগুণ লাগাইলে পর বনে পলায়ন করিয়া প্রাণ রক্ষা করিল।

CHAPTER VI.

EXTRACTS FROM SCRIPTURE.

1.—*Pharaoh's Dream.*

এক দিনে পূর্ব্বকালীয় মিসরদেশের ফিরৌণ্ রাজ এই স্বপ্ন দেখিল। সে নদীকূলে দাঁড়াইয়া থাকিলে নদীহইতে সাতটা হৃষ্টপুষ্ট সুন্দর গোরু উঠিয়া প্রান্তরে চরিতে লাগিল। পরে আর সাতটা কৃশ ও কুৎসিত গোরু নদীহইতে উঠিয়া নদীর তীরে ঐ গোরুদের নিকটে দাঁড়াইল। পরে সেই কৃশ কুৎসিত গোরু ঐ সপ্ত হৃষ্টপুষ্ট সুন্দর গোরুকে গ্রাস করিল। তখন ফিরৌণের নিদ্রা ভঙ্গ হইল। তাহার পরে ফিরৌণ নিদ্রিত হইলে দ্বিতীয় বার স্বপ্ন দেখিল; এক বোঁটাতে সাত স্থূলাকার উত্তম শীষ উঠিল। পরে পূর্ব্বীয় বায়ুতে শুষ্ক আর সাত ক্ষীণ শীষ উঠিল। এবং সেই সাত ক্ষীণ শীষ ঐ সাত স্থূলাকার পূর্ণ শীষ গ্রাস করিল। পরে ফিরৌণের নিদ্রা ভঙ্গ হইলে তাহা স্বপ্নমাত্র হইল।

পরে প্রাতঃকালে তাহার মন উদ্বিগ্ন হইলে সে লোক পাঠাইয়া মিসরদেশের তাবৎ মায়াবিদিগকে ও জ্ঞানিদিগকে ডাকাইল; কিন্তু ফিরৌণ্ তাহাদের কাছে স্বপ্নের কথা কহিলে তাহাদের মধ্যে কেহই ফিরৌণ্কে তাহার অভিপ্রায় কহিতে পারিল না। তখন প্রধান পানপাত্রবাহক ফিরৌণ্কে নিবেদন করিল, অদ্য আপন অপরাধ স্মরণ করিতেছি। ফিরৌণ্ আপন দুই ভৃত্যের প্রতি, অর্থাৎ আমার ও প্রধান মোদকের প্রতি ক্রোধান্বিত হইয়া আমাদিগকে রক্ষক সৈন্যাধিপতির কারাগারে বদ্ধ করিয়াছিলেন। তাহাতে আমি এবং সে এক রাত্রিতে

স্বপ্ন দেখিলাম; এবং দুই জনের স্বপ্নের দুই প্রকার অর্থ হইল। তখন সে স্থানে আমাদের সহিত রক্ষক সৈন্যাধিপতির এক ইব্রীয় যুবদাস ছিল। আমরা তাহাকে স্বপ্ন কহিলে সে আমাদের স্বপ্নের অর্থ কহিল; প্রত্যেক জনের স্বপ্নের অভিপ্রায় কহিল। তাহাতে সে আমাদিগকে যেরূপ ফল কহিয়াছিল, তদ্রূপই ঘটিল; অর্থাৎ মহারাজ আমাকে নিজ পদে নিযুক্ত করিলেন, ও তাহাকে উদ্বন্ধন করিলেন।

তখন ফিরৌণ্ যূষফ্‌কে আনিতে লোক পাঠাইলে তাহারা কারাগারহইতে তাহাকে শীঘ্র আনিল। পরে সে ক্ষৌরকর্ম্ম করিয়া ও বস্ত্রান্তর পরিধান করিয়া ফিরৌণের নিকটে উপস্থিত হইল। তখন ফিরৌণ্ যূষফকে কহিল, আমি এক স্বপ্ন দেখিয়াছি, তাহার তৎপর্য্য কেহ কহিতে পারিল না; কিন্তু তুমি তাহা শুনিয়া তাহার তাৎপর্য্য কহিতে পার, ইহা শুনিলাম। তাহাতে যূষফ্ ফিরৌণ্‌কে উত্তর করিল, তাহা আমি পারি না, কিন্তু ঈশ্বর ফিরৌণ্‌কে মঙ্গলযুক্ত উত্তর দিবেন। তখন ফিরৌণ্ কহিল, আমি স্বপ্নেতে নদীর তীরে দাঁড়াইয়াছিলাম; তাহাতে নদীহইতে সাত হৃষ্টপুষ্ট সুন্দর গোরু উঠিয়া প্রান্তরে চরিতে লাগিল। পরে মিসর্‌দেশে যাদৃশ কখন দেখি নাই, এমত আরো সাত কৃশ ও কুৎসিত গোরু উঠিল। এবং এই কৃশ কুৎসিত গোরু সেই পূর্ব্বের হৃষ্টপুষ্ট সাত গোরুকে গ্রাস করিল। কিন্তু তাহারা তাহাদিগকে গ্রাস করিলে গ্রাস করিয়াছে, এমন বোধ হইল না; কেননা পূর্ব্বকার ন্যায় কুৎসিত থাকিল। তখন আমার নিদ্রা ভঙ্গ হইল। পরে আমি পুনর্ব্বার এক স্বপ্ন দেখিলাম, এক বোঁটাতে স্থূলাকার উত্তম সাত শীষ উঠিল। পরে পূর্ব্বীয় বায়ুতে শুষ্ক ও ক্ষীণ ও ম্লান সপ্ত শীষ উঠিল। এবং ঐ ক্ষীণ ম্লান সাত শীষ সেই স্থূলাকার উত্তম সাত শীষ গ্রাস করিল। এই স্বপ্ন আমি মায়াবিদিগকে কহিলাম, কিন্তু কেহ ইহার অভিপ্রায় কহিতে পারিল না।

তখন যূষফ্ ফিরৌণ্‌কে উত্তর করিল, ফিরৌণের দুই স্বপ্নের এক অভিপ্রায়; ঈশ্বর যাহা করিতে উদ্যত আছেন, তাহাই ফিরৌণ্‌কে জ্ঞাত করিয়াছেন। ঐ সপ্ত উত্তম গোরু সপ্ত বৎসরস্বরূপ, এবং ঐ সপ্ত শীষেতেও সপ্ত বৎসর বুঝায়; দুই স্বপ্নই সমান। এবং তাহার পশ্চাৎ উঠিয়াছে যে কৃশ ও কুৎসিত সপ্ত গোরু, তাহারাও সপ্ত বৎসরস্বরূপ; এবং পূর্ব্বীয় বায়ুতে শুষ্ক যে সপ্ত কৃশ শীষ, তাহারা দুর্ভিক্ষের সপ্ত বৎসর হইবে। আমি ফিরৌণ্‌কে কহিতেছি, ঈশ্বর যাহা করিতে উদ্যত আছেন, তাহা ফিরৌণ্‌কে দেখাইতেছেন। দেখ, অগ্রে সমস্ত মিসর্‌দেশে সপ্ত বৎসর অতিশয় সুভক্ষ্য হইবে, পশ্চাৎ সপ্ত বৎসর এমত দুর্ভিক্ষ হইবে, যে মিসর্‌দেশের সমস্ত সুভক্ষ্যের বিস্মৃতি হইবে। এবং সেই দুর্ভিক্ষেতে দেশ নষ্ট হইবে, এবং সেই দুর্ভিক্ষদ্বারা পূর্ব্বকার সুভ-

ক্ষ্যের অনুভব হইবে না; এবং তাহা অতি অসহ্য হইবে। ফিরৌণের দুই বার স্বপ্ন দর্শনের ভাব এই, ঈশ্বর ইহা নিশ্চয় করিয়া শীঘ্র ঘটাইবেন। অতএব ফিরৌণ্ এক বিবেচক জ্ঞানি পুরুষের চেষ্টা করিয়া তাহাকে মিসর্দেশের উপরে নিযুক্ত করুন। আর ফিরৌণ্ এই কর্ম্ম করুন; যে সপ্ত বৎসর সুভক্ষ্য হইবে, সেই সময়ে দেশে অধ্যক্ষগণ নিযুক্ত করিয়া মিসর্দেশহইতে পঞ্চমাংশ লউন। পশ্চাৎ সেই উত্তম বৎসরের শস্য সংগ্রহ করিয়া তাহারা প্রতি নগরে খাদ্যের জন্যে ফিরৌণের হস্তে তাহা সঞ্চয় করিয়া রক্ষা করুক। এইরূপে মিসর্দেশে ভাবিদুর্ভিক্ষের সপ্ত বৎসরে দেশস্থদের জন্যে ভক্ষ্য সঞ্চিত থাকিলে দুর্ভিক্ষেতে দেশ নষ্ট হইবে না। তখন ফিরৌণের ও তাহার সকল ভৃত্যদের দৃষ্টিতে এই কথা উত্তম বোধ হইল।

2.—*Joseph's Exaltation.*

পরে ফিরৌণ্ আপন ভৃত্যদিগকে কহিল, ইহার তুল্য পুরুষ যাহাতে ঈশ্বরের আত্মা আছে, এমত আর কাহাকে পাইব? তখন ফিরৌণ্ যূষফ্কে কহিল, ঈশ্বর তোমাকে এই সকল জ্ঞাত করিয়াছেন; অতএব তোমার তুল্য বিবেচক ও জ্ঞানী আর কে আছে? আমি তোমাকে আপন গৃহের অধ্যক্ষকর্ম্মে নিযুক্ত করিলাম, আমার তাবৎ লোক তোমার কথার বশীভূত থাকিবে; কেবল সিংহাসনে আমি তোমাহইতে বড় থাকিব। ফিরৌণ্ যূষফ্কে আরো কহিল, দেখ, তাবৎ মিসর্দেশের উপরে আমি তোমাকে নিযুক্ত করিলাম। পরে ফিরৌণ্ আপন হস্তহইতে অঙ্গুরীয় খুলিয়া যূষফের হস্তে দিয়া তাহাকে সূক্ষ্মবস্ত্র পরিধান করাইয়া তাহার গলদেশে সুবর্ণ হার দিল। এবং তাহাকে আপনার দ্বিতীয় রথে আরোহণ করাইল, এবং লোকেরা তাহার অগ্রে২ অব্রেক্২ (হাঁটু পাত২) বলিয়া ঘোষণা করিল। এই রূপে সে তাহাকে সমস্ত মিসর্দেশের অধ্যক্ষ করিল। পরে ফিরৌণ্ যূষফ্কে কহিল, আমি যদি ফিরৌণ্ হই, তবে তোমার আজ্ঞা বিনা সমস্ত দেশে কোন লোক হাত পা নাড়িতে পারিবে না। এবং ফিরৌণ্ যূষফের নাম সাফিনৎপানেহ (নিগূঢ় বাক্য প্রকাশক) রাখিল। এবং ওন্ নগরবাসি পোটীফের নামক যাজকের আসিনৎ নাম্নী কন্যার সহিত তাহার বিবাহ দিল। পরে যূষফ্ সমুদয় মিসর্দেশে গমনাগমন করিতে লাগিল।

যূষফ্ ত্রিশ বৎসর বয়সের সময়ে ফিরৌণের সাক্ষাতে উপস্থিত হইল; তখন যূষফ্ ফিরৌণের নিকটহইতে প্রস্থান করিয়া মিসর্দেশের

সর্ব্বত্র ভ্রমণ করিল। পরে সেই সুভক্ষ্যের সপ্ত বৎসর পৃথিবীতে প্রচুর রূপে শস্য জন্মিল। সেই সপ্ত বৎসরে মিসর্দেশে জাত সকল শস্য সংগ্রহ করিয়া প্রতি নগরে সঞ্চয় করিল। এবং যে২ নগরের চারিদিগের ভূমিতে যত শস্য হইল, তাহা সেই২ নগরে সঞ্চয় করিল। এই রূপে যূষফ্ সমুদ্রের বালুকার ন্যায় এমত শস্য সংগ্রহ করিল, যে তাহার গণনা করণ ত্যাগ করিল, কেননা তাহা অপরিমিত ছিল।

অপর দুর্ভিক্ষ বৎসরের পূর্ব্বে যূষফের ঔরসে ওন্ নগর নিবাসি পোটীফের যাজকের আসিনৎ নাম্নী কন্যাতে দুই পুত্র জন্মিল। তাহাতে যূষফ্ তাহাদের জ্যেষ্ঠের নাম মিনশি (বিস্মৃতি) রাখিল, কেননা সে কহিল, ঈশ্বর আমার সকল ক্লেশের ও পিতৃগৃহের বিস্মৃতি জন্মাইয়াছেন। এবং দ্বিতীয় পুত্রের নাম ইফ্রয়িম্ (ফলবান) রাখিল, কেননা সে কহিল, দেশে দুঃখগ্রস্ত যে আমি, আমাকে ঈশ্বর ফলবান্ করিয়াছেন। পরে মিসর্দেশে যে সুভক্ষ্যের সপ্ত বৎসর ছিল, তাহা সম্পূর্ণ হইল, এবং যূষফের বাক্যানুসারে দুর্ভিক্ষের সপ্ত বৎসরের আরম্ভ হইল। তাহাতে অন্য সমস্ত দেশে দুর্ভিক্ষ হইল, কিন্তু সমস্ত মিসর্দেশে ভক্ষ্য ছিল। পরে সমস্ত মিসর্দেশে দুর্ভিক্ষ ঘটিলে প্রজাবর্গ ফিরৌণের নিকটে ভক্ষ্যের জন্যে প্রার্থনা করিল; তাহাতে ফিরৌণ্ সকল মিস্রীয়দিগকে কহিল, তোমরা যূষফের নিকটে যাও; সে যাহা কহে, তাহাই কর। তখন সর্ব্বদেশেই দুর্ভিক্ষ হইল। এবং দেশের তাবৎ স্থানে অতি প্রবল দুর্ভিক্ষ হইলে যূষফ্ সকল স্থানের গোলা খুলিয়া মিস্রিদিগকে শস্য বিক্রয় করিতে লাগিল। এবং নানাদেশীয় লোকেরা মিসর্দেশে যূষফের নিকটে শস্য ক্রয় করিতে আইল, কেননা সকল দেশেই প্রবল দুর্ভিক্ষ হইল।

3.— *Jacob sends his Sons into Egypt.*

অপর মিসর্দেশে শস্য আছে, এই কথা শুনিয়া কিনান্ দেশ নিবাসি যাকুব্ আপন পুত্রদিগকে কহিল, তোমরা পরস্পর আপনাদের প্রতি দৃষ্টি করিয়া আছ কেন? সে আরো কহিল, দেখ, আমি শুনিলাম মিসরে শস্য আছে, অতএব তোমরা তথায় গিয়া আমাদের জন্যে শস্য ক্রয় করিয়া আন; তাহাতে আমরা না মরিয়া বাচিব। পরে যূষফের দশ ভ্রাতা শস্য ক্রয় করিতে মিসরে গেল। কিন্তু যাকুব্ যূষফের সহোদর বিন্য়ামীন্কে ভ্রাতৃগণের সঙ্গে পাঠাইল না, কেননা সে কহিল, যদি ইহাকেও বিপদ ঘটে।

তখন যাত্রাকারি লোকদের সঙ্গে যাকূবের পুত্রগণ শস্য ক্রয়

করিতে গেল, কেননা কিনান্‌দেশেও দুর্ভিক্ষ ছিল। তখন যূষফ্ ঐ দেশের অধ্যক্ষ হওয়াতে সকল দেশের লোকদের স্থানে শস্য বিক্রয় করিতেছিল; তাহাতে যূষফের ভ্রাতৃগণও আসিয়া তাহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। তখন যূষফ্ আপন ভ্রাতাদিগকে দেখিয়া চিনিল, কিন্তু তাহাদের কাছে অপরিচিতের ন্যায় ব্যবহার করিয়া নিষ্ঠুর কথাতে কহিল, তোরা কোথাহইতে আসিয়াছিস? তাহারা কহিল, কিনান্‌দেশহইতে শস্য কিনিতে আসিয়াছি। কেননা যূষফ্ আপন ভ্রাতাদিগকে চিনিলেও তাহারা তাহাকে চিনিতে পারিল না।

তখন যূষফ্ তাহাদের বিষয়ে পূর্ব্বদৃষ্ট সকল স্বপ্ন স্মরণ করিয়া তাহাদিগকে কহিল, তোরা চারলোক, এই দেশের অনাবৃত স্থান সকল সন্ধান করিতে আসিয়াছিস। তাহারা কহিল, হে প্রভো, তাহা নয়, আপনকার এই দাসেরা শস্য কিনিতে আসিয়াছে। আমরা সকলেই একের সন্তান, ও বিশ্বস্ত লোক, আপনকার এই ভৃত্যেরা চার নহে। তখন সে তাহাদিগকে কহিল, না না, তোরা দেশের অনাবৃত স্থান সকল দেখিতে আসিয়াছিস। তাহারা কহিল, আপনকার এই দাসেরা দ্বাদশ ভ্রাতা, কিনান্‌দেশ নিবাসি এক জনের পুত্র; এবং দেখুন, আমাদের পিতার নিকটে আমাদের কনিষ্ঠ ভ্রাতা আছে, এবং এক জন নাই। তখন যূষফ্ তাহাদিগকে পুনর্ব্বার কহিল, আমি তোদিগকে যে চারের কথা কহিতেছি, তোরা তাহাই বটিস্। আমি তোদের পরীক্ষা লইতে ফিরৌণের আয়ুর দিব্য করিয়া কহিতেছি, তোদের কনিষ্ঠ ভ্রাতা এ স্থানে না আইলে তোরা এখানহইতে যাইতে পারিবি না। তোদের এক জনকে পাঠাইয়া আপন ভ্রাতাকে আন্, এবং তদবধি তোদিগকে বন্ধ থাকিতে হইবে; পরে তোদের কথা সত্য বটে কি না, তাহা পরীক্ষা করিলেই জানা যাইবে; নতুবা আমি ফিরৌণের আয়ুর দিব্য করিয়া কহিতেছি, তোরা অবশ্য চার বটিস। পরে যূষফ্ তাহাদিগকে তিন দিন কারাগারে বন্ধ রাখিল। এবং তৃতীয় দিনে তাহাদিগকে কহিল, ঈশ্বরের প্রতি আমার ভয় আছে; এই কর্ম্ম কর, তাহাতে বাঁচিবি। তোরা যদি বিশ্বস্ত লোক, তবে আপনাদের এক ভ্রাতাকে এই কারাগারে বন্ধ রাখিয়া দুর্ভিক্ষের জন্যে বাটীর শস্য লইয়া যা। তোরা আপন কনিষ্ঠ ভ্রাতাকে আমার নিকটে আনিলেই তোদের কথা সপ্রমাণ হইবে; তাহাতে মরিবি না।

তাহারা সেইরূপ করিল; পরে পরস্পর কহিল, আমরা আপন ভ্রাতা যূষফের বিষয়ে নিশ্চয় অপরাধী আছি, কেননা আমাদের কাছে কাকূতি করিলে আমরা তাহার মনের ব্যাকুলতা দেখিয়াও তাহা শুনিলাম না; এই নিমিত্তে আমাদের এই বিপদ ঘটিল। তখন রূবেন্ তাহাদিগকে কহিল, তোমরা ঐ যুবার বিষয়ে পাপ করিও না, এই কথা

আমি কি তোমাদিগকে কহি নাই? তথাপি তোমরা মানিলা না; দেখ, এখন তাহার রক্তের নিকাশ লওয়া যাইতেছে। কিন্তু যূষফ্ যে তাহাদের কথোপকথন বুঝিল, ইহা তাহারা বুঝিতে পারিল না, কেননা যূষফ্ দ্বিভাষিদ্বারা তাহাদের সহিত কথা কহিতেছিল। পরে যূষফ্ তাহাদের নিকটহইতে গিয়া ক্রন্দন করিল; এবং পুনশ্চ আসিয়া তাহাদের সঙ্গে কথোপকথন করিয়া তাহাদের মধ্যহইতে শিমিয়োন্কে ধরিয়া তাহাদের সাক্ষাতেই বাঁধিল।

পরে যূষফ্ তাহাদের ছালাতে শস্য পূর্ণ করিয়া প্রত্যেক জনের ছালায় টাকা ফিরিয়া দিতে এবং তাহাদিগকে পাথেয় সামগ্রী দিতে আজ্ঞা দিল; তাহাতে ভৃত্যেরা তদ্রূপ করিল। পরে তাহারা আপন ২ গর্দ্দভের উপরে শস্য চাপাইয়া তথাহইতে প্রস্থান করিল। কিন্তু উত্তরিবার স্থানে গিয়া এক জন আপন গর্দ্দভকে আহার দিতে ছালা খুলিয়া আপন টাকা দেখিল, কেননা ছালার মুখেই টাকা ছিল। তখন সে ভ্রাতাদিগকে কহিল, আমার টাকা ফিরিয়াছে; এই দেখ, তাহা আমার ছালাতে আছে। তাহাতে তাহাদের মন উদ্বিগ্ন হইল, ও ভীত হইয়া পরস্পর কহিল, ঈশ্বর আমাদের প্রতি এই কি করিলেন?

পরে তাহারা কিনান্দেশে আপন পিতা যাকুবের নিকটে উপস্থিত হইলে আপনাদের যাহা ২ ঘটিয়াছিল, সে সমস্ত তাহাকে জ্ঞাত করিয়া কহিল, সেই দেশাধ্যক্ষ আমাদিগকে দেশস্থ চার জ্ঞান করিয়া নিষ্ঠুর কথা কহিল। তাহাতে আমরা তাহাকে কহিলাম, আমরা চার নহি, বিশ্বস্ত লোক; আমরা দ্বাদশ ভ্রাতা, সকলেই এক পিতার সন্তান; আমাদের মধ্যে এক জন নাই, এবং পিতার নিকটে কিনান্দেশে আর এক কনিষ্ঠ ভ্রাতা আছে। তখন সে দেশাধ্যক্ষ আমাদিগকে কহিল, আমি ইহাতে তোদিগকে যাথার্থিক লোক বুঝিতে পারি, যদি তোরা আপনাদের এক ভ্রাতাকে আমার নিকটে রাখিয়া আপনাদের গৃহের দুর্ভিক্ষের জন্যে শস্য লইয়া যাইস, এবং আপনাদের কনিষ্ঠ ভ্রাতাকে আমার নিকটে আনিস, তবে তোরা যাথার্থিক লোক, চার নহিস, তাহা বুঝিব। পরে তোদের ভ্রাতাকে তোদের স্থানে দিব, তাহাতে তোরা এই দেশে বাণিজ্য করিতে পারিবি।

পরে তাহারা ছালাহইতে শস্য ঢালিলে প্রত্যেক জন আপন ২ ছালাতে আপন ২ টাকার গুন্থি পাইল। তখন সেই সকল টাকার গুন্থি দেখিয়া তাহারা ও তাহাদের পিতা ভীত হইল। তাহাতে তাহাদের পিতা যাকূব্ কহিল, তোমরা আমাকে পুত্রহীন করিতেছ; দেখ, যূষফ্ নাই, ও শিমিয়োন্ নাই, আর বার বিন্য়ামীন্কেও লইয়া যাইতে চাহিতেছ; এই সকলি আমার বিরুদ্ধে হইতেছে। তাহাতে রূবেন্ আপন পিতাকে কহিল, আমি যদি তোমার নিকটে তাহাকে না আনি, তবে আমার

দুই পুত্রকে বধ করিও; তুমি আমার হস্তে বিন্য়ামীন্কে সমর্পণ কর; আমি তোমার স্থানে তাহাকে পুনর্ব্বার আনিয়া দিব। তখন সে কহিল, আমার পুত্র তোমাদের সঙ্গে যাইবে না, কেননা তাহার সহোদরের মরণেতে সে একা জীবৎ আছে; তোমরা যে পথে যাইতেছ, তাহাতে যদ্যপি ইহারও কোন আপদ ঘটে, তবে শোকেতে এই পাকা চুলে আমাকে পরলোকে পাঠাইবা।

4.—*Second journey of Jacob's Sons.*

অপর দেশে অতিশয় দুর্ভিক্ষ থাকিলে তাহারা মিসর্ হইতে যে শস্য আনিয়াছিল, সে সমস্ত ভক্ষিত হইলে তাহাদের পিতা তাহাদিগকে কহিল, তোমরা পুনর্ব্বার যাইয়া আমাদের জন্যে কিছু শস্য ক্রয় কর। তাহাতে যিহূদা তাহাকে কহিল, সে অধ্যক্ষ দৃঢ় প্রতিজ্ঞা করিয়া কহিল, তোমাদের ভ্রাতা তোমাদের সঙ্গে না থাকিলে তোমরা আমার মুখ দর্শন করিতে পাইবা না। অতএব যদি তুমি আমাদের সঙ্গে ভ্রাতাকে পাঠাও, তবে আমরা তোমার জন্যে শস্য কিনিতে যাইব। কিন্তু যদি না পাঠাও, তবে আমরা যাইব না; কেননা সে অধ্যক্ষ কহিল, তোমাদের ভ্রাতা তোমাদের সঙ্গে না থাকিলে তোমরা আমার মুখ দর্শন করিতেও পাইবা না। তাহাতে যাকূব্ কহিল, তোমাদের আর এক ভ্রাতা আছে, ইহা ঐ মনুষ্যের কাছে কহিয়া আমার প্রতি এমন কুব্যবহার কেন করিলা? তাহারা কহিল, সে আমাদের ও আমাদের জ্ঞাতিদের বিষয়ে সূক্ষ্মরূপে জিজ্ঞাসিয়া কহিল, তোমাদের পিতা কি অদ্যাবধি জীবৎ আছেন? ও তোমাদের কি আরো ভ্রাতা আছে? তাহাতে আমরা তদ্বাক্যানুসারে উত্তর করিলাম; কিন্তু তোমাদের ভ্রাতাকে এখানে আন, এমন কথা সে কহিবে, তাহা কি প্রকারে জানিতে পারি? পরে যিহূদা আপন পিতা ইস্রায়েল্কে কহিল, তুমি ঐ যুবাকে আমার সঙ্গে পাঠাইয়া দেও; এবং আমরা উঠিয়া প্রস্থান করি; তাহাতে আমরা ও তুমি ও বালকেরা সকলেই রক্ষা পাইব, মরিব না। আমি তাহার প্রতিভূ হইলাম, ঐ দায় আমার হস্তহইতে বুঝিয়া লইবা; আমি যদি উহাকে আনিয়া তোমার সম্মুখে না রাখি, তবে ঐ দোষ সর্ব্বকালে আমাতেই বর্ত্তিবে। আমাদের যদি এত বিলম্ব না হইত, তবে আমরা দ্বিতীয় বার ফিরিয়া আসিতে পারিতাম। তখন তাহাদের পিতা যাকূব্ তাহাদিগকে কহিল, যদি এমত হয়, তবে এক কর্ম্ম কর; আপনাদের পাত্রেতে এই দেশের উত্তম ফল লও; সেই অধ্যক্ষকে উপঢৌকন দিতে মসলা ও গন্ধরস ও বটন্ ও বাদাম ও গুগ্গুল ও মধু কিঞ্চিৎ২

লও। এবং আপনাদের হস্তে দ্বিগুণ টাকা লও, এবং তোমাদের ছালার মুখে যে টাকা ফিরিয়া আসিয়াছে, তাহাও হস্তে লইয়া যাও, কি জানি, তাহাতে বা ভ্রান্তি হইয়াছিল। এবং আপনাদের ভ্রাতাকে লইয়া উঠিয়া পুনর্ব্বার সেই অধ্যক্ষের নিকটে যাও। সর্ব্বশক্তিমান ঈশ্বর তোমাদিগকে সেই অধ্যক্ষের এমত অনুগৃহীত করুন, যে সেই অধ্যক্ষ আপনি তোমাদের অন্য ভ্রাতাকে ও বিন্‌য়ামীন্‌কে ছাড়িয়া দেয়; কিন্তু যদি আমাকে পুত্রহীন হইতেই হয়, তবে পুত্রহীন হইলাম।

তখন তাহারা সেই উপঢৌকন দ্রব্য ও দ্বিগুণ টাকা ও বিন্‌য়ামীন্‌কে সঙ্গে লইয়া উঠিয়া মিসরে গিয়া যূষফের সম্মুখে দাঁড়াইল। তখন যূষফ তাহাদের সঙ্গে বিন্‌য়ামীনকে দেখিয়া আপন গৃহাধ্যক্ষকে কহিল, এই মনুষ্যদিগকে আমার বাটীতে লইয়া যাও, এবং পশু মারিয়া খাদ্যদ্রব্য প্রস্তুত কর; ইহারা মধ্যাহ্নকালে আমার সঙ্গে ভোজন করিবে। তাহাতে সে যূষফের আজ্ঞানুসারে তাহাদিগকে যূষফের বাটীতে লইয়া গেল। কিন্তু যূষফের গৃহে তাহাদের লইয়া যাওয়াতে তাহারা ভীত হইয়া পরস্পর কহিল, পূর্ব্বে আমাদের ছালাতে যে টাকা ফিরিয়া গিয়াছিল, তাহারি জন্যে আমাদিগকে এখানে আনিয়াছে; এখন আমাদের বিরুদ্ধে সেই দোষ দিয়া আক্রমণ করিয়া আমাদের গর্দ্দভও লইয়া আমাদিগকে ক্রীত দাসের ন্যায় করিয়া রাখিবে। তখন তাহারা যূষফের গৃহাধ্যক্ষের কাছে গিয়া গৃহদ্বারে থাকিয়া তাহার সঙ্গে কথোপকথন করিয়া কহিল, হে মহাশয়, আমরা পূর্ব্বে শস্য কিনিতে আসিয়াছিলাম, কিন্তু উত্তরিবার স্থানে গিয়া আপনাদের ছালা খুলিলে ছালার মুখে প্রত্যেক মনুষ্যের পরিমিত টাকা পাইলাম, তাহা আমরা হস্তে করিয়া আনিয়াছি, এবং শস্য কিনিবার টাকাও আনিয়াছি; কিন্তু সেই টাকা আমাদের ছালাতে কে রাখিয়াছিল, তাহা আমরা জানি না। তাহাতে সেই গৃহাধ্যক্ষ কহিল, তোমাদের মঙ্গল হউক, ভয় করিও না, তোমাদের ঈশ্বর ও তোমাদের পৈতৃক ঈশ্বর তোমাদের ছালাতে তোমাদিগকে গুপ্ত ধন দিয়াছেন; তোমাদের টাকা আমার কাছে ছিল। পরে সে শিমিয়োন্‌কে তাহাদের নিকটে আনিয়া তাহাদিগকে যূষফের গৃহের ভিতরে লইয়া পাদ প্রক্ষালনার্থে জল দিল, এবং তাহাদের গর্দ্দভদিগকে আহার দ্রব্য দিল।

অপর মধ্যাহ্নের পূর্ব্বে যূষফের আগমন কালে তাহারা উপঢৌকন সাজাইল, কেননা এখানে আমাদিগকে ভোজন করিতে হইবে, এই কথা তাহারা শুনিয়াছিল। পরে যূষফ্ গৃহে আইলে তাহারা হস্তস্থিত উপঢৌকন সেই গৃহে রাখিয়া তাহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। তখন যূষফ্ তাহাদের মঙ্গল জিজ্ঞাসা করিয়া কহিল, তোমাদের যে বৃদ্ধ পিতার কথা কহিয়াছিলা, সে কি ভাল আছে? সে কি অদ্যাপি

জীবৎ আছে? তাহারা কহিল, তোমার দাস আমাদের পিতা অদ্যাপি জীবৎ থাকিয়া ভাল আছে। পরে তাহারা ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। তখন যূষফ্ চাহিয়া আপন সহোদর বিন্‌য়ামীন্‌কে দেখিয়া কহিল, তোমাদের যে কনিষ্ঠ ভ্রাতার কথা কহিয়াছিলা, সে কি এই? অপর সে কহিল, হে বৎস, ঈশ্বর তোমাকে অনুগ্রহ করুন। তখন যূষফের অন্তঃকরণে স্নেহ উপস্থিত হওয়াতে সে ব্যাকুল হইয়া রোদন করিবার স্থান অন্বেষণ করিয়া শীঘ্র আপনার কুঠরীতে প্রবেশ করিয়া সে স্থানে রোদন করিল। পরে সে মুখ প্রক্ষালন করিয়া বাহিরে আসিয়া ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক ভক্ষ্য পরিবেষণ করিতে আজ্ঞা করিল। তাহাতে ভৃত্যগণ যূষফের জন্যে ও তাহার ভ্রাতৃগণের জন্যে এবং তাহার গৃহের ভোক্তা মিস্রিদের জন্যে পৃথক২ পরিবেষণ করিল, কেননা ইব্রিদের সহিত ভোজন করা মিস্রিদের ব্যবহার ছিল না, ও তাহা মিস্রিদের ঘৃণিত ছিল। পরে যূষফ্ আপনার সম্মুখে তাহাদের জ্যেষ্ঠকে জ্যেষ্ঠাধিকারানুসারে ও কনিষ্ঠকে কনিষ্ঠাধিকারানুসারে বসাইল; তাহাতে তাহারা পরস্পর আশ্চর্য্য জ্ঞান করিল। এবং সে আপনার সম্মুখস্থ ভক্ষ্যহইতে তুলিয়া তাহাদিগকে দিল, কিন্তু তাহাদের ভাগহইতে বিন্‌য়ামীনের ভাগ পঞ্চগুণ অধিক ছিল। তখন তাহারা পান করিয়া তাহার সহিত আনন্দ করিল।

5.—*Judah intercedes for Benjamin.*

অনন্তর যূষফ্ আপন গৃহাধ্যক্ষকে আজ্ঞা করিল, এই লোকদের ছালাতে যত শস্য ধরে; তাহা পরিপূর্ণ করিয়া দেও, এবং প্রতি জনের টাকা তাহাদের ছালার মুখে রাখ। বিশেষতঃ কনিষ্ঠের ছালাতে তাহার শস্য ক্রয়ের টাকার সহিত আমার বাটী অর্থাৎ রুপার বাটী রাখ; তাহাতে সে যূষফের উক্ত আজ্ঞানুসারে করিল। অপর প্রভাত হইবামাত্র তাহারা গর্দ্দভের সহিত বিদায় পাইল। কিন্তু নগরহইতে বিস্তর দূরে না যাইতে যূষফ্ আপন গৃহাধ্যক্ষকে কহিল, তুমি উঠিয়া ঐ মনুষ্যদের পশ্চাৎ দৌড়িয়া গিয়া তাহাদিগকে ধরিয়া বল, তোমরা উপকারের পরিবর্ত্তে কেন অপকার করিলা? আমার প্রভু যাহাতে পান করেন ও যাহার দ্বারা গণনা করেন, সেই বাটী কি এই নয়? এই কর্ম্ম করাতে তোমরা দোষী হইলা।

পরে সে তাহাদিগকে ধরিয়া ঐরূপ বাক্য কহিলে তাহারা উত্তর করিল, আমার প্রভু কেন এমন কথা বলেন? তোমার দাসদের এমত কর্ম্ম করা দূরে থাকুক। দেখ, আপন২ ছালার মুখে আর বার যে টাকা পাইয়াছিলাম, তাহা কিনান্‌দেশহইতে পুনর্ব্বার তোমার

নিকটে আনিয়াছিলাম; তবে কিরূপে আপন প্রভুর গৃহহইতে স্বর্ণ কিম্বা রূপা চুরি করিব? ও তোমার দাসদের মধ্যে যাহার নিকটে তাহা পাওয়া যায়, সে মরুক, এবং আমরাও প্রভুর ক্রীত দাস হইব। তাহাতে সে কহিল, ভাল, তোমাদের কথানুসারেই হউক; যাহার কাছে তাহা পাওয়া যাইবে, সে আমার দাস হইবে, কিন্তু অন্যেরা নির্দ্দোষ হইবে। তখন তাহারা তৎক্ষণাৎ ভূমিতে আপন২ ছালা নামাইলে প্রত্যেক জন আপন ছালা খুলিতে লাগিল। তাহাতে সে গৃহাধ্যক্ষ জ্যেষ্ঠাবধি আরম্ভ করিয়া কনিষ্ঠ পর্য্যন্ত সমাপ্তি করিয়া ছালা খুঁজিলে বিন্যামীনের ছালাতে সেই বাটী পাওয়া গেল। অতএব তাহারা প্রত্যেক জন আপন২ বস্ত্র চিরিয়া আপন গর্দ্দভে ছালা চাপাইয়া পুনর্ব্বার নগরে আইল।

অপর যিহূদা ও তাহার ভ্রাতৃগণ যূষফের গৃহে পুনর্ব্বার আইল; এবং যূষফ্ তদবধি তথায় থাকিলে তাহারা তাহার অগ্রে ভূমিতে দণ্ডবৎ হইল। তখন যূষফ্ তাহাদিগকে কহিল, তোমরা এ কেমন কার্য্য করিলা? এমন পুরুষ যে আমি, আমি অবশ্য গণনা করিতে পারি, ইহা কি তোমরা জান না? তাহাতে যিহূদা কহিল, আমরা প্রভুর নিকটে কি উত্তর দিব? ও কি কথা কহিব? ও কি রূপেই বা আপনাদিগকে নির্দ্দোষ করিব? ঈশ্বর তোমার দাসদের দুষ্টতা প্রকাশ করিয়াছেন; দেখ, আমরা ও যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে সকলেই প্রভুর দাস হইলাম। তাহাতে যূষফ্ কহিল, এমন কর্ম্ম আমাহইতে না হউক; যাহার কাছে বাটী পাওয়া গিয়াছে, সেই আমার দাস হইবে, কিন্তু তোমরা কুশলে পিতার নিকটে যাও।

তাহাতে যিহূদা নিকটে গিয়া কহিল, হে প্রভো, আপনি ফিরৌণের তুল্য; এই দাসদের প্রতি যদি ক্রোধ প্রজ্বলিত না হয়, তবে প্রভুর কর্ণগোচরে কিছু নিবেদন করি। তোমাদের পিতা বা ভ্রাতা আছে? ইহা প্রভু এই দাসদিগকে জিজ্ঞাসা করিয়াছিলেন; তাহাতে আমরা প্রভুকে উত্তর করিয়াছিলাম, আমাদের পিতা আছে, সে বৃদ্ধ; এবং তাহার বৃদ্ধাবস্থার এক কনিষ্ঠ পুত্র আছে, তাহার ভ্রাতা মরিয়াছে, সেই মাত্র তাহার মাতার পুত্র আছে, এই জন্যে পিতা তাহাকে স্নেহ করেন। পরে আপনি এই দাসদিগকে কহিয়াছিলেন, তোমরা তাহাকে আমার কাছে আন, আমি তাহার প্রতি দৃষ্টিপাত করিব। তখন আমরা প্রভুকে কহিয়াছিলাম, সে যুবা পিতাকে ত্যাগ করিতে পারিবে না, কেননা সে পিতাকে ছাড়িয়া আইলে পিতা মরিবে। তাহাতে তুমি এই দাসদিগকে কহিয়াছিলা, তোমাদের সঙ্গে কনিষ্ঠ ভ্রাতা না আইলে তোমরা আর আমার মুখদর্শন পাইবা না। পরে তোমার এই দাসগণ পিতার নিকটে উপস্থিত হইয়া তাহাকে প্রভুর এই সকল কথা কহিলে পিতা আমাদিগকে কহিল, তোমরা পুনর্ব্বার গিয়া আমাদের জন্যে কিছু শস্য

ক্রয় কর। তাহাতে আমরা কহিলাম, যাইতে পারিব না; যদি কনিষ্ঠ ভ্রাতা আমাদের সঙ্গে থাকে, তবে যাই; কেননা কনিষ্ঠ ভ্রাতা সঙ্গে না থাকিলে আমরা সেই অধ্যক্ষের মুখদর্শনও পাইতে পারি না। তাহাতে তোমার দাস আমার পিতা কহিল, আমার সেই ভার্য্যাহইতে দুই মাত্র পুত্র হয়, তাহা তোমরা জান। তাহার এক জন গেলে আমি কহিলাম, সে খণ্ড২ হইয়া ছিন্ন হইয়াছে, এবং তদবধি আমি তাহাকে আর দেখিতে পাইলাম না। এখন আমার নিকটহইতে ইহাকে লইয়া গেলে যদি ইহাকেও কোন বিপদ ঘটে, তবে তোমরা শোকেতে এই পাকা চুলে আমাকে পরলোকে পাঠাইবা। অতএব তোমার দাস যে আমার পিতা, তাহার কাছে আমরা উপস্থিত হইলে আমাদের সঙ্গে যদি এই যুবা না থাকে, তবে সে এই যুবাকে না দেখিলে তৎক্ষণাৎ মরিবে; কেননা তাহার প্রাণ এই যুবার প্রাণেতে বাঁধা আছে; তাহাতে তোমার দাসেরা শোকেতে পাকা চুলে তোমার দাস সেই আমাদের পিতাকে পরলোকে পাঠাইবে। কেননা তোমার দাস আমি আপন পিতার নিকটে এই যুবার প্রতিভূ হইয়া কহিয়াছি, আমি যদি তাহাকে তোমার নিকটে না আনি, তবে পিতার সাক্ষাতে সদাকাল দোষী থাকিব। অতএব নিবেদন করি, এই যুবার পরিবর্ত্তে প্রভুর নিকটে আমি দাস হইয়া থাকি, কিন্তু এই যুবাকে ভ্রাতাদের সহিত বিদায় কর। কেননা এই যুবা আমার সহিত না গেলে আমি কি প্রকারে পিতার নিকটে যাইতে পারি? এবং যে আপদ পিতাকে ঘটিবে, তাহা কি প্রকারে দেখিতে পারি?

6.—*Joseph makes himself known.*

পরে যূষফ্ নিকটস্থ লোকদের সাক্ষাতে অধৈর্য্য হইয়া কহিল, আমার সম্মুখহইতে প্রত্যেক মনুষ্যকে বাহির কর। তাহাতে অন্য কেহ না থাকিলে যূষফ ভ্রাতাদের সাক্ষাতে আপন পরিচয় দিতে লাগিল। তাহাতে উচ্চৈঃস্বরে এমত রোদন করিল, যে মিস্রিরা ও ফিরৌণের গৃহস্থিত লোকেরা তাহা শুনিতে পাইল। যূষফ্ আপন ভ্রাতৃগণকে কহিল, আমি যূষফ, আমার পিতা কি অদ্যাপি জীবৎ আছেন? কিন্তু তাহার ভ্রাতৃগণ তাহার সাক্ষাতে উদ্বিগ্ন হওন প্রযুক্ত উত্তর করিতে পারিল না। পরে যূষফ্ আপন ভ্রাতৃগণকে কহিল, বিনয় করি, আমার নিকটে আইস; তাহাতে তাহারা নিকটে গেল। তখন যূষফ্ কহিল, তোমরা যাহাকে মিসরগামিদের কাছে বিক্রয় করিয়াছিলা, তোমাদের সেই যূষফ্ ভ্রাতা আমি। কিন্তু তোমরা আমাকে এই স্থানে বিক্রয় করাতে

এখন খেদান্বিত ও আপনাদের প্রতি বিরক্ত হইও না; কেননা প্রাণ রক্ষার্থে ঈশ্বর তোমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন। দেখ, দেশে দুই বৎসর মাত্র দুর্ভিক্ষ হইল; আরো পঞ্চ বৎসর এরূপ হইবে, তাহাতে চাসকরণ ও শস্যকাটন হইবে না। ঈশ্বর পৃথিবীতে তোমাদের বংশ রক্ষা করিতে ও মহোপকারদ্বারা তোমাদিগকে প্রাণে বাঁচাইতে তোমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন। তোমরা আমাকে পাঠাইয়াছ তাহা নয়, ঈশ্বর পাঠাইয়াছেন, এবং আমাকে ফিরৌণের পিতা ও তাহার বাটীর প্রভু ও সমস্ত দেশের অধ্যক্ষ করিয়াছেন। অতএব তোমরা পিতার নিকটে শীঘ্র যাইয়া তাঁহাকে কহ, তোমার পুত্র যূষফ্ এইরূপ কহিল, ঈশ্বর আমাকে সমস্ত মিসর্দেশের প্রভু করিয়াছেন; তুমি আমার নিকটে আইস, বিলম্ব করিও না। তুমি পুত্র পৌত্রাদি ও পশ্বাদি সর্ব্বস্বের সহিত আসিয়া আমার নিকটস্থ হওনার্থে গোশন্ প্রদেশে বাস করিবা। তাহাতে আমি তোমাকে সে স্থানে প্রতিপালন করিব, নতুবা যে পাঁচ বৎসর দুর্ভিক্ষ থাকিবে, তাহাতে সপরিবারে তোমার ও তোমার সকলের দরিদ্রতা হইবে। দেখ, এই কথা আমি আপন মুখে কহিলাম, তাহা তোমরা ও বিন্য়ামীন্ ভ্রাতা আপন চক্ষুতে দেখিলা। অতএব তোমরা এই মিসর্ দেশে আমার ঐশ্বর্য্য ও যাহা দেখিলা, সে সকল আমার পিতাকে কহিয়া তাঁহাকে শীঘ্র করিয়া এই স্থানে আনিবা। পরে যূষফ্ আপন ভ্রাতা বিন্য়ামীনের গলে ধরিয়া রোদন করিল, এবং বিন্য়ামীন্ তাহার গলে ধরিয়া রোদন করিল। এবং যূষফ্ অন্য ভ্রাতাদিগকেও চুম্বন করিয়া তাহাদের গলে ধরিয়া রোদন করিল; তখন তাহার ভ্রাতৃগণ তাহার সহিত আলাপ করিতে লাগিল।

অপর যূষফের ভ্রাতৃগণ আসিয়াছে, এই জনরব ফিরৌণের বাটীতে ব্যাপ্ত হইলে ফিরৌণ্ ও তাহার ভৃত্যগণ সকলে তুষ্ট হইল। এবং ফিরৌণ্ যূষফ্কে কহিল, তুমি আপন ভ্রাতাদিগকে কহ, তোমরা এই কর্ম্ম কর, আপনাদের পশুগণেতে ছালা মিটাইয়া কিনান্দেশে গিয়া আপনাদের পিতার সহিত সকল পরিবার আমার নিকটে লইয়া আইস; আমি তোমাদিগকে মিসর্দেশের উত্তম স্থান দিয়া দেশের উত্তম দ্রব্য ভোজন করাইব। এখন আমার আজ্ঞানুসারে এই কর্ম্ম কর, তোমরা মিসর্ হইতে শকট লইয়া গিয়া আপনাদের বালকদিগকে ও স্ত্রীলোকদিগকে ও আপনাদের পিতাকে লইয়া আইস। তাহাতে আপনাদের দ্রব্যাদির বিষয়ে ভাবিত হইও না, সমুদয় মিসর্দেশের উত্তম২ দ্রব্য তোমাদের আছে। তাহাতে ইস্রায়েলের পুত্রগণ তদনুসারে করিল, এবং যূষফ্ ফিরৌণের আজ্ঞানুসারে তাহাদিগকে শকট ও পাথেয় এবং প্রত্যেক জনকে পরিধেয় দুই২ যোড়া বস্ত্র দিল, কিন্তু বিন্য়ামীন্কে তিন শত রৌপ্যমুদ্রা ও পাঁচ যোড়া বস্ত্র দিল। এবং পিতার জন্যে মিসরের উত্তম২ দ্রব্যেতে ভারা-

ক্রান্ত দশ গর্দ্দভ এবং পিতার পাথেয়ের জন্যে শস্য ও রুটী ও অন্য ২ ভক্ষ্যদ্রব্যেতে ভারাক্রান্ত দশ গর্দ্দভী পাঠাইল। এই রূপে যূষফ্ আপন ভ্রাতাদিগকে বিদায় করিলে তাহারা প্রস্থান করিল, এবং তাহাদিগকে কহিল, সাবধান, পথে বিবাদ করিও না।

এই রূপে তাহারা মিসর্ হইতে প্রস্থান করিয়া কিনান্দেশে আপন পিতা যাকুবের নিকটে উপস্থিত হইল। এবং তাহারা তাহাকে কহিল, যূষফ্ অদ্যাবধি জীবৎ আছে, সে সমস্ত মিসরদেশের অধ্যক্ষ হইয়াছে। এই কথাতে যাকুবের হৃদয় জড়ীভূত হইল, কারণ সে তাহাদিগকে বিশ্বাস করিল না। তখন যে কথা যূষফ্ তাহাদিগকে কহিয়াছিল, সে সকল তাহারা তাহাকে কহিল; তাহাতে সে যখন যূষফের প্রেরিত সকল শকট দেখিল, তখন তাহার মন প্রফুল্ল হইল। তাহাতে ইস্রা- য়েল্ কহিল, আমার পুত্র যূষফ অদ্যাবধি জীবিত আছে, এই যথেষ্ট; আমি গিয়া মরণের পূর্ব্বে তাহাকে দেখিব

7.—History of Nabal.

মায়োন নিবাসী কর্ম্মিলাধিকারী অতি মহান্ এক মনুষ্য ছিল; তাহার তিন সহস্র মেষ ও এক সহস্র ছাগী ছিল। সেই মনুষ্যের নাম নাবল্ ও তাহার স্ত্রীর নাম অবীগয়িল্; ঐ স্ত্রী উত্তম বুদ্ধিমতী ও সুবদনা ছিল, কিন্তু ঐ পুরুষ ক্রোধী ও মন্দকর্ম্মকারী; সে কর্ম্মিলে আপন মেষের লোমচ্ছেদন করিতেছিল।

অপর নাবল্ আপন মেষের লোমচ্ছেদন করিতেছে, এই কথা প্রান্তরমধ্যে দায়ূদ্ শুনিলে, সে আপনার দশ যুবকে প্রেরণ করিয়া তাহাদিগকে কহিল, তোমরা কর্ম্মিলে নাবলের নিকটে যাইয়া আমার নাম কহিয়া তাহার কল্যাণ জিজ্ঞাসা কর, এবং তাহাকে এই কথা কহ, চিরজীবী হও, তোমার ও তোমার বাটীর ও সর্ব্বস্বের সর্ব্বদা মঙ্গল হউক। আমি শুনিলাম তোমার লোমচ্ছেদক আছে; এখন আমাদের সহিত তোমার যে ২ মেষপাল ছিল, আমরা তাহাদের হিংসা করি নাই; এবং যাবৎ তাহারা কর্ম্মিলে ছিল, তাবৎ তাহাদের কিছু হারায় নাই। তোমার যুবদিগকে জিজ্ঞাসা কর; তাহারা তোমাকে কহিবে; অতএব যুবগণ তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাউক, কেননা আমরা শুভ দিবসে আইলাম; আমরা বিনয় করি, যাহা তোমার হস্তে আছে তাহার কিছু আপন দাসদিগকে ও আপন পুত্র দায়ূদকে দিউন। তাহাতে দায়ূদের যুবগণ যাইয়া দায়ূদের নাম করিয়া নাবলকে ঐ সকল কথা কহিয়া নিবৃত্ত হইল।

পরে নাবল্ দায়ূদের দাসদিগকে কহিল, দায়ূদ্ কে? ও যিশয়ের পুত্র কে? আপনাদের প্রভুকে ত্যাগ করিয়া যায়, এমত অনেক২ ভৃত্য এই সময়ে আছে। এখন আমি কি আপনার রুটী ও জল ও আপন লোমচ্ছেদকের জন্যে হত পশু লইয়া অজ্ঞাত কোথাকার লোকদিগকে দিব? তাহাতে দায়ূদের যুবগণ আপন পথে পুনর্ব্বার ফিরিয়া আসিয়া ঐ সমস্ত কথা তাহাকে কহিল। তাহাতে দায়ূদ্ আপন লোককে কহিল, প্রত্যেক জন খড়্গ বাঁধ, তাহাতে প্রত্যেক জন আপন২ খড়্গ বাঁধিল, এবং দায়ূদ্ও আপন খড়্গ বাঁধিল। পরে দায়ূদের সহিত প্রায় চারি শত লোক গেল, এবং সংস্থান রক্ষার্থে দুই শত লোক রহিল।

ইতিমধ্যে এক যুবদাস নাবলের ভার্য্যা অবীগয়িল্কে কহিল, দেখ, দায়ূদ্ আমাদের কর্ত্তাকে নমস্কার করিতে প্রান্তরহইতে দূতগণকে পাঠাইল, তাহাতে আমাদের কর্ত্তা তাহাদিগকে নিন্দা করিল; সেই লোকেরা আমাদের বড় উপকারী ছিল; যখন আমরা প্রান্তরে ছিলাম ও যাবৎ তাহাদের সহিত আমাদের পরিচয় হইল, তাবৎ আমাদের কিছু হিংসা হয় নাই ও কিছু হারায় নাই। আমরা মেষ রক্ষা করিয়া তাহাদের সহিত যত কাল বাস করিলাম, তাবৎ তাহারা দিবারাত্রি আমাদের চতুর্দিগে প্রাচীরস্বরূপ ছিল। অতএব এখন তোমার কি কর্ত্তব্য, তাহা বিবেচনা করিয়া বুঝ, কেননা আমাদের কর্ত্তার ও তাহার সমস্ত পরিজনের প্রতিকূলে অমঙ্গল স্থির হইয়াছে। সেও এমত দুশ্চরিত্র যে কোন কেহ তাহার প্রতি কথা কহিতে পারে না।

তাহাতে অবীগয়িল্ শীঘ্র দুই শত রুটী ও দুই কুপা দ্রাক্ষারস ও পাঁচ প্রস্তুত মেষ ও পাঁচ কাঠা ভাজা কলাই ও এক শত গুচ্ছ দ্রাক্ষাফল ও দুই শত ডুম্বুরচাক লইয়া গর্দ্দভদের উপরে চাপাইল। এবং আপন দাসদিগকে কহিল, তোমরা আমার অগ্রে২ চল; দেখ, আমি তোমাদের পশ্চাৎ২ যাইতেছি, কিন্তু ইহা সে আপন স্বামি নাবল্কে জ্ঞাত করিল না। পরে সে গর্দ্দভারূঢ়া হইয়া গমন করিয়া পর্ব্বতের গুপ্ত পথ দিয়া যাইতেছিল; ইতিমধ্যে দায়ূদ্ ও তাহার লোকেরা তাহার প্রতিকূলে যাইতেছে, ইহা দেখিয়া সে তাহাদের সহিত মিলিল। পূর্ব্বে দায়ূদ্ কহিয়াছিল, এই ব্যক্তির প্রান্তরস্থিত সমস্ত বস্তু আমি রক্ষা করিলাম, তাহার তাবৎ দ্রব্যের কিছু হারাইল না, এই কর্ম্ম আমার বৃথা হইল; সে হিতের পরিবর্ত্তে অহিত করিল। যদি আমি সূর্য্যোদয় পর্য্যন্ত তাহার পুরুষদের মধ্যে এক জনকেও রক্ষা করি, তবে পরমেশ্বর দায়ূদের প্রতি তদ্রূপ ও তাহার অধিকও করুন। পরে অবীগয়িল্ দায়ূদ্কে দেখিবামাত্র গর্দ্দভহইতে শীঘ্র নামিয়া দায়ূদের সম্মুখে পড়িয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। এবং তাহার চরণে পড়িয়া কহিল, হে আমার প্রভো, এই অপরাধ আমার হইল, আমি বিনয় করি, আপনকার দাসীকে আপনকার

কর্ণগোচরে কথা কহিতে অনুমতি দিউন; আপনকার দাসীর কথা শুন। আমি বিনয় করি, সেই দুষ্ট ব্যক্তিকে অর্থাৎ নাবল্‌কে গণ্য করিও না; যেমন তাহার নাম তদ্রূপ তাহার গুণ; তাহার নাম নাবল্ (অর্থাৎ মূর্খ) ও মূর্খতা তাহার অন্তরে আছে; কিন্তু আপনকার এই দাসী প্রভুর প্রেরিত যুবদিগকে দেখে নাই। তথাপি, হে আমার প্রভো, পরমেশ্বরের অমরতা ও আপনকার জীবৎ প্রাণের দিব্য করিয়া কহিতেছি, এখন রক্তপাত করিতে ও আপন হস্তদ্বারা আপন অপমানের প্রতিকার করিতে পরমেশ্বর আপনকাকে বারণ করিতেছেন; এখন আপনকার শত্রুগণ ও প্রভুর মন্দকারিগণ নাবলের সদৃশ হউক। ও আপনকার দাসীর আনীত এই উপঢৌকন আপনকার পশ্চাদ্‌গামি যুবদের কাছে দত্ত হউক। আমি বিনয় করি, আপনকার দাসীর অপরাধ ক্ষমা করুন, তাহাতে পরমেশ্বর আমার প্রভুর বংশ স্থির করিবেন; কেননা আমার প্রভু পরমেশ্বরের পক্ষে যুদ্ধ করিয়া যাবজ্জীবন নির্দোষ হন। লোক উঠিয়া আপনকার তাড়না ও প্রাণ অন্বেষণ করিতেছে, কিন্তু আপনকার প্রভু পরমেশ্বর আপন নিকটে জীবনরূপ বোচকাতে আমার প্রভুর প্রাণকে বদ্ধ করিবেন, এবং আপনকার শত্রুদের প্রাণ ফিঙ্গার মধ্যহইতে নিক্ষিপ্ত করিবেন। পরমেশ্বর আমার প্রভুর বিষয়ে যে সমস্ত মঙ্গলের কথা কহিয়াছেন, তাহা যখন সফল করিয়া আপনাকে ইস্রায়েল্ বংশের উপরে রাজত্বপদে নিযুক্ত করিবেন, তখন অকারণে রক্তপাত ও অপরাধির প্রতিফল দেওয়া এই দুই বিষয় আমার প্রভুর শোকের ও দুঃখের কারণ হইবে না; কিন্তু যখন পরমেশ্বর আমার প্রভুর মঙ্গল করিবেন, তখন আপনকার এই দাসীকে স্মরণ করিবেন।

পরে দায়ূদ্ অবীগয়িলকে কহিল, যিনি অদ্য আমার সহিত সাক্ষাৎ করিতে তোমাকে প্রেরণ করিলেন, ইস্রায়েলের সেই প্রভু পরমেশ্বর ধন্য। এবং তোমার পরামর্শ ধন্য, এবং রক্তপাত করণার্থে আগমনে ও আপন হস্তদ্বারা অন্যকে প্রতিফল দেওনে আমাকে নিবৃত্তকারিণী যে তুমি, তুমিও ধন্যা। কেননা তোমাকে হিংসা করণে আমাকে নিবৃত্তকারি যে ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তাঁহার অমরতার দিব্য করিয়া কহিতেছি, যদি তুমি শীঘ্র আমার সঙ্গে মিলিতে না আসিতা, তবে নাবলের গৃহে পুরুষদের মধ্যে এক জন প্রভাত পর্য্যন্ত অবশিষ্ট থাকিত না। পরে দায়ূদ তাহার আনীত উপঢৌকন দ্রব্য তাহার হস্তহইতে লইয়া তাহাকে কহিল, তুমি আপন বাটীতে কুশলে যাও; দেখ, আমি তোমার কথায় মনোযোগ করিলাম ও তোমাকে গ্রাহ্য করিলাম।

পরে অবীগয়িল্ নাবলের নিকটে আইল; তখন সে রাজভোজের

ন্যায় ভোজ করিতেছিল, তাহাতে নাবল্ অন্তঃকরণের মত্ততা প্রযুক্ত বড় আনন্দিত হইল; অতএব সে সূর্য্যোদয়ের পূর্ব্বে ঐ বিষয়ের অল্প বা অধিক কিছু তাহাকে কহিল না, কিন্তু প্রাতঃকালে নাবলের মত্ততা ঘুচিলে তাহার ভার্য্যা তাহাকে ঐ সমস্ত কথা জ্ঞাত করিল; তাহাতে সে মৃতবৎ হইল ও প্রস্তরের ন্যায় স্তব্ধ হইল। ইহার দশ দিন পরে পরমেশ্বর নাবলের প্রতি আঘাত করিলেন, তাহাতে সে মরিল।

8.—*The value of Wisdom.*

রূপার আকর আছে, এবং পরিষ্কৃত সুবর্ণের স্থান আছে, এবং পৃথিবীহইতে লৌহ গৃহীত হয়, ও প্রস্তরহইতে পিত্তল নীত হয়; মনুষ্য খনন করিয়া অন্ধকারের পরিশেষ করে, এবং সম্পূর্ণ রূপে অন্ধকারময় ও মৃত্যুচ্ছায়ারূপ শৈলের অনুসন্ধান করে। তাহারা বাসস্থানের নিকটহইতে আকর খনন করে, এবং পদবৃজে না চলিয়া নীচে নামে ও মনুষ্যদিগকে ছাড়িয়া ভ্রমণ করে। আর যে মৃত্তিকাহইতে শস্যোৎপত্তি হয়, তাহার অধোহইতে অগ্নিবৎ তেজস্কর দ্রব্য উৎপন্ন হয়। তাহার প্রস্তরহইতে নীল-কান্ত মণি জন্মে, ও সেস্থানে সুবর্ণ ধাতু থাকে। সেই পথ তাবৎ পক্ষির অজ্ঞাত ও গৃধ্রচক্ষুর অগোচর আছে; এবং সিংহশাবকের অগম্য ও পিঙ্গলবর্ণ সিংহের অলংঘ্য আছে। মনুষ্য দৃঢ় শৈলেতে হস্তার্পণ করে ও পর্ব্বতদিগকে সমূলে উৎপাটন করে। এবং পর্ব্বতের মধ্যে খাত খনন করে, ও তাহার চক্ষু নানা প্রকার মণি দর্শন করে। এবং সে জলস্রোত বন্ধ করে, ও অপ্রকাশিত বস্তু দীপ্তিতে আনে।

কিন্তু জ্ঞান কোথা প্রাপ্ত হয়? ও বুদ্ধিস্থানই বা কোথায়? মনুষ্য তাহার মূল্য জানে না, ও মর্ত্ত্য ভূমিতে তাহা প্রাপ্ত হয় না। গভীর স্থান বলে, তাহা আমাতে নাই; এবং সমুদ্র বলে, তাহা আমাতেও নাই। তাহা নির্ম্মল সুবর্ণদ্বারাও প্রাপ্ত হইতে পারে না, এবং রূপাতেও তাহার মূল্য হয় না। ওফীরের সুবর্ণ ও বহুমূল্য মাণিক ও নীলকান্তমণি তাহার তুল্যমূল্য হয় না; এবং স্বর্ণ ও স্ফটিক তাহার তুল্য হইতে পারে না, এবং তাহার পরিবর্ত্তে উত্তম স্বর্ণাভরণও দত্ত হইতে পারে না। তাহার কাছে প্রবাল ও মুক্তার প্রসঙ্গও করা যায় না, কেননা পদ্মরাগমণির মূল্য অপেক্ষাও জ্ঞানের অধিক মূল্য হয়। কুশ্ দেশীয় পদ্মরাগমণিও তাহার তুল্য নয়, এবং নির্ম্মল সুবর্ণও তাহার তুলনা ধরিতে পারে না।

অতএব সর্ব্ব প্রাণির চক্ষুর অগোচর ও শূন্যের পক্ষির অদৃষ্ট যে জ্ঞান তাহা কোথাহইতে আইসে? এবং বুদ্ধিরই বা বাসস্থান কোথায়? বিনাশ ও মৃত্যু কহে, আমরা স্বকর্ণে তাহার কীর্ত্তি শুনিয়াছি; ঈশ্বর তাহার পথ

জানেন; তিনি তাহার বাসস্থান জানেন। কেননা তিনি পৃথিবীর সীমা পর্য্যন্ত দৃষ্টি করেন, ও আকাশমণ্ডলের নীচস্থ সর্ব্বত্র দর্শন করেন। তিনি যে সময়ে বায়ুর গুরুতা নিরূপণ করিলেন, ও পরিমাণদ্বারা জল পরিমিত করিলেন, এবং বৃষ্টির ধারা ও বিদ্যুৎ ও মেঘগর্জ্জনের পথ নিরূপণ করিলেন, তৎকালে তাহা দেখিয়া প্রকাশ করিলেন, ও প্রস্তুত করিয়া স্পষ্ট করিলেন। এবং মনুষ্যকে কহিলেন, দেখ, প্রভুবিষয়ক যে ভয় সেই জ্ঞান; এবং কুক্রিয়ার যে ত্যাগ সেই বুদ্ধি।

9.—*Daniel's Friends.*

রাজা নিবূখদ্‌নিৎসর্ ষষ্টি হস্ত উচ্চ ও ছয় হস্ত স্থূল এক স্বর্ণময় প্রতিমা নির্ম্মাণ করিয়া বাবিল্ প্রদেশের দূরা নামক প্রান্তরে স্থাপন করিল। পরে রাজা নিবূখদ্‌নিৎসর ঐ স্থাপিত প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে আসিবার জন্যে অধ্যক্ষগণ ও শাসনকর্ত্তৃগণ ও অধিপতিগণ ও মহাবিচারকর্ত্তৃগণ ও কোষাধ্যক্ষগণ ও ব্যবস্থাপকগণ ও বিচারকর্ত্তৃগণ ও প্রদেশাধিপতিদিগকে সংগ্রহ করিতে লোক প্রেরণ করিল। অপর রাজা নিবূখদ্‌নিৎসরের স্থাপিত প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে অধ্যক্ষগণ ও শাসনকর্ত্তৃগণ ও অধিপতিগণ ও মহাবিচারকর্ত্তৃগণ ও কোশাধ্যক্ষগণ ও ব্যবস্থাপকগণ ও বিচারকর্ত্তৃগণ ও প্রদেশাধিপতিগণ একত্র হইল। পরে তাহারা নিবূখদ্‌নিৎসরের স্থাপিত প্রতিমার সাক্ষাতে দাঁড়াইলে এক ঘোষক উচ্চৈঃস্বরে কহিল, হে লোকেরা, হে নানাজাতিরা ও নানাভাষাবাদিরা, তোমাদের প্রতি এই আজ্ঞা হইতেছে। যে সময়ে তোমরা শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর ইত্যাদি নানা প্রকার যন্ত্রের বাদ্য শুনিবা, তৎকালে নিবূখদ্‌নিৎসর্ রাজের স্থাপিত সুবর্ণময় প্রতিমার সাক্ষাতে তোমরা উবুড় হইয়া প্রণাম করিবা। যে কেহ উবুড় হইয়া প্রণাম না করিবে, সে তদ্দণ্ডে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবে। অতএব লোকেরা যে কালে শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ প্রভৃতি নানা বাদ্যের শব্দ শুনিল, তৎকালে সকল লোক ও নানাজাতিরা ও নানাভাষাবাদিরা উবুড় হইয়া নিবূখদ্‌নিৎসর্ রাজের স্থাপিত স্বর্ণময় প্রতিমাকে প্রণাম করিল।

তৎকালে কতক কস্‌দীয় লোক নিকটে আসিয়া যিহূদীয়দের অপবাদের কথা কহিল। তাহারা রাজা নিবূখদ্‌নিৎসরের কাছে এই কথা কহিল, হে রাজন্ চিরজীবী হউন। হে রাজন্, যে প্রত্যেক জন শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর প্রভৃতি নানা প্রকার যন্ত্রের বাদ্য শুনিবে, সে উবুড় হইয়া স্বর্ণময় প্রতিমাকে প্রণাম করিবে; কিন্তু যে জন উবুড় হইয়া প্রণাম না করিবে, সে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবে, তুমি এই

আজ্ঞা করিয়াছ। কিন্তু হে রাজন্, বাবিল্ প্রদেশের কর্তৃত্বপদে তোমার নিযুক্ত শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো নামে কতক যিহূদী লোক তোমাকে না মানিয়া তোমার দেবগণের সেবা করে না, ও তুমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপিত করিয়াছ, তাহারও পূজা করে না।

ইহা শুনিয়া নিবূখদ্‌নিৎসর্ ক্রুদ্ধ ও রাগাপন্ন হইয়া শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগোকে আনিতে আদেশ করিল; তাহাতে তাহারা রাজার নিকটে আনীত হইলে নিবূখদ্‌নিৎসর্ তাহাদিগকে এই কথা কহিল, হে শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো, তোমরা আমার দেবগণের সেবা করিবা না, এবং আমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছি, তাহারও পূজা করিবা না, এই কি তোমাদের অভিপ্রায়? কিন্তু এখনো যদি তোমরা প্রস্তুত হইয়া শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর প্রভৃতির বাদ্য শুনিলে আমার নির্ম্মিত স্বর্ণপ্রতিমাকে উবুড় হইয়া প্রণাম কর, তবে ভালই; কিন্তু যদি প্রণাম না কর, তবে তদ্দণ্ডে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবা; তাহাতে আমার হস্তহইতে তোমাদিগকে উদ্ধার করিবে, এমন কোন্ দেবতা আছে? তখন শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো রাজাকে উত্তর করিল, হে নিবূখদ্‌নিৎসর্, এ বিষয়ে আমাদের উত্তর করিবার প্রয়োজন নাই। যদি তাহা হয়, তবে আমরা যাঁহার সেবা করি, সেই ঈশ্বর প্রজ্বলিত অগ্নিকুণ্ডহইতে আমাদিগকে উদ্ধার করিতে পারেন, এবং হে রাজন্, তোমার হস্তহইতে উদ্ধার করিবেন। আর যদ্যপি না করেন, তথাপি হে রাজন্, আমরা তোমার দেবগণের সেবা করিব না, ও তোমার স্থাপিত স্বর্ণপ্রতিমাকে পূজা করিব না, ইহা জ্ঞাত হও।

তখন নিবূখদ্‌নিৎসর্ ক্রোধেতে পরিপূর্ণ হইয়া শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগোর প্রতিকূলে বিকটাকার মুখ করিয়া সাধারণ মত অপেক্ষা সপ্তগুণ প্রজ্বলিত অগ্নিকুণ্ড প্রস্তুত করিতে আজ্ঞা দিল। এবং শদ্রুক্‌কে ও মৈশক্‌কে ও অবেদ্‌নিগোকে বন্ধন করিয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিতে সৈন্যের মধ্যে বলবান বীরদিগকে আজ্ঞা করিল। অতএব এই পুরুষেরা পরিধেয় ও উত্তরীয় ও উষ্ণীষ্ ও অন্য বস্ত্রে বস্ত্রান্বিত হইয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইল। কিন্তু রাজার আজ্ঞা অতিদৃঢ় ও অগ্নিকুণ্ড অতি উত্তপ্ত হওন প্রযুক্ত, যে লোকেরা শদ্রুক্‌কে ও মৈশক্‌কে ও অবেদ্‌নিগোকে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিল, তাহারাই অগ্নিশিখাতে হত হইল। এই রূপে শদ্রুক্ ও মৈশক্ ও অবেদ্‌নিগো, এই তিন জন বদ্ধ হইয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডের মধ্যে নিক্ষিপ্ত হইল।

পরে রাজা নিবূখদ্‌নিৎসর্ চমৎকৃত হইয়া ত্বরায় উঠিয়া মন্ত্রিদিগকে কহিল, আমরা কি তিন জনকে বদ্ধ করিয়া অগ্নিকুণ্ডে নিক্ষেপ করি নাই? তাহারা কহিল, হাঁ মহারাজ। তখন রাজা কহিল, তবে চারি জনকে কেন দেখিতেছি? ইহারা মুক্ত হইয়া অগ্নির মধ্যে গমনাগমন করিতেছে,

তাহাদের কাহারো কোন ক্ষতি হয় না; বিশেষতঃ ঈশ্বরের পুত্রের ন্যায় চতুর্থ জনের মূর্ত্তি হইতেছে।

তখন নিবূখদ্‌নিৎসর্‌ ঐ প্রজ্বলিত অগ্নিকুণ্ডের দ্বারের নিকটে গিয়া, হে সর্ব্বোপরিস্থ ঈশ্বরের সেবক, হে শদ্রুক্‌ ও মৈশক্‌ ও অবেদ্‌নিগো, তোমরা বাহির হইয়া আইস; ইহা বলিয়া আহ্বান করিল। তাহাতে শদ্রুক্‌ ও মৈশক্‌ ও অবেদ্‌নিগো অগ্নিহইতে নির্গত হইলে অধ্যক্ষগণ ও অধিপতিগণ ও শাসনকর্ত্তৃগণ ও রাজকর্ত্তৃগণ একত্র হইয়া এই তিন জনের শরীরে অগ্নির কোন চিহ্ন নাই, এবং মস্তকের কেশও দগ্ধ হয় নাই, ও বস্ত্রও বিকৃত হয় নাই, এবং গাত্রে অগ্নির গন্ধও নাই, ইহা দেখিল।

পরে নিবূখদ্‌নিৎসর্‌ এই কথা কহিল, শদ্রুক ও মৈশক্‌ ও অবেদ্‌নিগোর ঈশ্বর ধন্য; তিনি আপন দূত প্রেরণ করিয়া যে দাসেরা তাঁহাতে বিশ্বাস করিয়া রাজবাক্য অন্যথা করিল, এবং যেন আপন ঈশ্বর ব্যতিরেকে অন্য কোন দেবের সেবা ও পূজা না করে, এই নিমিত্তে আপন শরীর দিল, তাহাদিগকে উদ্ধার করিলেন। আর নানাজাতি কি নানাভাষাবাদি যে কোন লোক শদ্রুক্‌ ও মৈশক্‌ ও অবেদ্‌নিগোর ঈশ্বরের প্রতিকূলে কোন ভ্রান্তির কথা কহিবে, তাহারা খণ্ড বিখণ্ড হইবে, ও তাহাদের গৃহ সারের ঢিবি করা যাইবে, এই নিয়ম আমি স্থির করিতেছি; কেননা এ প্রকার উদ্ধার করিতে কোন দেবতার সাধ্য নাই। তখন রাজা বাবিল্‌ প্রদেশে শদ্রুক্‌ ও মৈশক ও অবেদ্‌নিগোর পদবৃদ্ধি করিয়া দিল।

10.—*Daniel in the Lion's den.*

দারারাজ রাজ্যের অর্থাৎ তাবৎ রাজ্যের উপরে এক শত বিংশতি অধ্যক্ষ নিযুক্ত করিতে, ও তাহারা যেন নিকাশ দেয় ও রাজার ক্ষতি না হয়, এই নিমিত্তে তাহাদের উপরে তিন জনকে প্রধান করিয়া নিযুক্ত করিতে মনস্থ করিল; এই তিন জনের মধ্যে দানিয়েল এক জন ছিল। ঐ দানিয়েল অতি সুবোধ প্রযুক্ত তাবৎ প্রধান ও অধ্যক্ষহইতে অধিক মান্য ছিল, এই জন্যে রাজা তাহাকে তাবৎ রাজ্যের উপরে নিযুক্ত করিতে মনস্থ করিল।

তাহাতে প্রধান লোক ও অধ্যক্ষেরা রাজকর্ম্মের বিষয়ে দানিয়েলের বিরুদ্ধে কোন অপবাদ করণের অনুসন্ধান করিল বটে, কিন্তু কোন ছিদ্র ও ত্রুটি পাইল না; কেননা সে বিশ্বস্ত ছিল, তাহার কোন ভ্রান্তি ও দোষ প্রাপ্ত হইল না। তখন তাহারা মন্ত্রণা করিল, আমরা ধর্ম্মের বিষয়ে

দানিয়েলের কোন ছিদ্র ধরিতে না পারিলে তাহার বিরুদ্ধে দোষ পাইব না। পরে প্রধানেরা ও রাজাধ্যক্ষেরা রাজার নিকটে অরায় একত্র আসিয়া এই কথা কহিল, হে দারারাজ, চিরজীবী হউন। হে রাজন্, যে জন ত্রিশ দিন পর্য্যন্ত তোমাব্যতিরেকে কোন দেবতার কি মানুষের কাছে প্রার্থনা করে, সে সিংহের খাতে নিক্ষিপ্ত হইবে, এমত দৃঢ় আজ্ঞাপত্র করিতে ও রাজাজ্ঞা নির্দ্দিষ্ট করিতে রাজ্যের সকল প্রধান লোক ও অধিপতিগণ ও অধ্যক্ষগণ ও কর্ত্তৃগণ ও শাসনকর্ত্তৃগণ একত্র হইয়া মন্ত্রণা করিয়াছে। হে রাজন্, মাদীয়দের ও পার্সীয়দের অটল ব্যবস্থানুসারে এই নিয়ম স্থির কর, ও তাহা যেন অটল হয়, তন্নিমিত্তে তাহাতে স্বাক্ষর কর। তখন দারা রাজ সেই পত্রে ও নিয়মে স্বাক্ষর করিল।

ঐ লিপি স্বাক্ষরীকৃত হইল, ইহা দানিয়েল্ অবগত হইলেও আপনার গৃহে যাইত, ও আপন উপরিস্থ কুঠরীর বাতায়ন যিরূশালমের দিগে মুক্ত হইলে আপন পূর্ব্বমতানুসারে দিনে তিন বার জানু পাতিয়া আপন ঈশ্বরের সাক্ষাতে প্রার্থনা করিত ও ধন্যবাদ করিত। তখন সেই লোকেরা বেগে একত্র আসিয়া দানিয়েলকে প্রার্থনা করিতে ও আপন ঈশ্বরের নিকটে বিনয় করিতে দেখিল। তাহাতে তাহারা গিয়া রাজার আজ্ঞার বিষয়ে রাজার নিকটে নিবেদন করিল; হে রাজন্, যে প্রত্যেক জন ত্রিশ দিন পর্য্যন্ত তোমাব্যতিরেকে কোন দেবের বা মানুষের কাছে কিছু প্রার্থনা করে, সে সিংহের খাতে নিক্ষিপ্ত হইবে, এই কথার আজ্ঞাপত্রে কি আপনি স্বাক্ষর করেন নাই? রাজা উত্তর করিল, হাঁ, মাদীয়দের ও পার্সীয়দের অটল ব্যবস্থানুসারে তাহা স্থির হইল। তাহারা রাজার সম্মুখে কহিল, হে রাজন্, যিহূদার বন্দি বংশের মধ্যবর্ত্তি দানিয়েল্ তোমাকে এবং যে আজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়াছ, তাহা মান্য করে না, কিন্তু প্রতি দিন তিন বার প্রার্থনা করে। রাজা এ কথা শুনিয়া আপন মনে অতি বিমর্ষ হইল, এবং দানিয়েল্‌কে উদ্ধার করিতে অনেক মনোযোগ করিল, ও সূর্য্যাস্ত পর্য্যন্ত তাহাকে রক্ষা করিতে অনেক যত্ন করিল। তাহাতে লোকেরা রাজার নিকটে বেগে একত্র হইয়া রাজাকে কহিল, হে রাজন্, রাজা যে কোন আজ্ঞা ও ব্যবস্থা স্থির করেন, তাহার অন্যথা হইতে পারে না, মাদীয়দের ও পার্সীয়দের এই ব্যবস্থা, ইহা জ্ঞাত হউন। তখন রাজা আজ্ঞা করিলে দানিয়েল্ আনীত হইয়া সিংহের খাতে নিক্ষিপ্ত হইল; তাহাতে রাজা দানিয়েল্‌কে কহিল, তুমি নিত্য ২ যে ঈশ্বরের সেবা কর, তিনিই তোমাকে রক্ষা করুন। পরে এক প্রস্তর আনীত হইয়া খাতের মুখে স্থাপিত হইল, এবং দানিয়েলের এই বিষয় যেন অন্যথা না হয়, এই জন্যে রাজা আপন মুদ্রাতে ও আপন অধ্যক্ষদের মুদ্রাতে তাহা অঙ্কিত করিল।

পরে রাজা আপন রাজধানীতে গিয়া উপবাসে সে রাত্রি যাপন করিল,

ও আপনার সাক্ষাতে কোন উপভোগের সামগ্রী আনিতে দিল না, এবং তাহার নিদ্রাও হইল না। অপর রাজা উঠিয়া প্রভাত হইবামাত্র অতি ত্বরায় সিংহের খাতে গেল; সেস্থানে গিয়া দানিয়েলের প্রতি বিলাপশব্দ করিল; এবং রাজা দানিয়েল্‌কে এই কথা কহিল, হে অমর ঈশ্বরের সেবক দানিয়েল্‌, তুমি যে ঈশ্বরকে নিত্য সেবা কর, তিনি কি তোমাকে সিংহের মুখহইতে রক্ষা করিতে পারিলেন? তখন দানিয়েল্‌ রাজাকে কহিল, হে রাজন্‌, চিরজীবী হউন। আমার ঈশ্বর আপন দূত পাঠাইয়া আমি যেন সিংহদ্বারা হিংসিত না হই, এই জন্যে তাহাদের মুখ বন্ধ করিলেন, কেননা আমি তাঁহার সাক্ষাতে নির্দ্দোষ; এবং হে রাজন্‌, তোমার সাক্ষাতেও কোন হিংসা করি নাই। তখন রাজা অতি আহ্লাদিত হইয়া দানিয়েল্‌কে খাতহইতে তুলিতে আজ্ঞা করিল; পরে দানিয়েল্‌ খাতহইতে উঠিলে আপন ঈশ্বরে বিশ্বাস করাতে তাহার কোন ক্ষতি দৃষ্ট হইল না।

পরে লোকেরা রাজাজ্ঞা পাইয়া দানিয়েলের অপবাদকারি লোকদিগকে ও তাহাদের বালক ও স্ত্রীগণকে সিংহের খাতে নিক্ষেপ করিল; তাহারা খাতের তলে উপস্থিত হওনের পূর্ব্বেই সিংহগণ তাহাদিগকে জয় করিয়া তাহাদের অস্থি সকল চূর্ণ করিল।

তখন দারা রাজা পৃথিবীর সর্ব্বত্র নিবাসিদিগকে এবং নানাজাতি ও নানাভাষাবাদিগণকে এই পত্র লিখিল, তোমাদের উত্তরোত্তর মঙ্গল হউক। আমি এই আজ্ঞাপত্র দিতেছি, আমার রাজ্যের তাবৎ দেশীয় লোক দানিয়েলের ঈশ্বরের সাক্ষাতে কম্পবান হউক ও তাঁহাকে ভয় করুক; কেননা তিনি অমর ঈশ্বর ও নিত্যস্থায়ী ও তাঁহার রাজ্য অবিনাশ্য, ও তাঁহার কর্ত্তৃত্ব শেষ পর্য্যন্ত থাকিবে। যিনি নিস্তারকর্ত্তা ও উদ্ধারকর্ত্তা হইয়া স্বর্গে ও পৃথিবীতে চিহ্ন ও আশ্চর্য্য ক্রিয়া করেন, তিনি দানিয়েল্‌কে সিংহের হস্তহইতে রক্ষা করিলেন। এই রূপে সেই দানিয়েল্‌ দারার ও পার্সীয় খসুর অধিকারে ভাগ্যবান্‌ হইল।

EXPLANATORY NOTES.

EXPLANATORY NOTES.

*** Words not derived from the Sanscrit, and consequently not pure Bengálí, are marked with an asterisk.

The letter *B.* before a word means, *better word.*

In doubtful cases the meaning to be adopted in translating is given in italics.

PAGE 125.

নদী, *s.* a river.

পাড়, *s.* a bank; here, *side.*

*গোলাপ, গোলাব, *s.* a rose.

গন্ধ, *s.* smell.

অন্ধকার, *s.* darkness: *a. dark.*

রাত্রি, *s.* night.

জ্যোৎস্না, *s.* light, especially *moonlight;* the moon.

পূর্ণ, *a.* filled, *full.*

চন্দ্র, *s.* the moon.

অল্প, *adv.* a little, a few.

*বাতাস, *s.* wind.

মন্দ, *a.* slow, *gentle,* bad.

তপ্ত, *a.* heated, hot.

জল, *s.* water.

বড়, *a.* great, large: *adv.* greatly, *very.*

শীতল, *a. cold,* cool.

অর্দ্ধ, *a.* half.

ছোট, *a.* small.

তারা, *s.* a star.

গোল, *a.* round.

পৃথিবী, *s.* the earth.

বস্তু, *s.* a thing. This word always indicates some material object of sense; whilst বিষয় means an object of pursuit or thought.

হরিণ, *s.* a deer.

বাচ্চা, *s.* a young animal. *B.* বৎস.

ভেড়ী, ভেড়া, *s.* a sheep.

বর্ষাকাল, *s.* rainy season; from বর্ষা, rain + কাল, time.

*বাড়ী, *adv.* home. This is originally the familiar form for বাটী. premises, house, family.

যাই, *let me* or *us go:* from যাওন, *v.* to go.

পা, *s.* the foot. পায়ে is the locative case, the য় being inserted to connect the two vowels.

উছোট, *s.* a stumble.

লাগিয়াছে, from লাগন, *v.* The primary meaning of this verb is to adhere; but it has a great number of derivative meanings, and is often used in a very peculiar manner. The following

—Page 125 continued—

